

প্রাক্কথন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীর জন্য যে পাঠক্রম প্রবর্তিত হয়েছে, তার লক্ষণীয় বৈশিষ্ট্য হ'ল প্রতিটি শিক্ষার্থীকে তার পছন্দমত কোন বিষয়ে সাম্মানিক (honours) স্তরে শিক্ষাগ্রহণের সুযোগ করে দেওয়া। এক্ষেত্রে ব্যক্তিগতভাবে তাঁদের গ্রহণ ক্ষমতা আগে থেকেই অনুমান করে না নিয়ে নিয়ত মূল্যায়নের মধ্য দিয়ে সেটা স্থির করাই যুক্তিযুক্ত। সেই অনুযায়ী একাধিক বিষয়ে সাম্মানিক মানের পাঠউপকরণ রচিত হয়েছে ও হচ্ছে—যার মূল কাঠামো স্থিরীকৃত হয়েছে একটি সুচিন্তিত পাঠক্রমের ভিত্তিতে। কেন্দ্র ও রাজ্যের অগ্রগণ্য বিশ্ববিদ্যালয় সমূহের পাঠক্রম অনুসরণ করে তার আদর্শ উপকরণগুলির সমন্বয়ে রচিত হয়েছে এই পাঠক্রম। সেইসঙ্গে যুক্ত হয়েছে অধীতব্য বিষয়ে নতুন তথ্য, মনন ও বিশ্লেষণের সমাবেশ।

দূরসঞ্চারী শিক্ষাদানের স্বীকৃত পদ্ধতি অনুসরণ করেই এইসব পাঠউপকরণ লেখার কাজ চলছে। বিভিন্ন বিষয়ের অভিজ্ঞ পণ্ডিত মণ্ডলীর সাহায্যে এ কাজে অপরিহার্য এবং যাঁদের নিরলস পরিশ্রমে লেখা, সম্পাদনা তথা বিন্যাসকর্ম সুসম্পন্ন হচ্ছে তাঁরা সকলেই ধন্যবাদের পাত্র। আসলে, এঁরা সকলেই অলক্ষ্যে থেকে দূরসঞ্চারী শিক্ষাদানের কার্যক্রমে অংশ নিচ্ছেন; যখনই কোন শিক্ষার্থী এই পাঠ্যবস্তু নিচয়ের সাহায্য নেবেন, তখনই তিনি কার্যত একাধিক শিক্ষকমণ্ডলীর পরোক্ষ অধ্যাপনার তাবৎ সুবিধা পেয়ে যাচ্ছেন।

এইসব পাঠউপকরণের চর্চা ও অনুশীলনে যতটা মনোনিবেশ করবেন কোনও শিক্ষার্থী, বিষয়ের গভীরে যাওয়া তাঁর পক্ষে ততই সহজ হবে। বিষয়বস্তু যাতে নিজের চেষ্টায় অধিগত হয় পাঠউপকরণের ভাষা ও উপস্থাপনা তার উপযোগী করার দিকে সর্বস্তরে নজর রাখা হয়েছে। এরপর যেখানে যতটুকু অস্পষ্টতা দেখা দেবে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠকেন্দ্রে নিযুক্ত শিক্ষা-সহায়কগণের পরামর্শে তাঁর নিরসন অবশ্যই হ'তে পারবে। তার ওপর প্রতি পর্যায়ের শেষে প্রদত্ত অনুশীলনী ও অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য গ্রন্থ-নির্দেশ শিক্ষার্থীর গ্রহণ ক্ষমতা ও চিন্তাশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

এই অভিনব আয়োজনের বেশ কিছু প্রয়াসই এখনও পরীক্ষামূলক — অনেক ক্ষেত্রে একেবারে প্রথম পদক্ষেপ। স্বভাবতই ত্রুটি-বিচ্যুতি কিছু কিছু থাকতে পারে, যা অবশ্যই সংশোধন ও পরিমার্জনার অপেক্ষা রাখে। সাধারণভাবে আশা করা যায়, ব্যাপকতর ব্যবহারের মধ্য দিয়ে পাঠউপকরণগুলি সর্বত্র সমাদৃত হবে।

অধ্যাপক (ড.) শুব শঙ্কর সরকার
উপাচার্য

9ম পুনর্মুদ্রণ : জুন, 2019

পরিচিতি

বিষয় : ঐচ্ছিক বাণিজ্য

সাম্মানিক স্তর

পাঠ্যক্রম : পর্যায় : ECO : 01 : 01-04

	রচনা	সম্পাদনা
পর্যায় 1 ও 2	অধ্যাপক নিখিল রঞ্জন বর্ধন	অধ্যাপক স্বাগত সেন
পর্যায় 3 ও 4	অধ্যাপক অসিত ঘোষ	অধ্যাপক অমিতাভ বসু অধ্যাপক সঞ্জীব কুমার বসু এবং অধ্যাপক গোকুল সিন্হা

প্রজ্ঞাপন

এই পাঠ সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত।
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোন অংশের পুনর্মুদ্রণ বা কোনভাবে
উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

মোহন কুমার চট্টোপাধ্যায়
নিবন্ধক



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

বাণিজ্য বিষয়ের ঐচ্ছিক পাঠ্যক্রম

হিসাবশাস্ত্র

ECO-01

পর্যায়

1

একক 1	<input type="checkbox"/>	হিসাবশাস্ত্র সম্বন্ধীয় মৌলিক ধারণাসমূহ	7-19
একক 2	<input type="checkbox"/>	হিসাবশাস্ত্র সম্বন্ধীয় দুই-তরফা দাখিলা পদ্ধতি	20-28
একক 3	<input type="checkbox"/>	হিসাবের বই	29-65
একক 4	<input type="checkbox"/>	প্রাথমিক হিসাবের দৈনন্দিন বই : ১	66-82
একক 5	<input type="checkbox"/>	প্রাথমিক হিসাবের দৈনন্দিন বই : ২	83-126
একক 6	<input type="checkbox"/>	প্রকৃত বা সাধারণ জাবেদা	127-141

পর্যায়

2

একক 7	<input type="checkbox"/>	সংস্থান	143-150
একক 8	<input type="checkbox"/>	অবচয় সংস্থান	151-178
একক 9	<input type="checkbox"/>	কু-ঋণ ও অনিশ্চিত ঋণ সংস্থান	179-196
একক 10	<input type="checkbox"/>	সংরক্ষণ	197-204
একক 11	<input type="checkbox"/>	রেওয়ামিল	205-215
একক 12	<input type="checkbox"/>	চূড়ান্ত হিসাব ও উদ্বর্তপত্র	216-278

পর্যায় 3

একক 13	□	ভুল সংশোধন এবং অনিশ্চিত হিসাব	279-294
একক 14	□	বাণিজ্যিক হুন্ডি এবং সাহায্যকারী হুন্ডি	295-314
একক 15	□	চালানী কারবার ও যৌথ উদ্যোগ	315-341
একক 16	□	আদান-প্রদানের হিসাব ও আয়-ব্যয়ের হিসাব	342-359
একক 17	□	অসম্পূর্ণ খাতা থেকে হিসাবনিকাশকরণ ও একহারা দাখিলা	360-379

পর্যায় 4

একক 18	□	অংশীদারী ব্যবসায়ের হিসাব	381-437
একক 19	□	যৌথ মূলধনী কোম্পানী	438-468

একক ১ □ হিসাবশাস্ত্র সম্বন্ধীয় মৌলিক ধারণাসমূহ

গঠন

- ১.১ উদ্দেশ্য
- ১.২ হিসাবশাস্ত্রের সংজ্ঞা
 - ১.২.১ হিসাবশাস্ত্রের অপরাপর সংজ্ঞা
 - ১.২.২ হিসাবশাস্ত্রের সংজ্ঞায় আধুনিক ধারণার প্রতিফলন ও সংজ্ঞায় আধুনিকীকরণ
- ১.৩ হিসাবশাস্ত্রের প্রকৃতি ও উদ্দেশ্য
- ১.৪ হিসাবশাস্ত্রে ভাষা ও তথ্য সরবরাহের মাধ্যম
 - ১.৪.১ আর্থিক তথ্য সরবরাহের মাধ্যম
- ১.৫ হিসাবশাস্ত্র সম্পর্কিত আর্থিক তথ্য-ব্যবহারকারীর শ্রেণী
- ১.৬ হিসাবশাস্ত্রের মৌলিক ধারণা ও প্রথাসমূহ
 - ১.৬.১ হিসাব-নিকাশ সংক্রান্ত মৌলিক ধারণা
 - ১.৬.২ হিসাব-নিকাশ সংক্রান্ত প্রথাসমূহ
- ১.৭ হিসাবশাস্ত্র হিসাবরক্ষণ এবং হিসাব-নিকাশকরণ
 - ১.৭.১ হিসাবশাস্ত্র
 - ১.৭.২ হিসাবরক্ষণ
 - ১.৭.৩ হিসাব-নিকাশ
 - ১.৭.৪ হিসাবশাস্ত্র ও হিসাব-নিকাশ দুই-এর মধ্যে পার্থক্য
- ১.৮ হিসাবশাস্ত্রের শাখাসমূহ
 - ১.৮.১ আর্থিক হিসাব-নিকাশকরণ
 - ১.৮.২ পরিব্যয় হিসাব-নিকাশকরণ
 - ১.৮.৩ পরিচালন হিসাব-নিকাশকরণ
- ১.৯ হিসাবশাস্ত্রের সুবিধা ও সীমাবদ্ধতা
 - ১.৯.১ হিসাব-নিকাশকরণের সুবিধা
 - ১.৯.২ হিসাব-নিকাশকরণের সীমাবদ্ধতা
- ১.১০ সারাংশ
- ১.১১ অনুশীলনী
- ১.১২ উত্তরসংকেত

১.১ উদ্দেশ্য

এই এককের উদ্দেশ্য হ'ল হিসাবশাস্ত্র সম্বন্ধীয় মৌলিক ধারণা ও প্রথাগুলি এবং এই শাস্ত্রের প্রকৃতি, উদ্দেশ্য, সুবিধা, সীমাবদ্ধতা সম্পর্কে পাঠকের মনে একটি প্রাথমিক ধারণার সৃষ্টি করা, যাতে পরবর্তী এককগুলিতে আলোচিত বিষয়বস্তুর সম্যক অনুধাবন সহজসাধ্য হয়।

১.২ হিসাবশাস্ত্রের সংজ্ঞা

যে শাস্ত্র অধ্যয়নের মাধ্যমে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক কার্যাবলী সুনির্দিষ্ট ও সুসংবদ্ধভাবে লিপিবদ্ধ করা যায় এবং নির্দিষ্ট সময়ান্তরে তার ফলাফল পর্যালোচনা করা যায় সেই শাস্ত্রকে হিসাবশাস্ত্র (Accountancy) বলা হয়। হিসাবশাস্ত্রবিদ পিক্সলী (Pixley)-র মতে “হিসাবশাস্ত্রকে একটি বিজ্ঞান হিসেবে বর্ণনা করা যেতে পারে যা’ যে কোন ধরনের আর্থিক লেনদেন লিপিবদ্ধ করার কাজে লিপ্ত থাকে” (“Accountancy may be described as a science which deals with the monetary transactions of every description”—Francis Pixley.)

১.২.১ হিসাবশাস্ত্রের অপরাপর সংজ্ঞা :

পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন হিসাবশাস্ত্রবিদগণ বিভিন্ন সময়ে বিভিন্ন সংজ্ঞা দিয়েছেন।

১৯৫৩ খ্রীষ্টাব্দে লিটলটন (Littleton) যে সংজ্ঞা দিয়েছেন তাতে বলা হয়েছে যে, “হিসাবরক্ষণের মূল উদ্দেশ্য হ’ল কোন নির্দিষ্ট হিসাবকালের আয়ের সঙ্গে সংশ্লিষ্ট ব্যয়গুলির সমন্বয়সাধন করা”। [“The central purpose of Accounting is to make possible the periodic matching of costs (efforts) and revenues (accomplishments)”]

১৯৬১ খ্রীষ্টাব্দে American Institute of Certified Public Accountants-এর Committee of Terminology হিসাবশাস্ত্রের একটি সংজ্ঞা দেন। এই সংজ্ঞা অনুযায়ী : “হিসাবশাস্ত্র হ’ল অন্তত অংশত আর্থিক প্রকৃতি-বিশিষ্ট লেনদেন ও ঘটনাসমূহকে অর্থের অঙ্কে লিপিবদ্ধকরণ, শ্রেণীবদ্ধকরণ ও এক বিশিষ্টরূপে সংক্ষেপণ করার মাধ্যমে ফলাফল বিশ্লেষণের একটি কলাকৌশল” (“Accountancy is the art of recording, classifying and summarising in a significant manner and in terms of money, transactions and events which are, in part, at least, of a financial character and interpreting the result thereof.”)

এই সংজ্ঞা অনুসারে হিসাব-নিকাশ হ’ল মূলত লেনদেন লিপিবদ্ধকরণ (Recording)। লিপিবদ্ধ করবার সময় সহজে বোধগম্য হবার জন্য শ্রেণীবদ্ধকরণ (Classifying) এবং সংক্ষেপণ (Summarising)। অবশ্যই লেনদেন ও ঘটনাগুলি টাকার অঙ্কে পরিমাপযোগ্য হওয়া চাই। সর্বশেষে এর মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার ফলাফল বিশ্লেষণ (Interpretation) করাও যেন সম্ভব হয়।

১.২.২ হিসাবশাস্ত্রের সংজ্ঞায় আধুনিক ধারণার প্রতিফলন ও সংজ্ঞার আধুনিকীকরণ :

বলাই বাহুল্য, উল্লিখিত সংজ্ঞার দ্বারা আধুনিক কালে হিসাব-নিকাশের প্রকৃত ভূমিকা প্রতিফলিত হয় না। আধুনিক হিসাবশাস্ত্র অনেক বেশী প্রগতিশীল। আধুনিক হিসাবশাস্ত্র প্রচলিত “লিপিবদ্ধকরণ” (Recording)। রীতি থেকে ক্রমশ “অর্থনৈতিক তথ্য পরিবেশন” (Economic Information System) পদ্ধতির দিকে ঝুঁকে পড়েছে।

১৯৬৬ খ্রীষ্টাব্দে American Accounting Association হিসাবশাস্ত্রের এক গুরুত্বপূর্ণ সংজ্ঞা দিয়েছেন। এই সংজ্ঞা অনুযায়ী তথ্য-ব্যবহারকারীদের সঠিক বিচার-বিবেচনা ও সিদ্ধান্তগ্রহণে সক্ষম করার জন্য আর্থিক তথ্যের সনাক্তকরণ (identification), পরিমাপণ এবং পরিবেশনের প্রক্রিয়াকে হিসাব-নিকাশ বলা হয়। (“The process of identifying, measuring and communicating economic information to permit judgement and decisions by the users of Accounts”)

এই সংজ্ঞা অনুসারে : (১) সমাজে কিছু আর্থিক তথ্য-ব্যবহারকারী আছেন যারা আর্থিক তথ্যে আগ্রহী। ফলে, (২) আর্থিক তথ্যগুলি তাঁদের সঠিক সিদ্ধান্ত গ্রহণের সহায়ক হওয়া চাই এবং (৩) আর্থিক তথ্য যথাযথভাবে তথ্য-ব্যবহারকারীদের পরিবেশন করতে হবে। হিসাবশাস্ত্রের এই গতিশীলতা আজও অব্যাহত আছে। আশা করা যায়, ভবিষ্যতে হিসাবব্যবস্থা পরিবর্তিত সমাজের কল্যাণসাধনে আরও গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করতে সক্ষম হবে।

১.৩ হিসাবশাস্ত্রের প্রকৃতি ও উদ্দেশ্য

হিসাবশাস্ত্রে উল্লিখিত সংজ্ঞা থেকে এটা পরিষ্কার যে, শুধুমাত্র লেনদেনসমূহের লিপিবদ্ধকরণই হিসাবশাস্ত্রের একমাত্র লক্ষ্য নয়। হিসাবরক্ষণের মূল উদ্দেশ্য হ'ল আর্থিক তথ্য-ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য এমনভাবে যেন সরবরাহ করা হয় যাতে এরা প্রয়োজনমত সেই তথ্যাদির ব্যবহার ও বিশ্লেষণ করতে পারেন। অর্থাৎ হিসাবরক্ষণ হ'ল আর্থিক তথ্য সরবরাহের একটি অন্যতম প্রধান মাধ্যম। (Means of economic information)।

১.৪ হিসাবশাস্ত্রের ভাষা ও তথ্য সরবরাহের মাধ্যম

ভাবের আদান-প্রদানের মাধ্যমকে ভাষা বলা হয়। হিসাবশাস্ত্রের একটি নিজস্ব ভাষা আছে, যা আদান-প্রদান সম্পর্কিত ব্যবসায়িক ভাষা। এই ভাষা ভালভাবে আয়ত্ত করতে না পারলে হিসাব-নিকাশকার্য সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব নয়।

১.৪.১ আর্থিক তথ্য সরবরাহের মাধ্যম

আধুনিক যুগে আর্থিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবার জন্য বিভিন্ন পক্ষকে বিভিন্ন প্রকার প্রয়োজনীয় আর্থিক তথ্য সরবরাহ করা হিসাব-ব্যবস্থার প্রধান উদ্দেশ্য। হিসাব-নিকাশকার্য এমনভাবে পরিচালনা করতে হবে যাতে বিভিন্ন পক্ষ তা সহজে এবং অল্প সময়ে সম্যক বুঝতে পারেন। কোন প্রতিষ্ঠানের সঙ্গে বিভিন্ন শ্রেণী, ব্যক্তি বা পক্ষের স্বার্থ বিভিন্নভাবে জড়িত। সুতরাং, হিসাবরক্ষককে এই বিভিন্ন স্বার্থের দিকে লক্ষ্য রেখে হিসাব-নিকাশের কাজ সম্পাদন করতে হবে। এই দিক থেকে বিচার করলে হিসাব-নিকাশকার্যকে সেবামূলক কার্য বলা যেতে পারে। Yorston, Smyth এবং Brown যথার্থই বলেছেন যে, “হিসাব-নিকাশ হচ্ছে মূলত একটি সেবামূলক কাজ। এর মুখ্য উদ্দেশ্য হ'ল ব্যবসায়িক প্রতিষ্ঠানের ভিতরের এবং বাইরের আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ব্যবসা সংক্রান্ত আর্থিক তথ্যাবলী সরবরাহ করা।” (“Accountancy is essentially a service function acting as a means of communicating financial facts to those both within and without the business who may be interested in interpreting and using such information.”)

১.৫ হিসাবশাস্ত্র সম্পর্কিত আর্থিক তথ্য-ব্যবহারকারীর শ্রেণী

আর্থিক তথ্য-ব্যবহারকারীর বিভিন্ন পক্ষকে সাধারণত দু'টি শ্রেণীতে ভাগ করা হয় যথা : (ক) অভ্যন্তরীণ ব্যবহারকারী (Internal users) এবং (খ) বহিরাগত ব্যবহারকারী (External users)। পরিচালকবর্গ ও যে সব ব্যক্তি প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যকলাপের সঙ্গে যুক্ত তারা প্রথম শ্রেণীর অন্তর্ভুক্ত। পরিচালন কাজে সাহায্য করার জন্য পরিচালন হিসাব-ব্যবস্থা (Management Accounting) বিভিন্ন আর্থিক তথ্য সংগ্রহ বা প্রস্তুত করে এদের সরবরাহ করে।

(খ) অপরপক্ষে মূলধন-সরবরাহকারী মালিক (Owners), সম্ভাব্য বিনিয়োগকারী ও ঋণদাতা (Potential Investors and Lenders), পাওনাদারগণ (Creditors), কর্মচারীগণ (Employees), খরিদ্দর (Customers), সরকার (Government) ও করনির্ধারক সরকারী সংস্থা (Government Tax Authority), স্থানীয় জনসাধারণ (Local Public), বীমা প্রতিষ্ঠান (Insurer), গবেষকগণ (Researchers) প্রভৃতি দ্বিতীয় শ্রেণীর অন্তর্ভুক্ত। এই শ্রেণীর ব্যক্তিদের সাহায্য করবার জন্য আর্থিক হিসাব-ব্যবস্থা (Financial Accounting) বহিঃপ্রতিবেদনের (External reporting) মাধ্যমে তথ্য সরবরাহ করে। লাভ-ক্ষতির হিসাব, উদ্বর্তপত্র (Balance sheet) প্রভৃতি চূড়ান্ত বার্ষিক বিবরণ (Final Annual Reports) বহিঃব্যবহারকারীদের দিকে লক্ষ্য রেখে তৈরি করা হয়। এই সমস্ত তথ্য ও বিবরণী হিসাবশাস্ত্র তার নির্দিষ্ট ভাষাতেই প্রকাশ করে। তথ্য-ব্যবহারকারীগণ এই সমস্ত তথ্য ও বিবরণী বিশ্লেষণ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এই বিশ্লেষণের জন্য প্রয়োজন হিসাবশাস্ত্রের ভাষা সম্পর্কে পরিষ্কার জ্ঞান। হিসাবশাস্ত্রের ভাষা সম্বন্ধে কোন ব্যক্তির জ্ঞান না থাকলে ঐ সকল তথ্য ও বিবরণী তার কাছে অর্থহীন হয়ে পড়ে।

১.৬ হিসাবশাস্ত্রের মৌলিক ধারণা ও প্রথাসমূহ

কতকগুলি প্রচলিত ধারণা (রীতি) ও প্রথার উপর ভিত্তি করে হিসাবশাস্ত্র গড়ে উঠেছে। প্রত্যেক হিসাবরক্ষকই এগুলি স্বীকার করে নিয়েছেন। এবং সেগুলিকে দ্বিধাহীনভাবে প্রয়োগ করে থাকেন। হিসাবশাস্ত্র আয়ত্ত করতে হলে এইসকল ধারণা ও প্রথাগুলি সম্পর্কে অবহিত হওয়া প্রয়োজন। হিসাবশাস্ত্রের মৌলিক ধারণা ও প্রথাগুলি নীচে উল্লেখ করা হ'ল :

১.৬.১ হিসাব-নিকাশ সংক্রান্ত মৌলিক ধারণা

যে সমস্ত ধারণার মাধ্যমে হিসাব-নিকাশ সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে নিয়ন্ত্রিত হয়, সেইগুলিকে বলা হয় হিসাব-নিকাশ সংক্রান্ত ধারণা।

হিসাবশাস্ত্রে কতকগুলি শব্দ বা পদ বিশেষ অর্থে ব্যবহৃত হয়। হিসাব-নিকাশকার্যের সঙ্গে জড়িত নয় এমন ব্যক্তির কাছে এগুলির বিশেষ অর্থ বোধগম্য হবে না। এ সব শব্দ বা পদের উপর প্রতিষ্ঠিত কতকগুলি নিয়ম-নীতির দ্বারা হিসাব-নিকাশকার্যাবলী পরিচালিত হয়। যেমন, হিসাব-নিকাশের ক্ষেত্রে ধরে নেওয়া হয় যে, ব্যবসায়-প্রতিষ্ঠান আবহমান কাল ধরে চলবে ('Going concern concept')। সুতরাং হিসাবরক্ষকের নিয়মনীতি ও ধারণা সম্বন্ধে সম্যক জ্ঞান অবশ্যই থাকতে হবে। যেমন, হিসাবখাতের বামদিকে Debit লেনদেনগুলি এবং ডানদিকে Credit লেনদেনগুলি লিপিবদ্ধ করা হয়।

হিসাবশাস্ত্রের মৌলিক ধারণাগুলির মধ্যে প্রধান হ'ল :

(১) মালিকানা ধারণা (Proprietary Concept)

এই ধারণা অনুযায়ী মালিক হ'ল ব্যবসায়ের হিসাব-নিকাশের কেন্দ্রবিন্দু। ব্যবসা থেকে মালিককে পৃথক বলে মনে করা হয় না। ব্যবসায়ে নিযুক্ত যাবতীয় সম্পত্তির স্বত্ব হল মালিকের এবং ব্যবসায়ের সমস্ত দেনা মালিকের ব্যক্তিগত দেনা। ব্যবসায়ের দেনা পরিশোধ করবার দায়িত্ব মালিকের। এই ধারণা অনুযায়ী ব্যবসায়ের যাবতীয় লেনদেন মালিকের দৃষ্টিকোণ থেকে হিসেবের হিসাবখাতায় লিপিবদ্ধ করা হয়। বৎসর শেষে যে চূড়ান্ত হিসেব প্রস্তুত করা হয়, তাও এই দৃষ্টিভঙ্গী নিয়েই তৈরী করা হয়। উদ্বর্তপত্রের (Balance sheet) মাধ্যমে ব্যবসায়ের যে-সমস্ত সম্পত্তি ও দাম দেখান হয়, তা প্রকৃতপক্ষে মালিকের, ব্যবসায়ের।

অতএব দেখা যাচ্ছে যে, এই ধারণা অনুযায়ী মালিক ব্যবসায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে থাকে। ব্যবসায়ের যাবতীয় কার্যাবলীর কেন্দ্রস্থলে রয়েছে মালিক। মূলধন, লাভ, ঝুঁকি—সবই মালিকের। এক কথায় মালিক হচ্ছে ব্যবসায়ের প্রাণস্বরূপ।

বর্তমানে অধিকাংশ ব্যবসায়ের আয়তন বৃহৎ বলে মালিকের একার পক্ষে যাবতীয় কার্যকলাপ পরিচালনা করা সম্ভব হয় না। পরিচালনার ভার বহু ব্যক্তির উপর অর্পণ করা হয়। সুতরাং বর্তমানে ব্যবসায়ে মালিকের একক ভূমিকা অনেকাংশে হ্রাস পেয়েছে।

(২) তহবিল ধারণা (Fund Concept)

এই ধারণা অনুযায়ী হিসাব-নিকাশের বিষয়বস্তু মালিক নয়; বিষয়বস্তু হ'ল তহবিল। তহবিল ধারণার কেন্দ্রস্থল হ'ল প্রতিষ্ঠানের যাবতীয় সম্পত্তি। ভিন্ন ভিন্ন উদ্দেশ্য কতকগুলি সম্পত্তি নিয়ে বিভিন্ন তহবিল গঠন করা হয়। এই সম্পত্তিগুলিকে বলা হয় তহবিল। এই সম্পত্তি শুধুমাত্র নির্দিষ্ট তহবিলের উদ্দেশ্যসাধনের জন্য ব্যবহৃত হয়। এই তহবিলই হল হিসাব-নিকাশের একক (Accounting Unit)। তার উপর ভিত্তি করেই হিসাবের বই লিপিবদ্ধ করা হয়। যেমন, গৃহনির্মাণ তহবিল (Building Fund), ঋণপত্র পরিশোধ সঞ্চিতি তহবিল (Debenture Redemption Reserve Fund) ইত্যাদি। প্রতিটি তহবিলের জন্য এক একটি পৃথক আয়-ব্যয়ের হিসাব ও উদ্বর্তপত্র রচনা করা যেতে পারে। 'তহবিল ধারণা'র সার্থক প্রয়োগ হবে সেইসব ক্ষেত্রে যেখানে কোন মালিক নেই এবং সেখানে লাভ অর্জন করা মুখ্য উদ্দেশ্য নয়।

(৩) সত্তা ধারণা (Entity Concept)

এই ধারণাতে ব্যবসায়ের নিজস্ব একটি পৃথক সত্তা স্বীকার করা হয়েছে। ব্যবসায়-প্রতিষ্ঠান ব্যবসায়ের মালিক থেকে ভিন্ন ও স্বতন্ত্র। ("The business unit is distinct from proprietors, managers and employees . . . the proprietor is considered as being quite distinct from the business entity." (Yorston, Smyth & Brown)। হিসাবের দিক থেকে ব্যবসায়-প্রতিষ্ঠান এবং মালিক দুই জন পৃথক ও স্বতন্ত্র ব্যক্তি বলে গণ্য হয়। মনে করি, C.K. Sen মহাশয় C.K. Sen & Co. নামে একটি ব্যবসায়-প্রতিষ্ঠান চালু করবেন। এখানে C.K. Sen মহাশয় এবং C.K. Sen & Co. পরস্পর পৃথক এবং স্বতন্ত্র ব্যক্তি বলে গণ্য হবে। এখানে C.K. Sen & Co.-এর পৃথক সত্তা আছে। ব্যবসায়ের যাবতীয় লেনদেন C.K. Sen & Co.-এর দৃষ্টিকোণ থেকে হিসাবের বইতে লিপিবদ্ধ করা হবে। হিসাবরক্ষক প্রতিষ্ঠানের হয়ে কাজ করবেন। ব্যবসায়ের যা কিছু সম্পত্তি তা ব্যবসায়ের, মালিকের নয়। আবার, ব্যবসায়ের যাবতীয় দায় মিটাবার দায়িত্বও ব্যবসায়ের, মালিকের নয়। মালিক ব্যবসা পরিচালনা করবার জন্য যে মূলধন প্রদান করে, তা ব্যবসায়ের নিকট ঋণ বলে গণ্য হয়। কোন ব্যবসা উঠে গেলে ঐ ব্যবসা-প্রতিষ্ঠানকে মূলধনের টাকা মালিককে ফেরত দিতে হবে। অবশ্য ব্যবসায়ের অন্যান্য সমুদয় দায় মিটাবার পর যা অবশিষ্ট থাকবে, তাই মালিক মূলধন খাতে ফেরত পাবে। দায়গুলির অগ্রাধিকারের ক্ষেত্রে মালিকের দায় সর্বশেষ। হিসাব-নিকাশের দিক থেকে মালিক ব্যবসার একজন পাওনাদার (Creditor) মাত্র। এই ধারণাতে অনুমান করা হয় যে, প্রতিটি লেনদেন মালিকের সম্পদের হ্রাস-বৃদ্ধি না ঘটিয়ে প্রতিষ্ঠানের সম্পদ ও দায়ের হ্রাস-বৃদ্ধি ঘটায়। প্রতিষ্ঠানের হয়েই সমস্ত আয় সংগ্রহ করা হয় এবং তার হয়েই সব খরচ করা হয়। অবশ্য যে লাভ উপার্জিত হয় তা' মালিকের পাওনা, কারণ মূলধন সরবরাহের তাই শর্ত। অর্থাৎ, ব্যবসায়ে লাভ হলে মালিকের কাছে ব্যবসায়ের দায় বৃদ্ধি পায় এবং ব্যবসায়ের ক্ষতি হলে মালিকের কাছে ব্যবসায়ের দায় হ্রাস পায়। এই ধারণাতে ব্যবসায়ের যাবতীয় সম্পত্তির উপর মালিক ও পাওনাদারের যুগ্মদাবী স্বীকৃত। অবশ্য বাইরের পাওনাদারগণের দাবী সর্বপ্রথম মেটাতে হবে। এদের দাবী মেটানোর পর অবশিষ্ট সম্পত্তি মালিকের দাবী মেটাবার জন্য প্রয়োগ করা হবে। সুতরাং, এ ক্ষেত্রে প্রতিষ্ঠানের দায়গুলিকে অন্তর্দায় এবং বহির্দায়—এই দু'ভাগে ভাগ করতে হয় এবং উদ্বর্তপত্রের সমীকরণটি নিম্নের সূত্র অনুযায়ী প্রকাশ করা হয়— $A=L+P$ ।

A = যাবতীয় সম্পত্তির মূল্য, L = যাবতীয় বহির্দায়ের পরিমাণ এবং P =Proprietorship, অর্থাৎ যাবতীয় অন্তর্দায়ের পরিমাণ।

উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে এই ধারণা প্রচলিত হবার সঙ্গে সঙ্গে মালিকানার এরূপ ধারণার অবসান ঘটে। আধুনিক হিসাব-নিকাশের ক্ষেত্রে সত্তার ধারণা হল একটি সর্বজনস্বীকৃত ধারণা। এর উপর ভিত্তি করেই রচিত হয়েছে দুই-তরফা দাখিলা পদ্ধতি (Double-Entry System)।

(৪) অর্থমূল্য পরিমাপন রীতি (Money Measurement Concept)

এই রীতি অনুসারে যে সব লেনদেন অর্থের মাপমাঠিতে পরিমাপ করা যায়, কেবলমাত্র সেই সব লেনদেন হিসাব বইতে লিপিবদ্ধ করা হয়। অর্থের মাপকাঠিতে মূল্য নিরূপণ করতে না পারলে তা হিসাব বইতে লিপিবদ্ধ করা হবে না। উৎপাদন বিভাগের সঙ্গে বিক্রয় বিভাগের মনোমালিন্য যতই গুরুত্বপূর্ণ হোক না কেন, তা' লিপিবদ্ধ করা হবে না কারণ তা' অর্থের মাপকাঠিতে প্রকাশ করা যায় না। অনুরূপভাবে, ব্যবসায়ের সুদক্ষ ম্যানেজার মারা গেলে, ব্যবসায়ের পক্ষে প্রচুর ক্ষতি হবে সন্দেহ নেই। কিন্তু, এই ক্ষতির পরিমাণ অর্থের মাপকাঠিতে নির্ণয় করা সম্ভব নয় বলে তা' হিসাব বইতে লিপিবদ্ধ করা যাবে না।

(৫) ক্রয়মূল্য সংক্রান্ত ধারণা (Cost Concept)

লেনদেনগুলি ঠিক যত মূল্যে সংগঠিত হয়েছে, সেই মূল্যেই লিপিবদ্ধ করা হয়। ব্যবসায়-প্রতিষ্ঠানের জন্য যে সকল স্থায়ী সম্পত্তি ক্রয় করা হয়, সেইগুলি ক্রয়মূল্য হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়, আনুমানিক মূল্য বেশী হ'লে তা' বিবেচ্য হবে না।

(৬) চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণা (Going Concern Concept)

প্রতিষ্ঠানটি ভবিষ্যতে অনিদিষ্টকাল ধরে চলতে থাকবে—এই অনুমান ক'রে হিসাবরক্ষকগণ আর্থিক প্রতিবেদনগুলি প্রস্তুত করেন। ধারাবাহিকভাবে কেনাবেচা, উৎপাদন প্রভৃতির ভিতর দিয়ে কারবার চলতেই থাকে। কাজেই ক্রয় করা পণ্য সম্পূর্ণ বিক্রি হওয়ার বা উৎপাদনে ব্যবহৃত হওয়ার আগেই নতুন পণ্য কেনা হয় বলে অনুমান করা হয়। অবিরামভাবে ব্যবসা চলার এই ধারণাকে প্রতিষ্ঠানের চলনশীলতা বা ধারাবাহিকতা সংক্রান্ত বলে মনে করা হয়। এই ধারণাকে গ্রহণ করে বিভিন্নপ্রকার ব্যয়গুলিকে দু'ভাগে বিভক্ত করা হয়।

(ক) মূলধন জাতীয় ব্যয়, অর্থাৎ সেই সকল ব্যয় যা দীর্ঘকাল ধরে ব্যবসায়কে সেবা প্রদান করবে, যেমন স্থায়ী সম্পদের জন্য ব্যয়, ব্যবসায় চলিবে—এই উদ্দেশ্য নিয়েই স্থায়ী সম্পদ সংগ্রহ করা হয়েছে যা' ব্যবসায়ে দীর্ঘকাল সেবা করবে। সেগুলি বিক্রয়ের উদ্দেশ্যে সংগ্রহ করা হয় নি। এই কারণে সম্পদগুলি বর্তমান অবস্থায় রূপান্তরিত হ'তে যত অর্থ ব্যয় হয়েছে, সেটাকেই হিসাব-ব্যবস্থায় ন্যায্যমূল্য বলে মনে করা হয়। স্থায়ী সম্পদগুলির ক্রয়মূল্য, আনুষঙ্গিক ব্যয়, অবচয় প্রভৃতি বিষয় বিবেচনা করে এগুলির মূল্য নির্ধারণ করা হয়।

(খ) মুনাফাজাতীয় ব্যয়, যার উপযোগ একবছরের মধ্যে শেষ হবে। প্রতিষ্ঠানের সাফল্য পরিমাপ করার জন্য একদিকে যেমন উৎপাদিত পণ্য ও সেবার বিক্রয়মূল্য নিরূপণ করা হয়, সঙ্গে সঙ্গে তেমন এগুলি উৎপাদন করতে কত ব্যয় হয়েছে তাও নির্ধারণ করা হয়। প্রতিষ্ঠানকে চলমান মনে করলে সঙ্গে সঙ্গে তার আর্থিক অবস্থার প্রতিবেদন প্রস্তুত করা আবশ্যিকভাবে ধারাবাহিক প্রকৃতির হয়ে পড়ে। ফলে নির্দিষ্ট সময় অন্তর নিয়মিতভাবে পরপর লাভ-ক্ষতির হিসাব (Profit & Loss A/c) ও উদ্বর্তপত্র (Balance sheet) প্রকাশ করার প্রয়োজন হয়।

(৭) দ্বৈতবৈশিষ্ট্যমূলক ধারণা (Dual Aspect Concept)

দুই-তরফা দাখিলা পদ্ধতিতে (Double-Entry System) হিসাব-নিকাশকরণের মূল বিষয়টি হ'ল দ্বৈত-বৈশিষ্ট্যমূলক ধারণা। কোন লেনদেন সংঘটিত হ'তে দু'টি পক্ষের প্রয়োজন—একটি গ্রহীতার পক্ষ (Debitor) এবং

অপরটি দাতার পক্ষ (Creditor)। অর্থাৎ লেনদেন দ্বারা একটি পক্ষ সুবিধা গ্রহণ করবে এবং অপরপক্ষ সুবিধা-দান করবে। অতএব দেখা যাচ্ছে যে, লেনদেনের দু'টি পক্ষের জন্য দু'টি হিসাবখাত (Account) থাকে—একটি লেনের হিসাবখাত এবং অপরটি দেনের হিসাবখাত।

১.৬.২ হিসাব-নিকাশ সংক্রান্ত প্রথাসমূহ

ব্যবহারিক ক্ষেত্রে হিসাব-নিকাশকরণকারীদের জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে কালক্রমে কতকগুলি সর্বজনস্বীকৃত প্রথা বা আচরণের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। এই সমস্ত প্রথাগুলিকে বলা হয় 'হিসাব সংক্রান্ত প্রথা'। এই প্রথাগুলির যৌক্তিকতা নিয়ে কেহ আপত্তি করে না এবং দ্বিধাহীনভাবে হিসাব-নিকাশকার্যে প্রয়োগ করে।

(ক) কয়েকটি মৌলিক প্রথা (Some Basic Conventions): কয়েকটি মৌলিক প্রথা হ'ল :

(১) সঙ্গতি সংক্রান্ত প্রথা (Consistency Convention)

হিসাবরক্ষণের ক্ষেত্রে একবার যে নীতি প্রয়োগ করা হয়েছে, সেই নীতিই ধারাবাহিকভাবে প্রয়োগ করতে হবে। এই নিয়মনীতিগুলি একই হিসাবকালে বা পরবর্তী কোন হিসাবকালে পরিবর্তন করা বাঞ্ছনীয় নয়। এই প্রথা অনুসারে হিসাবকার্য করা হ'লে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল বিভিন্ন বছরের সঙ্গে তুলনা করা চলে। যেমন, একবছর স্থায়ী সম্পদ অতীত ক্রয়মূল্যে (Historical Cost) এবং অন্য-বছর চলতি মূল্যে (Current Cost) মূল্যায়ন করলে তথ্য-ব্যবহারকারীগণ প্রকৃত তথ্য পাবেন না। ফলে, তারা বিভ্রান্ত হবেন। এই নিয়মনীতি কখনো পরিবর্তন করা হ'লে তা' আর্থিক প্রতিবেদনে পরিষ্কারভাবে প্রকাশ করতে হবে।

(২) প্রকাশীকরণ প্রথা (Disclosure Convention)

এই প্রথা অনুযায়ী সমস্ত হিসাবকার্যের বিবরণী সততার সঙ্গে তৈরি করা হয় এবং সকল প্রকার অস্বাভাবিক (Material) তথ্যাবলী পূর্ণ প্রকাশ করা হয়। যৌথমূলধনী প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারিগণের সঙ্গে প্রশাসনিক কার্যে লিপ্ত ব্যক্তিদের মধ্যে কোন সম্পর্ক নেই। ফলে, মালিকগণ ব্যবসা-প্রতিষ্ঠানে কি কাজ হচ্ছে, সে সম্বন্ধে অবহিত থাকে না। সেইজন্য এই প্রকাশীকরণ প্রথা অত্যন্ত প্রয়োজনীয়। যৌথমূলধনী প্রতিষ্ঠানের লাভ-ক্ষতির হিসাব এবং উদ্বর্তপত্রে যে সকল তথ্য প্রকাশ করা বাধ্যতামূলক তা' কোম্পানী আইনের ৬নং তফসিলে (Schedule VI) বর্ণনা করা হয়েছে।

(৩) রক্ষণশীলতা প্রথা (Conservatism Convention)

কোন প্রতিষ্ঠানের লাভ-লোকসান নিরূপণের সময় সতর্কতা অবলম্বন করা এবং অপ্রয়োজনীয় ঝুঁকি পরিহার করা হ'ল এই প্রথার মূল উদ্দেশ্য। ব্যবসায়ে বিভিন্নপ্রকার ঝুঁকি ও অনিশ্চয়তা থাকে। সেই কারণে এই প্রথা অনুসরণ করা হয়। হিসাবশাস্ত্রে ক্ষতির সম্ভাবনা থাকলেই ক্ষতি হয়েছে বলে গণ্য করা হয়। কিন্তু কোন লাভের সম্ভাবনা যত বেশী থাকুক না কেন, নিশ্চিতভাবে তা' অর্জিত না হ'লে তাকে গণনা করা হয় না। অ্যান্থনি ও রীচ (Anthony এবং Reece) বলেন “হিসাব-নিকাশের ক্ষেত্রে কোন লাভ প্রত্যাশা করবে না, কিন্তু যাবতীয় ক্ষতির জন্য ব্যবস্থা করবেন” (Anticipate no profits, but provide for all losses) এই প্রথা অনুসরণ করে মজুত পণ্যের ক্ষেত্রে ক্রয়মূল্য ও বাজারমূল্য, এই দুটির মধ্যে যেটি কম, সেটি ধরা হয়। লাভ-ক্ষতির হিসাবকালে সম্ভাব্য ক্ষতির জন্য সংস্থান (Provision) রাখা হয়। কিন্তু প্রত্যাশিত লাভ বিবেচনা করা হয় না।

(৪) অগৌণিকতা প্রথা বা প্রাসঙ্গিকতা প্রথা (Materiality Convention)

এই প্রথা অনুযায়ী হিসাবশাস্ত্রে প্রদত্ত বিবরণীতে সেইসব বিষয়ই প্রকাশ করা উচিত যা হিসাব সংক্রান্ত তথ্য-ব্যবহারকারীগণের পক্ষে প্রাসঙ্গিক এবং তাদের সিদ্ধান্তগ্রহণের পক্ষে আবশ্যিক। এই প্রথার মূল বক্তব্য হচ্ছে অনাবশ্যক তথ্য সরবরাহ না করে হিসাব-বিবরণীসমূহকে অপেক্ষাকৃত সরল এবং সহজবোধ্য রাখা। উদাহরণস্বরূপ বলা যায়, একটি টেবিল পরিষ্কার করা যে ঝাড়ুদার দ্বারা হয় তা ৩ বছর ধরে ব্যবহৃত হবে, কিন্তু, ঐ ঝাড়ুদারের খরচাকে আমরা মুনাসফাজাতীয় ব্যয় বলেই দেখাই এবং এর ফলে হিসাবরক্ষণ কার্যও সরলীকৃত হয় এবং ঝাড়ুদারটিকে সম্পত্তিরূপে গণ্য না করলেও কারবারের আর্থিক অবস্থার বা লাভ-ক্ষতির হিসাবের কোনও তারতম্য হয় না।

১.৭ হিসাবশাস্ত্র, হিসাবরক্ষণ এবং হিসাব-নিকাশকরণ

১.৭.১ হিসাবশাস্ত্র কাকে বলে?

সব রকমের আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণের বিজ্ঞানকেই হিসাবশাস্ত্র বলা হয় ("Accountancy may be described as the science which deals with the recording of monetary transactions of every description"—F. W. Pixley) হিসাবশাস্ত্র হ'ল এমন একটি শাস্ত্র যা 'পাঠ করে জানা যায়, কোন পদ্ধতিতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যাবতীয় আর্থিক কার্যাবলী সুষ্ঠুভাবে হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় এবং নির্দিষ্ট সময়ান্তরে এর যথাযথ ফলাফল নির্ণয় করা হয়। অর্থাৎ, যে শাস্ত্রে যাবতীয় আর্থিক লেনদেন লিপিবদ্ধ করার পদ্ধতি ও কলাকৌশল পর্যালোচনা করা হয় তাকে হিসাবশাস্ত্র (Accountancy) বলা হয়।

১.৭.২ হিসাবরক্ষণ

হিসাবরক্ষণ অন্যদিকে বলতে হিসাবের বইতে বিভিন্ন আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণের কাজকে বোঝায় ("Book-Keeping is the art of recording in the books of accounts the monetary aspect of commercial or financial transactions"—Northcott)।

(১) হিসাবরক্ষণের কাজ হ'ল : কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহ করা, (২) সেগুলিকে বিভিন্ন প্রাথমিক বইতে সুসংবদ্ধভাবে লিপিবদ্ধ করা এবং (৩) অবশেষে সমজাতীয় লেনদেনগুলিকে বিন্যাস করা। মনে রাখা দরকার, হিসাবরক্ষণের কাজ লিপিবদ্ধকরণ পর্যায়ে সীমাবদ্ধ।

১.৭.৩ হিসাব-নিকাশ

আগেই বলা হয়েছে যে, হিসাবশাস্ত্র (Accountancy) হ'ল এমন একটি শাস্ত্র যা যাবতীয় আর্থিক লেনদেন কোন পদ্ধতি বা কলা-কৌশল-এ লিপিবদ্ধ করা হয় তার পর্যালোচনাকারী একটি শাস্ত্র। আর হিসাবরক্ষণ (Book-Keeping)-এর কাজ হল হিসাবের বইতে যে কোন আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণ। কিন্তু, হিসাব-নিকাশ (Accounting)-এর কাজ আরও ব্যাপক। লেনদেনগুলি লিপিবদ্ধ করা ছাড়াও হিসাব-নিকাশ আরও অনেক কাজ করে; যেমন, (ক) লেনদেনগুলির শ্রেণীবদ্ধকরণ, (খ) সারসংক্ষেপণ ও বিশ্লেষণ, হিসাবরক্ষণ, হিসাব-নিকাশকরণের একটি প্রাথমিক ও সহজতর অংশ। হিসাবরক্ষণ প্রাথমিক স্তর (Primary Stage) এবং হিসাব-নিকাশকরণ চূড়ান্ত স্তর (Final Stage)। এজন্যই বলা হয় যে, হিসাবরক্ষণ যেখানে শেষ হয়, হিসাব-নিকাশকরণ সেখানে শুরু হয়। যথাযথভাবে লিপিবদ্ধ করলেই হিসাবরক্ষণের কাজ শেষ হয়। কিন্তু হিসাব-নিকাশকরণের কাজ

হ'ল ঐ লিপিবদ্ধ লেনদেনসমূহ শ্রেণীবদ্ধ করে সংক্ষিপ্ত আকারে রূপান্তরিত করে তথ্যের আকারে প্রস্তুত করা ও ব্যাখ্যা করা এবং পরিচালকমণ্ডলী ও অন্যান্যদের পরিবেশন করা। এইসব তথ্যের উপর ভিত্তি করে পরিচালকমণ্ডলী প্রতিষ্ঠানের নীতি-নির্ধারণ ও যাবতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন যা' অধিকতর গুরুত্বপূর্ণ ও দায়িত্বপূর্ণ। কিন্তু তাই বলে হিসাবরক্ষণের প্রয়োজনীয়তা অস্বীকার করা যায় না। হিসাবরক্ষণ, হিসাব-নিকাশকরণের কাঁচা মাল-স্বরূপ। হিসাবরক্ষণের কাজে কোন ভুল-ত্রুটি হ'লে হিসাব-নিকাশকরণের কাজ ত্রুটিপূর্ণ হবে। হিসাবরক্ষণ (Book-Keeping) হ'ল হিসাব-নিকাশকরণের (Accounting) ভিত্তি। ("The foundation of Accountancy is the theory and practice of Book-Keeping"—P. W. Pixley.)

১.৭.৪ হিসাবশাস্ত্র ও হিসাব-নিকাশকরণ দুই-এর মধ্যে পার্থক্য

হিসাবশাস্ত্র এবং হিসাব-নিকাশকরণ শব্দ দুটি প্রায়শ একই অর্থে প্রয়োগ করা হয়। কিন্তু তা ঠিক নয়। সূক্ষ্মভাবে বিচার করলে এদের মধ্যে পার্থক্য লক্ষ্য করা যায়। হিসাবশাস্ত্র হচ্ছে মূল বিষয়বস্তু। হিসাব-নিকাশকরণ উহারই একটি শাখাস্বরূপ। হিসাবশাস্ত্রবিদগণ নানাবিধ গবেষণার মাধ্যমে যে সকল রীতি-নীতি, পদ্ধতি এবং প্রণালী গ্রহণ করেন, ইহার সম্মিলিত জ্ঞানভাণ্ডারকে হিসাবশাস্ত্র বলে। হিসাবশাস্ত্রে উল্লিখিত রীতি-নীতি, পদ্ধতি এবং প্রণালীর প্রয়োগকে বলা হয় হিসাব-নিকাশকরণ। অর্থাৎ হিসাবশাস্ত্রের ব্যবহারিক প্রয়োগ (Practical application) হ'ল হিসাব-নিকাশকরণ।

১.৮ হিসাবশাস্ত্রের শাখাসমূহ

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার অভাবনীয় অগ্রগতি উৎপাদন ব্যবস্থার দ্রুত পরিবর্তন ও জটিলতার সৃষ্টি করে। এর সঙ্গে সঙ্গে সমাজব্যবস্থা ও অর্থনৈতিক চিন্তাধারারও পরিবর্তন ঘটে। ব্যবসায়ে একটি সামাজিক দিক (Social aspect) স্বীকৃতি পায়। এই সমস্ত পরিবর্তনের জের হিসাব-ব্যবস্থার উপর প্রভাব বিস্তার করে। ক্রমে হিসাব-ব্যবস্থাও জটিল হতে জটিলতর হয়ে পড়ে। প্রত্যেক দেশে মুদ্রাস্ফীতি একটি দীর্ঘ স্থায়ী রূপ নেয়। সৃষ্টি হয় জাতীয় হিসাব-নিকাশকরণ (National Accounting) বা সামাজিক হিসাব-নিকাশকরণ (Social Accounting), মুদ্রাস্ফীতি হিসাব-নিকাশকরণ (Inflation Accounting), পরিচালন হিসাব-নিকাশকরণ (Management Accounting), পরিব্যয় হিসাব-নিকাশকরণ (Cost Accounting) প্রভৃতি। আধুনিক হিসাব-নিকাশকরণ প্রচলিত "লিপিবদ্ধকরণ" (Recording) রীতি থেকে ক্রমশ "অর্থনৈতিক তথ্য পরিবেশন" (Economic Information System) রীতির দিকে ঝুঁকে পড়ছে।

হিসাবশাস্ত্রের বিভিন্ন শাখা : হিসাবশাস্ত্রকে প্রধানত নিম্নলিখিত শাখাসমূহে বিভক্ত করা হয়।

১.৮.১ আর্থিক হিসাব-নিকাশকরণ

এই শাখার কাজ মূলত দৈনন্দিন লেনদেনগুলি ঘটে যাবার পর সেগুলি নথিভুক্ত করা এবং একটি আর্থিক বছরের ব্যবসা সংক্রান্ত কাজকর্মের ফলাফল নির্ণয় করে সেই ফলাফল প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত বহিরাগত সমস্ত পক্ষকে, যেমন, বিনিয়োগকারী, পাওনাদার, কর্মচারী, সরকার প্রভৃতি পক্ষকে সরবরাহ করা। আর্থিক হিসাব-নিকাশকরণ করা হয় অতীত ঘটনা এবং বাস্তব তথ্যের ভিত্তিতে। সুতরাং এই শাখা সঠিক অর্থনৈতিক তথ্য পরিবেশনে সমর্থ হয়।

১.৮.২ পরিব্যয় হিসাব-নিকাশকরণ

উৎপাদন ব্যয় নিয়ন্ত্রণ (Cost Control) ও লাভ যোগ্যতা (Profitability) নিরূপণের ক্ষেত্রে ব্যয় নির্ধারণ (Costing) এবং ব্যয় সংক্রান্ত হিসাবরক্ষার সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন নীতি, পদ্ধতি ও কলাকৌশলকে যথাযথভাবে

প্রয়োগ করার কাজকে পরিব্যয় হিসাব-নিকাশকরণ বলা হয়। কোন প্রতিষ্ঠানের পরিচালকমণ্ডলীকে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করার উদ্দেশ্যে উক্ত হিসাব-নিকাশকরণ থেকে প্রাপ্ত প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করাও ইহার অন্তর্গত।

১.৮.৩ পরিচালন হিসাব-নিকাশকরণ

হিসাব সম্পর্কিত বিশেষ জ্ঞান এবং দক্ষতার সংযোজনে বিভিন্ন হিসাব সম্পর্কীয় তথ্য পরিবেশন করার প্রয়োগপদ্ধতি, বিধিব্যবস্থা, কলাকৌশল প্রভৃতি আয়ত্ত করে প্রতিষ্ঠানের লাভকে বেশি বাড়িয়ে তোলার বা ক্ষতিকে যথাসম্ভব সর্বনিম্ন করে আনার কাজে পরিচালকদের সাহায্য করার কাজকে বলা হয় পরিচালন হিসাব-নিকাশকরণ। প্রতিষ্ঠানের কার্যকলাপ দক্ষতার সঙ্গে পরিচালনা করবার যে কোন প্রকার হিসাব-নিকাশকরণকে পরিচালন হিসাব-নিকাশকরণ বলা হয়। পরিচালকদের অবিরাম আর্থিক তথ্য পরিবেশন করে ব্যবসা পরিচালনার নীতি নির্ধারণ করা এবং দৈনন্দিন কাজে সাহায্য করা এই হিসাব-নিকাশকরণের উদ্দেশ্য। অতএব এর কাজ অনেকটা উপদেশ ও পরামর্শমূলক।

১.৯ হিসাবশাস্ত্রের সুবিধা ও সীমাবদ্ধতা

১.৯.১ হিসাব-নিকাশকরণের সুবিধা

হিসাব-নিকাশকরণের মাধ্যমে নিম্নলিখিত সুবিধাসমূহ পাওয়া যায়, যথা :

- (১) প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠানই কোন নির্দিষ্ট সময়ান্তরে তার আর্থিক কার্যাবলীর ফলাফল জানতে আগ্রহী। হিসাব-নিকাশকরণের মাধ্যমেই এরূপ ফলাফল নির্ণয় করা সম্ভব। সুতরাং অর্থনৈতিক কার্যাবলীর ফলাফল নির্ণয় করাই ইহার মুখ্য সুবিধা।
- (২) হাতে কত টাকা আছে তা হিসাবের বই হতে যাচাই করা যায় এবং তদনুসারে টাকা খরচের পরিকল্পনা করা যায়। এ ছাড়া, টাকা তহরুপ হলে ধরা যায়।
- (৩) কার নিকট কত টাকা ধার আছে এবং কার নিকট কত টাকা পাওনা আছে,—এই দেনা-পাওনা হিসাবের বই থেকে সহজে জানা যায়।
- (৪) সুষ্ঠু হিসাবরক্ষণের মাধ্যমে তহবিল তহরুপ এবং অন্যান্য জাল-জুয়াচুরি সহজে ধরা পড়ে।
- (৫) যথাযথ হিসাবের বই রাখলে বিক্রয়কর, আয়কর ইত্যাদির নিষ্পত্তি সহজসাধ্য হয়।
- (৬) কোন মামলা-সংক্রান্ত ব্যাপারে হিসাবের বই প্রামাণিক তথ্য হিসাবে আদালতে পেশ করা যায়।
- (৭) প্রতিষ্ঠানের যাবতীয় লেনদেন সুষ্ঠুভাবে লিপিবদ্ধ না করলে স্মৃতিশক্তি যতই তীক্ষ্ণ হউক না কেন, তা মনে রাখা সম্ভব নয়। সুতরাং লেনদেন সংঘটিত হবার সঙ্গে সঙ্গে তা হিসাবের বইতে যথাযথভাবে লিপিবদ্ধ করা অবশ্য প্রয়োজন।
- (৮) হিসাব-সংক্রান্ত যাবতীয় তথ্যাবলীর উপর ভিত্তি করে সরকার ন্যায্যমূল্য নির্ধারণ, শিল্পনীতি নির্ধারণ, অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন, আমদানি-রপ্তানি নীতি নির্ধারণ, শ্রমিক-মালিক বিরোধের সালিশিকরণ প্রভৃতি গুরুত্বপূর্ণ কার্য সম্পাদন করে থাকে।
- (৯) ব্যবসায়ের প্রয়োজনে টাকা ধার করার প্রয়োজন হলে সঠিক হিসাব-নিকাশকরণের একান্ত প্রয়োজন। ঋণদাতা অবশ্যই প্রতিষ্ঠানের আর্থিক সচ্ছলতা বিচার করে নিশ্চিত হলে ধার দিতে সন্মত হবে। এটা বিচার করার মাপকাঠি হচ্ছে প্রতিষ্ঠানের হিসাবের বই হতে প্রাপ্ত যাবতীয় তথ্য।

- (১০) কোন পরিবার বা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে চালাতে হ'লে হিসাব-সংক্রান্ত বহুবিধ তথ্যের প্রয়োজন হয়। যথাযথ হিসাব-নিকাশকরণের মাধ্যমেই নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায়। এই সমস্ত তথ্যের তুলনামূলক বিচার করে পরিবার বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার গতি-প্রকৃতি নিরূপণ করা যায়। অবস্থা সন্তোষজনক না হ'লে তার কারণগুলি অনুসন্ধান করে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা যায়।

১.৯.২ হিসাব-নিকাশকরণের সীমাবদ্ধতা

হিসাব-নিকাশকরণের মাধ্যমে প্রাপ্ত যাবতীয় তথ্যাবলী এবং প্রতিবেদনগুলি সত্যসত্যই যথার্থ ও ন্যায্য চিত্র পরিবেশন করার বাস্তবিক ক্ষমতা সম্পর্কে অনেকে সন্দেহ প্রকাশ করেন। এদের সীমাবদ্ধতা সম্বন্ধে সাধারণত নিম্নের যুক্তিগুলি দেখানো হয়ে থাকে :

- (ক) তথ্য ও প্রতিবেদনগুলি অর্থের এককে আর্থিক চিত্র প্রকাশ করে। কিন্তু গুণগত বৈশিষ্ট্যের ন্যায় যে সব বিষয়গুলি অর্থের অঙ্কে প্রকাশ করা যায় না—অথচ যেগুলি আর্থিক অবস্থা বা কার্যকলাপকে প্রভাবান্বিত করে সেগুলি এদের মাধ্যমে জানা যায় না। যেমন, পরিচালক, শ্রমিক ও কর্মচারীগণের কর্মদক্ষতা বা তাদের পারস্পরিক সম্পর্ক, কর্তব্যনিষ্ঠা, বিশ্বস্ততা প্রভৃতি গুণগত বৈশিষ্ট্যগুলি অর্থের অঙ্কে প্রকাশ করা সম্ভব নয়। তাই প্রতিবেদনগুলি যথার্থ ও ন্যায্য চিত্র প্রকাশ করছে বলা যায় না।
- (খ) উদ্বর্তপত্রে (Balance Sheet) সম্পদগুলি যথার্থ মূল্য বা বর্তমান মূল্যে প্রকাশ পায় না। চলতি সম্পদগুলি চলতি মূল্যের (Current Price) কাছাকাছি মূল্যে পরিমাপ করা হলেও স্থায়ী সম্পদগুলি অবচয় বাদে অতীত ক্রয়মূল্যে (Historical Cost) লেখা থাকে। এই লিখিত মূল্যের সঙ্গে সম্পদের তৎকালীন বাজার মূল্যের পার্থক্য অনেক সময় বিশেষ উল্লেখযোগ্য হয়ে উঠে। তাই লিখিত মূল্যের সঙ্গে সম্পদের যথার্থ মূল্য (True Value) সঙ্গতিপূর্ণ নাও হতে পারে।
- (গ) প্রতিবেদনগুলি কোন নির্দিষ্ট দিনে প্রস্তুত করা হ'লেও প্রতিবেদনের দায় ও সম্পত্তিগুলি বিভিন্ন মূল্যের সংমিশ্রণে হয়ে থাকে। স্থায়ী সম্পদগুলি নানা রকমের অতীত ক্রয়মূল্যে, চলতি সম্পদ চলতি মূল্যে এবং আর্থিক সম্পদ ও দায়গুলি চুক্তিবদ্ধ মূল্যে প্রকাশ করা হয়। অর্থাৎ উদ্বর্তপত্র রচনার দিনে অর্থের যে ক্রয় ক্ষমতা ছিল, সেই মূল্যে উদ্বর্তপত্রের সমস্ত তথ্যগুলি প্রকাশ করা হয় না।
- (ঘ) আয় ও খরচকে একই সময়ের মুদ্রার এককে পরিমাপ করা হয় না। লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করার সময় আয়গুলিকে চলতি মূল্যে পরিমাপ করা হ'লেও সংশ্লিষ্ট খরচকে অতীত মূল্যে পরিমাপ করা হয়। একই ক্রয়ক্ষমতাসম্পন্ন অর্থের এককে আয় ও খরচকে পরিমাপ করা হয় না বলে প্রচলিত হিসাব-ব্যবস্থা অনুযায়ী নির্ধারিত লাভ ও লোকসান প্রতিষ্ঠানের যথার্থ ও ন্যায্য লাভ বা লোকসান প্রকাশ করে না।
- (ঙ) মূল্য নির্ধারণে ইচ্ছামত বিভিন্ন পদ্ধতি অনুসরণ করা হয়। অস্ত-মজুত পণ্য বা অবচয় নির্ধারণের সময় বিভিন্ন পদ্ধতি অনুসরণ করা হয়। সকল প্রতিষ্ঠানের প্রতিবেদনগুলি একই পদ্ধতি অনুসারে তৈরী না হওয়ার ফলে ঐগুলির মধ্যে তুলনামূলক বিচার বিশ্লেষণ করা যায় না। এগুলি হতে নির্ভরযোগ্য ও যুক্তিসঙ্গত সিদ্ধান্ত নেওয়া বেশ কষ্টকর।
- (চ) প্রতিবেদনগুলি প্রস্তুত করার সময় অনেকগুলি বিষয় অনুমানের উপর নির্ভর করা হয়। অবচয়, অনাদেয় বাকী ও অন্যান্য সংস্থান (provision) হিসাব করার সময় হিসাবরক্ষকগণ বিভিন্ন অনুমানের উপর নির্ভর করেন। তাই তাদের পরিমাণ প্রস্ফাভীতভাবে নির্ধারিত একথা বলা যায় না।
- (ছ) প্রচলিত হিসাব-ব্যবস্থায় মুদ্রাস্ফীতিকে যথাযথ গুরুত্ব দেওয়া হয় নি। হিসাব-ব্যবস্থায় টাকার অঙ্কে সব কিছু পরিমাপ করা হয়। অর্থাৎ টাকা হ'ল হিসাব-ব্যবস্থার পরিমাপের একক। কিন্তু এই একককে সুস্থির বলে ধরে নিয়ে এই হিসাব-ব্যবস্থা গড়ে উঠলেও একক হিসেবে টাকার মূল্য সুস্থির নয়। মুদ্রাস্ফীতির জন্য টাকার মূল্য কমেতে থাকে।

১.১০ সারাংশ

এই এককে আলোচনা করা হয়েছে যে, আধুনিকযুগে হিসাবশাস্ত্র শুধুমাত্র আর্থিক লেনদেনই লিপিবদ্ধকরণে সীমাবদ্ধ থাকে না, উপরন্তু, আর্থিক তথ্য ব্যবহারকারীদের উপযুক্ত আর্থিক সিদ্ধান্ত নিতে সক্ষম হবার জন্য নানাবিধ মূল্যবান আর্থিক তথ্য সরবরাহ করে থাকে। অর্থনৈতিক চিন্তাধারার পরিবর্তনের সঙ্গে সঙ্গে হিসাবশাস্ত্রের ধারণাসমূহও পরিবর্তিত হয়েছে—মালিকানা (Proprietary) ও তহবিল ধারণা (Fund Concept) থেকে সরে এসে বর্তমানে সত্ত্বাধারণতে (Equity Concept) উপনীত হয়েছে। উদ্বর্তপত্রের (Balance Sheet) সমীকরণটি $A=L+P$, অর্থাৎ যাবতীয় সম্পত্তির মূল্য যাবতীয় বহির্দায় এবং যাবতীয় অন্তর্দায়ের সমষ্টির সমান হবে—এই সূত্রে প্রকাশ করা হয়।

এই এককে ‘অর্থমূল্যে পরিমাপ রীতি’, ‘চলমান প্রতিষ্ঠান সংক্রান্ত ধারণা’, ‘সঙ্গতি সংক্রান্ত প্রথা’, ‘রক্ষণশীলতা প্রথা’, ‘প্রাসঙ্গিকতা প্রথা’ প্রভৃতি কতকগুলি প্রচলিত ধারণা ও প্রথার উপর ভিত্তি করে যে হিসাবশাস্ত্র গড়ে উঠেছে, সে সম্পর্কে পাঠকদের অবহিত করা হয়েছে।

১.১১ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলী

১। ‘হিসাবশাস্ত্র’ বলতে কি বোঝায়? হিসাবশাস্ত্রের উদ্দেশ্য কি?

What do you understand by the term 'Accountancy'? What are the objects of 'Accountancy'?

২। একজন ব্যবসায়ী তার হিসাবের বই থেকে কি কি তথ্য পেতে আশা করেন?

What kinds of information does a trader expect from his books?

৩। হিসাব-নিকাশ সংক্রান্ত প্রথাসমূহ এবং হিসাব-নিকাশ সংক্রান্ত ধারণাসমূহ বলতে কি বোঝায়?

What do you mean by Accounting conventions and Accounting concepts?

৪। নিম্নলিখিতগুলি ব্যাখ্যা করুন :

(Explain the following):

(i) মালিকানা ধারণা

(ii) সত্ত্বা ধারণা

(iii) তহবিল ধারণা

(iv) সম্পর্ক সংক্রান্ত প্রথা

(v) রক্ষণশীলতা প্রথা

৫। ‘হিসাব-নিকাশকরণ একটি ব্যবসায়িক ভাষা’—এই উক্তিটির আলোচনা করুন।

বিসয়মুখী প্রশ্নাবলী

৬। নিম্নলিখিতগুলির সঠিক ধারণা/তথ্যের নামোল্লেখ করুন :

Name the correct Concept/Convention in the following cases:—

- (i) "A business unit is distinct from the proprietor or proprietors".
- (ii) "The basis of accounting is not the proprietor or the business entity, but a collection or group of assets applied to a set of activities or functions".
- (iii) "The whole of the accounting is focussed on the proprietor and he is regarded as owning all the enterprise assets and being obliged to meet the claims of Creditors".
- (iv) "Anticipate no profit and provide for all possible losses".
- (v) Accounting equation: Assets = Liabilities.

১.১২ উত্তর সংকেত

- (vi) (১) Equity concept, (২) Fund concept, (৩) Proprietary concept, (৪) Doctrine of conservatism, (৫) Dual aspect concept.

একক ২ □ হিসাবশাস্ত্র সম্বন্ধীয় দুই-তরফা দাখিলা পদ্ধতি

গঠন

- ২.১ উদ্দেশ্য
- ২.২ দুই-তরফা দাখিলা পদ্ধতির অর্থ
- ২.৩ হিসাব-নিকাশ সমীকরণ
- ২.৪ হিসাবখাত
- ২.৫ লেনদেন
- ২.৬ ডেবিট ও ক্রেডিট
 - ২.৬.১ ডেবিট ও ক্রেডিট নির্ধারণের নিয়ম
 - ২.৬.২ হিসাবখাতের শ্রেণী বিভাগ
- ২.৭ হিসাব-নিকাশ সমীকরণ : প্রয়োগগত উদাহরণ
- ২.৮ দুই-তরফা দাখিলা পদ্ধতির সুবিধা ও সীমাবদ্ধতা
 - ২.৮.১ সুবিধা
 - ২.৮.২ সীমাবদ্ধতা
- ২.৯ সারাংশ
- ২.১০ অনুশীলনী
- ২.১১ উত্তরসংকেত

২.১ উদ্দেশ্য

এই এককের উদ্দেশ্য হল : (১) সর্বজনগ্রাহ্য দুই-তরফা দাখিলা পদ্ধতি সম্পর্কে সুস্পষ্ট ধারণার সৃষ্টি করা, (২) লেনদেনের ডেবিট ও ক্রেডিট বের করার নিয়মাবলী সম্পর্কে অবহিত হওয়া এবং (৩) হিসাব-নিকাশ সমীকরণের প্রয়োগবিধি আলোচনা করা।

২.২ দুই তরফা দাখিলা পদ্ধতির অর্থ

আগেই বলা হয়েছে যে কোন লেনদেনের ক্ষেত্রে দু'টি পক্ষ জড়িত থাকে—একপক্ষ সুবিধা পায় এবং অপরপক্ষ সুবিধা দেয়। যে পক্ষ সুবিধা পায়, তাকে বলে দেনাদার (Debtor) পক্ষ এবং যে পক্ষ সুবিধা দেয় তাকে বলে পাওনাদার (Creditor) পক্ষ।

কোন লেনদেনের সম্পূর্ণ ও যথাযথ ফলাফল নির্ণয় করতে হলে এই লেনদেনের সঙ্গে জড়িত দু'টি পক্ষকেই এক সঙ্গে লিপিবদ্ধ করতে হবে। দেনাদার পক্ষকে Debit এবং পাওনাদার পক্ষকে Credit করতে হবে। যেহেতু

কোন লেনদেন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার দুটি পরিবর্তন একই সঙ্গে ঘটায়, সেহেতু দুটি পরিবর্তনই হিসাবের বইতে লিপিবদ্ধ করতে হবে। উদাহরণস্বরূপ মনে করি, আমরা 5000 টাকা মূল্যের আসবাবপত্র ক্রয় করলাম। এই লেনদেনটি সংঘটিত হবার ফলে দুটি পরিবর্তন হ'ল, যথা (১) আসবাবপত্র 5000 টাকা বৃদ্ধি পেয়ে এবং (২) নগদ অর্থ সমপরিমাণ হ্রাস পেল। লেনদেনটি হিসাবের বইতে লিপিবদ্ধ করবার সময় এই দুটি পরিবর্তনই বিবেচনা করতে হবে।

প্রতিটি লেনদেনের জন্য দুটি করে দাখিলা করতে হয়, যথা : একটি Debit দাখিলা এবং (২) অপরটি Credit দাখিলা।

প্রতিটি Debit দাখিলার জন্য সমপরিমাণ টাকার অঙ্কের Credit দাখিলা হবে। বিপরীতক্রমে, প্রতিটি Credit দাখিলার জন্য সমপরিমাণ টাকার অঙ্কের একটি Debit দাখিলা হবে। অর্থাৎ প্রতিটি লেনদেন দুটি পক্ষকে বিপরীত দিকে সমপরিমাণ অর্থের জন্য প্রভাবিত করে। যে পদ্ধতিতে প্রতিটি লেনদেনের সঙ্গে জড়িত পক্ষ দুটিকে বিচার করে একটি পক্ষকে Debit করা হয় এবং অপরপক্ষকে সমপরিমাণ টাকার অঙ্ক দ্বারা Credit করা হয়, তাকে দুই-তরফা দাখিলাপদ্ধতি (Double-Entry System) বলা হয়।

২.৩ হিসাব-নিকাশ সমীকরণ

আধুনিক হিসাবশাস্ত্রবিদগণ দুই-তরফা দাখিলাপদ্ধতি বোঝাবার জন্য হিসাব-নিকাশ সমীকরণের (Accounting Equation) ব্যবহার করে থাকেন। এই হিসাব-নিকাশ সমীকরণটি একটি গাণিতিক সূত্রের উপর প্রতিষ্ঠিত। সূত্রটি হল :

সম্পত্তি = দায় (Assets=Liabilities) এর দ্বারা বোঝা যায়, যে কোন সময় মোট সম্পত্তি মোট দায়ের সমান হবে। কোন লেনদেন সংঘটিত হলে সম্পত্তি ও দায়ের পরিবর্তন অবশ্যই হবে। কিন্তু পরিবর্তনের ফলে উপরের সমীকরণটির কোন পরিবর্তন হবে না। প্রতিটি লেনদেনের সঙ্গে জড়িত দুটি পক্ষকে নিম্নলিখিতভাবে বিশ্লেষণ করা যায় :

- (ক) একটি সম্পত্তি বৃদ্ধি পেলে, অপর আরেকটি সম্পত্তি হ্রাস পাবে;
- (খ) একটি সম্পত্তি বৃদ্ধি পেলে, একই সঙ্গে একটি দায়ও বৃদ্ধি পাবে;
- (গ) একটি সম্পত্তি হ্রাস পেলে, একই সঙ্গে একটি দায়ও হ্রাস পাবে;
- (ঘ) একটি দায় বৃদ্ধি পেলে, অপর আরেকটি দায় হ্রাস পাবে।

২.৪ হিসাবখাত

একই ব্যক্তি বা বিষয়-সংক্রান্ত যাবতীয় লেনদেনগুলি একত্রিত করে তারিখ অনুযায়ী পরপর লিপিবদ্ধ করে যে সংক্ষিপ্ত বিবরণী প্রস্তুত করা হয় তাকে হিসাবখাত [Account, সংক্ষেপে A/c] বলে।

২.৫ লেনদেন

লেনদেন কাকে বলে : সাধারণ অর্থে লেনদেন বলতে বোঝায় কোন কিছুর আদান-প্রদান (Exchange) শব্দটি কিন্তু হিসাবশাস্ত্রে এক বিশেষ অর্থে ব্যবহৃত হয়। অর্থের মাপকাঠিতে পরিমাপ করা যায় এইরূপ কোন ঘটনার ফলে যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হয় তবে হিসাবশাস্ত্রে তা লেনদেন বলে গণ্য হবে। লেনদেন নির্ধারণ করার মূলনীতি হ'ল আর্থিক অবস্থার পরিবর্তন। আর্থিক অবস্থার পরিবর্তন হ'লেই লেনদেন সংঘটিত হয় এবং হিসাবের বইতে তা লিপিবদ্ধ করবার প্রয়োজন হয়। লেনদেন দ্বারা কোন সম্পত্তি বা ঋণের বা

সেবার (Service) হস্তান্তর বোঝায়। এর মাধ্যমে কোন সম্পত্তি, দেনা ও আয়-ব্যয়ের হ্রাস-বৃদ্ধি বোঝা যায়। সঠিক হিসাব রাখতে হলে লেনদেনের মাধ্যমে ঠিক কোন সম্পত্তি, দেনা ও আয়-ব্যয়ের হ্রাস-বৃদ্ধি ঘটল, তা খুঁজে বার করতে হবে এবং সেই পরিবর্তনকেই হিসাব বইতে Debit/Credit-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে।

২.৬ ডেবিট এবং ক্রেডিট

ডেবিট ও ক্রেডিট শব্দ দু'টি হিসাবশাস্ত্রের মূলমন্ত্র। কোন লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করতে হলে কোন হিসাবখাতকে Debit করতে হবে এবং কোন হিসাবখাতকে Credit করতে হবে, তা প্রথমেই নির্ণয় করতে হবে।

কোন বিশেষ ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন বিশেষ সম্পত্তি বা দায় এবং কোন বিশেষ আয় বা ব্যয় সংক্রান্ত যাবতীয় লেনদেনের একত্র সমাবেশকে হিসাবখাত বলা যেতে পারে।

২.৬.১ ডেবিট ও ক্রেডিট নির্ধারণের নিয়ম

কোন লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করতে হলে কোন হিসাবখাত Debit হবে এবং কোন হিসাবখাত Credit হবে, তা প্রথমেই নির্ণয় করতে হবে। এবং এই নির্ণয় করবার দু'টি পদ্ধতি আছে, যথা :

- (১) প্রথম পদ্ধতিটি নির্ভর করে হিসাবখাতের শ্রেণীবিভাগের উপর,
- (২) দ্বিতীয় পদ্ধতিটি নির্ণীত হয় হিসাব-নিকাশ সমীকরণের মাধ্যমে।

২.৬.২ হিসাবখাতের শ্রেণীবিভাগ

ডেবিট ও ক্রেডিট-এর নিয়ম (Rules for Debit and Credit relating to different Accounts) ও বিভিন্ন ধরনের হিসাবখাত—

(ক) ব্যক্তিক হিসাবখাত (Personal Account)

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্রান্ত হিসাবখাতকে Personal Account বলা হয়। যেমন, Ram A/c, Ram & Sons A/c, Philips India Ltd. A/c, State Bank of India A/c, Netaji Open University A/c, Doctors Association A/c ইত্যাদি।

- (১) যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন সুযোগ-সুবিধা পেয়ে থাকে, তার হিসাবখাতকে Debit করা হয় (Debit, the receiver of benefit) (২) আবার যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সুযোগ-সুবিধা প্রদান করে থাকে তাহলে তার হিসাবখাতটি Credit করা হয় (Credit, the giver of benefit)। যেমন, আমরা Ram & Sons-এর কাছ থেকে ধারে 5000 টাকার আসবাবপত্র কিনলাম। এখানে Ram & Sons আমাদের সুযোগ-সুবিধা প্রদান করেছে। সুতরাং, Ram & Sons-এর হিসাবখাতটিকে Credit করতে হবে। আবার আমরা যখন Ram & Sons-কে টাকা দেব, তখন Ram & Sons সুযোগ-সুবিধা পাবে। সুতরাং Ram & Sons-এর হিসাবখাতটিকে Debit করতে হবে।

অতএব, ব্যক্তিক হিসাবখাতের ক্ষেত্রে 'Debit' এবং 'Credit'-এর নিয়ম হ'ল : (১) Debit, the receiver of benefits (২) Credit, the giver of benefit অর্থাৎ :

(খ) সম্পত্তির হিসাবখাত (Real Account)

কোন বস্তু, বিষয়-সম্পত্তি সংক্রান্ত লেনদেন যে হিসাবখাতে লেখা হয় তাকে Real Account বলা হয়। যথা : মজুত পণ্য, নগদ অর্থ, বাড়ীঘর, আসবাবপত্র ইত্যাদি।

(১) কোন লেনদেনের ফলে আমাদের কাছে যদি কোন সম্পত্তি আসে, তবে সেই হিসাবখাতকে Debit করা হয় (Debit what comes in) এবং যদি সম্পত্তি আমাদের কাছ থেকে চলে যায়, তবে ঐ হিসাবখাতকে Credit করা হয় (Credit what goes out)। আমরা 5000 টাকার মূল্যের আসবাবপত্র নগদ অর্থে কিনলে, আসবাবপত্র আমাদের কাছে আসবে, সেই জন্য আসবাবপত্র (Furniture)-এই হিসাবখাতকে Debit করতে হবে।

(২) আবার, আমাদের কাছ থেকে নগদ অর্থ চলে যাবে। সেই জন্য নগদ অর্থ (Cash) এই হিসাবখাতকে Credit করতে হবে।

অতএব সম্পত্তির হিসাবখাতের ক্ষেত্রে 'Debit' বা 'Credit'-এর নিয়ম হ'ল : (১) Debit what comes in (২) Credit what goes out অর্থাৎ :

(গ) নামিক হিসাবখাত (Nominal Account)

যে হিসাবে আয়-ব্যয় সংক্রান্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করা হয়, তাকে Nominal Account বলে। যেমন Rent A/c, Salary A/c, Discount Received A/c, Commission Received A/c, Advertisement A/c, Depreciation A/c ইত্যাদি।

(১) যে লেনদেনের দ্বারা ব্যয় বা ক্ষতি বোঝায়, সেই হিসাবখাতটি Debit করা হয় (Debit, Expenses and losses)।

(২) আবার যে লেনদেন দ্বারা আয় বা লাভ বোঝায়, সেই হিসাবখাতটি Credit করা হয় (Credit, Incomes and Gains)। যেমন, বাড়ীভাড়া দিলে, বাড়ীভাড়া একটি খরচ। অতএব, Rent A/c Debit হবে। আবার সুদ পেলে, সুদপ্রাপ্তি একটি আয়। অতএব, Interest A/c Credit হবে।

অতএব নামিক হিসাবখাতের ক্ষেত্রে 'Debit' ও 'Credit'-এর নিয়ম হ'ল : (১) Debit—expenses and losses (২) Credit—incomes or gains অর্থাৎ :

২.৭ হিসাব-নিকাশ সমীকরণ ও প্রয়োগগত উদাহরণ

আগেই বলা হয়েছে যে, হিসাব-নিকাশের সমীকরণটি হল :

সম্পত্তি = দায় (Assets = Liabilities)

যে কোন সময় যে কোন প্রতিষ্ঠানের মোট সম্পত্তি মোট দায়ের সমান হবে। আধুনিক হিসাবশাস্ত্রবিদগণ কোন লেনদেনের 'Debit' ও 'Credit' নির্ণয় করবার জন্য উক্ত সমীকরণটি ব্যবহার করে থাকেন এবং নিম্নের সূত্রটি প্রয়োগ করেন :

- | | |
|---|---------------------------|
| ১। (ক) সম্পত্তি বৃদ্ধি পেলে. Debit | } সম্পত্তির জের (Balance) |
| (খ) সম্পত্তি হ্রাস পেলে. Credit | |
| ২। (ক) দায় বৃদ্ধি পেলে. Credit | } দায়ের জের (Balance) |
| (খ) দায় হ্রাস পেলে. Debit | |
| ৩। (ক) মূলধন বৃদ্ধি পেলে. Credit | } মূলধনের জের (Balance) |
| (খ) মূলধন হ্রাস পেলে. Debit | |

- ৪। (ক) ব্যয় বৃদ্ধি পেলো.Debit } ব্যয়ের জের (Balance)
 (খ) ব্যয় হ্রাস পেলো.Credit } সাধারণত Debit হয়।
- ৫। (ক) আয় বৃদ্ধি পেলো.Credit } আয়ের জের (Balance)
 (খ) আয় হ্রাস পেলো.Debit } সাধারণত Credit হয়।

উদাহরণ :

- (১) Purchased Furniture in Cash—নগদ অর্থে আসবাবপত্র ক্রয় করলে :
 সম্পত্তি (আসবাবপত্র) বৃদ্ধি = Debit Furniture A/c।
 সম্পত্তি (নগদ অর্থ) হ্রাস = Credit Cash A/c।
- (২) Purchased Furniture from Ram & Sons on Credit Ram & Sons-এর কাছে থেকে ধারে আসবাবপত্র ক্রয় করলে :
 সম্পত্তি (আসবাবপত্র) বৃদ্ধি পাবে = Debit Furniture A/c।
 Ram & Sons-এর কাছে দায় বৃদ্ধি পাবে = Credit Ram & Sons A/c।
- (৩) Paid Cash to Ram & Sons, a Creditor—Ram & Sons নামক পাওনাদারকে টাকা প্রদান করলে :
 Ram & Sons (পাওনাদার)-এর নিকট দায় হ্রাস পাবে = Debit Ram & Sons A/c।
 সম্পত্তি (নগদ অর্থ) হ্রাস পাবে = Credit Cash A/c।
- (৪) Paid Rent in Cash—বাড়ীভাড়া নগদ অর্থে প্রদান করলে :
 ব্যয় (Rent) বৃদ্ধি পাবে = Debit Rent A/c।
 সম্পত্তি (Cash) হ্রাস পাবে = Credit Cash A/c।
- (৫) Received Commission in Cash—দস্তুরি (Commission) নগদ অর্থে পাওয়া গেলে :
 সম্পত্তি (Cash) বৃদ্ধি পাবে = Debit Cash A/c।
 আয় (Commission) বৃদ্ধি পাবে = Credit Commission A/c।
- (৬) Started business with Cash—নগদ অর্থ নিয়ে ব্যবসা চালু করলে :
 সম্পত্তি (Cash) বৃদ্ধি পাবে = Debit Cash A/c।
 মূলধন বৃদ্ধি পাবে = Credit Capital A/c।
- (৭) Bought goods from P. K. Sen in Cash—নগদ অর্থে পণ্য ক্রয় করলে ব্যয় বৃদ্ধি পাবে :
 সম্পত্তি (Purchases) বৃদ্ধি পাবে = Debit Furniture A/c।
 সম্পত্তি (Cash) হ্রাস পাবে = Credit Cash A/c।
- (৮) Bought goods from P. K. Sen-P. K. Sen-এর কাছে থেকে ধারে পণ্য ক্রয় করলে :
 ব্যয় অথবা সম্পত্তি (Purchases) বৃদ্ধি পাবে = Debit Purchases A/c।
 P. K. Sen-এর কাছে দায় বৃদ্ধি পাবে = Credit P. K. Sen A/c।

- (৯) Charged Depreciation on Furniture—আসবাবপত্রের উপর অবচয় ধার্য করলে :
 ব্যয় (Depreciation) বৃদ্ধি পাবে = Debit Depreciation A/c।
 সম্পত্তির মূল্য হ্রাস পাবে = Credit Furniture A/c।
- (১০) Sold goods to Ramesh—Ramesh-এর কাছ থেকে ধারে পণ্য বিক্রয় করলে :
 Ramesh-এর নিকট পাওনা (সম্পত্তি) বৃদ্ধি পাবে = Debit Ramesh A/c।
 আয় (Sales) বৃদ্ধি পাবে অথবা সম্পত্তি (Purchases) হ্রাস পাবে = Credit Sales A/c।

২.৮ দুই তরফা দাখিলা পদ্ধতির সুবিধা ও সীমাবদ্ধতা

২.৮.১ সুবিধা

দুই তরফা দাখিলা পদ্ধতি বর্তমান জগতে সর্বশ্রেষ্ঠ পদ্ধতি বলে স্বীকৃত। এ পদ্ধতি থেকে নিম্নলিখিত সুবিধাগুলি পাওয়া যায় :

- এই পদ্ধতি অনুযায়ী প্রত্যেকটি লেনদেনের উভয়পক্ষই লিপিবদ্ধ করা হয়। সুতরাং ইহার দ্বারা পরিপূর্ণ হিসাব রাখা সম্ভব।
- কোন লেনদেন সংক্রান্ত যাবতীয় প্রয়োজনীয় তথ্য অতি অল্পসময়ে ও অনায়াসে পাওয়া যায়।
- এই পদ্ধতিতে প্রত্যেকটি লেনদেনের উভয়পক্ষই লিপিবদ্ধ করা হয়। সুতরাং প্রত্যেকটি Debit-এর জন্য একটি করে সমপরিমাণ অঙ্কের Credit থাকবে। মোট Debit, মোট Credit-এর সমান হবে ইহার ফলে রেওয়া মিলের (Trial Balance) মাধ্যমে হিসাবের বই-এর গাণিতিক শুদ্ধতা যাচাই করা সম্ভব।
- এই পদ্ধতিতে আয়-ব্যয় এবং লাভ-ক্ষতি সংক্রান্ত হিসাবগুলির একত্র সমাবেশ করে লাভ-ক্ষতির হিসাব (Profit & Loss Account) তৈরি করা যায় এবং তদ্বারা ব্যবসায়ের ফলাফল নির্ণয় করা যায়।
- যাবতীয় সম্পত্তি ও দায় (Assets and Liabilities) সংক্রান্ত হিসাবগুলির একত্র সমাবেশ করে উদ্ভূতপত্র (Balance Sheet) তৈরি করা যায় এবং তদ্বারা ব্যবসায়ের আর্থিক অবস্থা যাচাই করা যায়।
- এই পদ্ধতিতে ভুল ও জালিয়াতি সহজে ধরা পড়ে। ফলে, হিসাবরক্ষক ও অন্যান্য কর্মচারীদের উপর নৈতিক চাপ সৃষ্টি হয়।
- এই পদ্ধতিতে প্রয়োজনীয় পরিসংখ্যান (Statistics) সহজে পাওয়া যায়। এর দ্বারা পরিচালকবৃন্দ নিপুণতার সহিত ব্যবসায় পরিচালনা করতে পারেন।
- দেনাদারদের নিকট কত টাকা পাওনা আছে এবং পাওনাদারদের নিকট কত টাকা দেনা আছে, তাহা সহজেই নির্ণয় করা যায়।
- বিভিন্ন বৎসরের ক্রয়-বিক্রয়, মজুত-পণ্য, আয়-ব্যয় এবং লাভ-ক্ষতি ভুল না করে ব্যবসায়ের উন্নতি বা অবনতি পরিমাপ করা যায়। অতঃপর অবনতির কারণগুলি খুঁজে বের করে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা যায়।

২.৮.২ সীমাবদ্ধতা

- এই পদ্ধতিতে যথেষ্ট সুবিধা থাকলেও কিছু অসুবিধা আছে সেগুলির মধ্যে প্রধান হ'ল :
- এই পদ্ধতিতে প্রতিটি লেনদেন দুটি দিকে (Debit ও Credit) দুটি পর্যায়ে (জাবেদা ও খতিয়ান) হিসাবের বইতে লেখা হয়। ফলে হিসাবের বইয়ে সংখ্যা ও আকার বৃদ্ধি পায় এবং নানা জটিলতার সৃষ্টি হয়।
 - ইহা শ্রম, সময় ও ব্যয়সাপেক্ষ। সুতরাং ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানের পক্ষে এই পদ্ধতিতে হিসাবরক্ষণ সম্ভবপর হয় না।
 - এই পদ্ধতিতে হিসাব রাখতে দক্ষ লোকের প্রয়োজন।

(ঘ) জটিলতার জন্য এই পদ্ধতিতে ভুল হবার সম্ভাবনা বেশী।

উপরের আলোচনা থেকে এটা স্পষ্ট যে দুই তরফা দাখিলা পদ্ধতির অসুবিধার তুলনায় সুবিধা অনেক বেশী। সুতরাং, এই পদ্ধতি বর্তমানে সর্বোত্তম পদ্ধতি বলে স্বীকৃত।

২.৯ সারাংশ

এই এককে আলোচনা করা হয়েছে যে আর্থিক লেনদেন লিপিবদ্ধ করার একমাত্র বৈজ্ঞানিক পদ্ধতি হ'ল দুই তরফা দাখিলা পদ্ধতি। এই পদ্ধতি অনুসারে প্রত্যেকটি আর্থিক লেনদেনকে ডেবিট ও ক্রেডিট-এ বিশ্লেষণ করে উপযুক্ত হিসাবখাতে লিপিবদ্ধ করা হয়। এই পদ্ধতি অনুসারে মোট ডেবিট = মোট ক্রেডিট। আধুনিককালে মোট ডেবিট এবং মোট ক্রেডিটের সমানকে একটি সমীকরণের মাধ্যমে প্রকাশ করা হয়, যথা : সম্পত্তি = দায়। সমস্ত সম্পত্তি ডেবিট এবং সমস্ত দায় ক্রেডিট হয়। ব্যক্তিক হিসাবখাতের ক্ষেত্রে যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন সুযোগ-সুবিধা পেয়ে থাকে তার হিসাবখাতকে ডেবিট করা হয় এবং যে ব্যক্তি বা প্রতিষ্ঠান সুযোগ-সুবিধা প্রদান করে থাকে তার হিসাবখাতকে ক্রেডিট করা হয়। সম্পত্তির হিসাবখাতের ক্ষেত্রে যদি কোন সম্পত্তির আগমন হয় তাকে ডেবিট করা হয়, আবার কোন সম্পত্তির নির্গমন হ'লে তাকে ক্রেডিট করা হয়। মাসিক হিসাবখাতের ক্ষেত্রে সমস্ত ব্যয় ও ক্ষতিকে ডেবিট এবং সমস্ত আয় ও লাভকে ক্রেডিট করা হয়।

২.১০ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলী

- ১। দুই তরফা দাখিলা পদ্ধতি বলতে কি বোঝায়? ইহার সুবিধাগুলি কি?
- ২। হিসাবখাত বলতে কি বোঝায়? হিসাবখাতের শ্রেণীবিভাগ কিভাবে করা হয়? হিসাবখাতের শ্রেণীবিভাগের সুবিধাগুলি কি?
- ৩। হিসাব-নিকাশ সমীকরণ কি? কোন লেনদেনের Debit ও Credit-এর দিক নির্ণয় করতে ইহা কিভাবে সাহায্য করে? উদাহরণসহ বুঝিয়ে দিন।

বিষয়মুখী প্রশ্নাবলী

- ৪। নিম্নে যে বিকল্পটি আপনি শুদ্ধ বলে মনে করেন, তার উল্লেখ করুন :
 - (ক) In Double-Entry System of Book-keeping every business transaction affects—
 - (i) two Accounts, (ii) two sides of the same Account, (iii) the same Account on two different dates.
 - (খ) Double-Entry System of Book-keeping means :
 - (i) entry in two sets of books, (ii) entry for two aspects of the transactions, (iii) entry at two dates.
- ৫। প্রয়োজনবোধে নিম্নলিখিত উক্তিগুলি শুদ্ধ করুন :
 - (ক) Furniture A/c is Nominal.
 - (খ) Building A/c is Personal.
 - (গ) Bank A/c is Nominal.
 - (ঘ) Investment A/c is Personal.
 - (ঙ) Salary A/c is Personal.

৬। নিম্নলিখিত উক্তিগুলি ভুল থাকলে শুদ্ধ করুন :

- (ক) Bank overdraft is an asset
- (খ) Capital is an asset
- (গ) Sundry Creditors is a liability.
- (ঘ) Investment is a liability.

৭। নিম্নোক্ত বাক্যগুলিতে বিকল্প বস্তুগুলির মধ্যে যেটি শুদ্ধ তাতে (✓) চিহ্ন বসান :

- (ক) Debit balance of a Personal Account is Debtor/Creditor/Loss/Profit/Liability.
- (খ) Credit balance of a Personal Account is Loss/Creditor-Debtor/Asset/Income.
উদাহরণ ২ : A combined provision for depreciation and repairs and renewals was made every year at 15% of the original cost of a machine purchased at Rs. 50,000. The Provision for Depreciation and Maintenance Account that was opened for this purpose was, therefore, debited with the actual costs of repairs and renewals which were as stated below:—

Year	Repairs & Renewals			
	Rs.			
1	1,500
2	1,600
3	2,100
4	3,000
5	4,200

At the end of the fifth year the machine was sold out at Rs. 20,000 after utilising a few of its minor parts valued at Rs. 4,000, in installing in its place on new machine purchased at Rs. 75,000. The resulting loss in the disposal of the old machine was debited to revenue.

Write up 'Provision for Depreciation and Maintenance Account' for five years and the old and the new Machine Accounts at the end.

সমাধান :

Provision for Depreciation and Maintenance A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1st yr.	To Repairs & Renewals A/c	1,500	1st yr.	By Profit & Loss A/c	7,500
"	To Balance c/d	6,000	"	15% on 50,000	
		7,500			7,500
2nd yr.	To Repairs & Renewals A/c	1,600	2nd yr.	By Balance b/d	6,000
"	To Balance c/d	11,900	"	By Profit & Loss A/c	7,500
		13,500			13,500
3rd yr.	To Repairs & Renewals A/c	2,100	3rd yr.	By Balance b/d	11,900
"	To Balance c/d	17,300	"	By Profit & Loss A/c	7,500
		19,400			19,400
4th yr.	To Repairs & Renewals A/c	3,000	4th yr.	By Balance b/d	17,300
"	To Balance c/d	21,800	"	By Profit & Loss A/c	7,500
		24,800			24,800
5th yr.	To Repairs & Renewals A/c	4,200	5th yr.	By Balance b/d	21,800
"	To Old Machine A/c	25,100	"	By Profit & Loss A/c	7,500
	Transfer				
		29,300			29,300

Old Machine A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
5th yr.	To Balance b/d	50,000	5th yr.	By Bank A/c (Sale)	20,000
			"	By New Machine A/c	4,000
			"	Parts transferred	
			"	By Provision for Deprecia-	25,100
			"	tion and Maintenance A/c	
			"	Profite & Loss A/c	900
			"	Loss on sale	
		50,000			50,000

New Machine A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
5th yr.	To Bank A/c	75,000	5th yr.	By Balance c/d	79,000
"	To Old Machine A/c	4,000			
	Parts utilised				
		79,000			79,000

৭.৫ আয়কর সংস্থান

ব্যবসায়ের লাভের উপর প্রদেয় আয়কর অনেকাংশে অনুমান-নির্ভর। চলতি বছরে অর্জিত লাভের উপর অনুমিত আয়কর লাভ-ক্ষতি বণ্টনের হিসাবে (Profit & Loss Appropriation A/c) খরচ দেখিয়ে সংস্থান সৃষ্টি করা হয়। এই সংস্থান থেকে পরবর্তীকালে আয়কর বিভাগ কর্তৃক কর নির্ধারণ করার পর আয়কর দেওয়া হয়।

উদাহরণ ৩ : On 1.1.98 Provision for Taxation shows a Credit Balance of Rs. 90,000. Income Tax paid during 1998 was Rs. 85,000. A provision for Income Tax was raised to Rs. 1,00,000 at the end of the year.

Show the Journal entries and Provision for Taxation Account.

সমাধান :

Journal

Date	Particulars	Dr. Rs.	Cr. Rs.
1998 Dec. 31	Income Tax A/c To Bank A/c (Being Income Tax paid)	Dr. 85,000	85,000
..	Provision for Taxation A/c To Income Tax A/c (Being Income Tax paid transferred to Provision for Taxation A/c)	Dr. 85,000	85,000
..	Profit & Loss Appropriation A/c To Provision for Taxation A/c (Being provision for Taxation created during the year)	Dr. 95,000	95,000

Provision for Taxation A/c

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1998 Dec. 31	To Income Tax	85,000	1998 Jan. 1	By Balance c/d	90,000
..	To Balance c/d	1,00,000	Dec. 31	By Profit & Loss A/c	95,000
		1,85,000			1,85,000
			1999 Jan. 1	By Balance b/d	1,00,000

৭.৬ সারাংশ

কোন বছরে সঠিক পরিমাণ নির্ধারণ করা যায় না এমন কোন নিশ্চিত দায় বা ক্ষতি মেটানোর জন্য লাভ-ক্ষতির হিসাবে খরচ দেখিয়ে যে অর্থ রাখা হয় তাকে বলে সংস্থান।

যে যে কারণে সংস্থান-এর ব্যবস্থা করতে হয় তা হ'ল :

(১) সম্পত্তির অবচয়, মূল্যহ্রাস ও নবীকরণ; (২) জ্ঞাত দায় ও ক্ষতির ব্যবস্থা করা; (৩) সম্ভাব্য দায়ের জন্য ব্যবস্থা করা; (৪) বকেয়া দায়ের জন্য ব্যবস্থা করা ইত্যাদি।

সংস্থান ব্যবস্থার মধ্যে যেগুলি বিশেষ পরিচিত সেগুলি হ'ল :

(১) অবচয় সংস্থান, (২) কু-ঋণ ও অনিশ্চিত ঋণ সংস্থান, (৩) মেরামত ও রক্ষণাবেক্ষণ সংস্থান, (৪) আয়কর সংস্থান ইত্যাদি।

৭.৭ অনুশীলনী

১। তত্ত্বগত প্রশ্নাবলী

- (ক) সংস্থান কাকে বলে?
- (খ) কি কি উদ্দেশ্যে সংস্থান করা হয়?
- (গ) দুটি বিশেষ গুরুত্বপূর্ণ সংস্থানের উল্লেখ করুন।
- (ঘ) নিম্নলিখিত প্রশ্নগুলি সমাধান করুন।

২। বিষয়মুখী প্রশ্নাবলী

1. A farm contributes every year Rs. 10,000 to repairs and renewals Provision Account. Actual repairs are Rs. 2,500, Rs. 3,000, Rs. 6,000 respectively for the first three years. Show the Repairs and Renewals Provision Account for these three years.
(Ans.: Balance of Repairs and Renewals Provision A/c—Rs. 18,500)
2. A combined provision for depreciation and repairs and renewals was made every year at 10% of the original cost of the machine purchased at Rs. 1,00,000. Actual costs of repairs and renewals are charged to this account.
Actual costs of repairs and renewals were 1st year—Rs. 1,200, 2nd year—Rs. 2,800, 3rd year—Rs. 1,900, 4th year—Rs. 3,200.
At the end of fourth year the machine was sold at Rs. 60,000 after utilising, a few of its minor parts valued at Rs. 3,400, in installing in its place a new machine purchased at Rs. 1,20,000. The resulting loss in the disposal of the old machine was debited to revenue. Show the provision for Depreciation and Repairs & Renewals Account for the four years, the old Machine A/c and the New Machine A/c.
(Ans.: Loss on sale of old Machine—Rs. 5,700)
3. On 1.1.1986, a Company purchased a machine at a cost of Rs. 50,000. The machine is expected to run for five years and according a permission for depreciation is made. At the end of the third year the machine is destroyed by an accident and an insurance claim is settled for Rs. 15,000. The damaged machine is sold off as scrap for Rs. 1,500.
Show the Machine Account and Provision for Depreciation Account.
(Ans.: Loss on Machine—Rs. 3,500)
4. On 1st January, 1998, the balance of Provision for Taxation was Rs. 45,000. During the year a sum of Rs. 42,000 was paid by way of tax. The net profit before tax for the year was Rs. 80,000 and it was the practice of the firm to make a provision for taxation @ 40% of the net Project.
Show the Provision of Taxation Account.
(Ans.: P/L A/c Debit for Rs. 29,000)

৭.৮ উত্তর সংকেত : ১৩৭ পৃষ্ঠা দেখুন

একক ৮ □ অবচয় সংস্থান

- ৮.০ উদ্দেশ্য
- ৮.১ অবচয়-এর সংজ্ঞা
- ৮.২ অবচয়-এর কারণসমূহ
- ৮.৩ অবচয় হিসাবভুক্ত করার প্রয়োজনীয়তা
- ৮.৪ অবচয়-এর পরিমাণ বা হার নির্ধারণ
- ৮.৫ অবচয় ধার্যের পদ্ধতিসমূহ
 - ৮.৫.১ স্থির কিস্তি বা সরলরেখা পদ্ধতি
 - ৮.৫.২ ক্রমহ্রাসমান কিস্তি বা জের পদ্ধতি
 - ৮.৫.৩ বার্ষিকী পদ্ধতি
 - ৮.৫.৪ অবচয় বা প্রতিপূরক তহবিল পদ্ধতি
 - ৮.৫.৫ বীমাপত্র পদ্ধতি
 - ৮.৫.৬ পুনর্মূল্যায়ন পদ্ধতি
 - ৮.৫.৭ ক্ষয়ানুপাতিক পদ্ধতি
 - ৮.৫.৮ যান্ত্রিক ঘণ্টাহার পদ্ধতি
 - ৮.৫.৯ বর্ষ-সংখ্যার সমষ্টি পদ্ধতি
 - ৮.৫.১০ পদ্ধতির পরিবর্তন
- ৮.৬ অবচয় সম্পর্কিত উদাহরণ
- ৮.৭ সারাংশ
- ৮.৮ অনুশীলনী
- ৮.৯ উত্তর সংকেত

৮.০ অবচয় সংক্রান্ত হিসাবব্যবস্থার উদ্দেশ্য

বিভিন্ন উদ্দেশ্যে স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্য করা হয়। অবচয় ধার্যের এই উদ্দেশ্য প্রয়োজনীয়তাগুলি নিম্নে আলোচনা করা হ'ল :

- (ক) প্রকৃত লাভ-ক্ষতি নির্ধারণ (Ascertain of true profit or loss): অবচয়ের জন্য কোন বাইরের পক্ষকে কোন অর্থ প্রদান করা হয় না, তবু অবচয় হ'ল স্থায়ী সম্পত্তির মূল্য হ্রাস হেতু একটি ক্ষতি। সুতরাং ব্যবসায়ের অন্যান্য খরচ বা ক্ষতির মত ইহা বিবেচনা না করলে ব্যবসায়ের প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয় করা যাবে না।

- (খ) **প্রকৃত উৎপাদন ব্যয় নিরূপণ (Determination of true cost of production):** উৎপাদন কাজে ব্যবহৃত কোন সম্পত্তির কোন নির্দিষ্ট হিসাব বছরে যে ক্ষয় হয় উহাকে উৎপাদনের ব্যয় হিসাবে বিবেচিত হয়। অন্যান্য ব্যয়ের মত অবচয়ের ব্যয়ও পণ্যের উৎপাদন ব্যয়ের অন্তর্ভুক্ত করা হয়। কারণ তা না হলে প্রকৃত উৎপাদন ব্যয় কম দেখানো হবে। উৎপাদন ব্যয়ের উপর ভিত্তি করে সাধারণত বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়। সুতরাং অবচয় না ধরে উৎপাদন ব্যয় কম দেখালে স্বভাবতই বিক্রয়মূল্য কম ধার্য করা হবে। ফলে ব্যবসায়ের ক্ষতি হবে।
- (গ) **প্রকৃত ও ন্যায্য আর্থিক অবস্থা প্রদর্শন (Exhibition of true and fair financial position):** কোন নির্দিষ্ট দিনে প্রতিষ্ঠানের সঠিক আর্থিক পরিস্থিতি প্রদর্শিত হয় উদ্বর্তপত্রে। উদ্বর্তপত্রে স্থায়ীসম্পত্তিগুলি অবচয় বা হ্রাসপ্রাপ্ত মূল্য বাদ দিয়ে দেখানো হয়। কারণ, অবচয় বাদ দেবার পরের মূল্যই ঐ নির্দিষ্ট দিনে সম্পত্তির প্রকৃত বা ন্যায্য মূল্য। ফলে অবচয় ধার্য না করলে উদ্বর্তপত্রের মাধ্যমে ব্যবসায়ের সঠিক আর্থিক অবস্থা জানা যাবে না। সুতরাং সম্পত্তির সঠিক মূল্য নির্ধারণের জন্য এবং প্রকৃত ও ন্যায্য তথ্য প্রকাশের জন্য আর্থিক বিবরণীগুলিতে অবচয় ধার্য করা প্রয়োজন।
- (ঘ) **সম্পত্তির চিরস্থায়ী (Replacement of assets):** কোন সম্পত্তিই চিরস্থায়ী নয়। ব্যবহার ও অন্যান্য কারণে মূল্য হ্রাস হতে হতে একসময় বা নিঃশেষিত বা কর্মক্ষমতাহীন হয়ে পড়ে। তখন ঐ সম্পত্তির পরিবর্তে অনুরূপ নতুন একটি সম্পত্তি ক্রয় করতে হয়। ইহার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। যদি সম্পত্তির অবচয় বাবদ ক্ষতি বিবেচনা না করে। প্রতি বৎসর লাভের সম্পূর্ণ টিকা ব্যবসায় থেকে উঠান হয়, তা হলে নতুন সম্পত্তি ক্রয় করার সময় অর্থের অভাব ঘটবে। এই অবস্থায় নতুন মূলধন বিনিয়োগ করে, বা ধার করে বা অন্য কোন সম্পত্তি বিক্রয় করে অর্থ সংগ্রহ করতে হয়। ইহা সুস্থ ব্যবসায়িক নীতির পরিপন্থী।
- (ঙ) **মূলধন সংরক্ষণ (Maintenance of Capital):** সম্পত্তি ক্রয়ে যে পরিমাণ মূলধন নিয়োজিত হয়, ক্ষয়জনিত সম্পত্তির মূল্য হ্রাসের ফলে সেই পরিমাণ মূলধন কমে যায়। অবচয় ধার্যের মাধ্যমে সম্পত্তির এই ক্ষয়জনিত মূল্য হ্রাসের সংস্থান না করে আয় পরিমাপ করলে প্রতিষ্ঠানের লাভের পরিমাণ বেশী দেখানো হবে। এই অতিরিক্ত লাভ বণ্টন করা হলে প্রতিষ্ঠানের কার্যকরী মূলধন কমে যাবে এবং প্রতিষ্ঠানের লাভ-অর্জন ক্ষমতাও কমে যাবে। অর্থাৎ নিঃশেষিত অংশের পুনরুদ্ধারের মাধ্যমে মূলধন সংরক্ষণ করার উদ্দেশ্যে স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্য করা প্রয়োজন।
- (চ) **আইনগত বিধিনিষেধ (Legal restriction):** 1956 সালের কোম্পানি আইনের 205 নম্বর ধারা অনুযায়ী লাভের বণ্টনের আগে স্থির সম্পত্তির উপর অবচয়ের সংস্থান করা বাধ্যতামূলক। এই আইনগত বাধ্যবাধকতা পালনও অবচয় ধার্যের অন্যতম উদ্দেশ্য।

৮.১ অবচয়-এর সংজ্ঞা

কোন সম্পত্তি ব্যবহার করবার ফলে মূল্য ক্রমশ হ্রাস পায় এইরূপ মূল্য হ্রাসকে বলা হয় অবচয়। বিভিন্ন হিসাবশাস্ত্রবিদ অবচয়ের বিভিন্ন সংজ্ঞা দিয়েছেন। এ-সব সংজ্ঞার মধ্যে যেগুলি বিশেষ উল্লেখযোগ্য সেগুলি হল : সম্পত্তির গুণগত বা পরিমাণগত যে চিরন্তন বা অবিরাম ক্ষয় বা মূল্য হ্রাস হয়ে থাকে, তাকে

অবচয় বলা হয় (Depreciation may be defined as the permanent and continuously diminution in the quality, quantity or value of an asset—Pickles)।

“যে কোন কারণবশত সম্পত্তির ক্রমিক ও চিরন্তন মূল্য হ্রাস হয় তাকেই বলে অবচয়।” (Depreciation is the gradual and permanent decrease in the value of an asset from any cause”—Carter)

“ব্যবহার বা কালাবর্তনের ফলে স্থির সম্পত্তির মূল্য হ্রাসকে বলা হয় অবচয়” (Depreciation is the diminution in the value of fixed assets due to use and/or lapse of time”. Terminology of the Institute of Cost and Management Accounts, England)

উপরিউক্ত সংজ্ঞাগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে যে, ব্যবহার এবং সময়ের আবর্তনের (Lapse of time) সঙ্গে সঙ্গে সম্পত্তির ক্রমশ ক্ষয়প্রাপ্ত হয় এবং এর ফলে স্থায়ীভাবে মূল্য তথা উপযোগিতা হ্রাস পায়। সম্পত্তির এরূপ মূল্য বা উপযোগিতা হ্রাসকে বলা হয় অবচয় (Depreciation)

৮.২ অবচয়ের কারণসমূহ

- (ক) ব্যবহারজনিত ক্ষয় (Wear & Tear): ক্রমাগত ব্যবহারের ফলে সম্পত্তির (Building, Plant, Machinery ইত্যাদি) ক্ষয়প্রাপ্ত হয়। এইরূপ ক্ষয় অবশ্যই সম্পত্তির ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে।
- (খ) উৎপাদনজনিত পরিমাণ হ্রাস (Depletion): উৎপাদনের সঙ্গে সঙ্গে কোন কোন সম্পত্তির আনুপাতিক মূল্য হ্রাস পায় যেমন, Mine, Quarry ইত্যাদি। কয়লাখনি থেকে ক্রমাগত কয়লা উত্তোলন করলে খনির মোট মজুত কয়লা হ্রাস পায়।
- (গ) অপ্রভুল (Obsolescence): নূতন ও উন্নত ধরনের যন্ত্রপাতি আবিষ্কারের ফলে পুরাতন যন্ত্রপাতি অকেজো হয়ে যায়। কারণ, সাধারণত নূতন যন্ত্রপাতির উৎপাদন ক্ষমতা অনেক বেশী এবং উৎপাদন ব্যয় অনেক কম। পুরাতন যন্ত্রপাতি কার্যকরী অবস্থায় থাকলেও তা’ বাতিল করে নূতন ধরনের যন্ত্রপাতি বসাতে হয়।
- (ঘ) কালাবর্তন (Efflux of Time): কোন কোন সম্পত্তি ব্যবহার করা না হলেও কেবলমাত্র সময় অতিবাহিত হলে আনুপাতিক হারে মূল্য হ্রাস পায়। যেমন—Leasehold Property, Patent Right, Copyright ইত্যাদি। এইগুলির স্বত্বাধিকার কোন নির্দিষ্ট সময়ের জন্য (যেমন 10 বা 15 বছর) দেওয়া হয় এবং কালক্রমে এই স্বত্বাধিকার মূল্য হ্রাস পেতে পেতে ঐ নির্দিষ্ট সময়ের শেষে শূন্যে পরিণত হয়।
- (ঙ) দুর্ঘটনা (Accident): আগুন, ভূমিকম্প, বন্যা ইত্যাদি আকস্মিক কারণে সম্পত্তি বিনষ্ট হতে পারে। সেক্ষেত্রে অবশ্যই বিনষ্ট সম্পত্তির মূল্য ক্ষতি হিসাবে অবলোপন (Write off) করতে হবে এবং নূতন সম্পত্তি ক্রয় করতে হবে।

৮.৩ অবচয় হিসাবভুক্ত করবার প্রয়োজনীয়তা

অবচয় হিসাবভুক্ত করবার প্রয়োজনীয়তা নিম্নে আলোচনা করা হ'ল :—

- (ক) প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয় (Ascertainment of true profit or loss): অবচয় একটি ক্ষতি, সুতরাং ব্যবসায়ের অন্যান্য খরচ ও ক্ষতির মত একে বিবেচনা না করলে, ব্যবসায়ের প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয় করা যাবে না।
- (খ) সম্পত্তির সঠিক মূল্যায়ন (True valuation of Assets): অবচয়ের দরুন সম্পত্তির মূল্য দেখান হবে। ফলে, উদ্বর্তপত্রের মাধ্যমে ব্যবসায়ের সঠিক আর্থিক অবস্থা জানা যাবে না।
- (গ) প্রকৃত উৎপাদন ব্যয় নিরূপণ (Ascertainment of true cost of production): যন্ত্রপাতির সাহায্যে পণ্য উৎপাদন হয়ে থাকে। অবচয় পণ্য উৎপাদন ব্যয় হিসাবে ধরতে হবে। উৎপাদন ব্যয়ের উপর ভিত্তি করে সাধারণত বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়। সুতরাং অবচয় না ধরে উৎপাদন ব্যয় কম দেখান হবে এবং ব্যবসায়ের ক্ষতি হবে।
- (ঘ) সম্পত্তির প্রতিস্থাপনকরণ (Replacement of Assets): ব্যবহারজনিত ক্ষয়ের ফলে কিছুকাল পর সম্পত্তি আর কাজে লাগবে না। তখন অবশ্যই নূতন সম্পত্তি ক্রয় করতে হবে। এর জন্য প্রচুর অর্থের প্রয়োজন। যদি সম্পত্তির অবচয়ের বাবদ ক্ষতি বিবেচনা না করে প্রতি বছর লাভের সম্পূর্ণ টাকা ব্যবসা থেকে তুলে নেওয়া হয়, তা হ'লে নূতন সম্পত্তি ক্রয় করবার সময় প্রয়োজনীয় অর্থ নাও পাওয়া যেতে পারে।
- (ঙ) মূলধন ঠিক রাখা (Keeping Capital Intact): সম্পত্তি ক্রয় করবার ফলে যে পরিমাণ মূলধন ব্যয় করা হয়, অবচয় বাবদ ক্ষতি হওয়ার ফলে সেই পরিমাণ মূলধন কমে যায়। সুতরাং মূলধন ঠিক রাখতে হলে লাভ-ক্ষতি নির্ণয়ের সময় অবচয় বিবেচনা করতে হবে।
- (চ) আইনগত বিধিনিষেধ (Legal restriction): কোম্পানী আইনের ২০৫ ধারা অনুযায়ী স্থির সম্পত্তির উপর অবচয় ধার্য করা বাধ্যতামূলক।
- (ছ) আয়করের সুবিধা (Lower Income Tax) করযোগ্য আয় স্থির করবার সময় অবচয় আয়কর আইন অনুযায়ী বাদ যোগ্য (deduction) ব্যয়। অবচয় ধার্য না করলে করযোগ্য আয় বেশী করে দেখান হবে এবং আয়কর বেশী ধার্য হবে।

৮.৪ অবচয়ের পরিমাণ বা হার নির্ণয়

অবচয়ের পরিমাণ বা হার নির্ণয় করতে হ'লে (ক) সম্পত্তির ক্রয়মূল্য, (খ) সম্পত্তির অনুমিত কার্যকরী আয়ুষ্কাল এবং (গ) সম্পত্তির অনুমিত ভগ্নাবশেষ মূল্য (Scrap value) প্রভৃতি বিবেচনা করতে হবে। সম্পত্তির ক্রয়মূল্য থেকে ভগ্নাবশেষ মূল্য বাদ দিলে যা থাকবে তাই, সম্পত্তির মোট অবচয়ের পরিমাণ। এই মোট অবচয়কে সম্পত্তির আয়ুষ্কালের মধ্যে ভাগ করে দিতে হবে।

বর্তমানকালে যে হারে মুদ্রাস্ফীতি (Inflation) ঘটছে, তাতে অবচয় সম্পর্কিতজনিত ধারনার পরিবর্তন আবশ্যিক হয়ে পড়েছে। অতীত ক্রয়মূল্যের (Historical cost) উপর ধার্য অবচয়ের ফলে প্রকৃত মূলধনের পুনরুদ্ধার করা সম্ভব হয় না। তা ছাড়া, মুদ্রাস্ফীতির ফলে ক্রমাগত মূল্যবৃদ্ধির জন্য নূতন সম্পত্তি ক্রয়ের জন্য বেশি অর্থের প্রয়োজন হবে। তা'না হ'লে প্রতিস্থাপনকরণ কঠিন হয়ে পড়বে। এই অসুবিধা দূর করবার জন্য সাধারণ অবচয়ের পরিমাণের অতিরিক্ত অর্থ সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সংরক্ষণ (Asset replacement reserve) করার-প্রয়োজন হয়।

৮.৫ অবচয় ধার্যের পদ্ধতিসমূহ

প্রত্যেক সম্পত্তির মোট অবচয় ঐ সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের মধ্যে অবচয় বাবদ ক্ষতি হিসাবে ধরতে হবে। প্রতি বছর কি পরিমাণ অবচয় ধরা হবে তা নির্ণয় করার অনেকগুলি পদ্ধতি আছে, যথা :—

- (i) স্থির কিস্তি বা সরলরেখা পদ্ধতি (Fixed Instalment or Straight Line Method);
- (ii) ক্রমহ্রাসমান কিস্তি বা জের পদ্ধতি (Diminishing Instalment or Balance Method);
- (iii) বার্ষিকী পদ্ধতি (Annuity Method);
- (iv) অবচয় প্রতিপূরক তহবিল পদ্ধতি (Depreciation or Sinking Final Method);
- (v) বিমাপত্র পদ্ধতি (Insurance Policy Method);
- (vi) পুনর্মূল্যায়ন পদ্ধতি (Revaluation Method);
- (vii) ক্ষয়নুপাতিক পদ্ধতি (Depletion Unit Method);
- (viii) যান্ত্রিক ঘণ্টাহার পদ্ধতি (Machine Hour-Rate Method);
- (ix) বর্ষ সংখ্যার পদ্ধতি (Sum of the Years Digits Method).

পদ্ধতিগুলি সম্বন্ধে নীচে আলোচনা করা হ'ল :—

৮.৫.১ স্থির কিস্তি বা সরলরেখা পদ্ধতি (Fixed Instalment or Straight Line Method)—এই পদ্ধতি অনুসারে সম্পত্তির ক্রয়মূল্য থেকে ভগ্নাবশেষ মূল্য বাদ দেওয়ার পর যা থাকে তাকে সম্পত্তির আয়ুষ্কালের মধ্যে সমান ভাগে ভাগ করে দিতে হয়। সূত্রটি হ'ল :—

$$\frac{\text{ক্রয়মূল্য ভগ্নাবশেষ মূল্য}}{\text{আয়ুষ্কাল}} = \text{বার্ষিক অবচয়}$$

এই সূত্রটি শতকরা বার্ষিক হার হিসাবে প্রকাশ করা হয়ে থাকে। যেমন, (অবচয় যোগমূল্যের উপর ধরলে)

$$\frac{\text{বার্ষিক অবচয়}}{\text{ক্রয়মূল্য}} \times 100 = \frac{\text{অথবা 100}}{\text{ভগ্নাবশেষ মূল্য আয়ুষ্কাল}}$$

এই পদ্ধতিতে প্রতি বছর অবচয়ের পরিমাণ সমান হবে। অতএব অবচয়ের অঙ্কগুলি একটি ছক কাগজে (Graph Paper) স্থানান্তরিত করলে লেখা চিত্রটি একটি সরলরেখা হবে। এই জন্য এই পদ্ধতিকে সরলরেখা পদ্ধতি (Straight Line Method) নামও অভিহিত হয়।

সাধারণত যে সমস্ত সম্পত্তির আয়ুষ্কাল সহজেই অনুমান করা যায় এবং যা আয়ুষ্কালের সম্পূর্ণ সময় ধরে সমানভাবে সেবাপ্রদ (Serviceable) থাকে, সে সব সম্পত্তির ক্ষেত্রে এই পদ্ধতি বিশেষ উপযোগী। যেমন, Leasehold property, patent right, copyright ইত্যাদি। এ সবার একটি নির্দিষ্ট সময়সীমা থাকে।

উদাহরণ :

1st January, 1993 তারিখে Mr. Roy 40,000 টাকা মূল্যের একটি যন্ত্রপাতি (Machine) ক্রয় করেন এবং জমি স্থাপন (installation) বাবদ 6,000 টাকা খরচ করেন। অনুমান করা হ'ল যে, ঐ যন্ত্রপাতির কার্যকরী আয়ুষ্কাল 5 বছর এবং ভগ্নাবশেষ মূল্য (Residual বা Scrap value) 1,000 হবে। স্থির কিস্তি পদ্ধতি অনুযায়ী Machine Account দেখান। (On 1st January, 1993, Mr. Roy purchased a Machine for Rs. 40,000 and installed it at in cost of Rs. 6,000. Its effective life is estimated at 5 years and scrap value at Rs. 1,000. Show the Machine A/c under Fixed instalment system.)

সমাধান :

মোট অবচয় $40,000 + 6,000 - 1,000 = 45,000$ টাকা।

বার্ষিক অবচয় $45,000 \div 5 = 9,000$ টাকা।

বার্ষিক অবচয়ের হার $\frac{9,000 \times 100}{46,000 - 1,000} = 20\%$ অথবা $\frac{100}{5} = 20\%$

বার্ষিক অবচয়ের হার ক্রয়মূল্যের উপর ধার্য করলে $\frac{9,000}{46,000} \times 100 = 19.57\%$

Machine A/c

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1993 Jan. 1	To Bank A/c	40,000	1993 Dec.31	By Depreciation A/c	9,000
	To Bank A/c	6,000		By Balance c/d	37,000
		46,000			46,000
1994 Jan. 1	To Balance b/d	37,000	1994 Dec. 31	By Depreciation A/c	9,000
		37,000		By Balance c/d	28,000
		37,000			37,000
1995 Jan. 1	To Balance b/d	28,000	1995 Dec.31	By Depreciation A/c	9,000
		28,000		By Balance c/d	19,000
		28,000			28,000
1996 Jan. 1	To Balance b/d	19,000	1996 Dec. 31	By Depreciation A/c	9,000
		19,000		By Balance c/d	10,000
		19,000			19,000
1997 Jan. 1	To Balance b/d	10,000	1997 Dec. 31	By Depreciation A/c	9,000
		10,000		By Balance c/d	1,000
		10,000			10,000
1998 Jan. 1	To Balance b/d	1,000			

৮.৫.২ ক্রমহ্রাসমান কিস্তি বা জের পদ্ধতি (Diminishing Instalment or Balance System) — এই পদ্ধতিতে অবচয় শতকরা নির্দিষ্টহারে সম্পত্তির লিখিত মূল্যের (Book Value) উপর গণনা করা হয়। কোন সম্পত্তির ক্রয়মূল্য থেকে এর অবচয় বাদ দিলে সম্পত্তির লিখিত মূল্য পাওয়া যায়। প্রতি বছর অবচয় ধার্য করবার ফলে সম্পত্তির লিখিত মূল্য ক্রমশ হ্রাস পায়। অবচয়ের শতকরা হার এই ক্রমহ্রাসমান মূল্যের উপর প্রয়োগ করা হয় বলে এই অবচয়ের এই পদ্ধতিকে ক্রমহ্রাস জের বা কিস্তি পদ্ধতি বলে। এই পদ্ধতিতে অবচয়ের পরিমাণ ক্রমশ হ্রাস পেতে থাকে।

উদাহরণ :

50,000 টাকা মূল্যের একটি মেশিন 1st January 1995 তারিখে ক্রয় করা হ'ল। প্রতি বছর 10% হারে অবচয় ধরা হবে বলে স্থির করা হ'ল। তিন বৎসরের জন্য ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতি অনুযায়ী Machine Account দেখাও। (On 1st January, 1995, a Machine is purchased for Rs. 50,000. It is decided to write off depreciation @ 10% p.a. on Diminishing Instalment method. Show the Machinery Account for three years.)

সমাধান :

Machinery A/c

Dr.

Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs
1995 Jan. 1	To Bank A/c	50,000	1995 Dec.31	By Depreciation A/c	5,000
		50,000	"	By Balance c/d	45,000
					50,000
1996 Jan. 1	To Balance b/d	45,000	1996 Dec.31	By Depreciation A/c	4,500
		45,000	"	By Balance c/d	40,500
					45,000
1997 Jan. 1	To Balance b/d	40,500	1997 Dec.31	By Depreciation A/c	4,050
		40,500	"	By Balance c/d	36,450
					40,500
1998 Jan. 1	To Balance b/d	36,450			

৮.৫.৩ বার্ষিকী পদ্ধতি (Annuity Method)—এই পদ্ধতিতে সম্পত্তির মূল্যকে বিনিয়োগ (Investment) বলে গণ্য করা হয় এবং তার উপর নির্দিষ্ট হারে সুদ গণনা করা হয়। মাসিক যদি সম্পত্তির মূল্যের সমপরিমাণ অর্থ ব্যবসায়ের বাইরে বিনিয়োগ করত, সে সুদ হিসাবে কিছু অর্জন করত। সেইজন্য প্রতি বছর সম্পত্তির ক্রমহ্রাসমান মূল্যের উপর একটি নির্দিষ্ট হারে সুদ গণনা করে সম্পত্তির হিসাবকে ডেবিট (Debit) করা হয়। বৎসরান্তে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ অবচয় বাবদ ঐ সম্পত্তির মূল্য ও সুদের যোগফল থেকে বাদ দেওয়া হয়। বার্ষিক অবচয়ের পরিমাণ Annuity Table-এর সাহায্যে নির্ণয় করা হয়। এই পদ্ধতিতে অবচয়ের পরিমাণ প্রতি বছর একইরূপ থাকে বলে একে সমকিস্তি বার্ষিকী পদ্ধতি বলা হয়।

সাধারণত যে সমস্ত সম্পত্তির ক্রয়মূল্য খুব বেশী এবং আয়ুষ্কাল দীর্ঘ, সেই সমস্ত সম্পত্তির ক্ষেত্রে এই পদ্ধতি বিশেষভাবে প্রযোজ্য। যেমন—Land & Building, Leasehold Property ইত্যাদি।

গণিতশাস্ত্রের নিম্নলিখিত সূত্রের সাহায্যে এই পদ্ধতিতে প্রয়োজনীয় বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করা যায় :

$$v = \frac{a}{i} \left\{ 1 - \frac{a}{(1+i)^n} \right\}$$

v = সম্পত্তির ক্রয়মূল্য (Present value or initial value);

a = সমকিস্তি বার্ষিকীর পরিমাণ (Annuity);

n = বৎসর ভিত্তিতে সম্পত্তির আয়ুষ্কাল (Life of the asset in years);

i = সুদের একক হার (Interest on one unit);

কিন্তু এই সূত্রের সাহায্য না নিয়ে, Annuity Table-এর সাহায্যে বার্ষিক অবচয়ের পরিমাণ অতি সহজেই নির্ণয় করা যায়।

উদাহরণ :

1st January, 1994 তারিখে 50,000 টাকা মূল্যে 4 বৎসরের জন্য একটি সম্পত্তি ইজারা (Lease) দেওয়া হয়। বার্ষিকী পদ্ধতিতে বার্ষিক 5% হারে সুদসমেত অবচয় করিবার সিদ্ধান্ত করা হয়। 4 বৎসরের ইজারা (Lease) হিসাব দেখাও। Annuity Table অনুযায়ী বার্ষিক 5% হারে বছরে 0.282012 টাকা করিয়া বার্ষিকীর 4 বছরের বর্তমান মূল্য 1টাকা। (on 1st January 1994, a lease is purchased for a period for 4 years at a cost of Rs. 50,000. It is decided to depreciate the lease on Annuity Method with interest at 5% p.a. Show the Lease Account for 4 years. Annuity Table shows that Act is the present value of an annuity of Re 0.282012 payable over 4 years at 5% p.a.)

বার্ষিক অবচয়ের পরিমাণ = $0.282012 \times 50,000 = 14,100$ টাকা।

সমাধান

Lease Account

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994			1994		
Jan. 1	To Bank A/c	50,000	Dec.31	By Depreciation A/c	14,000
Dec.31	To Interest A/c	2,500	"	By Balance c/d	38,400
		52,500			52,000
1995			1995		
Jan. 1	To Balance b/d	38,400	Dec.31	By Depreciation A/c	14,100
Dec.31	To Interest A/c	1,920	"	By Balance c/d	26,220
		40,320			40,320
1996			1996		
Jan. 1	To Balance b/d	26,220	Dec.31	By Depreciation A/c	14,100
Dec.31	To Interest A/c	1,310	"	By Balance c/d	13,430
		27,530			27,530
1997			1997		
Jan. 1	To Balance b/d	13,430	Dec.31	By Depreciation A/c	14,100
Dec.31	To Interest A/c	670			14,100
		14,100			

৮.৫.৪ অবচয় বা প্রতিপূরক তহবিল পদ্ধতি (Depreciation or Sinking Fund Method)—এই

পদ্ধতিতে সম্পত্তির হিসাব থেকে অবচয় বাদ না দিয়ে প্রত্যেক বৎসরান্তে অবচয়ের সমপরিমাণ অর্থ Profit & Loss Account-কে debit এবং Depreciation Fund অথবা Sinking Fund Account-কে credit করে একটি তহবিল সৃষ্টি করা হয়। সঙ্গে সঙ্গে ঐ অর্থ ব্যবসায়ের বাইরে সরকারী কাগজে (Government Papers) অথবা অন্য কোন স্বর্ণ সম্বন্ধপত্রে (Gilt-edged Securities) বিনিয়োগ করা হয়। বিনিয়োগ থেকে সুদ পাওয়া যায় তাও ঐ তহবিলে জমা করা হয় এবং সঙ্গে সঙ্গে পুনর্বিনিয়োগ করা হয়। প্রতি বছর এ ধরনের পদ্ধতি অনুসরণ করার ফলে সম্পত্তির আয়ুষ্কাল শেষে তহবিলে সম্পত্তির ক্রয়মূল্যের সমপরিমাণ অর্থ জমা হয়। তখন সমস্ত বিনিয়োগ বিক্রয় করে যে নগদ অর্থ পাওয়া যায় তা দিয়ে নতুন সম্পত্তি ক্রয় করা হয়। ব্যবসায়ের নিজস্ব তহবিলে হাত পড়ে না।

এর ফলে, ব্যবসায়ের কার্যকরী মূলধন (Working Capital) বজায় থাকে। বার্ষিক অবচয়ের পরিমাণ গণিতশাস্ত্রের নিম্নলিখিত সূত্রের সাহায্যে নির্ণয় করা যায় :

$$V = \frac{a}{i} \{(1+i)^n - 1\}$$

V = ভবিষ্যতে সম্পত্তি ক্রয় করিবার জন্য প্রয়োজনীয় অর্থ (Amount required at the end);

a = বার্ষিক কিস্তির পরিমাণ (Annual fixed instalment);

n = সম্পত্তির আয়ুষ্কাল বৎসরের ভিত্তিতে (life of the asset in years);

i = সুদের একক হার (Interest on one unit).

কিন্তু উপরোক্ত সূত্রের সাহায্য না নিয়ে বার্ষিক অবচয়ের পরিমাণ Sinking Fund Table-এর সাহায্যেও নির্ণয় করা যায়।

সম্পত্তির আয়ুষ্কালের শেষে সমস্ত বিনিয়োগ বিক্রয় করবার সময় কোন লাভ-ক্ষতি হলে, তা Depreciation Fund Account-এ স্থানান্তর করা হয় এবং সম্পত্তির হিসাবটি (Asset Account) Depreciation Fund Account-এ স্থানান্তর করে বন্ধ (close) করে দেওয়া হয়।

সাধারণত বৃহদাকার শিল্প প্রতিষ্ঠানে বেশী মূল্যের যন্ত্রপাতির (Machineries) ক্ষেত্রে এই পদ্ধতি বিশেষভাবে প্রযোজ্য।

Depreciation Fund পদ্ধতি সংক্রান্ত দাখিলাগুলি নিম্নরূপ :

(ক) প্রথম বৎসরের শেষে :

1. বার্ষিক অবচয়ের জন্য—

Profit & Loss A/c.....Dr
To Depreciation Fund A/c

2. বার্ষিক অবচয়ের সমপরিমাণ অর্থ বিনিয়োগ করবার জন্য—

Depreciation Fund Investment A/c.....Dr
To Bank A/c

(খ) এর পরবর্তী প্রত্যেক বছরের শেষে :

1. লগ্নীকৃত টাকার উপর প্রাপ্ত বার্ষিক সুদের জন্য—

Bank A/c.....Dr
To Interest on Investment

2. বার্ষিক সুদ Fund-এ জমা করবার জন্য—

Interest on Investment A/c.....Dr
To Depreciation Fund A/c

3. বার্ষিক অবচয়ের জন্য—

Profit & Loss A/c.....Dr
To Depreciation Fund A/c

4. সুদসমেত বার্ষিক অবচয়ের সমপরিমাণ অর্থ বিনিয়োগ করবার জন্য—
Depreciation Fund Investment A/c.....Dr
To Book A/c

(গ) শেষ বৎসরের শেষে :

1. প্রাপ্ত সুদের জন্য—
Bank A/c.....Dr
To Interest on Investment
2. সুদ Fund-এ জমা করবার জন্য—
Interest on Investment A/c.....Dr
To Depreciation Fund A/c
3. বার্ষিক অবচয়ের জন্য—
Profit & Loss A/c.....Dr
To Depreciation Fund A/c

শেষ বছরে শেষে আর কোন নতুন বিনিয়োগ করা হবে না, বরং সমস্ত বিনিয়োগ বিক্রয় করা হবে।

4. বিনিয়োগ বিক্রয় করবার জন্য—
Bank A/c.....Dr
To Depreciation Fund Investment A/c
5. বিনিয়োগ বিক্রয় করবার সময় কোন লাভ-লোকসান হ'লে—
(ক) লাভ হ'লে :
Depreciation Fund Investment A/c.....Dr
To Depreciation Fund A/c
(খ) লোকসান হ'লে :
Depreciation Fund A/c
To Depreciation Fund Investment A/c
6. যদি সম্পত্তিটি ভগ্নাবশেষ মূল্যে বিক্রয় করা হয়—
Book A/c.....Dr
To Asset A/c
7. Asset Accountটি Depreciation Fund Account-এ স্থানান্তর করবার জন্য—
Depreciation Fund A/c.....Dr
To Assets A/c

এর পর Depreciation Fund Account-এ কোন জের থাকলে তা Profit & Loss Account-এ স্থানান্তর করে Depreciation Fund Account টি বন্ধ করে দিতে হয়।

উদাহরণ :

1st January, 1994 তারিখে 10,000 টাকার একটি মেশিন ক্রয় করা হ'ল। একটি অবচয় তহবিল সৃষ্টি করে উক্ত তহবিলের টাকা বার্ষিক 5% হারে লগ্নি করে 4 বছরের শেষে মেশিনটির পুনঃ সংস্থাপনের ব্যবস্থা করা হ'ল। খতিয়ানে এই সংক্রান্ত হিসাবগুলি দেখান, ধরে নিতে হবে যে, 31st December, 1997 তারিখে লগ্নিপত্রগুলি 7,320 টাকায় বিক্রয় হয়েছিল এবং মেশিনটির ভগ্নাবশেষ 70 টাকায় বিক্রয় হ'ল।

বার্ষিক 5% হারে চক্রবৃদ্ধি সুদে চতুর্থ বছরের শেষে 1 টাকা পেতে হ'লে প্রতি বছর 0.232012 টাকা লগ্নি করা প্রয়োজন।

[On 1st January, 1994, a Machine is acquired for Rs. 10,000. A Depreciation Fund is created and the fund is invested at Rs. 5% p.a. to provide cash for its replacement at the end of 4 years. Show the Ledger Accounts, assuming that the investments realised Rs. 7,320 on 31st December, 1997 and on that the Machine was sold at Rs. 70 as scrap.

The amount required to be invested yearly at 5% p.a. compound interest in order to provide Re. 1 at the end of fourth year = Re. 0.232012.]

সমাধান :

$$\text{Annual instalment} = 0.232012 \times \text{Rs. } 10,000 = \text{Rs. } 2,320$$

Machine Account

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994 Jan. 1	To Bank A/c	10,000	1994 Dec.31	By Balance c/d	10,000
1995 Jan. 1	To Balance b/d	10,000	1995 Dec.31	By Balance c/d	10,000
1996 Jan. 1	To Balance b/d	10,000	1996 Dec.31	By Balance b/d	10,000
1997 Jan. 1	To Balance b/d	10,000	1997 Dec.31	By Bank A/c (Scrap realised)	70
				By Depreciation Fund A/c (Transfer)	9,930
		10,000			10,000

Depreciation Fund Account

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994 Dec. 31	To Balance c/d	2,320	1994 Dec. 31	By Profit & Loss A/c	2,320
1995 Dec. 31	To Balance c/d	4,756	1995 Jan. 1	By Balance b/d	2,320
		4,756	Dec. 31	By Interest on Investment A/c	116
			"	By Profit & Loss A/c	2,320
					4,756
1996 Dec. 31	To Balance b/d	7,314	1996 Jan. 1	By Balance b/d	4,756
		7,314	Dec. 31	By Interest on Investment A/c	238
			"	By Profit & Loss A/c	2,320
					7,314
1997 Dec. 31	To Machine A/c	9,930	1997 Jan. 1	By Balance b/d	7,314
"	To Profit & Loss A/c (Balance Transferred)	76	Dec. 31	By Interest on Investment A/c	366
			"	By Profit & Loss A/c	2,320
			"	By Depreciation Fund Investment A/c (Profit)	6
		10,006			10,006

Depreciation Fund Investment Account

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994 Dec. 31	To Bank A/c	2,320	1994 Dec. 31	By Balance c/d	2,320
1995 Jan. 1	To Balance b/d	2,320	1995 Dec. 31	By Balance c/d	4,756
Dec. 31	To Bank A/c	2,436			4,756
		4,756			
1996 Jan. 1	To Balance b/d	4,756	1996 Dec. 31	By Balance c/d	7,314
Dec. 31	To Bank A/c	2,558			7,314
		7,314			
1997 Jan. 1	To Balance b/d	7,314	1997 Dec. 31	By Bank A/c	7,320
Dec. 31	To Depreciation Fund A/c (Profit on Sale)	6			7,320
		7,320			

Interest on Investment A/c

Dr.					Cr.
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1995 Dec. 31	To Depreciation Fund A/c	116	1995 Dec.31	By Bank A/c	116
1996 Dec. 31	To Depreciation Fund A/c	238	1996 Dec. 31	By Bank A/c	238
1997 Dec. 31	To Depreciation Fund A/c	366	1997 Dec. 31	By Bank A/c	366

৮.৫.৫ বীমা পদ্ধতি (Insurance Policy Method)—এই পদ্ধতি অনেকটা অবচয় তহবিল পদ্ধতির অনুরূপে। শুধুমাত্র পার্থক্য এই যে, এই পদ্ধতিতে বার্ষিক অবচয় অন্যত্র বিনিয়োগ না করে প্রতি বছর কোন কোম্পানিকে Premium হিসাবে দেওয়া হয় এবং পরিবর্তে বীমা কোম্পানি সম্পত্তির ক্রয়মূল্যের সমপরিমাণ একটি বীমাপত্র (Insurance Policy) প্রদান করে। এই বীমাপত্রের বলে সম্পত্তিটির আয়ুষ্কাল শেষে বীমা কোম্পানি সম্পত্তির ক্রয়মূল্যের সমপরিমাণ অর্থ প্রদান করে এবং তা দিয়ে নতুন সম্পত্তি ক্রয় করা হয়। সে সকল ক্ষেত্রে সম্পত্তির আয়ুষ্কাল সুনির্দিষ্ট, যেমন—ইজারাবদ্ধ (Lease), সেখানে এই পদ্ধতি প্রযোজ্য।

এই পদ্ধতি সংক্রান্ত দাখিলাগুলি নিম্নরূপ :

প্রথম ও তৎপরবর্তী বৎসরগুলিতে :

(ক) Premium দেওয়ার সময়

Depreciation Fund Policy A/c.....Dr

To Bank A/c

(খ) বার্ষিক অবচয়ের জন্য :

Profit & Loss A/c.....Dr

To Depreciation Fund A/c

শেষ বৎসর :

(ক) Premium দেওয়ার সময়

Depreciation Fund Policy A/c.....Dr

To Bank A/c

(খ) বার্ষিক অবচয়ের জন্য :

Profit & Loss A/c.....Dr

To Depreciation Fund A/c

(গ) মেয়াদ শেষে বীমা কোম্পানি থেকে প্রাপ্ত টাকার জন্য :

Bank A/c.....Dr

To Depreciation Fund/Policy A/c

(ঘ) Policy-র উপর কোন লাভ বা সুদ হলে অর্থাৎ Policy Account-এ Credit জের থাকলে :

Depreciation Fund Policy A/c.....Dr
To Depreciation Fund A/c

(ঙ) Asset Account টি Depreciation Fund Account -এ স্থানান্তর করার জন্য :

Depreciation Fund A/c
To Assets A/c

উদাহরণ :

কোন কোম্পানি 1st January, 1994 তারিখে 4 বছরের জন্য 50,000 টাকার ইজারা সম্পত্তি ক্রয় করে এবং 50,000 টাকার একটি বীমাপত্রের দ্বারা তা পুনরায় স্থাপনের সিদ্ধান্ত করে। বার্ষিক প্রিমিয়ামের মূল্য 12,000 টাকা। 1st January, 1998 তারিখে 60,000 টাকায় আরও 4 বছরের জন্য ইজারা স্বত্বটি নবীকরণ করা হ'ল। খতিয়ানে সংশ্লিষ্ট হিসাবগুলি দেখান।

[On 1st January, 1994, a Company purchased a lease for 4 years for Rs. 50,000 and decided to provide for its replacement by means of an Insurance Policy for Rs. 50,000. The annual premium amounts to Rs. 12,000. On 1st January, 1998, the lease is renewed for a further period of 4 years for Rs. 60,000. Show the relevant Ledger Accounts.]

সমাধান :

Lease A/c

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994 Jan. 1	To Bank A/c	50,000	1994 Dec.31	By Balance c/d	50,000
1995 Jan. 1	To Balance b/d	50,000	1995 Dec.31	By Balance c/d	50,000
1996 Jan. 1	To Balance b/d	50,000	1996 Dec.31	By Balance c/d	50,000
1997 Jan. 1	To Balance b/d	50,000	1997 Dec.31	By Depreciation Fund A/c	50,000
1998 Jan. 1	To Bank A/c	60,000			

Depreciation Fund A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994 Dec. 31	To Balance c/d	12,000	1994 Dec. 31	By Profit & Loss A/c	12,000
1995 Dec. 31	To Balance c/d	24,000	1995 Jan. 1	By Balance b/d	12,000
		24,000	1995 Dec. 31	By Profit & Loss A/c	12,000
					24,000
1996 Dec. 31	To Balance c/d	36,000	1996 Jan. 1	By Balance b/d	24,000
		36,000	1996 Dec. 31	By Profit & Loss A/c	12,000
					36,000
1997 Dec. 31	To Lease A/c	50,000	1997 Jan. 1	By Balance b/d	36,000
			1997 Dec. 31	By Profit & Loss A/c	12,000
			"	By Depreciation Fund Policy A/c (Profit)	2,000
		50,000			50,000

Depreciation Fund Policy A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1994 Jan. 1	To Bank A/c (Premium)	12,000	1994 Dec. 31	By Balance c/d	12,000
1995 Jan. 1	To Balance b/d	12,000	1995 Dec. 31	By Balance c/d	24,000
"	To Bank A/c	12,000			24,000
		24,000			
1996 Jan. 1	To Balance b/d	24,000	1996 Dec. 31	By Balance c/d	36,000
"	To Bank A/c	12,000			36,000
		36,000			
1997 Jan. 1	To Balance b/d	36,000	1997 Dec. 31	By Bank A/c (Policy money received)	50,000
"	To Bank A/c	12,000			
1997 Dec. 31	To Depreciation Fund A/c (Profit)	2,000			
		50,000			50,000

৮.৫.৬ পুনর্মূল্যায়ন পদ্ধতি (Revaluation Method)—এই পদ্ধতি অনুযায়ী বর্ষ শেষে সম্পত্তির তৎকালীন মূল্য নির্ধারণ করা হয় এবং বছরের প্রারম্ভিক মূল্য থেকে তা বিয়োগ করা হয়। এই বিয়োগফলকে অবচয় হিসাবে ধরা হয়। উদাহরণস্বরূপ মনে করি, কোন বছরের শুরুতে একটি সম্পত্তির মূল্য ছিল ৪০০ টাকা এবং বছরের শেষে ঐ সম্পত্তি ৭০০ টাকায় পুনর্মূল্যায়ন করা হ'ল। সম্পত্তির উপর বার্ষিক অবচয় হবে (৪০০-৭০০) ১০০ টাকা। সাধারণত যে সমস্ত সম্পত্তির আয়ুষ্কাল আগে থেকে অনুমান করা সম্ভব হয় না এবং যে সমস্ত সম্পত্তির মূল্য প্রায়ই হ্রাস-বৃদ্ধি হয়, সেই সম্পত্তির ক্ষেত্রে এই পদ্ধতি উপযোগী— যেমন, Loose Tools, Crockeries, Investment ইত্যাদি।

পুনর্মূল্যায়নের ফলে কোন বছর যদি সম্পত্তির মূল্য বেড়ে যায়, তা হিসাবের অন্তর্ভুক্ত করা হয় না এবং ঐ বছর কোন অবচয় ধার্য করা হয় না।

৮.৫.৭ ক্ষয়ানুপাতিক পদ্ধতি (Depletion Unit Method) এই পদ্ধতি খনি, ইজারা প্রভৃতি ক্ষয়িষ্ণু সম্পত্তির (Wasting Assets) ক্ষেত্রে প্রয়োগ করা হয়। এতে সম্পত্তির মোট আনুমানিক উৎপাদন ক্ষমতা এবং প্রত্যেক হিসাব বৎসরের (Accounting year) প্রকৃত উৎপাদনের অনুপাত অনুযায়ী বাৎসরিক অবচয়ের পরিমাণ নির্ণয় করা হয়। সম্পত্তির ক্রয়মূল্যকে মোট উৎপাদনক্ষমতা দ্বারা ভাগ করে প্রতি একক উৎপাদনের জন্য অবচয় নির্ধারণ করা হয়। মনে করি, ৫০,০০০ টাকা মূল্যে একটি কয়লা খনি ক্রয় করা হ'ল এবং এই খনির মোট উৎপাদনক্ষমতা ১০০,০০০ টন বলে অনুমিত হ'ল। তা হ'লে, প্রতি টন কয়লা উৎপাদনের জন্য অবচয় হবে $\frac{50,000}{1,00,000} = 0.50$ টাকা কোন বছর প্রকৃত উৎপাদন ১০,০০০ টন হ'লে, ঐ বছর মোট অবচয় হবে $10,000 \times 0.50 = 5,000$ টাকা।

উদাহরণ :

1st January, 1995 তারিখে ৪,০০,০০০ টাকা মূল্যে একটি কয়লা খনি ইজারা নেওয়া হ'ল। এই খনিতে সম্ভিত কয়লার পরিমাণ আনুমানিক ৫,০০,০০০ টন, কিন্তু এর ৪০% উত্তোলন করা সম্ভব বলে মনে করা হয়েছে। কয়লা উত্তোলন করা হয়েছিল নিম্নরূপ :—

1995—২০,০০০ টন

1996—২৮,০০০ „

1997—২৬,০০০ „

ক্ষয়ানুপাতিক পদ্ধতিতে অবচয় ধার্য করে Mines Account দেখান :

[On 1st January, 1995, a Coal Mine is acquired at a cost of Rs. 4,00,000. The estimated reserve of coal in this mine is 5,00,000 tons, but it is expected that 80% of this is to be raised. The coal raised are as follows:—

1995—20,000 ton

1996—28,000 „

1997—26,000 „

Show the Mines Account charging depreciation under the Depletion Unit Method.]

Mines A/c

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1995 Jan. 1	To Bank A/c	4,00,000	1995 Dec. 31	By Depreciation A/c 20,000 × 1	20,000
			"	By Balance c/d	3,80,000
		4,00,000			4,00,000
1996 Jan. 1	To Balance b/d	3,80,000	1996 Dec. 31	By Depreciation A/c 28,000 × 1	28,000
			"	By Balance c/d	3,52,000
		3,80,000			3,80,000
1997 Jan. 1	To Balance b/d	3,52,000	1997 Dec. 31	By Depreciation A/c	13,000
			"	By Balance c/d	3,39,000
		3,52,000			3,52,000
1998 Jan. 1	To Balance b/d	3,39,000			

বি.প্র. : অবচয়ের হার :

মোট সঞ্চিত কয়লার পরিমাণ = 5,00,000 টন

মোট উত্তোলন সম্ভব = $5,00,000 \times \frac{80}{100} = 4,00,000$ টন

ইজারা-স্বত্বের মোট মূল্য = 4,00,000 টাকা

অতএব, প্রতি টন কয়লা উত্তোলনের জন্য অবচয় = $\frac{4,00,000}{4,00,000} = 1$ টাকা।

৮.৫.৮ যান্ত্রিক ঘণ্টা-হার পদ্ধতি (Machine Hour-Rate Method)—এই পদ্ধতি যন্ত্রপাতির (Machinery) ক্ষেত্রে প্রয়োগ করা হয়। এতে যন্ত্রপাতির মোট আয়ুষ্কাল ঘণ্টা হিসাবে অনুমান করা হয়। মেশিনের মোট মূল্যকে অনুমিত আয়ুষ্কাল দিয়ে ভাগ করে ঘণ্টা প্রতি অবচয়ের হার নির্ণয় করা হয়। কোন বছর যন্ত্রপাতি প্রকৃতপক্ষে যত ঘণ্টা ব্যবহার করা হয়েছে তাকে ঘণ্টা প্রতি অবচয়ের হার দ্বারা গুণ করে ঐ বছরের মোট অবচয় নির্ণয় করা হয়। মনে করি, 40,000 টাকা মূল্যে একটি যন্ত্রপাতি ক্রয় করা হ'ল এবং এর মোট আয়ুষ্কাল 20,000 ঘণ্টা বলে অনুমিত হ'ল। অতএব ঘণ্টা প্রতি অবচয়ের হার হ'ল $\frac{40,000}{20,000} = 2$ টাকা। যদি কোন বছর যন্ত্রপাতিটি 1,000 ঘণ্টা ব্যবহার করা হয়ে থাকে, তা হ'লে ঐ বছর মোট অবচয় হবে $1,000 \times 2 = 2,000$ টাকা।

৮.৫.৯ বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি (Sum of the Years Digits Method)—এই পদ্ধতি ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতির (Diminishing Instalment Method) প্রকারভেদে মাত্র। এই পদ্ধতিতেও অবচয়ের পরিমাণ ক্রমশ হ্রাস পেতে থাকে। এই পদ্ধতিতে অবচয় নিরূপণ করতে হ'লে প্রথমে সম্পত্তির ক্রয়মূল্য থেকে এর আনুমানিক

ভগ্নাবশেষ মূল্য (Scrap value) বিয়োগ করতে হবে। এরপর অবচয়ের পরিমাণ নির্ণয় করবার জন্য উক্ত বিয়োগফলকে নিম্নলিখিত ভগ্নাংশের দ্বারা গুণ করতে হবে :

সম্পত্তির অবশিষ্ট আয়ুষ্কাল (বর্তমান বছরসহ)

সম্পত্তির আয়ুষ্কালের সকল বর্ষসংখ্যাগুলির সমষ্টি

মনে করি, যন্ত্রপাতিটির খরিদমূল্য 32,000 টাকা এবং আনুমানিক আয়ুষ্কাল 5 বছর। এর আনুমানিক ভগ্নাবশেষ মূল্য 2,000 টাকা। নিম্নলিখিতভাবে এর অবচয় নিম্নহারে নির্ণয় করতে হবে :

আয়ুষ্কালের বর্ষগুলির সমষ্টি হল (5 + 4 + 3 + 2 + 1) = 15 বছর। সুতরাং—

$$\text{প্রথম বছর অবচয়} = (32,000 - 2,000) \times \frac{5}{15} = 10,000 \text{ টাকা}$$

$$\text{দ্বিতীয় বছর অবচয়} = (32,000 - 2,000) \times \frac{4}{15} = 8,000 \text{ টাকা}$$

$$\text{তৃতীয় বছর অবচয়} = (32,000 - 2,000) \times \frac{3}{15} = 6,000 \text{ টাকা}$$

$$\text{চতুর্থ বছর অবচয়} = (32,000 - 2,000) \times \frac{2}{15} = 4,000 \text{ টাকা}$$

$$\text{পঞ্চম বছর অবচয়} = (32,000 - 2,000) \times \frac{1}{15} = 2,000 \text{ টাকা}$$

30,000 টাকা

৮.৫.১০ পদ্ধতির পরিবর্তন (Change of Method)

উদাহরণ :

Tata Tea Ltd. charges depreciation on its Plant and Machinery @ 10% p.a. on Straight Line Method. On 31st December, 1997, the company decides to adopt Diminishing Balance Method of Depreciation @ 20% p.a with retrospective effect from 1st January, 1995.

On 1st January, 1995, the Plant and Machinery Account stood in the books at Rs. 1,00,000. New Machinery for Rs. 5,000 was purchased on 1.10.95 and for Rs. 10,000 on 1.7.96. On 1.4.97 a Machine whose book value had been Rs. 15,000 on 1.1.95, was sold for Rs. 10,000.

Show the Plant and Machinery Account for 1995, 1996 and 1997.

Tata Tea Ltd.

সমাধান : (Plant & Machinery A/c)

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1995 Jan. 1	To Balance b/d	1,00,000	1995 Dec.31	By Depreciation A/c	
Oct. 1	To Bank A/c	5,000		On 1,00,000 for 1 yr. = 10,000	
				On 5,000 for 3 months = 125	10,125
			..	By Balance c/d	94,875
		1,05,000			1,05,000
1996 Jan. 1	To Balance b/d	94,875	1996 Dec. 31	By Depreciation A/c	
July 1	To Bank A/c	10,000		On 1,05,000 for 1 year=10,500	
				On 10,000 for 6 months = 500	11,000
			..	By Balance c/d	93,875
		1,04,875			1,04,875

Tata Tea Ltd.

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1997 Jan. 1	To Balance b/d	93,875	1997 April 1	By Bank A/c	10,000
			"	By Depreciation A/c (On 15,000 for 3 months)	375
			"	By P/L A/c (1) (Loss on sale)	1,625
			Dec. 31	By Depreciation (2) (Additional Depreciation for 1995 & 1996)	14,675
			"	By Depreciation (for 1997)	13,440
			"	By Balance c/d	53,760
1998		93,875			93,875
Jan. 1	To Balance b/d	53,760			

Notes:

(1) Loss on Sale:

Book value on 1.1.95—Rs. 15,000

Less Dep. 2 years 3 months

$$15,000 \times \frac{10}{100} \times \frac{27}{12} = \frac{3,375}{11,625}$$

Less Sale proceeds $\frac{10,000}{1,625}$

Loss on sale

(2) Depreciation on all existing machines left after sale under both system:—

	Straight line		Diminishing Balance	
	10% p. a.		20 p.a.	
For 1995				
On (1,00,000–15,000) = 85,000	8,500		17,000	
On 5,000 for 3 months	125	8625	250	17,250
For 1996				
On 90,000 for 1 year	9,000			
On 10,000 for $\frac{1}{2}$ year	500	9,500		
On (90,000–17,250) = for 1 year	72,750		14,550	
On 10,000 for $\frac{1}{2}$ year			1,000	15,550
		18,125		32,800

Additional Depreciation required is 32,800–18,125 = 14,675

(3) 1997—Depreciation on diminishing balance system:

Written down value = (72,750 + 0.000) – 15,550 = Rs. 67,200 as on 1.1.97

Depreciation at 20% on 67,200 for 1 year = Rs. 13,440

৮.৬ অবচয় সম্পর্কিত উদাহরণ

উদাহরণ ১

1st January, 1995 তারিখে 10,000 টাকা মূল্যে একটি মেশিন ক্রয় করা হ'ল এবং উহার স্থাপন ব্যয় হ'ল 500 টাকা। এর আয়ুষ্কাল তিন বছর এবং ভগ্নাবশেষ মূল্য 1,200 টাকা বলে অনুমিত হ'ল। স্থির কিস্তি পদ্ধতি অনুযায়ী অবচয় ধার্য করতে হবে। 31st December, 1997 তারিখে মেশিনটির ভগ্নাবশেষ 1,800 টাকায় বিক্রয় হ'ল এবং ঐ তারিখে 15,000 টাকা মূল্যে একটি নতুন মেশিন ক্রয় করা হ'ল। 1995-97 সালের দরুন Machinery A/c দেখান।

[On 1st January, 1995, a Machinery is bought for Rs. 10,000, installation charge being Rs. 500. Its life is estimated as three years and scrap value at Rs. 1,200. Depreciation is to be written off under the Fixed Instalment method. On 31st December 1997, the Machinery was sold as scrap for Rs. 1,800 and on the same day a new Machinery is bought for Rs. 15,000. Show Machinery Account for the years 1995-97.]

সমাধান :

Machinery A/c

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1995			1995		
Jan. 1	To Bank A/c	10,000	Dec. 31	By Depreciation A/c	3,100
"	To Bank A/c	500	"	By Balance c/d	7,400
		10,500			10,500
1996			1996		
Jan. 1	To Balance b/d	7,400	Dec. 31	By Depreciation A/c	3,100
		7,400	"	By Balance c/d	4,300
					7,400
1997			1997		
Jan. 1	To Balance b/d	4,300	Dec. 31	By Depreciation A/c	3,100
Dec. 31	To Capital Revenue A/c		"	By Bank A/c	
	Profit on sale as scrap		"	Sale proceeds of scrap	1,800
	(1800-1200)	600	"	By Balance c/d	15,000
"	To Bank A/c				
	Cost of new Machine	15,000			
		19,900			19,900
1998					
Jan. 1	To Balance b/d	15,000			

$$\text{বি.দ্র. : বার্ষিক অবচয়} = \frac{10,000 + 500 - 1,200}{3} = 3,100$$

উদাহরণ ২

On 1st July, 1995, a Machinery was bought for Rs. 80,000 and installation charges was paid for Rs. 12,000. On 1st January, 1996, another Machinery was bought at Rs. 48,000. On

30th June, 1997, the Machinery bought on 1st January, 1996 was sold for Rs. 26,000, after dismantling it at a cost of Rs. 200. On 1st July, 1997, and their Machinery was installed at a cost of Rs. 60,000.

Show the Machinery Account up to 31st March, 1998 assuming that the depreciation is charged 10% p.a. under straight line method. The Company closes its books on 31st March every year.

সমাধান :

Machinery A/c

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1995			1996		
July 1	To Bank A/c	80,000	March 3	By Depreciation A/c	
"	To Bank A/c	12,000		On 92,000 for 9 months=6,900	
1996				On 48,000 for 3 months=1,200	8,100
Jan. 1	To Bank A/c	48,000	"	By Balance c/d	1,31,900
		1,40,000			1,40,000
1996			1997		
April 1	To Balance b/d	1,31,900	March 31	By Depreciation A/c	14,000
			"	On 1,40,000 for 1 year	
				By Balance c/d	1,17,900
		1,31,900			1,31,900
1997			1997		
April 1	To Balance b/d	1,17,900	June 30	By Bank A/c (Sale)	26,000
June 30	To Bank A/c	200	"	By Depreciation A/c	1,200
	—dismantling cost			—on 48,000 for 3 months	
July 1	To Bank A/c	60,000	"	By P/L A/c (Less on Sale)	15,000
			1998		
			March 31	By Depreciation A/c	
				On 92,000 for 1 year=9,200	
				On 60,000 for 9 months=4,500	13,700
			"	By Balance c/d	1,22,200
		1,78,100			1,78,100
1998					
April 1	To Balance b/d	1,22,200			

উদাহরণ 3

ITC Agro Ltd. write off depreciation at the rate of 10% on original cost even if the machine is used part of the year. On 1st January, 1996, the balance of Machinery Account was Rs. 1,20,000 (original cost Rs. 2,00,000). On 1st April, 1996 new machine was bought at a cost of Rs. 30,000 and one machine which had cost Rs. 5,000 in 1985 was sold on 1st July, 1996 for Rs. 200. On 1st February, 1997, a new machine was installed at a cost of Rs. 20,000 and a machine which had cost Rs. 10,000 in 1994, was sold on 1st October, 1997 for Rs. 5,500.

Write up the Machinery Account for 1996 and 1997.

সমাধান :

**ITC Agro Ltd.
Machinery A/c**

Dr.			Cr.		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1996			1996		
Jan. 1	To Balance b/d	1,20,000	July 1	By Bank A/c (Sale)	200
April 1	To Bank A/c (Cost)	30,000	Dec. 31	By Depreciation A/c	23,000
July 1	To P/L A/c (Profit) (as written down value is Nil)	200	"	By Balance c/d (On 2,00,000+30,000)	1,27,000
		1,50,200			1,50,200
1997			1997		
Jan. 1	To Balance b/d	1,27,000	Oct. 1	By Bank A/c (Sale)	5,500
Feb. 1	To Bank A/c (Cost)	20,000	"	By P/L A/c (Less)	500
			Dec. 31	By Depreciation A/c	25,000
			"	By Balance c/d (On 2,00,000+30,000+20,000)	1,16,000
		1,47,000			1,47,000
1998					
Jan. 1	To Balance b/d	1,16,000			

উদাহরণ 4

Economic Transport Co. having three motor cars, make up their accounts on 31st December, annually. On 1st January, 1996, the particulars of the cars were as follows:

	Cost		Accumulated Depreciation
Maruti	Rs. 3,00,000	..	Rs. 2,25,000
Ambassador	Rs. 3,60,000	..	Rs. 1,80,000
Tata Sumo	Rs. 4,80,000	..	Rs. 2,40,000

Depreciation was charged @ Rs. 25% p.a on Fixed Instalment Method, a full year's depreciation being charged in the year of purchase and no depreciation in the year of disposal.

The following transactions took place:

1. On 31st March, 1996, purchased a Fiat Car for Rs. 6,00,000 giving the Maruti Car in part exchange value Rs. 1,20,000.
2. On 30th April, 1996, purchased Toyota Car for Rs. 6,00,000.
3. On 30th June, 1997, sold Ambassador Car for Rs. 75,000 and purchased a Mahindra Jeep for Rs. 3,60,000.
4. On 31st July, 1987, a Austin Car was purchased for Rs. 1,68,000.

You are required to purchase cars account, car disposal A/c., Depreciation Provision A/c and show how the items will appear in the Profit & Loss Account for the years 1996, 1997 and also the Cars Account as appearing in the Balance Sheet on those dates.

नमोऽर्पणः

M/s. Economic Transport Co.

Cars A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1996			1996		
Jan. 1	To Balance b/d		March 31	By Car Disposal A/c (Maruti)	3,00,000
	Maruti 3,00,000		Dec. 31	By Balance c/d	20,40,000
	Ambassador 3,60,000				
	Tata Sumo 4,80,000	11,40,000			
Mar. 31	To Bank A/c	4,80,000			
	To Car Fiat Disposal A/c (Fiat)	1,20,000			
April 30	To Bank Tayota	6,00,000			
		23,40,000			23,40,000
1997			1997		
Jan. 1	To Balance b/d		June 30	By Car Disposal A/c (Ambassador)	3,60,000
	Ambassador 3,60,000		Dec. 31	By Balance c/d	22,08,000
	Tata Sumo 4,80,000				
	Fiat 6,00,000				
	Tata Sumo 6,00,000	20,40,000			
June 30	To Bank A/c (Mahindra)	3,60,000			
July 31	To Bank (Austin)	1,68,000			
		25,68,000			25,68,000
1998					
Jan. 1	To Balance b/d	22,08,000			

Car Disposal A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1996			1996		
Mar. 31	To Cars A/c (Maruti)	3,00,000	Mar. 31	By Depreciation Provision A/c	2,25,000
"	To Profit & Loss A/c	45,000	"	By Cars A/c (Fiat)	1,20,000
	Profit on Sale	3,45,000			3,45,000
1997			1997		
June 30	To Cars A/c (Ambassador)	3,60,000	June 30	By Depreciation Provision A/c	2,70,000
			"	By Bank A/c (Sale)	75,000
			"	By Profit & Loss A/c (Loss on Sale)	15,000
		3,60,000			3,60,000

Depreciation Provision A/c

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1996			1996		
Mar. 31	To Cars Disposal A/c (Maruti)	2,25,000	Jan. 1	By Balance b/d	
Dec. 31	To Balance c/d	9,30,000		Maruti	2,25,000
				Ambassador	1,80,000
				Tata Sumo	2,40,000
			Dec. 31	By Profit & Loss A/c	6,45,000
				Ambassador	90,000
				Tata Sumo	1,20,000
				Fiat	1,50,000
				Tayota	1,50,000
					5,10,000
		11,55,000			11,55,000
1997			1997		
June 30	To Cars Disposal A/c (Ambassador)	2,70,000	Jan. 1	By Balance b/d	9,30,000
Dec. 31	To Balance c/d	12,12,000	Dec. 31	By Profit & Loss A/c	
				Tata Sumo	1,20,000
				Fiat	1,50,000
				Tayota	1,50,000
				Mahindra	90,000
				Austin	42,000
					5,52,000
		14,82,000			14,82,000

Profit & Loss Account

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1996			1996		
Dec. 31	To Depreciation Provision A/c	5,10,000	Dec. 31	By Car Disposal A/c (Profit on Sale of Car)	45,000
1997					
Dec. 31	To Depreciation Provision A/c	5,52,000			
"	To Car Disposal A/c (Loss on Sale of Car)	15,000			

Balance Sheet as at

	31.12.96	31.12.97		31.12.96	31.12.97
Current Liabilities & Provisions			Fixed Assets		
Depreciation Provision	9,30,000	12,12,000	Cars	20,40,000	22,08,000

৮.৭ সারাংশ

সম্পত্তির গুণগত ও পরিমাণগত যে অবিরাম ক্ষয় বা মূল্য হ্রাস হয় তাকে বলা হয় অবচয়।

অবচয়-এর প্রধান কারণগুলি হল : (১) ব্যবহারজনিত ক্ষয়, (২) উৎপাদনের সঙ্গে সঙ্গে ব্যবহৃত সম্পত্তির আনুপাতিক মূল্য হ্রাস, (৩) উন্নত ধরনের যন্ত্রপাতি আবিষ্কার বা প্রচলনের ফলে ব্যবহৃত পুরোনো যন্ত্রপাতি অকেজো হয়ে যাওয়া, (৪) কালাবর্তনজনিত মূল্য হ্রাস, অর্থাৎ যন্ত্রপাতি ব্যবহার না করা হলেও কেবলমাত্র সময় অতিবাহিত হলেও আনুপাতিকহারে যন্ত্রপাতির মূল্য কমে যায়, (৫) দুর্ঘটনা-জনিত কারণে সম্পত্তির বিনাশ ইত্যাদি।

কোন প্রতিষ্ঠানের পক্ষে অবচয়-এর পরিমাণ নির্ধারণ করে সেই পরিমাণ অর্থ হিসাবভুক্ত করা বিশেষ প্রয়োজন। অবচয় হিসাবভুক্ত করার প্রয়োজনীয়তা একক ৮.৪-এ আলোচনা করা হয়েছে। কোন্ কোন্ পদ্ধতিতে অবচয়-এর হিসাব রাখা হয় তা একক ৮.৬-এ উদাহরণসহ আলোচনা করা হয়েছে।

৮.৮ অনুশীলনী

অবচয় সম্পর্কিত নিম্নলিখিত প্রশ্নাবলী সমাধান করুন :

১। তত্ত্বগত প্রশ্নাবলী

- (১) অবচয়, বলতে কি বুঝায়? কি কি কারণে অবচয় ঘটে থাকে?
- (২) অবচয়-এর হার নির্ধারণ করার ক্ষেত্রে কি কি বিষয় বিবেচনা করা উচিত?
- (৩) অবচয় ধার্য করার প্রয়োজনীয়তা কি?
- (৪) অবচয় বা প্রতিপূরক তহবিল পদ্ধতি (Depreciation Fund Method) ও বার্ষিকী পদ্ধতি (Annuity Method) অনুসারে কিভাবে অবচয়-এর হিসাব রাখা হয় তা বুঝিয়ে দিন। এই প্রসঙ্গে প্রয়োজনীয় দাখিলগুলি দেখান।

২। বিষয়মুখী প্রশ্নাবলী

The net profit of Jet Ltd. in 1997 was Rs. 58,000. The Company declared a dividend of 25% on its paid up Capital of Rs. 2,00,000, and transferred a sum of Rs. 5,000 from its profit to Dividend Equalisation Reserve Account. In 1998, the Company earned a net profit of Rs. 45,000 only. The Company maintained the rate of dividend as last year after transferring necessary amount from Dividend Equalisation Reserve Account.

Show the Profit & Loss Appropriation Account and Dividend Equalisation Reserve Account for 1997 and 1998. Show also the Journal Entries:

সমাধান :

Journal		Dr	Cr
Date	Particulars	Rs.	Rs.
1997 Dec. 31	Profit & Loss Appropriation A/c .. Dr. To Dividend A/c (Being the dividend Rs. 25% declared as per Shareholders' Resolution No., dated.)	50,000	50,000
..	Dividend A/c .. Dr. To Bank A/c (Being payment of dividend as declared)	50,000	50,000
..	Profit & Loss Appropriation A/c .. Dr. To Dividend Equalisation Reserve A/c (Being the amount transferred to Dividend Equalisation Reserve A/c)	5,000	5,000
1998 Dec. 31	Dividend Equalisation Reserve A/c .. Dr. To Profit & Loss Appropriation A/c (Being the amount transferred from Dividend Equalisation Reserve A/c to Profit & Loss Appropriation A/c)	2,000	2,000
..	Profit & Loss Appropriation A/c .. Dr. To Dividend A/c (Being the dividend @ 25% declared as per Shareholders' Resolution No., Dated)	50,000	50,000
..	Dividend A/c .. Dr. To Bank A/c (Being payment of dividend as declared)	50,000	50,000

Ledger

Profit & Loss Appropriation A/c

Dr.		Rs.			Cr.
1997 Dec. 31	To Dividend A/c	50,000	1997 Dec. 31	By Net Profit (Tr. from P/L A/c)	58,000
"	To Dividend Equalisation Reserve A/c	5,000			
"	To Balance c/d	3,000			
		58,000			58,000
1998 Dec. 31	To Dividend A/c	50,000	1998 Jan. 1	By Balance b/d	3,000
			Dec. 31	By Net Profit (Tr. from P/L A/c)	45,000
			"	By Dividend Equalisation Reserved A/c	2,000
		50,000			50,000

Dividend Equalisation Reserve A/c

Dr.		Rs.			Cr.
1997 Dec. 31	To Balance c/d	5,000	1997 Dec. 31	By Profit & Loss Appropriation A/c	5,000
1998 Dec. 31	To Profit & Loss Appropriation A/c	2,000	1998 Jan. 1	By Balance b/d	5,000
"	To Balance c/d	3,000			
		5,000			5,000
			1999 Jan. 1	By Balance b/d	3,000

উদাহরণ : ২

It is the practice of Beeta Ltd. to transfer 10% of Profit to General Reserve to meet any contingencies and unforeseen losses that may arise. The General Reserve so created shows a Credit Balance of Rs. 47,000. During the year a machine was sold at a loss of Rs. 13,000. General Reserve was utilised to write off the loss on sale of Machinery. Show the General Reserve Account.

সমাধান :

General Reserve A/c

Dr.		Rs.			Cr.
	To Loss on sale of Machinery A/c	13,000		By Balance b/d	47,000
	To Balance c/d	34,000			
		47,000			47,000
				By Balance b/d	34,000

১০.৬ সারাংশ

ব্যবসায়ের লাভ বা অন্য কোন উদ্ভূতের যে অংশ প্রতিষ্ঠানের মালিক গ্রহণ না করে ভবিষ্যতের কোন প্রয়োজন মেটাবার জন্য আলাদাভাবে দেখানো হয় তাকে বলে সংরক্ষণ (Reserve)। এই সংরক্ষণ করা হয় ব্যবসায়ের স্বার্থে। ব্যবসায়ের মূলধন বাড়ানো বা ব্যবসায়ের আর্থিক ভিত্তি সুদৃঢ় করার জন্য সংরক্ষণ করা হয়েছে। সংরক্ষণের দুটি উদাহরণ হল "Reserve Fund" ও "Contingency Fund"।

সংরক্ষণ আবার দু'ধরনের হয়, যথা : (১) মুনাফা জাতীয় সংরক্ষণ (Revenue Reserve) ও (২) মূলধন জাতীয় সংরক্ষণ (Capital Reserve)। এই এককে এই দুই ধরনের সংরক্ষণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

সংরক্ষণ ও সংস্থান (Provision)—এই দুয়ের মধ্যে পার্থক্য সুস্পষ্ট। সংস্থান একটি সম্ভাব্য ক্ষতি তাই Profit & Loss A/c-এ একে Debit করা হয়।

সংরক্ষণ হল ব্যবসায়ের লাভের অংশ। এই লাভ মালিক না নিয়ে ভবিষ্যতে ব্যবসার স্বার্থে ব্যবহার করে। তাই সংরক্ষণের অর্থমূল্য Profit & Loss A/c-এ Debit না করে Profit & Loss Appropriation A/c-এ Debit করা হয়। লাভ হোক বা লোকসান হোক সংস্থান-এর ব্যবস্থা করতেই হবে। এটা বাধ্যতামূলক। কিন্তু, সংরক্ষণের ব্যবস্থা বাধ্যতামূলক নয়। এ সম্পর্কে পূর্ণাঙ্গ আলোচনা এই এককে করা হয়েছে।

১০.৭ অনুশীলনী

১। তত্ত্বগত প্রশ্নাবলী

- (১) সংরক্ষণ বলতে কি বোঝায়? বিভিন্ন প্রকারের সংরক্ষণ কিভাবে শ্রেণীবিভাগ করা হয়? What do you mean by Reserve? How do you classify different types of Reserve?
- (২) পার্থক্য নির্ণয় করুন; (ক) সংরক্ষণ ও সংস্থান, (খ) সংরক্ষণ এবং সংরক্ষণ ভাণ্ডার। সংরক্ষণ ভাণ্ডারের সুবিধাগুলি কি? অবচয়কে সংরক্ষণ বলা যায় কি? Distinguish between (a) Reserve and Provisions, (b) Reserve and Reserve Funds. What are the advantages of Reserve Fund? Is depreciation a Reserve?
- (৩) মূলধনজাতীয় সংরক্ষণ কি? ইহা কিভাবে সৃষ্টি হয়? ইহা কিভাবে ব্যবহার করা হয়? What is Capital Reserve? How is it created? How is it utilised?
- (৪) গুপ্ত সংরক্ষণ কি? ইহা কিভাবে সৃষ্টি হয়? এটা সৃষ্টি করা কি আবশ্যিক? এর জন্য কি প্রকার দাখিলার প্রয়োজন হয়? এই প্রকার সংরক্ষণকে 'গুপ্ত' বলা হয় কেন? What is Secret Reserve? How is it created? Is it compulsory to create Secret Reserve? What are the journal entries required for this? Why is it called "Secret"?
- (৫) সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট প্রতিপূরক তহবিল এবং ঋণ পরিশোধের জন্য সৃষ্ট প্রতিপূরক তহবিলের মধ্যে পার্থক্য কি তাহা আলোচনা করুন। Discuss the points of difference between the creation of Sinking Fund for replacement of an asset and for repayment of a liability.

২। বিষয়মুখী প্রশ্নাবলী

(Objective Questions)

(1) Tick ☒ the appropriate word—

- (a) Depreciation is a Provision/Reserve;
- (b) Tax liability is a Reserve/Provision;
- (c) Arrangement for Dividend is a Reserve/Provision;
- (d) Amount kept separate for meeting bad debts is a Provision/Reserve;
- (e) Reserve for Repairs & Renewals is a Provision/Reserve.

(2) State whether the following statements are correct or incorrect

- (a) Secret Reserve is debited to Profit & Loss Account;
- (b) Provision of Tax is a charge against Profit;
- (c) Proposed dividend is an appropriation of Profit;
- (d) Capital Profit is available for dividend;
- (e) Detained Profit is a free Reserve;
- (f) Reserve for discount on Debtors is an appropriation of Profit;
- (g) Sinking Fund for replacement of an asset is an appropriation of Profit;
- (h) Secret Reserve is shown in the liability side of the Balance Sheet;
- (i) Contingency Reserve is a Specific Reserve;
- (j) Dividend Equalisation Fund is a Specific Reserve.

১০.৮ উত্তর সংকেত : ১৩৮ পৃষ্ঠা দেখুন।

একক ১১ □ রেওয়ামিল

গঠন

১১.১ উদ্দেশ্য

১১.২ রেওয়ামিলের সংজ্ঞা

১১.৩ কি কি উদ্দেশ্য সাধনের জন্য রেওয়ামিল তৈরি করা হয়

১১.৪ রেওয়ামিল-এর সীমাবদ্ধতা

১১.৫ যে সব ভুল রেওয়ামিল-এ ধরা পড়ে না

১১.৬ রেওয়ামিল তৈরি করার সময় কি কি মনে রাখতে হবে

১১.৭ উদাহরণমালা

১১.৮ সারাংশ

১১.৯ অনুশীলনী

১১.১০ উত্তর সংকেত

১১.১ উদ্দেশ্য

কোন নির্দিষ্ট তারিখে হিসাবের বই-এর নির্ভুলতা যাচাই করার উদ্দেশ্যে রেওয়ামিল তৈরি করার প্রয়োজন হয়।

১১.২ রেওয়ামিলে-এর সংজ্ঞা

কোন বছরের নির্দিষ্ট তারিখে হিসাব বই-এর নির্ভুলতা যাচাই করবার জন্য ক্যাশ বইসহ খতিয়ানের যাবতীয় হিসাবখাতের জেরগুলি (Closing Balance) 'ডেবিট' (Debit) ও (Credit) 'ক্রেডিট'—এই দুই ভাগে সাজিয়ে যে তালিকা বা বিবরণী তৈরি করা হয় তাকে বলা হয় 'রেওয়ামিল' (Trial Balance)।

১১.৩ কি কি উদ্দেশ্য সাধনের জন্য রেওয়ামিল তৈরি করা হয়?

যে সব উদ্দেশ্য সাধনের জন্য রেওয়ামিল তৈরি করা হয়, সেগুলি হ'ল :

- (১) রেওয়ামিল তৈরি করলে প্রতিটি লেনদেন-এর (Transaction) উভয় দিক (অর্থাৎ, 'ডেবিট' ও 'ক্রেডিট' সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কি না তা জানা যায়। এর দ্বারা হিসাবের বই-এর গাণিতিক শুদ্ধতা (Arithmetical accuracy) বিষয়ে মোটামুটি নিশ্চিত হওয়া যায়।
- (২) রেওয়ামিল-এ খতিয়ানের (Ledger) সমস্ত হিসাবখাতগুলির জের (Closing balances) একসঙ্গে পাওয়া যায়। কোন হিসাবখাতের জের জানবার জন্য খতিয়ানের সাহায্য নেওয়া প্রয়োজন হয় না। চূড়ান্ত হিসাব (Final Accounts) এবং অন্যান্য আর্থিক বিবরণী এই রেওয়ামিলের উপর নির্ভর করেই তৈরি করা হয়।

(৩) রেওয়ামিলকে খতিয়ানের সংক্ষিপ্তসার বলা যেতে পারে। রেওয়ামিল থেকেই খতিয়ানের সমস্ত বিষয়গুলি মোটামুটি জানা হয়। কেবলমাত্র বিশদ বিবরণের জন্য খতিয়ানের সাহায্য নেওয়া হয়।

অতএব জানা গেল যে, লেনদেনগুলি খতিয়ানের বিভিন্ন খাতে (Accounts) লিপিবদ্ধ করার পর ঐ হিসাবখাতগুলির জের নিয়ে যে তালিকা তৈরি করা হয় সেই তালিকাকে বলা হয় রেওয়ামিল (Trial Balance)।

প্রত্যেক প্রতিষ্ঠান বছরের শেষে সারা বছরের কার্যাবলীর ফলাফল নির্ণয় করার জন্য চূড়ান্ত হিসাব (Final Accounts) তৈরী করে থাকে। সঠিক ফল পেতে হ'লে অবশ্যই নিশ্চিত হওয়া উচিত যে, সারা বছরের লেনদেনগুলি (Transactions) হিসাবের বইতে নির্ভুলভাবে লিপিবদ্ধ করা হয়েছে। হিসাবের বই-এর নির্ভুলতা যাচাই করবার জন্যই রেওয়ামিল তৈরি করা হয়।

আমরা জেনেছি যে, দুই-তরফা দাখিলা পদ্ধতি (Double Entry System) অনুযায়ী প্রতিটি লেনদেন একটি হিসাবখাতে 'ডেবিট' (Debit) এবং অন্য একটি হিসাবখাতে সমপরিমাণ টাকা দ্বারা 'ক্রেডিট' (Credit) করা হয়। প্রতিটি লেনদেন যদি এই নিয়ম অনুযায়ী নির্ভুলভাবে লিপিবদ্ধ করা করা হয় তাহলে খতিয়ান-এর যাবতীয় হিসাবখাতগুলির ডেবিট দিক এবং ক্রেডিট দিকের অঙ্কের যোগফল অবশ্যই সমান হবে। রেওয়ামিলের মাধ্যমে এই মিলকরণ যাচাই করা হয়। রেওয়ামিল-এর 'ডেবিট' দিক ও 'ক্রেডিট' দিক—এই দুই দিক মিলে গেলে বা একই অঙ্কের হ'লে তবে ধরে নেওয়া যেতে পারে যে, হিসাবগুলি আপাতদৃষ্টিতে নির্ভুল। না মিললে বুঝতে হবে যে হিসাবের বইতে কোথাও ভুল আছে।

১১.৪ রেওয়ামিলের সীমাবদ্ধতা

মনে রাখতে হবে রেওয়ামিলের সাহায্যে হিসাবের বই-এর শুদ্ধতা নিশ্চিতভাবে যাচাই করা যায় না। রেওয়ামিল মিলে গেলেও হিসাবের বইতে কতকগুলি ভুল থেকে যেতে পারে। এই ভুলগুলি রেওয়ামিলের মাধ্যমে ধরা যাবে না।

১১.৫ যে সব ভুল রেওয়ামিল-এ ধরা পড়ে না

- (১) ছাড়ের ভুল : (Errors of Omission)—কোন একটি লেনদেন হিসাবের বইতে মোটেই লিপিবদ্ধ না করা হ'লে রেওয়ামিল-এ তার প্রভাব পড়বে না। যেমন, Anil Das-এর কাছে 500 টাকার পণ্য বিক্রয় করা হ'ল কিন্তু এই লেনদেন কোন বইতে লিপিবদ্ধ করা হ'ল না। ফলে রেওয়ামিলের উভয় দিকের যোগফল 500 টাকা কম হবে, কিন্তু রেওয়ামিল মিলে যাবে।
- (২) কার্যমূলক ভুল : (Errors of Commission)—কোন লেনদেনের অঙ্ক প্রাথমিক বইতে ভুল করে কম বেশী লেখা হয়েছে এবং খতিয়ানেও সেই ভুল অঙ্ক তোলা হয়েছে। যেমন, Anil Das-এর নিকট 500 টাকার পণ্য বিক্রয় করা হ'ল কিন্তু তা ভুল করে Amal Das-এর Account-এ 50 টাকা এবং Sales Account-এও 50 টাকা লেখা হ'ল। এক্ষেত্রে রেওয়ামিল মিলে যাবে এবং ভুল ধরা পড়বে না।
- (৩) নীতিগত ভুল (Errors of Principle)—এইপ্রকার ভুল হিসাবশাস্ত্রের মূল নীতির অজ্ঞতার ফলে ঘটে থাকে। সাধারণত মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় ব্যয়ের মধ্যে প্রভেদের তাৎপর্য সম্যক উপলব্ধি করতে না পারার জন্য এইরূপে ভুল হয়। এই প্রকার ভুলের ফলে কোন লেনদেন সংশ্লিষ্ট হিসাবখাতে না লিখে ঐ হিসাবখাতটির ভিন্ন শ্রেণীভুক্ত অন্য একটি হিসাবখাতে ভুলবশত লেখা হয়। যেমন, আসবাবপত্র মেরামত বাবদ ব্যয় Repair A/c-এর পরিবর্তে ভুলক্রমে Furniture A/c-এ Debit করা হ'ল। এই ভুলের জন্য কোন দিকেই টাকার অঙ্কের ভুল হয় নি, অতএব রেওয়ামিল মিলে যাবে।

(৪) **পরিপূরক ভুল (Compensating Errors)**—এ-ধরনের ভুল হ'ল দুই বা ততোধিক হিসাবখাতের দু'টি বিপরীত দিকে একই অঙ্কের ভুল হয়েছে। যেমন X-এর Account-এ 500 টাকার পরিবর্তে ভুল করে 1,500 টাকা Debit করা হয়েছে। আবার অন্যদিকে Y-এর Account-এ 400 টাকার পরিবর্তে ভুল করে 1,400 টাকা Credit করা হয়েছে। এর ফলে Debit এবং Credit উভয় দিকেই 1,000 টাকা বেশি লেখা হয়েছে। অতএব রেওয়ামিল মিলে যাবে।

(৫) **বে-দাখিলার ভুল (Errors of Misposting)**—প্রাথমিক বই থেকে খতিয়ান তুলবার সময় একটি হিসাবের পরিবর্তে অন্য একটি হিসাবের সঠিক দিকে সঠিক অঙ্ক তোলা (posting) হলে, একে বে-দাখিলার ভুল বলে। Rahim-এর কাছ থেকে 1,000 টাকা পাওয়া গেল, কিন্তু তা Rahim-এর হিসাবের Credit দিকে না লিখে Karim-এর হিসাবের Credit দিকে 1,000 টাকা লেখা হ'ল। এর জন্য রেওয়ামিল গরমিল হবে না।

উপরের ভুলগুলি থাকলেও রেওয়ামিল মিলে যাবে। সেইজন্যই বলা হয় যে, রেওয়ামিল হিসাবের বই-এর শুদ্ধতার একটি নিশ্চিত প্রমাণ (definite proof) নয়—ইহা শুদ্ধতার আপাত প্রমাণ (apparent proof) মাত্র। তবু রেওয়ামিল প্রস্তুত করবার প্রয়োজন আছে, কারণ রেওয়ামিল না মিললে এটা স্পষ্ট যে, হিসাবের বইতে ভুল আছে। উপরন্তু, রেওয়ামিল তৈরি করলে চূড়ান্ত হিসাব (Final Accounts) এবং অন্যান্য আর্থিক বিবরণ তৈরি করা সহজ হয়।

১১.৬ রেওয়ামিল তৈরি করার সময় কি কি মনে রাখতে হবে

- (১) সম্পত্তির হিসাবখাতগুলি (Assets Accounts) Debit হয়।
- (২) দায়-এর হিসাবখাতগুলি (Liabilities Accounts) Credit হয়।
- (৩) ব্যয়-এর হিসাবখাতগুলি (Expenses Accounts) Debit হয়।
- (৪) আয়-এর হিসাবখাতগুলি (Incomes Accounts) Credit হয়।

১১.৭ উদাহরণমালা

উদাহরণ : 1

31st December, 1997 তারিখের নিম্নলিখিত জেরগুলি হ'তে একটি রেওয়ামিল প্রস্তুত করুন :—(Prepare a Trial Balance from the following balances as at 31st December, 1997)

	Rs.		Rs.
Repairs	2,500	Capital	1,34,100
Sundry Debtors	30,000	Drawings	6,000
Trade Expenses	4,000	Loan Paid	10,000
Rent	12,000	Travelling Expenses	2,700
Wages	8,000	Commission Received	11,400
Purchases	1,60,000	Salaries	12,000
Furnitures	20,000	Advertisement	5,000
Carriage & Freight	3,000	Cash at Bank	16,000
Sales	2,40,000	Cash in hand	4,000
Sundry Creditors	35,000	Building	60,000

	Rs.		Rs.
Discount Received	1,800	Plant & Machinery	40,000
Discount Allowed	2,200	Insurance	2,000
Carriage Outward	700	Investments	8,000
Internal Received	1,300	Bad Debts	1,200
Returns Inward	4,000	Reserve for discount on Creditors	700
Returns Outward	5,000	Coal and Fuel	1,200
Provision for Bad Debts	1,800	Stock on 1st January, 1997	15,200
		Stock on 31st December, 1997	17,400

সমাধান :

Trial Balance as at 31st December, 1997

Dr.		Cr.	
Name of Accounts	Rs.	Name of Accounts	Rs.
Repairs	2,500	Sales	2,40,000
Sundry Debtors	30,000	Sundry Creditors	35,000
Trade Expenses	4,000	Discount Received	1,800
Rent	12,000	Interest Received	1,300
Wages	8,000	Returns Outward	5,000
Purchases	1,60,000	Provision for Bad Debts	1,800
Furnitures	20,000	Capital	1,34,100
Carriage & Freight	3,000	Commission Received	11,400
Discount Allowed	2,200		
Carriage Outward	700		
Returns Inward	4,000		
Drawings	6,000		
Loan Paid	10,000		
Travelling Expenses	2,700		
Salaries	12,000		
Advertisement	5,000		
Cash at Bank	16,000		
Cash in Hand	4,000		
Building	60,000		
Plant & Machinery	40,000		
Insurance	2,000		
Investments	8,000		
Bad Debts	1,200		
Reserve for discount on Creditors	700		
Coal and Fuel	1,200		
Stock on 1st January, 1997	15,200		
	4,30,400		4,30,400

বি.দ্র. : Closing Stock, রেওয়ামিলে আসবে না যেহেতু এর জন্য কোন দাখিলা হয় নি।

উদাহরণ : ২

নিম্নে রেওয়ামিলটি ত্রুটিপূর্ণ। কারণ দেখাইয়া ইহা শুদ্ধ করুন :—

(The following Trial Balance has been wrongly drawn. You are to rectify it stating reasons for your correction.)

Trial Balance for the year ended 31.3.98

Name of Accounts	Dr.	Cr.
	Rs.	Rs.
Stock as at 1st April 1997 ..	30,000	
Adjusted Purchases ..	60,000	
Capital ..	45,000	
Drawings ..	11,000	
Wages ..	3,700	
Salaries ..		6,800
Travelling Expenses ..	600	
Rent and Insurance ..		2,000
Interest Received ..		400
Sales ..		1,56,300
Bank Overdraft ..	4,000	
Sundry Creditors ..		31,000
Bad Debts ..		1,400
Provision for Bad Debts ..		2,500
Building ..	18,000	
Plant and Machinery ..	6,000	
Furniture ..	5,000	
Sundry Debtors ..		50,000
Cash ..	1,500	
Trade Expenses ..		300
Stock as at 31st March, 1998 ..		40,000
Outstanding Salaries ..	700	
Outstanding Wages ..	500	
Interest Receivable ..		200
Pre-paid Rent and Insurance ..		400
Depreciation on:		
Plant and Machinery ..		500
Building ..		2,500
Furniture ..		500
Suspense ..	1,08,800	
	2,94,800	2,94,800

সমাধান :

Trial Balance as at 31st March, 1998

Name of Accounts	Dr.	Cr.	Reasons
	Rs.	Rs.	
Stock as at 1st April 1997	30,000		
Adjusted Purchases	60,000		
Capital		45,000	দায় Credit হবে
Drawings	11,000		
Wages	3,700		
Salaries	6,800		ব্যয় Debit হবে
Travelling Expenses	600		
Rent and Insurance	2,000		ব্যয় Debit হবে
Interest Received		400	
Sales		1,56,300	
Bank Overdraft		4,000	দায় Credit হবে
Sundry Creditors		31,000	
Bad Debts	1,400		ব্যয় Debit হবে
Provision for Bad Debts		2,500	
Building	18,000		
Plant and Machinery	6,000		
Furniture	5,000		
Sundry Debtors	50,000		সম্পত্তি Debit হবে
Cash	1,500		
Trade Expenses	300		ব্যয় Debit হবে
Stock as at 31st March, 1998	40,000		সম্পত্তি Debit হবে
Outstanding Salaries		700	দায় Credit হবে
Outstanding Wages		500	দায় Credit হবে
Interest Receivable	200		সম্পত্তি Debit হবে
Pre-paid Rent and Insurance	400		সম্পত্তি Debit হবে
Depreciation on:			
Plant and Machinery	500		ব্যয় Debit হবে
Building	2,500		ব্যয় Debit হবে
Furniture	500		ব্যয় Debit হবে
	2,40,400	2,40,400	

বি.দ্র. : (ক) প্রদত্ত রেওয়ামিলের শিরোনাম ঠিক নেই—“For the year ended”-এর পরিবর্তে “as on” হবে। কারণ, রেওয়ামিল একটি নির্দিষ্ট তারিখের হিসাবখাতগুলির জের নিয়ে প্রস্তুত করা হয়।

(খ) Closing Stock (Stock as at 31st March, 1998) Trial Balance-এর অন্তর্ভুক্ত হবে, কারণ এর জন্য Purchase Account-এর সঙ্গে সমন্বয় রাখা হয়েছে।

উদাহরণ : 3

একটি বৃহৎ জুতা মেরামতি প্রতিষ্ঠানের 31st December, 1998 তারিখের রেওয়ামিলের Debit দিকের যোগের অঙ্ক 1,66,590 টাকা কিন্তু Credit দিকের যোগের অঙ্ক 42,470 টাকা। অনেক খোঁজাখুঁজির পর নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়ল।

(The Total of the debit side of the Trial Balance of a large boot and shoe repairing firm as at 31st December, 1998 is Rs. 1,66,590 and that of the credit side is Rs. 42,470. After several checkings and re-checkings the following mistakes are discovered.)

Item of Account	Correct figure as it should be Rs.	Figures as it appears in the Trial Balance Rs.
Opening Stock	14,900	14,800
Repairs	61,780	61,780
		(but appears on the Debit side)
Rent & Rates	2,160	2,400
Sundry Creditors	6,070	5,900
Sundry Debtors	8,060	8,310

রেওয়ামিলের সঠিক যোগফল বের করুন (Ascertain the Correct Total of the Trial Balance)

সমাধান :

	Debit Rs.	Credit Rs.
Total as per Trial Balance	1,66,590	42,470
Repairs being income, Credit balance but shown as Debit balance	(-)61,780	(+)61,780
Under valuation of opening stock	(+)100	—
Rent and Rates overstated	(-)240	—
Sundry Creditors understated	—	(+)170
Sundry Debtors overstated	(-)250	—
Correct total of Trial Balance	<u>1,04,420</u>	<u>1,04,420</u>

১১.৮ সারাংশ

কোন বছরের নির্দিষ্ট তারিখে হিসাবের বই-এর নির্ভুলতা যাচাই করার জন্য ক্যাশ বইসহ সব খতিয়ানের জেরগুলি (Closing Balances) 'ডেবিট' (Debit) ও 'ক্রেডিট' (Credit)—এই দুই ভাগে সাজিয়ে একটি তালিকা বা বিবরণী তৈরী করার রীতি প্রচলিত। এই তালিকা বা বিবরণীকে বলা হয় রেওয়ামিল (Trial Balance)।

রেওয়ামিল তৈরি করলে ব্যবসায়ের প্রতিটি লেনদেন (Transaction)-এর উভয় দিক, অর্থাৎ 'ডেবিট' ও 'ক্রেডিট' দিক সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কি না তা জানা যায়।

রেওয়ামিল সমস্ত খতিয়ানের 'ডেবিট' জের ও 'ক্রেডিট' জের নিয়ে তৈরি করা হয় এবং সমস্ত লেনদেন খতিয়ানে যদি সঠিকভাবে লিপিবদ্ধ হয় তবে রেওয়ামিল-এর 'ডেবিট' দিকের যোগফলের অঙ্ক 'ক্রেডিট' দিকের যোগফলের অঙ্কের সমান হবে। রেওয়ামিল তৈরি করে যদি দেখা যায় এর 'ডেবিট' দিকের যোগফল 'ক্রেডিট' দিকের যোগফল সমান হয়েছে তবে ধরে নেওয়া যায় যে সমস্ত লেনদেনগুলি খতিয়ানে সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে। অর্থাৎ, রেওয়ামিল তৈরির মাধ্যমে হিসাব বই-এর শুদ্ধতা সম্পর্কে অনেকটা নিশ্চিত হওয়া যায়।

অবশ্য রেওয়ামিল-এর সাহায্যে হিসাব বই-এর সম্পূর্ণ শুদ্ধতা সম্পর্কে সব সময় নিশ্চিত হওয়া যায় না, অর্থাৎ, রেওয়ামিলের 'ডেবিট' ও 'ক্রেডিট' দিকের যোগফল একই অঙ্কের হলেও হিসাব বই এর নির্ভুলতা সম্পর্কে সব সময় নিশ্চিত হওয়া যায় না। এর কারণ কিছু কিছু ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল-এর 'ডেবিট' ও 'ক্রেডিট' দিক মিলে যেতে পারে বা একই অঙ্কের হতে পারে। এ সম্পর্কে এই এককে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

তবে, এটা নিশ্চিত করে বলা যেতে পারে যে, রেওয়ামিল-এর 'ডেবিট' দিকের যোগফল যদি 'ক্রেডিট' দিকের যোগফলের সমান না হয় তবে হিসাব বইতে ভুল অবশ্য রয়ে গেছে।

১১.৯ অনুশীলনী

১। তত্ত্বগত প্রশ্নাবলি

- (১) রেওয়ামিল কাকে বলে? ইহা কিভাবে এবং কখন প্রস্তুত করা হয়? রেওয়ামিল তৈরি করার উদ্দেশ্য কি? ইহা কি খতিয়ানের একটি হিসাবখাত? রেওয়ামিল প্রস্তুত করা কি অপরিহার্য?
What is a Trial Balance? How and when is it prepared? What are the objects of preparing it? Is it a Ledger Account? Is the preparation of Trial Balance indispensable?
- (২) “রেওয়ামিল হিসাবের গাণিতিক শুদ্ধতার আপাত প্রমাণ মাত্র”। আপনি কি ইহা স্বীকার করেন? উত্তরের যথার্থতা বিচার করুন।
“A Trial Balance is only a prima facie evidence of the arithmetics accuracy of records”. Do you agree? Justify your answer.
- (৩) যে বিভিন্ন ধরনের ভুল রেওয়ামিলে ধরা পড়ে না, উদাহরণসহ এগুলির উল্লেখ করুন।
Mention different classes of errors which are not disclosed by a Trial Balance. Give examples.
- (৪) “রেওয়ামিল মিললেও অসংখ্য ভুল থাকতে পারে। সুতরাং রেওয়ামিল নিরর্থক”—এই উক্তির সমালোচনা করুন।
“Even if a Trial Balance agrees, there may be hundreds of errors. So, Trial Balance is useless”—Discuss the statement.
- (৫) পরিপূরক ভুল এবং নীতিগত ভুল বলতে কি বোঝায়? উদাহরণসহ ব্যাখ্যা করুন। এই ভুলগুলি কি রেওয়ামিল মিলকরণে বাধার সৃষ্টি করে?
What do you mean by compensating error and error of principle? Explain with examples. Do these errors effect the agreement of Trial Balance?

২(ক) বিষয়মুখী প্রশ্নাবলি (Objective Questions)

- (১) নিম্নলিখিত উক্তিগুলির মধ্যে কোনটি সঠিক তা নির্ণয় করুন।
State which of the following statements are correct.
 - (a) Trial Balance is an account;
 - (b) Trial Balance is always prepared at the end of the year;
 - (c) Trial Balance is a conclusive proof of accuracy;
 - (d) Trial Balance does not disclose all errors;
 - (e) Trial Balance helps to detect errors;
 - (f) Trial Balance shows the financial position of a Business.

২(খ) বিষয়মুখী প্রশ্নাবলি (Objective Questions)

- (1) 30th June, 1998 তারিখে D. Sen-এর হিসাবের বই হইতে নিম্নলিখিত জেরগুলি পাওয়া গিয়েছে। ঐ তারিখের একটি রেওয়ামিল প্রস্তুত করুন (The undernoted Balances have been extracted from the books of D. Sen as on 30th June, 1998. Prepare a Trial Balance as on that date.)

	Rs.		Rs.
Cash in hand	540	Freehold Land A/c	10,000
Cash at Bank	2,630	Machinery A/c	20,000
Purchases Account	40,675	Patents A/c	7,500
Sales Account	98,780	Salaries A/c	15,000
Returns Inwards A/c	680	General Expenses A/c	3,000
Returns Outwards A/c	500	Insurance A/c	600
Wages A/c	10,480	Drawings A/c	5,245
Fuel & Power A/c	4,730	Capital A/c	71,000
Carriage on Sales A/c	3,200	Sundry Debtors A/c	14,500
Carriage on Purchases A/c	2,040	Sundry Creditors A/c	6,300
Stock (1st July, 1997) A/c	5,760		
Building A/c	30,000		

- (2) 31st March, 1998 তারিখের নিম্নলিখিত জেরগুলি হইতে একটি রেওয়ামিল প্রস্তুত করুন :—
(Prepare a Trial Balance from the following balances as on 31st March, 1998)

	Rs.		Rs.
Purchases	1,65,625	Trade Expenses	2,314
Sales	2,56,650	Rent, Rates & Taxes	3,517
Returns Inwards	4,250	Bad Debts	525
Returns Outwards	3,120	Loan at 5% to Mr. C. K. Sen	3,000
Provision for Doubtful Debts	5,200	Investments	11,500
Sundry Debtors	40,200	Dividends from Investments	825
Sundry Creditors	25,526	Pre-paid Insurance	524
Bills Payable	8,950	Cash in Hand & at Bank	5,752
Stock at the beginning of year	26,725	Bills Receivable	17,070
Wages	20,137	Capital	28,000
Salaries	8,575	Drawings	6,000
Furniture at the beginning of year	6,750	Outstanding Wages	2,019
Furniture purchased on 31.3.98	500	Rent accrued but not paid	750
Alterations to shop	4,500		
Postage and Stationery	3,226		
Heating and Lighting	350		

৩। নিম্নের রেওয়ামিলটি ত্রুটিপূর্ণ। কারণ দেখাইয়া ইহা শুদ্ধ করুন :—

Trial Balance		
	Dr.	Cr.
Name of Accounts	Rs.	Rs.
Capital Account ..	50,000	
Drawings Account ..		1,500
Sales ..		7,40,000
Adjusted Purchases ..	6,89,200	
Salaries ..	11,900	
Carriage Inward ..		400
Carriage Outward ..	500	
Lighting ..	300	
Rates & Insurance ..	600	
Discount Received ..		900
Building ..	25,000	
Addition to Building ..		5,000
Expenses Outstanding ..	700	
Furniture ..	6,000	
Pre-paid Insurance ..	200	
Sundry Debtors ..	8,000	
Depreciation ..		1,200
Sundry Creditors ..		20,000
Rent from Sub-letting ..	1,200	
Petty Cash ..		50
Cash in hand ..	1,700	
Closing stock as at 31st March, 1998 ..	61,250	

4. The Trial Balance as prepared by the Accountant, shows debit balance total as Rs. 3,27,400 and Credit Balance total Rs. 3,01,400. After scrutiny of the same, the following errors are discovered:—

Items	Amount in Rs.	Shown in Trial Balance in
Furniture	8,000	Credit side
Interest Received	1,500	Debit side
Rent Received	3,000	Debit side
Discount Allowed	1,200	Credit side
Discount Received	1,000	Debit side
Trade Expenses	5,000	Credit side
Closing Stock	51,400	Debit side
Carriage outward	4,000	Credit side

Find out the Correct total of the Trial Balance.

5. The following in the Trial Balance as on 31st December, 1997

Dr.		Cr.	
Name of Accounts	Rs.	Name of Accounts	Rs.
Machinery Account	1,200	Capital Account	2,000
Drawings Account	800	Sundry Creditors Account	1,800
Sundry Debtors Account	2,700	Sales Account	7,200
Salaries Account	1,200		
Expenses Account	800		
Discount Account	100		
Purchases Account	3,200		
Cash Account	300		
	<u>10,300</u>		<u>11,000</u>

Subsequently the following mistakes are detected:

- A sale of Rs. 300 to S. Sen was not recorded in books.
- Interest Account balance Rs. 80 (Cr) was not incorporated in Trial balance.
- Goods Rs. 200 sold to N. Dutta was wrongly debited to his account as Rs. 20.
- Goods purchased Rs. 500 from S. Roy was not posted to his account.
- A sum of Rs. 300 received from P. Sanyal was wrongly credited to P. Sen A/c.
- A sum of Rs. 2000 received from D. Dey was wrongly credited twice in his account.
- Sales book was undercast by Rs. 900.

Prepare a Correct Trial Balance.

১১.১০ উত্তর সংকেত : পৃষ্ঠা ১৩৮ দেখুন।

একক ১২ □ চূড়ান্ত হিসাব ও উদ্বর্তপত্র

গঠন

- ১২.১ উদ্দেশ্য
- ১২.২ ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রেণীবিভাগ
- ১২.৩ সাধারণ ব্যবসায়ীদের চূড়ান্ত হিসাবের স্তর
- ১২.৪ উৎপাদনকারীদের চূড়ান্ত হিসাবের স্তর
- ১২.৫ লেনদেন-এর প্রকৃতিভিত্তিক শ্রেণীবিভাগ : মূলধনজাতীয় ও মুনাফাজাতীয়
- ১২.৬ ম্যাচিং ধারণা
- ১২.৭ ক্রয়-বিক্রয় হিসাব
 - ১২.৭.১ ক্রয়-বিক্রয় হিসাবের ডেবিট দিক
 - ১২.৭.২ ক্রয়-বিক্রয় হিসাবের ক্রেডিট দিক
- ১২.৮ ক্রয়-বিক্রয় হিসাব সম্বন্ধে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় ও সমস্যা
- ১২.৯ উৎপাদন ব্যয় হিসাব
- ১২.১০ লাভ-ক্ষতির হিসাব
 - ১২.১০.১ লাভ-ক্ষতির হিসাব-এর ব্যয়গুলি কি পর্যায়ক্রমে দেখানো হয়
- ১২.১১ লাভ-ক্ষতির বন্টন হিসাব
- ১২.১২ উদ্বর্তপত্র
 - ১২.১২.১ সম্পত্তির শ্রেণীবিভাগ
 - ১২.১২.২ দায়-এর শ্রেণীবিভাগ
- ১২.১৩ উদ্বর্তপত্রে সম্পত্তি ও দায়সমূহ সাজাবার নিয়ম
 - ১২.১৩.১ উদ্বর্তপত্রে সম্পত্তি ও দায়-এর বিন্যাস-সজ্জার পদ্ধতি
 - ১২.১৩.২ উদ্বর্তপত্রে সম্পত্তি ও দায়গুলি যথাযথভাবে সাজাবার উদ্দেশ্য
- ১২.১৪ উদাহরণমালা
- ১২.১৫ অনুশীলনী
- ১২.১৬ উত্তর সংক্ষেপ

১২.১ উদ্দেশ্য

এই এককের উদ্দেশ্য হ'ল কোন ব্যবসায় প্রতিষ্ঠান কোন এক নির্দিষ্ট বছরের শেষে কত লাভ-ক্ষতি হ'ল এবং ঐ প্রতিষ্ঠানের সঠিক আর্থিক অবস্থা কেমন তা জানার জন্য যে-সব চূড়ান্ত হিসাব ও উদ্বর্তপত্র তৈরি করে সেগুলি কিভাবে যথাযথভাবে তৈরি করবে তা নির্দেশ করা।

প্রত্যেক ব্যবসায় প্রতিষ্ঠান বছরের শেষে চূড়ান্ত হিসাবের মাধ্যমে ব্যবসায়ের লাভ-ক্ষতি নির্ণয় করে থাকে।

১২.২ ব্যবসায় প্রতিষ্ঠানের শ্রেণীবিভাগ

ব্যবসায় প্রতিষ্ঠান দু'প্রকার হতে পারে। যথা : (১) সাধারণ ব্যবসায়ী ও (২) উৎপাদনকারী

(১) সাধারণ ব্যবসায়ী :—(General Trader) যারা পণ্য উৎপাদন করে না এবং উৎপাদনকারী বা পাইকারী বিক্রেতার (Wholesaler) কাছ থেকে পণ্য ক্রয় করে খুচরা বিক্রয় করে থাকে।

১২.৩ সাধারণ ব্যবসায়ীদের চূড়ান্ত হিসাবে-এর স্তর

এ ধরনের ব্যবসায়ীর চূড়ান্ত হিসাবের চারটি স্তর আছে যথা :—

- (ক) ক্রয়-বিক্রয় হিসাব (Trading Account)-এর দ্বারা মোট লাভ বা ক্ষতি (Gross Profit or Loss) নির্ণয় করা হয়।
- (খ) লাভ-ক্ষতি হিসাব (Profit & Loss Account)-এর দ্বারা নীট লাভ বা ক্ষতি (Net Profit or Loss) নির্ণয় করা হয়।
- (গ) লাভ-ক্ষতি বণ্টন হিসাব (Profit & Loss Appropriation Account)-এর দ্বারা লাভ-ক্ষতির বণ্টন দেখান হয়।
- (ঘ) উদ্বর্তপত্র (Balance Sheet)-উদ্বর্তপত্র দ্বারা ব্যবসায়ের আর্থিক অবস্থা জানা যায়।
- (ঙ) উৎপাদনকারী (Manufacturer)-উৎপাদনকারী বলতে তাদের বোঝায়, যারা পণ্য উৎপাদন এবং সেসব পণ্য বিক্রয় করে।

১২.৪ উৎপাদনকারীদের চূড়ান্ত হিসাবের স্তর

উৎপাদনকারীদের চূড়ান্ত হিসাবের পাঁচটি স্তর আছে। সাধারণ ব্যবসায়ীদের ক্ষেত্রে উল্লিখিত হিসাবের চারটি স্তর ছাড়াও উৎপাদনকারীরা একটি অতিরিক্ত হিসাব রাখেন যাকে বলা হয় 'উৎপাদন ব্যয় হিসাব' (Manufacturing Account)-এর দ্বারা পণ্য উৎপাদন ব্যয় নির্ণয় করা হয়।

প্রত্যেক ব্যবসায় প্রতিষ্ঠানই বছরের শেষে সারা বছরের লাভ-ক্ষতি এবং আর্থিক অবস্থা অবশ্যই জানতে চাইবে। ব্যবসায় প্রতিষ্ঠান Trading and Profit & Loss Account-এর মাধ্যমে লাভ-ক্ষতি নির্ণয় করে থাকে এবং আর্থিক অবস্থা জানবার জন্য উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করে থাকে।

১২.৫ লেনদেন-এর প্রকৃতিভিত্তিক শ্রেণীবিভাগ

হিসাবগুলি প্রস্তুত করবার জন্য সারা বছরব্যাপী সংগঠিত, আর্থিক লেনদেনগুলির প্রকৃত অনুসারে (১) মূলধনজাতীয় এবং (২) মুনাফাজাতীয়—এই দুই শ্রেণীতে বিভক্ত করা অত্যাবশ্যক। মুনাফাজাতীয় লেনদেন Trading and Profit & Loss Account-এ বিবেচনা করা হয় এবং মূলধনজাতীয় লেনদেনগুলি উদ্বর্তপত্রে দেখান হয়।

সূতরাং মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় লেনদেনগুলি যথাযথ শ্রেণীবিভাগ করতে না পারলে প্রতিষ্ঠানের সঠিক লাভ-ক্ষতি এবং আর্থিক অবস্থা জানা যাবে না। সূতরাং এ ধরনের শ্রেণীবিভাগের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনস্বীকার্য। নীচে এগুলি আলোচনা করা হ'ল :—

- (1) **মূলধনজাতীয় আয় বা প্রাপ্তি (Capital Receipts) :** যে সমস্ত প্রাপ্তি বারবার ঘটে না (Non-recurring) এবং একবার যার ফল সাধারণত দীর্ঘদিন ধরে ভোগ করা যায়, তাকে মূলধনজাতীয় প্রাপ্তি বলে। যেমন, মালিক কর্তৃক প্রদত্ত মূলধন, ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ, স্থির সম্পত্তি, বিক্রয়লব্ধ অর্থ ইত্যাদি। এগুলি উদ্বর্তপত্রে দেখান হয়।
- (2) **মূলধনজাতীয় ব্যয় (Capital Expenditure) :** যে সমস্ত ব্যয় বারবার করতে হয় না (Non-recurring) এবং যার ফলে স্থির সম্পত্তি পাওয়া যায়, সেসব ব্যয়কে বলা হয় মূলধনজাতীয় ব্যয়। এই সমস্ত ব্যয়ের ফল দীর্ঘদিন পাওয়া যায়। মূলধনজাতীয় ব্যয়ের উদ্দেশ্য হ'ল উৎপাদন ও মুনাফাজাতীয় আয় বৃদ্ধি করা। যেমন, Building, Machinery, Furniture ইত্যাদি। এই সমস্ত সম্পত্তির সাহায্যে পণ্য উৎপাদন বৃদ্ধি পায় এবং উৎপাদিত পণ্য বিক্রয় করে আয় অর্জন করা হয়। এই সমস্ত ব্যয় উদ্বর্তপত্রে দেখান হয়।
- (3) **মুনাফাজাতীয় আয় (Revenue Income) :** যে সমস্ত আয় বারবারে ঘটে (Recurring) এবং যা বর্তমান হিসাব বছর সংক্রান্ত তাদের বলা হয় মুনাফাজাতীয় আয়। যেমন, পণ্য বিক্রয়লব্ধ অর্থ, লগ্নিপত্রের উপর সুদ, কমিশন ইত্যাদি। এই সমস্ত আয় লাভ-ক্ষতি হিসাবের (Trading and Profit & Loss Account) Credit দিকে দেখান হয়।
- (4) **মুনাফাজাতীয় ব্যয় (Revenue Expenditure) :** যে সমস্ত ব্যয় বারবার করতে হয় (Recurring) অর্থাৎ প্রতিষ্ঠানের নিয়মিত দৈনন্দিন কার্য পরিচালনার দরুন যাবতীয় ব্যয় হ'ল মুনাফাজাতীয় ব্যয়। এ সব ব্যয়ের ফল স্বল্পস্থায়ী, অর্থাৎ বর্তমান হিসাব বছরেই শেষ হয়ে যায় যেমন, Purchase of goods, Payment of salaries, Rent, Wages, Postages ইত্যাদি। সূতরাং কোন প্রতিষ্ঠান চালাতে হ'লে স্বাভাবিক অবস্থায় নিয়মিত যে সকল ব্যয় হয় এবং যার ফল বর্তমান হিসাব বছরেই শেষ হয়ে যায় সেগুলিই হল মুনাফাজাতীয় ব্যয়। এই সমস্ত ব্যয় লাভ-ক্ষতি হিসাবের (Trading and Profit & Loss Account) Debit দিকে দেখান হয়।
- (5) **বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় (Deferred Revenue Expenditure) :** কোন কোন মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ অত্যধিক হতে পারে এবং যার ফল বর্তমান হিসাব বছরের মধ্যে সীমাবদ্ধ যা থেকে পরবর্তী কয়েক বছর ধরে স্থায়ী হতে পারে। এইরূপ ব্যয়ের এক অংশ বর্তমান হিসাব বছরের ব্যয় হিসাব ধরে লাভ-ক্ষতির হিসাব দেখান হয় এবং বাকী অংশ সাময়িকভাবে মূলধনজাতীয় মনে করে উদ্বর্তপত্রে Assets-এর দিকে দেখান হয়।

নীচে বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের কয়েকটা উদাহরণ দেওয়া হ'ল :

বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের উদাহরণ :

- (ক) কোন প্রতিষ্ঠান গঠনের প্রাথমিক ব্যয় (Preliminary Expenditure);
- (খ) কোন নূতন পণ্য আবিষ্কার করবার পূর্বে গবেষণা ও পরীক্ষার দরুন ব্যয়;
- (গ) কোন নূতন পণ্য বাজারে ছাড়বার সময় বিজ্ঞাপন বাবদ অত্যধিক ব্যয়;
- (ঘ) সম্পত্তি মেরামত বাবদ অত্যধিক ব্যয়;
- (ঙ) একস্থান থেকে অন্যস্থানে ব্যবসায় প্রতিষ্ঠান স্থানান্তরিত করবার ব্যয় ইত্যাদি।

১২.৬ ম্যাচিং খরচ কাকে বলে?

নির্দিষ্ট হিসাব বছরের অর্জিত মুনাফা পরিমাপ করবার জন্য ঐ হিসাবকালের মুনাফাজাতীয় আয় থেকে কেবলমাত্র সংশ্লিষ্ট খরচ বাদ দিতে হবে। এই প্রক্রিয়াকে আয়ের সঙ্গে খরচের ম্যাচিং করান বলে। সারা বছরের নানা কারণে অর্থ ব্যয় হতে পারে। তার সবটাই এই বছরের আয়ের সঙ্গে সম্পর্কিত নাও হতে পারে। আবার এই বছরের আয়ের সাথে সম্পর্কিত কোন ব্যয় এই বছর না করে গত বছর বা পরবর্তী বছরেও করা হতে পারে। এই বছরের মুনাফা নির্ণয় করবার সময় এই সমস্ত ব্যয় বিবেচনা করা প্রয়োজন। এই বছরের আয়ের সঙ্গে সম্পর্কিত নয় এমন কোন ব্যয় বিবেচনা করা হবে না। অর্থাৎ, কেবলমাত্র বর্তমান বছরের আয়-ব্যয়গুলিই বিবেচনা করা হবে। ম্যাচ করবার প্রয়োজন থেকেই অবচয় (Depreciation), বিলম্বিত ব্যয় (Deferred expenses), পূর্বপ্রদত্ত ব্যয় (Pre-paid expenses), বকেয়া দেনা (Outstanding expenses), উদ্ভূত আয় (Accrued income) ইত্যাদি বিষয়ের উদ্ভব হয়েছে।

১২.৭ ক্রয়-বিক্রয় হিসাব

Trading Account-এর মাধ্যমে কোন নির্দিষ্ট সময়কালের (Period of time) মোট লাভ বা ক্ষতি নির্ণয় করা হয়। সুতরাং এর শিরোনামে "For" কথাটি উল্লেখ করতে হয়।

১২.৭.১ ক্রয়-বিক্রয় হিসাব বা Trading Account-এর 'Debit' দিক

ক্রয়-বিক্রয় হিসাব-এর 'Debit' দিক-এর কয়েকটা বিশেষ বিশেষ বিষয় নীচে উল্লেখ করা হ'ল :—

- (1) **Opening Stock**—গত বছরের শেষে অবিক্রীত মজুত পণ্য এই বছরের Opening Stock হবে। Opening Stock-এর পরিমাণ থেকে খতিয়ান পাওয়া যাবে।
- (2) **Purchases**—বর্তমান বছরে ক্রীত যাবতীয় পণ্যের মূল্য খতিয়ানের Purchase Account থেকে পাওয়া যাবে। Trading Account-এ Purchase Account-এর জের নেওয়ার সময় এ থেকে ক্রয়-ফেরত বাদ দিয়ে নীট ক্রয় Trading Account-এ দেখান হয়।
- (3) **Wages**—উৎপাদনকার্যে প্রত্যক্ষভাবে নিযুক্ত শ্রমিকদের মজুরি।
- (4) **Wages & Salaries**—এই ক্ষেত্রে Salaries উৎপাদনকার (Productive) বলে মনে করে সবটাই Trading Account-এ দেখান হয়। কিন্তু Salaries & Wages P/L Account-এ দেখান হয়।
- (5) **Carriage Inward**—ক্রীত পণ্য আনয়ন করবার খরচ। Carriage Outward মানে পণ্য ক্রেতার কাছে পাঠাবার খরচ। এ-খরচ Profit & Loss Account-এ যাবে। শুধু Carriage বলা থাকলে একে Carriage Inward ধরে Trading Account-এ দেখাতে হবে।
- (6) **Freight**—ক্রীত পণ্য জাহাজ, রেল অথবা বিমানযোগে আনবার খরচ।
- (7) **Custom Duty/Import Duty**—পণ্য আমদানি করা হলে শুল্ক দিতে হয়। একে Custom Duty অথবা Import Duty বলে।
- (8) **Clearing Charges**—বিদেশ থেকে পণ্য আমদানি করলে বন্দর থেকে পণ্য খালাস করতে হয়। এর জন্য যে খরচ হয়, তাকে Clearing charge বলে।
- (9) **Excise Duty**—দেশের অভ্যন্তরে উৎপাদিত পণ্যের উপর সরকার যে শুল্ক ধার্য করে, তাকে Excise Duty বলে।

(10) **Royalty**—কোন পেটেন্ট বা খনি ইজারা (Lease) নিলে মালিককে ভাড়া প্রদান করতে হয়। এই ভাড়া উৎপাদনের উপর অথবা বিক্রয়ের উপর ধার্য হতে পারে। উৎপাদনের উপর ভাড়া (Royalty on production) Trading A/c-এ দেখাতে হবে, আর বিক্রয়ের উপর ভাড়া (Royalty on sale) Profit & Loss A/c-এ দেখাতে হবে। শুধু Royalty বলা থাকলে Trading Account-এ যাবে।

(11) **Coal, Coke, Fuel, Gas, Power etc.**—পণ্য উৎপাদন করতে কারখানায় এই ব্যয়গুলি হয়। এগুলি Trading Account-এ দেখাতে হবে।

অতএব দেখা যাচ্ছে যে, পণ্য ক্রয় এবং পণ্য উৎপাদন সংক্রান্ত প্রত্যক্ষ ব্যয়গুলি (Productive on direct expenses) Trading Account-এর Debit দিকে দেখাতে হবে।

১২.৭.২ Trading Account-এর 'Credit' দিক

(1) **Sales**—বর্তমান বছরের যাবতীয় বিক্রীত পণ্যের মূল্য খতিয়ানের Sales Account থেকে পাওয়া যাবে। Sales Account-এর জের Trading Account-এ নেওয়ার সময় তা থেকে বিক্রয়-ফেরৎ বাদ দিয়ে নীট বিক্রয় দেখান হয়।

(2) **Closing Stock**—যে পরিমাণ পণ্য বর্তমান বৎসরের শেষে অবিক্রীত রয়েছে, তার মূল্যকে Closing Stock বলে। হিসাব-নিকাশের রক্ষণশীলতার রীতি (Conservation) অনুসারে ক্রয়মূল্য অথবা বাজার মূল্যের মধ্যে যেটি কম সেই দরে মজুত পণ্যের মূল্যায়ন করতে হবে।

নিম্নে Trading Account-এর একটি ছক দেওয়া হ'ল :

Trading Account for the year ended

Dr.				Cr.
	Rs.			Rs.
To Opening Stock	..	By Sales		..
To Purchases	..	Less Returns		..
Less Returns	..	By Closing Stock		..
To Carriage Inward	..			
To Wages	..			
To Freight	..			
To Custom Duty	..			
To Clearing Charges	..			
To Excise Duty	..			
To Royalty	..			
To Coal, Coke, Fuel, Gas, Power etc.	..			
To Gross Profit	..			
(Transferred to P/L A/c	..			

১২.৮ ক্রয়-বিক্রয় হিসাব সম্বন্ধে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় ও সমস্যা

১। বিক্রীত পণ্যের ক্রয়মূল্য (Cost of Goods Sold)-এর দ্বারা বোঝায়, কোন নির্দিষ্ট সময়ে যে পরিমাণ পণ্য বিক্রয় হয়েছে তার ক্রয়মূল্য। মোট ক্রয়মূল্য এবং অন্যান্য প্রত্যক্ষ ব্যয় থেকে বছরের শেষে অবিক্রীত পণ্যের মূল্য বাদ দিয়ে ইহা নির্ধারণ করা হয়। বিক্রীত পণ্যের ক্রয়মূল্য নির্ণয় করবার সূত্রটি হ'ল :

	Rs.
Opening Stock	..
Add Purchases less returns	..
Add Direct Expenses	..
Less Closing Stock	..
Less Abnormal loss	..
Cost of goods sold	..

Cost of goods sold-এর মাধ্যমে ব্যবসায়ের মোট লাভ (Gross Profit) নির্ণয় করা যায়। যেমন,

	Rs.
মনে করি—Opening Stock	10,000
Purchases	60,000
Returns Outward	4,000
Sales	1,20,000
Returns Inward	3,000
Carriage & Freight	8,000
Import Duty	7,000
Wages	12,000
Goods lost on Fire	6,000
Closing Stock	12,000
Cost of Goods Sold	
Opening Stock	10,000
Purchase	60,000
Less Returns Outward	4,000
Carriage & Freight	8,000
Import Duty	7,000
Wages	12,000
Less Closing Stock	12,000
Abnormal Loss	6,000
	75,000
Gross Profit:	
Sales	1,20,000
Less Returns Inward	3,000
	1,17,000
Less Cost of Goods Sold	75,000
Gross Profit	42,000

২। পণ্য বিনষ্ট হওয়া (Loss of Goods)—কোন কারণে পণ্য বিনষ্ট হ'লে ব্যবসায়ের ক্ষতি হয়। এই ক্ষতিকে দুই ভাগে ভাগ করা যায় :

- (ক) স্বাভাবিক কারণে বিনষ্ট হওয়া—স্বাভাবিক কারণে যেমন পণ্য নাড়াচাড়া করবার দরুন অপচয়, পণ্য ভেঙ্গে গেলে (কাঁচের ব্যবসায়) ইত্যাদি কারণে পণ্য বিনষ্ট হ'লে হিসাবের বইতে কোন দাখিলা হবে না। এই প্রকার ক্ষতি ব্যবসায়ের স্বাভাবিক ক্ষতি। এই ক্ষতির জন্য Closing Stock-এর মূল্য সমপরিমাণ হ্রাসপ্রাপ্ত হয় এবং সেই অনুপাতে Gross Profit কমে যায়, অতএব পৃথকভাবে আর কোন দাখিলার প্রয়োজন হয় না।
- (খ) অস্বাভাবিক কারণে বিনষ্ট হওয়া—ওদামে আগুন লেগে, পণ্য চুরি গেলে বা অন্য কোন অস্বাভাবিক কারণে পণ্য বিনষ্ট। এই ক্ষতির জন্য ব্যবসায়ের নীট লাভ (Net Profit) কমবে কিন্তু মোট লাভ (Gross Profit) কমান যাবে না। উৎপাদনের সাথে এই ক্ষতির কোন সম্পর্ক নেই। উপরন্তু এই ক্ষতি পুনঃপুনঃ সংগঠিত হয় না। সুতরাং ব্যবসায়ের মোট লাভের হার নির্ধারণ করবার সময় এই প্রকার ক্ষতি বিবেচনা করা চলবে না। ইহা Profit & Loss Account-এর মাধ্যমে নীট লাভ বের করবার সময় বিবেচ্য। Trading Account প্রস্তুত করার সময় লক্ষ্য রাখতে হবে যে কোন অস্বাভাবিক ক্ষতির জন্য যেন মোট লাভ কমে না যায়। কিন্তু অস্বাভাবিক ক্ষতির জন্য Closing Stock-এর মূল্য হ্রাস পায়, ফলে মোট লাভও হ্রাস পায়। সেইজন্য নিম্নের দাখিলাটির মাধ্যমে মোট লাভ বৃদ্ধি করতে হবে।

Abnormal Loss A/c.....Dr.

To Purchases/Trading Account

কিভাবে Abnormal Loss Account বন্ধ করা হয়:

এখন এই Abnormal Loss Account কিভাবে বন্ধ করা হবে তা নির্ভর করে বিনষ্ট পণ্য বিমা করা ছিল কি না তার উপর।

- (ক) যদি বিমা করা না থাকে (If not covered by Insurance)—এই ক্ষেত্রে সম্পূর্ণ ক্ষতি ব্যবসায়ের ক্ষতি। দাখিলা হবে :

Profit & Loss A/c.....Dr.

To Abnormal Loss A/c

- (খ) যদি সম্পূর্ণ বিমা করা থাকে (If fully covered by Insurance)—এই ক্ষেত্রে ব্যবসায়কে কোন ক্ষতি বহন করতে হবে না। বিমা কোম্পানি সম্পূর্ণ ক্ষতি বহন করবে। দাখিলা হবে :

Insurance Claim A/c.....Dr.

To Abnormal Loss A/c

পরে বিমা কোম্পানি থেকে টাকা পাওয়া গেলে—

Bank A/c.....Dr.

To Insurance Claim A/c

- (গ) যদি আংশিক বিমা করা থাকে (If partly covered by Insurance)—এই ক্ষেত্রে যতটুকু বিমা করা থাকবে না, ততটুকু ক্ষতি ব্যবসায়কে বহন করতে হবে এবং P/L A/c-কে Debit করতে হবে। দাখিলা হবে :

Insurance Claim A/c.....Dr. (যতটুকু বিমা করা নাই)

P/L A/c.....Dr. (যতটুকু বিমা করা নাই)

To Abnormal Loss A/c

৩। মালিক কর্তৃক পণ্য গ্রহণ (Withdrawal of goods by Proprietor)—ইহা সর্বদাই ক্রয়মূল্যে মূল্যায়ন করা হয়। দাখিলা হবে :

Drawing A/c..... Dr.

To Purchases A/c

৪। বিনামূল্যে নমুনা হিসাবে পণ্য বিলি করলে (Distribution of goods as free sample)—ইহা বিজ্ঞাপন বাবদ ব্যয় হিসাবে গণ্য হবে। দাখিলা হবে :

Advertisement A/c..... Dr.

To Purchases A/c

৫। বিনামূল্যে পণ্য দানস্বরূপ বিতরণ করলে (Distribution of goods as charity)—দাখিলা হবে :

Charity A/c..... Dr.

To Purchases A/c

৬। Purchases Account-এর সঙ্গে Closing Stock-এর সমন্বয় করলে (Adjustment of Closing Stock with Purchases Account)—দাখিলা হবে :

Closing Stock A/c..... Dr.

To Purchases A/c

সাধারণত Closing Stock রেওয়ামিল (Trial Balance)-এ আসে না। কিন্তু এইরূপ দাখিলা করবার পর রেওয়ামিল প্রস্তুত করলে Closing Stock রেওয়ামিলের অন্তর্ভুক্ত হবে। এটি বোঝাবার জন্য রেওয়ামিলে Purchase Account-এর সঙ্গে "Adjusted" শব্দটি যোগ করে Adjusted Purchase Account নাম দেওয়া হয়।

৭। মজুত পণ্যের আবর্তন (Stock Turnover)—ক্রীত পণ্য বিক্রয় হয়ে গেলে নতুন পণ্য ক্রয় করে মজুত পণ্যের ভাণ্ডার পরিপূর্ণ করা হয়। অর্থাৎ ক্রীত পণ্য বিক্রয় হবার ফলে যতবার মজুত পণ্যের ভাণ্ডার নিঃশেষ হবে, ততবারই নতুন পণ্য ক্রয়ের মাধ্যমে মজুত পণ্যের ভাণ্ডার পরিপূর্ণ করতে হয়। কোন নির্দিষ্ট সময়ে, সাধারণত 12 মাসে যতবার পণ্য ক্রয়ের মাধ্যমে মজুত পণ্যের ভাণ্ডার পরিপূর্ণ করা হয়, সেই সংখ্যাকে মজুত পণ্যের আবর্তন (Stock Turnover) বলা হয়। ইহা নির্ণয় করবার দু'টি সূত্র আছে।

মনে করি—

Rs.

Opening Stock	=	8,000
Purchases	=	44,000
Sales	=	60,000
Closing Stock	=	12,000

প্রথম সূত্র :

$$\text{আবর্তনের হার} = \frac{\text{বিক্রীত পণ্যের ক্রয়মূল্য}}{\text{গড় মজুত পণ্য}} = \frac{8000+44000-12000}{(12000+8000)+2} = \frac{40000}{10000} = 4 \text{ Times per annum.}$$

বছরে চারবার পণ্য ক্রয় করা হয়। অর্থাৎ ঐ পণ্য ৩ মাস $\frac{12}{4}$ অবিক্রীত অবস্থায় শুদামে মজুত থাকে।

দ্বিতীয় সূত্র :

$$\text{আবর্তনের হার} = \frac{\text{নীট বিক্রয়}}{\text{গড় মজুত পণ্য}} = \frac{60000}{(12000+8000)+2} = \frac{60000}{10000} = 6 \text{ Times per annum}$$

আবর্তনের হার যত বেশী হবে, ব্যবসায়ের পক্ষে ততই ভাল।

১২.৯ উৎপাদন ব্যয় হিসাব

উৎপাদনকারী তার উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় নির্ণয় করবার জন্য যে বিশেষ হিসাব প্রস্তুত করে, তাকে উৎপাদন ব্যয় হিসাব (Manufacturing Account) বলে। উৎপাদন সংক্রান্ত যাবতীয় ব্যয় এতে Debit করা হয়। যেমন—

১। ব্যবহৃত কাঁচা মালের মূল্য—বৎসরের প্রথমে মজুত কাঁচামালের (Opening Stock of Raw Materials) মূল্যের সঙ্গে ক্রীত কাঁচা মালের মূল্য এবং এর ক্রয় সংক্রান্ত যাবতীয় ব্যয় (Carriage Inward, Custom Duty ইত্যাদি) যোগ করতে হবে এবং এই যোগফল থেকে বছরের শেষে মজুত কাঁচা মালের (Stock of Closing Raw Materials) মূল্য বাদ দিলে, ব্যবহৃত কাঁচা মালের মূল্য পাওয়া যায়।

২। মজুরী (Wages)—উৎপাদনকার্যে প্রত্যক্ষভাবে নিযুক্ত শ্রমিকদের বেতন।

৩। প্রত্যক্ষ ব্যয় (Chargeable or Direct Expenses)—কাঁচা মাল এবং মজুরী ব্যতীত অন্যান্য যাবতীয় সরাসরি ব্যয়কে বলা হয় প্রত্যক্ষ ব্যয়। যেমন, Royalty on Production, Cost of Design, Hire Charges of Special Machinery ইত্যাদি।

উপরিউক্ত এই তিনটি ব্যয়ের সমষ্টিকে বলা হয় মূল উৎপাদন ব্যয় (Prime Cost)

৪। কারখানার পরোক্ষ ব্যয় (Factory or Works Overhead)—কারখানা চালাতে হ'লে যে সমস্ত পরোক্ষ ব্যয় হয়, তাদের সমষ্টিকে বলা হয় কারখানার পরোক্ষ ব্যয়। যেমন, Factory Lighting, Factory Rent, Rated & Taxes, Factory Insurance, Fuel & Power, Factory Manager's Salary, Depreciation & Repairs of Plant & Machinery Factory Premises ইত্যাদি।

মূল উৎপাদন ব্যয় ও কারখানার পরোক্ষ ব্যয়ের সমষ্টিকে বলা হয় মোট উৎপাদন ব্যয় (Gross Cost of Production)।

৫। অসমাপ্ত পণ্য (Work-in-Progress or Partly Finished Stock)—এর দ্বারা এইরূপ পণ্যকে বোঝায় যার উৎপাদন শুরু হয়েছে, কিন্তু এখনও শেষ হয় নাই। সাধারণত বৎসর শেষে কারখানায় কিছু পণ্য অসম্পূর্ণ থেকে যায়। একে বলা হয় Closing Work-in-Progress। ইহাই আবার আগামী বছর শুরুতে হবে Opening Work-in-Progress। নীট উৎপাদন ব্যয় (Net Cost of Production) নির্ণয় করতে হ'লে অসমাপ্ত পণ্যের মূল্যায়ন করতে হবে। এর মূল্যায়ন করতে সাধারণত কাঁচা মাল, মজুরী, প্রত্যক্ষ ব্যয় এবং আনুপাতিক কারখানার পরোক্ষ ব্যয় ধরা হয়। Gross Cost of Production-এর সঙ্গে Opening Work-in-Progress যোগ করে এবং Closing Work-in-Progress বিয়োগ করে নীট উৎপাদন ব্যয় নির্ণয় করা হয়। নীট উৎপাদন ব্যয়কে কারখানার উৎপাদন ব্যয় (Factory or Works Cost) নামেও অভিহিত করা হয়।

উৎপাদন ব্যয়ের হিসাবের জের সব সময় Debit হবে, এর দ্বারা পণ্য উৎপাদনের মোট ব্যয়কে বোঝায়। এই জের Trading Account-এ স্থানান্তরিত করা হয়।

নিম্নে Manufacturing Account-এর একটি ছক দেওয়া হ'ল :

Manufacturing Account for the year ended			
Dr.			Cr.
	Rs.		Rs.
To Raw Materials consumed		By Trading A/c	
Opening Stock ..		(Cost of Production transferred)	
Add Purchase ..			
Carriage Inward ..			
Less Returns ..			
Closing Stock ..			

Dr.		Cr.
	Rs.	Rs.
To Wages		
To Chargeable Expenses:		
Royalty on Production ..		
Cost of Design	
Prime cost	..	
To Factory Overhead:		
Factory Rent ..		
Depreciation on Plant ..		
Fuel & Power ..		
Factory Manager's Salary	
Gross Cost of Production	..	
To Work-in-Progress:		
Opening Stock	..	
	..	
Less Closing Stock	..	
Net Cost of Production

অনেক সময় উৎপাদনকারী জানতে ইচ্ছা করে যে, উৎপাদনকার্যে তাহার লাভ-ক্ষতি কত হয়েছে। এইরূপ ক্ষেত্রে উৎপাদিত পণ্য কত মূল্যে অন্য উৎপাদনকারীর নিকট থেকে ক্রয় করা যেতে পারে। তা নির্ণয় করা হয় এবং তার দ্বারা Manufacturing A/c টি Credit করা হয় এবং Trading A/c টি Debit করা হয়। এখন Manufacturing A/c-এর জের দ্বারা বোঝাবে লাভ বা ক্ষতি। এর জের P/L Account-এ স্থানান্তরিত করা হয়।

১২.১০ লাভ-ক্ষতির হিসাব

যে হিসাবের মাধ্যমে কোন ব্যবসায় প্রতিষ্ঠানের বার্ষিক নীট লাভ বা ক্ষতি নির্ণয় করা হয়, তাকে লাভ-ক্ষতি হিসাব (Profit & Loss A/c) বলা হয়। Profit and Loss Account-এর মাধ্যমে কোন নির্দিষ্ট সময়কালের (Period of time) লাভ-ক্ষতি নির্ণয় করা হয়। সুতরাং ইহার শিরোনাম "For" শব্দটি যোগ করতে হয়। যেমন, Profit and Loss Account for the year ended । Profit & Loss A/c তৈরি করবার প্রয়োজনীয় তথ্য খতিয়ানের হিসাবগুলি থেকে পাওয়া যাবে। Trading Account থেকে মোট লাভ (Gross Profit), Profit & Loss Account-এর Credit দিকে প্রথমেই আসবে, অনুরূপভাবে Gross Loss হলে Profit & Loss Account-এর Debit দিকে আসবে। এর পর মুনাফাজাতীয় যাবতীয় আয় ও ব্যয় যা Trading Account-এ স্থানান্তরিত হয় নি, সেগুলি Profit & Loss Account যথাক্রমে Credit ও Debit হবে। এখানে লক্ষ্য রাখতে হবে, আয় বা ব্যয়ের হিসাবসমূহের অঙ্কগুলি সংশ্লিষ্ট আর্থিক বছরের আয় বা ব্যয় কি না। কোন অগ্রিম আয়-ব্যয় অথবা, বাকী আয়-ব্যয় থাকলে সেগুলি সমন্বয় দাখিলার মাধ্যমে (Adjustment Entry) সমন্বয় করতে হবে। এই সম্পর্কে আগে প্রকৃত জাবেদাতে (Journal Proper) বিস্তারিত আলোচনা করা হয়েছে।

১২.১০.১ লাভ-ক্ষতির হিসাবের ব্যয়গুলি কি পর্যায়ক্রমে দেখান হয় :

Profit & Loss Account-এ যাবতীয় ব্যয়গুলি কি পর্যায়ক্রমে দেখান হবে সে বিষয়ে ধরাবীধা কোন নিয়ম না থাকলেও নিম্নোক্ত ক্রমানুসারে ব্যয়গুলি দেখালে ব্যবসায়িক সিদ্ধান্ত নিতে সুবিধা হয় :

- ১। অফিস ও ব্যবস্থাপনা-সংক্রান্ত ব্যয় (Office & Administrative Expenses) কোন ব্যবসায় প্রতিষ্ঠানের অফিস ও উহার পরিচালনাসংক্রান্ত ব্যয় এই শ্রেণীভুক্ত।

২। বিক্রয় ও সরবরাহ-সংক্রান্ত ব্যয় (Selling & Distribution Expenses) পণ্য বিক্রয় এবং তা ক্রেতার কাছে পৌঁছে দেওয়া সংক্রান্ত যাবতীয় ব্যয়ের অন্তর্গত।

৩। আর্থিক ও অন্যান্য ব্যয় (Financial & Other Expenses) উপরোক্ত বিষয়গুলি ব্যতীত অন্যান্য যাবতীয় ব্যয় বা ক্ষতি এই শ্রেণীতে বিবেচনা করা হয়।

নিম্নে প্রদর্শিত Profit & Loss Account-এর ছক থেকে বিষয়টি পরিষ্কার হবে।

Profit & Loss Account for the year ended

Dr.	Rs.	Cr.	Rs.
To Gross Loss (Transferred from Trading A/c)		By Gross Profit (Transferred from Trading A/c)	
To Office Administrative Expenses		By Interest Received	
Salaries		„ Commission Received	
Rent, Rates & Taxes		„ Rent Received	
Postage & Telegram		„ Discount Received	
Printing & Stationery		„ Income from Investments	
Tea & Tiffin		„ Bank Interest	
Electric Charges		„ Bad Debts Recovered	
Telephone		„ Net Loss	
Legal Expenses		(Transferred to Capital A/c)	
Audit Fees			
Trade Expenses			
To Selling & Distribution Expenses:			
Salesmen's Salary & Commission			
Commission to Agents			
Advertisement			
Godown Rent			
Packing Expenses			
Freight on Sells			
Carriage Outward			
Bad Debts			
Travelling Expenses			
Export Duties			
Insurance of Finished Goods			
Sales Tax			
To Financial & Other Expenses:			
Interest on Loan			
Discount Allowed			
Depreciation			
Bank Charges			
To Net Profit (Transferred to Capital A/c)			

১২.১১ লাভ-ক্ষতির বণ্টন হিসাব

ব্যবসায়ের নীট লাভ (Net Profit) একক মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের প্রাপ্য। লাভ-ক্ষতি ভাগাভাগি করবার কোন প্রশ্ন নেই। সেইজন্য লাভ-ক্ষতি বণ্টন হিসাব তৈরি করার প্রয়োজন হয় না। কিন্তু ব্যবসায়ের ক্ষেত্রে অংশীদারদের মধ্যে এবং কোম্পানির ক্ষেত্রে শেয়ারহোল্ডারদের মধ্যে লাভ বণ্টন করা হয়। কিন্তু লাভের সমুদয় অংশই বণ্টন করা হয় না। লাভের যে অংশ বণ্টন করা হয়, তাকে বণ্টনযোগ্য লাভ (Divisible Profit) বলা হয়। যে হিসাবখাতের মাধ্যমে বণ্টনযোগ্য লাভ বা ক্ষতি নির্ণয় করে তা কিভাবে অংশীদার ও শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করা হয় তা দেখান হয়। তাকে লাভ-ক্ষতি বণ্টন হিসাব (Profit & Loss Appropriation Account) বলা হয়। সুতরাং মুনাকা বণ্টনের সঙ্গে যে সকল হিসাব সংশ্লিষ্ট, সেইগুলি Profit and Loss Appropriation Account-এ আসবে।

Profit and Loss Appropriation Account-এর মাধ্যমে কোন নির্দিষ্ট সময়কালের (Period of Time) লাভ-ক্ষতির বণ্টন দেখান হয়। সুতরাং ইহার শিরোনাম "For" কথাটি যোগ করতে হয়।

অংশীদারী প্রতিষ্ঠান এবং কোম্পানির ক্ষেত্রে P & L Appropriation A/c-এর ছক ও বিষয়বস্তু ভিন্ন। নিম্নে অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে Profit and Loss Appropriation Account-এর ছক দেখান হ'ল :

Profit & Loss Appropriation Account for the year ended.

Dr.			Cr.
	Rs.		Rs.
To Reserve		By Net Profit	
„ Interest on Capital	..	(Transferred from P/L A/c)	..
„ Salary to Partners	..	By Interest on Drawings	
„ Commission to Partners	..		
„ Share of Profit	..		
„ Transferred to Partners' Capital	..		

১২.১২ উদ্বর্তপত্র

উদ্বর্তপত্র কাকে বলে : কোন নির্দিষ্ট দিনে প্রতিষ্ঠানের সঠিক আর্থিক চিত্র জ্ঞাত করবার জন্য প্রতিষ্ঠানের সমস্ত সম্পত্তি ও দায়সমূহের যে বিবরণ প্রস্তুত করা হয়, তাকে উদ্বর্তপত্র (Balance Sheet) বলে। প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়সমূহ প্রতিনিয়ত পরিবর্তন হয়। অতএব উদ্বর্তপত্র প্রস্তুত করতে হ'লে কোন নির্দিষ্ট দিনের Point of Time সম্পত্তি ও দায়সমূহ বিবেচনা করতে হবে। সেইজন্য উদ্বর্তপত্রের শিরোনামে "as at" শব্দ দুটি ব্যবহার করতে হয়।

উদ্বর্তপত্র কোন হিসাবখাত (Account) নয়। সাধারণত হিসাব বছর শেষে লাভ-ক্ষতি হিসাব করবার পর যে সমস্ত হিসাবখাতের জের বন্ধ হয়ে যায় নি, সেই সমস্ত হিসাবের জের নিয়ে যে বিবরণী প্রস্তুত করা হয় তাই উদ্বর্তপত্র। সেইজন্য উদ্বর্তপত্রে Debit/Credit লেখা হয় না। এই বিবরণীর ডানদিকে সম্পত্তিসমূহ (Assets) লেখা হয় এবং বামদিকে মূলধন ও দায়সমূহ (Capital & Liabilities) লেখা হয়। অন্যভাবে বলা যেতে পারে যে, উদ্বর্তপত্রের মাধ্যমে ভাণ্ডের উৎস (Sources of Fund) এবং ভাণ্ডের ব্যবহার (Application of Fund) জানা যায়। বামদিকে ভাণ্ডের উৎস দেখান হয় এবং ডানদিকে ভাণ্ডের ব্যবহার দেখান হয়।

উদ্বর্তপত্র তৈরি করবার সময় হিসাব-নিকাশের মূল সমীকরণের উপর নির্ভর করা হয়। সমীকরণ হ'লঃ (Assets = Capital and Liabilities) সম্পত্তির সমষ্টি দায়সম্মত মালিকানা স্বত্বের সমান হবে। অতএব উদ্বর্তপত্রের সম্পত্তির সমষ্টি সবসময় মূলধনসহ দায়ের সমষ্টির সমান হবে।


উদ্বর্তপত্র প্রতিষ্ঠানের একটি গুরুত্বপূর্ণ দলিলস্বরূপ। এটি প্রতিষ্ঠানের দর্পণ—এর মাধ্যমে প্রতিষ্ঠানের সত্য এবং সঠিক আর্থিক চিত্র প্রতিফলিত হয়। পরপর দু'টি উদ্বর্তপত্রের তুলনার সাহায্যে প্রতিষ্ঠানের যাবতীয় সম্পত্তি ও দায়ের গতি-প্রকৃতি এবং মূল্য জানা যায়। এর মাধ্যমে প্রতিষ্ঠানের কার্যকরী মূলধন (Working Capital), আর্থিক সচ্ছলতা (Solvancy), আর্থিক দৃঢ়তা (Soundness), নিয়োজিত মূলধন (Capital Employed) প্রভৃতি বহু মূল্যবান তথ্য জানা যায় যাহা কোন আর্থিক সিদ্ধান্ত নিতে প্রভূত সাহায্য করে।

১২.১২.১ সম্পত্তির শ্রেণীবিভাগ (Classification of Assets)

ইংরেজী Suspense শব্দটির বাংলা পরিভাষা হল 'অনিশ্চিত অবস্থা' সুতরাং নিশ্চিত, বা সঠিক হিসাবটি বা হিসাবগুলি নিরূপণ না করা পর্যন্ত অন্য যে-হিসাবে কোন লেনদেন সাময়িকভাবে লিপিবদ্ধ করা হয় তাকে Suspense Account (অনিশ্চিত হিসাব বলে)। ভুল সংশোধন (Rectification of Errors) দাখিলার ক্ষেত্রে Suspense Account ব্যবহার করা হয়। Suspense A/c-এর নিজস্ব কোন মূল্য নেই। ইহাকে কোন শ্রেণীভুক্ত (Personal, Real বা Nominal) করা যায় না। সুতরাং, ইহা debit বা credit করবার কোন সুনির্দিষ্ট নিয়ম নেই।

১৩.৫ ভুল সংশোধনের পদ্ধতি

কিভাবে বা কি কি দাখিলার সাহায্যে ভুল সংশোধন হবে তা নির্ভর করে কোন্ পর্যায়ে ভুল ধরা (detection) পড়েছে তার উপর। ভুল নিম্নলিখিত তিনটি পর্যায়ে ধরা পড়তে পারে :

- (i) রেওয়ামিল প্রস্তুত করবার পূর্বে (Before preparation of the Trial Balance)
- (ii) রেওয়ামিল প্রস্তুত করবার পরে, কিন্তু চূড়ান্ত হিসাব প্রস্তুত করবার পূর্বে (After preparation of the Trial Balance but before the preparation of Final Accounts)
- (iii) চূড়ান্ত হিসাব প্রস্তুত করবার পরে (After preparation of Final Accounts)

১৩.৫.১ রেওয়ামিল প্রস্তুত করবার পূর্বে

ভুল যদি রেওয়ামিল প্রস্তুত করবার পূর্বে ধরা পড়ে—এই ক্ষেত্রে এক তরফা ভুলের জন্য কোন দাখিলা হবে না। যে হিসাবখাতে ভুল হয়েছে, শুধু সেই হিসাবখাতকে ভুল অঙ্ক এবং সঠিক অঙ্কের বিয়োগফল দ্বারা debit বা credit করতে হবে। দুই তরফা ভুলের ক্ষেত্রে যদি দুই দিকের অঙ্ক একই হয় তাহলে দাখিলা হবে, কিন্তু যদি উভয় দিকের ভুলের অঙ্ক একই না হয় তাহলে কোন দাখিলা হবে না। নিম্নে এই ভুলগুলি আলোচনা করা হল—

এক তরফা ভুল :

(ক) Raja-কে ধারে 200 টাকা মূল্যের জিনিস বিক্রী করা হল। কিন্তু (Sales Day Book)-এ সঠিক ভাবে লেখা হলেও Raja's A/c-এ 20 টকা debit করা হয়েছে।

এখানে Raja-র হিসাবে ভুল হয়েছে। কিন্তু Sales A/c-এ 200 টাকা ঠিক credit করা হয়েছে। Raja A/c-এ 200 টকা debit-এর পরিবর্তে 20 টকা debit হয়েছে। সুতরাং Raja's A/c-এ Rs. (200-20) = Rs. 180 টকা debit করলেই ভুল সংশোধন হবে। এর জন্য কোন দাখিলার দরকার নেই।

(খ) Rani-র কাছ থেকে 300 টাকায় জিনিস ধারে ক্রয় করা হ'ল। Purchase A/c-এ 350 টাকা debit করা হ'ল। কিন্তু Rani's A/c-এ সঠিকভাবে credit করা হয়েছে।

এখানে Purchase A/c Rs. 300 debit করবার পরিবর্তে Rs. 350 debit করা হয়েছে অর্থাৎ Rs. 50 অতিরিক্ত debit করা হয়েছে Purchase A/c-কে। কিন্তু Rani's A/c ঠিকই আছে। ইহা এক তরফা ভুল। সুতরাং Purchase A/c Rs. (350-300) = Rs. 50 credit করতে হবে। এর জন্য কোন দাখিলার প্রয়োজন নেই।

(গ) Sales Book-এর যোগফলে অতিরিক্ত 100 টাকা ধরা হয়েছে। বিক্রয় বই যোগ করতে 100 টাকা বেশী গণ্য করায় Sales A/c 100 টাকা অতিরিক্ত credit করা হয়েছে। ইহা একটি এক তরফা ভুল। সুতরাং Sales A/c 100 টকা debit করলেই হবে। কোন দাখিলার প্রয়োজন নেই।

দুই তরফা ভুল :

Hari-র কাছ থেকে ধারে 1000 টাকার জিনিস কেনা হলেও হিসাবে 100 টাকা লেখা হয়েছে।

সঠিক দাখিলা	ভুল দাখিলা	সংশোধনী দাখিলা
Purchase A/c Dr. 1000	Purchase A/c Dr. 100	Purchase A/c Dr. 900
To Hari's A/c 1000	To Hari's A/c 100	To Hari's A/c 900

এখানে Purchase ও Hari উভয় ক্ষেত্রেই 1000 টাকার পরিবর্তে 100 টাকা লেখা হয়েছে। অর্থাৎ Purchase A/c 900 (1000-100) টাকা কম debit করা হয়েছে এবং Hari's A/c-ও 900 টাকা কম credit করা হয়েছে। সুতরাং সংশোধনী দাখিলায় Purchase A/c-কে 900 টাকা debit ও Hari's A/c-কে 900 টাকা credit করতে হবে।

১৩.৫.২ রেওয়ামিল প্রস্তুত করবার পর কিন্তু চূড়ান্ত হিসাব প্রস্তুত করবার পূর্বে যদি ভুল ধরা পড়ে

—এই পর্যায়ে ভুল সংশোধনের জন্য প্রতি ক্ষেত্রেই দাখিলার প্রয়োজন আছে।

যে ভুলের জন্য রেওয়ামিলে গরমিল হয়, সেই ভুল সংশোধনী দাখিলাতে Suspense A/c থাকবে এবং ভুলের অঙ্ক দিয়ে debit বা credit করতে হবে। কিন্তু যে ভুলের জন্য রেওয়ামিলে গরমিল হয় না, সেই ভুল সংশোধনী দাখিলাতে Suspense A/c থাকবে না। নিম্নে উদাহরণসহ সে সম্বন্ধে আলোচনা করা হল :

(ক) Goods purchased from Jadav for Rs. 190 was wrongly credited to his account as Rs. 180, but correctly recorded in Purchase Book.

এখানে যাদবের কাছ থেকে 190 টাকায় ধারে জিনিস কিনে ভুলে 180 টাকা Jadav's Credit A/c করা হয়েছে, কিন্তু Purchase Book-এ সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে। এখানে Jadav A/c (190 - 180) বা 10 টাকা কম credit করা হয়েছে। সুতরাং Jadav's A/c 10 টাকা credit করতে হবে। এক্ষেত্রে সংশোধনী দাখিলা হবে :

Suspense A/c Dr. 10
To Jadav's A/c 10

(খ) হিরণের কাছ থেকে 300 টাকা পেয়ে তার হিসাবে এই টাকা লিখতে ভুলে যাওয়া হয়েছে। এই ভুলের জন্য Hiron's A/c-কে 300 টাকা credit করা হয়নি। কিন্তু Bank/Cash A/c সঠিকভাবে debit করা হয়েছে। সুতরাং সংশোধনী দাখিলা হবে :

Suspense A/c Dr. 300
To Hiron's A/c 300

(গ) বিধানের কাছ থেকে 200 টাকার জিনিস ধারে কেনা হয়েছে কিন্তু এর জন্য তার A/c-এ 200 টাকা debit করা হয়েছে। এখানে Bidhan A/c 200 টাকা credit করার পরিবর্তে 200 টাকা debit করা হয়েছে। কিন্তু Purchase A/c সঠিকভাবে 200 টাকা debit করা হয়েছে। সুতরাং সংশোধনী দাখিলা হবে—

Suspense A/c Dr. 400
To Bidhan's A/c 400

১৩.৫.৩ চূড়ান্ত হিসাব প্রস্তুতের পর

এই পর্যায়ে ভুল সংশোধনের সময় আগের পদ্ধতিই অবলম্বন করতে হবে। কিন্তু লক্ষ্য রাখতে হবে

যে ভুল যদি কোন Nominal Account সংক্রান্ত হয় (অর্থাৎ আয়, ব্যয়, লাভ, লোকসান ইত্যাদি যেমন Purchase, Sales, Wages, Interest, Depreciation, Salaries) ইত্যাদি, তা হলে Nominal Account টি debit বা credit করা চলবে না। উহার পরিবর্তে Profit and Loss Adjustment A/c নামে নতুন হিসাবখাত খুলে তাকে debit বা credit করতে হবে কারণ হিসাবে বলা যায় বছরের শেষে Trading এবং Profit and Loss A/c প্রস্তুত করবার সময় সমস্ত Nominal A/c-এর জের আমরা ঐ Account-এ স্থানান্তরিত করবার ফলে ঐ হিসাবখাতগুলি বন্ধ হয়ে যায়। সুতরাং পরবর্তীকালে Nominal Account-এ কোন ভুল হলে ঐ Account কে debit বা credit করা যাবে না। তাই আমরা Profit & Loss Adjustment A/c-কে debit অথবা credit করি। নিম্নের উদাহরণ সাহায্যে এই ভুল সংশোধনগুলি আলোচনা করা হল :

(ক) Sales Day Book was undercost by Rs. 200। এই ভুলের জন্য Sales A/c 200 টাকা কম credit করা হয়েছে। ফলে 200 টাকা কম লাভ (Profit) দেখানো হয়েছে। সংশোধনী দাখিলা হবে—

Suspense A/c Dr. 200
To P & T Adjustment A/c 200
(Sales A/c)

(খ) Rent Rs. 500 paid to Landlord, was wrongly debited to his personal account. এই ভুলের জন্য Rent A/c-কে debit করা হয়নি। তার পরিবর্তে Landlord A/c-কে debit করা হয়েছে। ফলে 500 টাকা লাভ বেশী দেখানো হয়েছে। সংশোধনী দাখিলা হবে—

P & L Adjustment (Rent A/c) Dr. 500
To Landlord A/c 500

(গ) Wages paid Rs. 400 for installation of Machinery was debited to Wages A/c. এখানে যেহেতু মজুরি যন্ত্রপাতি স্থাপনের জন্য দেওয়া হয়েছে, সুতরাং যন্ত্রপাতি (Machinery) হিসাবখাতকে debit করা প্রয়োজন। কিন্তু ভুলবশতঃ (নীতিগত ভুল) Wages A/c-কে debit করা হয়েছে, ফলে লাভ কম দেখানো হয়েছে। সংশোধনী দাখিলা হবে—

Machinery A/c Dr. 400
To P & L Adjustment A/c 400
(Wages A/c)

১৩.৬ ভুল সংশোধনের বিশেষ কৌশল

নিম্নলিখিত কৌশল অবলম্বন করলে অতি সহজেই ভুল সংশোধনের দাখিলা করা যায় :—

- ১। কোন হিসাবখাতে ভুলবশতঃ মোটেই লেখা না হলে—দাখিলাটি লেখো।
- ২। কোন হিসাবখাতে ভুলবশতঃ কম বা বেশী লেখা হলে :—
 - (i) Debit দিকে কম হলে—কম অঙ্ক দিয়ে debit করুন।
 - (ii) Credit দিকে কম হলে — কম অঙ্ক দিয়ে credit করুন।

- (iii) Debit দিক বেশী হলে — বেশী অঙ্ক দিয়ে credit করুন।
- (iv) Credit দিক বেশী হলে — বেশী অঙ্ক দিয়ে debit করুন।
- ৩। কোন হিসাবখাতে ভুল দিকে সঠিক অঙ্ক লেখা হলে :—
- (i) Debit দিকে লেখা হলে — দ্বিগুণ অঙ্ক দ্বারা credit করুন।
- (ii) Credit দিকে লেখা হলে — দ্বিগুণ অঙ্ক দ্বারা debit করুন।
- ৪। কোন হিসাবখাতে ভুল দিকে অঙ্ক লেখা হলে :—
- (i) Debit দিকে লেখা হলে — (সঠিক অঙ্ক + ভুল অঙ্ক) দিয়ে credit করুন।
- (ii) Credit দিকে লেখা হলে — (সঠিক অঙ্ক + ভুল অঙ্ক) দিয়ে debit করুন।
- উপরের সূত্র ছাড়াও নিম্নে আরও একটি কৌশল দেওয়া হল। সূত্রটি কয়েকটি ভাগে ভাগ করে আলোচনা করা হল—
- ১। বইতে যে ভুল দাখিলা (Wrong Entry) হয়েছে — তা লিখুন।
- ২। ভুল দাখিলাটির বিপরীত দাখিলা লিখুন। অর্থাৎ ভুল দাখিলাতে যে হিসাবখাত debit করা হয়েছে, তা credit এবং হিসাবখাত credit করা হয়েছে, তা debit করুন।
- ৩। শুদ্ধ দাখিলাটি লিখুন।
- ৪। উপরোক্ত ২ এবং ৩ নম্বর দাখিলাগুলির মধ্যে যে কয়টি একরকম (Common), কিন্তু বিপরীত দিকে (অর্থাৎ একটি debit-এর দিকে এবং অপরটি credit-এর দিকে) আছে, সেগুলি কাটাকাটির পর হিসাবখাতগুলি পড়ে থাকবে, সেগুলি নিয়ে সংশোধনী দাখিলা হবে। Debit বা credit অঙ্কের মধ্যে গরমিল থাকলে গরমিলের অঙ্ক দিয়ে Suspense A/c টি debit বা credit করতে হবে।
- ৫। কোন পর্যায়ে ভুল ধরা পড়ল — এ বিষয়ে আগেই আলোচনা হয়েছে। তবে মনে রাখা দরকার ভুল যদি চূড়ান্ত হিসাব তৈরীর পরে ধরা পড়ে সংশোধন করতে হয়—তবে Nominal Account (লাভ, লোকসান, আয়, ব্যয় ইত্যাদি)-এর পরিবর্তে Profit & Loss Adjustment A/c-এ লিখতে হবে।
- নিম্নে উদাহরণের সাহায্যে ভুল সংশোধন দাখিলা শিক্ষার্থীদের সুবিধের জন্য তালিকা করে আলোচনা করা হল :—

১৩.৭ উদাহরণ

- (i) Goods purchased for Rs. 500 from A was credit to B's A/c.
- (ii) Purchase of Machinery for Rs. 1500 was recorded as ordinary purchase.
- (iii) Cash Sales of Rs. 2000 was recorded as Credit Sale.
- (iv) Cash received from Shankar for Rs. 500 was credited to Subir as Rs. 400

সমাধান :

সঠিক দাখিলা Right Entry	ভুল দাখিলা Wrong Entry	সংশোধনী দাখিলা Rectified Entry
(i) Purchase A/c Dr. 500 To A's A/c 500	Purchase A/c Dr. 500 To B's A/c 500	B's A/c Dr. 500 To A's A/c 500
(ii) Machinery A/c Dr. 1500 To Cash A/c 1500	Purchase A/c Dr. 1500 To Cash A/c 1500	Machinery A/c Dr. 1500 To Purchase A/c 1500
(iii) Cash A/c Dr. 2000 To Sales A/c 2000	Debtor's A/c Dr. 2000 To Sales A/c 2000	Cash A/c Dr. 2000 To Debtor's A/c 2000
(iv) Cash A/c Dr. 500 To Shankar's A/c 500	Cash A/c Dr. 500 To Subir's A/c 400	Subir's A/c Dr. 400 Suspense A/c Dr. 100 To Shankar's A/c 500

কিভাবে ভুলগুলির জন্য বিভিন্ন পর্যায়ে কি কি দাখিলা হবে, তা নিম্নে আলোচনা করা হল :—

উদাহরণ : ২

- Purchase Day Book is under cost by Rs. 200.
- Salaries paid Rs. 500 was debited to Rent A/c.
- A credit sale of Rs. 1000 to Rabi was wrongly credited to Sales A/c as Rs. 900
- Purchase of Rs. 1,500 on credit was credited to Creditors A/c as Rs. 150.
- Cash received from Ram for Rs. 300 was wrongly credited to Rahim.
- Rs. 700 paid to Bimal was omitted to be debited to his personal account.
- Machinery purchased for Rs. 600 was wrongly passed through purchase A/c.
- Rent paid Rs. 450 was wrongly debited to Landlord A/c.

সমাধান :

নম্বর	প্রথম পর্যায়	দ্বিতীয় পর্যায়	তৃতীয় পর্যায়
	রেওয়ামিল প্রস্তুত করবার পূর্বে	রেওয়ামিল প্রস্তুত করবার পর কিন্তু চূড়ান্ত হিসাব তৈরীর পূর্বে	চূড়ান্ত হিসাব তৈরীর পর
(i)	Purchase A/c-কে 200 টাকা debit করতে হবে	Purchase A/c Dr. 200 To Suspense A/c 200	P & L Adj. A/c Dr. 200 To Suspense A/c 200
(ii)	Salaries A/c Dr. 500 To Rent A/c 500	প্রথম পর্যায়ের মত	কোন দাখিলা হবে না
(iii)	Sales A/c-কে 100 টাকা credit করতে হবে	Suspense A/c Dr. 100 To Sales A/c 100	Suspense A/c Dr. 100 To P & L Adj. A/c 100
(iv)	Creditors A/c-কে 1350 টাকা credit করতে হবে	Suspense A/c Dr. 1350 To Creditors A/c 1350	দ্বিতীয় পর্যায়ের মত

নম্বর	প্রথম পর্যায় রেওয়ামিল প্রস্তুত করবার পূর্বে	দ্বিতীয় পর্যায় রেওয়ামিল প্রস্তুত করবার পর কিন্তু চূড়ান্ত হিসাব তৈরীর পূর্বে	তৃতীয় পর্যায় চূড়ান্ত হিসাব তৈরীর পর
(v)	Rahim's A/c Dr. 300 To Ram's A/c 300	প্রথম পর্যায়ের মত	প্রথম পর্যায়ের মত
(vi)	Bimal's A/c-কে 700 টাকা debit করতে হবে	Bimal's A/c Dr. 700 To Suspense A/c	দ্বিতীয় পর্যায়ের মত
(vii)	Machinery A/c Dr. 600 To Purchase A/c 600	প্রথম পর্যায়ের মত	Machinery A/c Dr.600 To P & L Adj. A/c 600
(viii)	Rent A/c Dr. 450 To Landlord A/c 450	প্রথম পর্যায়ের মত	P & L Adj. A/c Dr.450 To Landlord A/c 450

উদাহরণ : ৩

শ্রীমা অ্যান্ড কোম্পানীর রেওয়ামিল মেলেনি। হিসাব পরীক্ষা করে নিম্নলিখিত ভুল নির্ধারণ করা হয়েছে। ভুল সংশোধনী দাখিল দিন এবং রেওয়ামিলের ভুল অঙ্ক (difference in Trial Balance) বাহির করুন :—

- ১০০ টাকা মোহনের থেকে পাওয়া গেছে। কিন্তু লিপিবদ্ধ করা হয়নি।
- ক্রয় বই (Purchase Day Book)-এ যোগপল ২০০ টাকা কম হয়েছে।
- টাইপ মেশিন ৮০০ টাকা দিয়ে ক্রয় করা হয়েছে, কিন্তু তা ক্রয় বইতে লেখা হয়েছে।
- বাড়ী তৈরী করতে ৫০০ টাকা মজুরি দেওয়া হয়েছে, কিন্তু বাড়ী (Building) হিসাবখাতের পরিবর্তে মজুরি হিসাবখাতে debit করা হয়েছে।
- ৮১৭ টাকার ধারে ক্রয় করা হয়েছে। কিন্তু Creditors-এর হিসাবে ৮৭৭ টাকা debit করা হয়েছে।
- শ্যামল ২৫০ টাকার মাল ফেরৎ পাঠিয়েছে, কিন্তু কোন লেনদেন লিপিবদ্ধ করা হয়নি।
- ৪০০ টাকার মাল কমলকে ধারে বিক্রয় করা হয়েছে। কিন্তু কমলের হিসাবে তা credit করা হয়েছে।
- ১১০০ টাকার মাল বিমলকে ধারে বিক্রয় করা হয়েছে। কিন্তু উহা ক্রয় বইতে লেখা হয়েছে। বিমলের হিসাব সঠিকভাবে debit করা হয়েছে।

সমাধান :

In the Books of Srma & Co. Journal Entries

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
(ক)	Bank A/c Dr. To Mohan's A/c		100	100

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
(ঞ)	Purchase A/c Dr. To Suspense A/c (Being Purchase Day book was under cast by Rs. 200, now rectified)		200	200
(঑)	Type Writer (Office Equipment) A/c Dr. To Purchase A/c (Being Type Machine purchased, but treated as purchase. now rectified)		800	800
(঒)	Building A/c Dr. To Wages A/c (Being wages paid for construction of building, but debited to wages A/c, now rectified)		500	500
(ও)	Suspense A/c Dr. To Creditors A/c (Being creditors A/c wrongly debited as Rs. 877 instead of being credited by Rs. 817, now rectified)		1,694	1,694
(ঔ)	Return Inward A/c Dr. To Shaymal's (Debtors) A/c (Being goods returned by Shaymal, not recorded in the Books, now rectified)		250	250
(ঐ)	Kamal's (Debtors) A/c Dr. To Suspense A/c (Being goods Sold to Kamal for Rs. 400, wrongly credited to his account, now rectified)		800	800
(ঊ)	Suspense A/c Dr. To Purchase A/c To Sales A/c (Being goods Sold on credit, but wrongly passed through purchase A/c, now rectified)		2,200	1,100 1,100

Dr.	Suspense A/c		Cr
	Rs.		Rs.
To Creditors A/c	1,694	By Purchase A/c	200
To Purchase A/c	1,100	By Kamals's A/c	800
To Sales A/c	1,100	By Difference in	2,894
		Trial Balance (Bal. fig.)	
	3,894		3,894

উদাহরণ : ৪

নিম্নলিখিত ভুলগুলি রেওয়ামিল প্রস্তুত করবার পর ধরা পড়ল। ভুল সংশোধনীর দাখিলা লিখুন।

- ৪৬ টাকা বাট্টা (discount) দিয়ে রাপেনের নিকট থেকে ৩,৪৫৬ টাকার একটি চেক (Cheque) পাওয়া গেল। চেকটি রাবণকে স্বাক্ষর (Endorsement) করা হয়েছে, এক্ষেত্রে ৪৪ টাকা বাট্টা পাওয়া গেল। পরবর্তী সময় চেকটি প্রত্যাখ্যান (Dishonour) হল। কিন্তু কোন দাখিলা হল না।
- ২৩০ টাকার মাল সুরেশ ফেরৎ দিল। কিন্তু তা ক্রয় বইতে লেখা হ'ল, এবং সুবলের হিসাবে ৩২০ টাকা Credit করা হ'ল।
- যন্ত্রপাতি ক্রয় করবার সময় ৪৯ টাকা ভাড়া (Freight) দেওয়া হয়েছে। কিন্তু ভাড়া (Freight) হিসাবখাত-কে ৬৮ টাকা Debit করা হয়েছে।
- ৫০ টাকা বাট্টা (discount) দিয়ে রামের কাছ থেকে ৩০০ টাকা পাওয়া গেছে। কিন্তু ভুল করে বাট্টা ব্যাঙ্কের হিসাবে এবং ব্যাঙ্ক বাট্টার হিসাবে লেখা হয়েছে।
- বুক্ষণ (Bad Debt) হয়েছে ৮৫০ টাকা। কিন্তু খরিদদার (Customer)-এর হিসাবে লেখা হয়নি।
- স্বপন ৭৫০ টাকায় যন্ত্রপাতি মেরামত করেছে। কিন্তু ভুল করে ক্রয় বইতে (Purchase Day Book) ৬৫০ টাকা লেখা হয়েছে।
- রবিনকে ৭১ টাকার মাল নগদে বিক্রয় করা হয়েছে। নগদান বইতে সঠিক লেখা হলেও রবিনের হিসাবকে Debit করা হয়েছে।

সমাধান :

**In the Books of Srima & Co.
Journal Entries**

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
(i)	Rupen's A/c Dr.		3,502	
	Discount Received's A/c Dr.		44	
	To Raban's A/c			3,500
	To Discount Allowed A/c			46
	(Being cheque received from Rupen was endorsed to Raban it was dishonoured, and not recorded, now rectified)			

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
(ii)	Return Inward A/c Dr. Subol's A/c Dr. To Suresh's A/c To Purchase A/c To Suspense A/c (Goods returned by Suresh, entered wrongly purchase A/c and debited to Subol, now rectified)		230 320	230 230 90
(iii)	Machinery A/c Dr. Suspense A/c Dr. To Freight A/c (Being freight paid for purchase of Machinery, debited to Freight A/c, now rectified)		49 19	68
(iv)	Bank A/c Dr. To Discount Allowed A/c (Being Cash received Rs. 300 from a Customer after allowing him a discount of Rs. 50, entered in the Book A/c, as Rs. 50 and in discount allowed A/c as Rs. 300, now rectified)		250	250
(v)	Suspense A/c Dr. To Debtors' A/c (Being bad debt written off, not recorded in debtors A/c, now rectified)		850	850
(vi)	Repairs A/c Dr. To Purchase A/c To Suspenses A/c (Being repairs done for machinery for Rs. 750, wrongly recorded in the Purchase Day Book as Rs. 650, now rectified)		750	650 100
(vii)	Suspense A/c Dr. To Rabin's A/c (Being goods sold to Rabin on cash, but wrongly debited to his A/c, now rectified)		71	71

উদাহরণ : ৫

নিম্নলিখিত ভুলগুলি চূড়ান্ত হিসাব (Final Accounts) প্রস্তুত করবার পর ধরা পড়ল। সংশোধনী দাখিল দিন এবং Profit & Loss Adjustment Account দেখান।

- (i) ৪০০ টাকা বাড়ীভাড়া আগামী বছরের জন্য অগ্রিম দেওয়া হয়েছে। কিন্তু ভাড়া (Rent) হিসাবকে ৫০০ টাকা debit করা হল।
- (ii) ২,০০০ টাকার পণ্য নির্মলের কাছ থেকে ধারে কেনা হয়েছে। কিন্তু, বিক্রয় বইতে ১,৮০০ টাকা লেখা হয়েছে।
- (iii) অবিক্রীত পণ্য (Closing Stock) ৯০০ টাকা অধিক দেখানো হয়েছে।
- (vi) বিক্রয় ফেরত বই (Return Inward Book) ৩০০ টাকা কম দেখানো হয়েছে।
- (v) ৮০ টাকায় যন্ত্রপাতি মেরামত করা হয়েছে। কিন্তু যন্ত্রপাতি (Machinery) হিসাবখাতে ১০০ টাকা debit করা হয়েছে।
- (vi) ২০০ টাকা বাট্টা (discount) খরিদদার (Customer)-কে দেওয়া হয়েছে। কিন্তু খরিদদারের হিসাবখাতে Credit করা হয়নি।

সমাধান :

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
(i)	Prepaid Rent A/c Dr. Suspense A/c Dr. To P & L Adjustment A/c (Being Rs. 400 paid as rent for the next year, wrongly debited to Rent A/c as Rs. 500, now rectified)		400 100	500
(ii)	P & L Adjustment A/c Dr. To Suspense A/c (Being goods purchased for Rs. 2,000 on credit, wrongly entered in Sales A/c as Rs. 1,800, now rectified)		3,800	3,800
(iii)	P & L Adjustment A/c Dr. To Closing Stock A/c (Being Closing Stock overvalued by Rs. 900, now rectified)		900	900
(iv)	P & L Adjustment A/c Dr. To Suspense A/c (Being Return Inward Book overcast by Rs. 300, now rectified)		300	300

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
(v)	P & L Adjustment A/c Dr.		80	
	To Suspense A/c Dr.		20	
	To Machinery A/c			100
	(Being Rs. 80 repairs done to Machinery, wrongly debited to Machinery A/c as Rs. 100, now rectified)			
(vi)	Suspense A/c Dr.		200	
	To Debtors A/c			200
	(Being discount allowed to debtors, not shown in the Debtors A/c, now rectified)			

Profit & Loss Adjustment A/c			
Dr.	Rs.	Cr	Rs.
To Suspense A/c	3,800	By Prepaid Rent A/c	400
To Closing Stock A/c	900	By Suspense A/c	100
To Suspense A/c	300	By Capital A/c (Transfer)	4,580
To Machinery A/c	80	(Bal. fig.)	
	5,080		5,080

১৩.৮ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলী (Theoretical Questions)

রচনাধর্মী (Essay Type)

- ১। ভুল সংশোধনের দাখিলা বলতে কি বোঝায়? কখন ও কোথায় এই দাখিলা করতে হয়? উদাহরণ সহ বিভিন্ন ধরনের ভুলগুলির ব্যাখ্যা করুন।
- ২। অনিশ্চিত হিসাব (Suspense A/c) বলতে কি বোঝায়? এটি কখন খোলা হয়? এর জের (balance) দ্বারা কি বোঝায়?
- ৩। চূড়ান্ত হিসাব প্রস্তুত করবার পর ভুল ধরা পড়লে কিভাবে তা সংশোধন করা হয়?
- ৪। এক তরফা ও দুই তরফা ভুল বলতে কি বোঝায়? রেওয়ামিল প্রস্তুত করবার পূর্বে সেগুলি ধরা পড়লে কিভাবে শুদ্ধ করবেন?

বিষয়মুখী প্রশ্নাবলী (Objective Questions)

১। শূন্যস্থান পূরণ করুন :—

- (ক) ভুল সংশোধনের দাখিলা লেখা হয়.....।
- (খ) রেওয়ামিল না মিললে অঙ্কের পার্থক্য.....হিসাবে পাঠানো হয়।
- (গ) যে ভুল ডেবিট অথবা ক্রেডিটের একটিকে বিকৃত করেছে, তাকে.....বলে।
- (ঘ) যে হিসাব ডেবিট হওয়ার কথা অথচ ভুলে ক্রেডিট হয়েছে, তাকে.....টাকার অঙ্ক দিয়ে ডেবিট করতে হবে।

সংক্ষেপে উত্তর দিন :

- (ক) কখন Profit & Loss Adjustment A/c-এর সাহায্যে ভুল সংশোধন করতে হয়?
- (খ) কখন কোন দাখিলা না করেও ভুল সংশোধন করতে হয়?
- (গ) নীতিগত ভুল কাকে বলে? দুটি উদাহরণ দিন।
- (ঘ) পরিপূরক ভুল কাকে বলে? দুটি উদাহরণ দিন।

ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Questions)

- ১। নিম্নলিখিত ভুলগুলি রেওয়ামিল প্রস্তুত করবার পরে ধরা পড়েছে। সংশোধনী দাখিলা করুন এবং অনিশ্চিত হিসাব (Suspense Account) প্রস্তুত করুন :—
 - (i) ৮৩ টাকার পণ্য ধারে ক্রয় করা হয়েছে, কিন্তু ক্রেতার (Supplier) হিসাবকে ৩৮ টাকা Credit করা হয়েছে।
 - (ii) ক্রয় ফেরত বই (Return Outward Book) ১০০ টাকা কম দেখানো হয়েছে।
 - (iii) ২৫০ টাকার অবচয় (Depreciation) ধার্য করা হয়েছে, কিন্তু যন্ত্রপাতি (Machinery) হিসাবে লেখা হয়নি।
 - (iv) ১,০০০ টাকায় একটি আসবাবপত্র (Furniture) বিক্রয় করা হয়েছে। কিন্তু বিক্রয় (Sales) হিসাবকে ১,২০০ টাকা Credit করা হয়েছে।
 - (v) নীহারের ৫০০ টাকার একটি ছগুর (Bill) টাকা প্রদান করা হয়েছে। কিন্তু নীহারকে debit করা হয়েছে।
 - (vi) ৩০০ টাকা হরির কাছ থেকে পাওয়া গেছে। কিন্তু ভুল করে হরির হিসাবকে ৩৩০ টাকা debit করা হয়েছে।
 - (vii) ১,২০০ টাকায় একটি যন্ত্র (Machinery) পুনরায় বিক্রি করবার জন্য ক্রয় করা হয়েছে। কিন্তু ভুল করে যন্ত্র (Machinery) হিসাবকে debit করা হয়েছে এবং ১০% হারে অবচয় ধার্য করা হয়েছে।
 - (viii) ৪০০ টাকা বাড়ী ভাড়া দেওয়া হয়েছে, কিন্তু বাড়ীওয়ালার (Landlord) হিসাবকে ৫০০ টাকা debit করা হয়েছে।

২। নিম্নলিখিত ভুলগুলি চূড়ান্ত হিসাব (Final Account) প্রস্তুত করবার পর ধরা পড়ল। সংশোধনী দাখিল দিন এবং Profit & Loss Adjustment A/c প্রস্তুত করুন :—

- (i) বিক্রয় বই ২৫০ টাকা কম দেখানো হয়েছে।
- (ii) ১০০ টাকায় যন্ত্র মেরামত করা হয়েছে। কিন্তু যন্ত্র (Machinery) হিসাবকে debit করা হয়েছে।
- (iii) ৫০০ টাকার পণ্য নগদে ক্রয় করা হয়েছে। কিন্তু ক্রয় (Purchase) হিসাবকে debit করা হয়নি।
- (iv) ছয় মাসের সুদ (Interest) ৬০০ টাকা অগ্রিম দেওয়া হয়েছে। সুদের হিসাবকে debit করা হয়েছে।
- (v) ৫০ টাকার পণ্য বাবুর কাছ থেকে ধারে ক্রয় করা হয়েছে। কিন্তু ভুল করে বিক্রয় ফেরত বই (Sales Return Book)-এ লেখা হয়েছে। বাবুর হিসাব সঠিকভাবে লেখা হয়েছে।
- (vi) ২৭০ টাকার পণ্য কালুকে ধারে বিক্রয় করা হয়েছে। কিন্তু বিক্রয় বইতে ৪৫৭ টাকা লেখা হয়েছে এবং কালুর হিসাবকে ৭২০ টাকা debit করা হয়েছে।

১৩.৯ গ্রন্থপঞ্জী

- ১। হিসাবশাস্ত্র—ভট্টাচার্য ১৯৯৪।
- ২। Accountancy (Vol. I)—S. K. Paul 1999.
- ৩। Practice in Accountancy (Vol. I)—Basu & Das 1999.
- ৪। Advanced Accountancy—Gupta, Radhaswamy 1997.
- ৫। Principles and Application of Accounting (Vol. I)—A. Basu 1999.

একক ১৪ □ বাণিজ্যিক ছুটি এবং সাহায্যকারী ছুটি

গঠন

- ১৪.০ প্রস্তাবনা
- ১৪.১ বাণিজ্যিক ছুটি
- ১৪.২ বাণিজ্যিক ছুটির প্রয়োজনীয় উপাদান
 - ১৪.২.১ বাণিজ্যিক ছুটির নমুনা
- ১৪.৩ বিল-সংক্রান্ত লেনদেনের কর্ম প্রণালী
 - ১৪.৩.১ স্বীকৃতি প্রদান
 - ১৪.৩.২ বাট্টা দিয়ে ছুটি ভাঙানো
 - ১৪.৩.৩ বিলের স্বত্বান্তরকরণ
 - ১৪.৩.৪ আদায়ের জন্য প্রেরণ
 - ১৪.৩.৫ ধারক
 - ১৪.৩.৬ নিয়মানুসারে ধারক
 - ১৪.৩.৭ বিলের অর্থ প্রদান
 - ১৪.৩.৮ বিলের প্রত্যাখ্যান
 - ১৪.৩.৯ ছুটির নবীকরণ
 - ১৪.৩.১০ প্রাক্ মেয়াদ বিল শোধ
- ১৪.৪ ছুটির লেনদেন লিপিবদ্ধকরণ
- ১৪.৫ উদাহরণ
- ১৪.৬ সাহায্যকারী ছুটি
- ১৪.৭ উদাহরণ
- ১৪.৮ অনুশীলনী
- ১৪.৯ গ্রন্থপঞ্জী

১৪.০ প্রস্তাবনা

ব্যবসায় নগদ অর্থ বিভিন্ন লেনদেনের জন্য প্রয়োজন হয়। কিন্তু, নগদ অর্থ ব্যবহারের কিছু অসুবিধা আছে। যেমন, বহনের অসুবিধা, ঘরে রাখার বিপদ, গণনের অসুবিধা ইত্যাদি। এই অসুবিধা ও ঝুঁকি হ্রাস করার জন্য নগদ অর্থের পরিবর্তে বিকল্প কয়েকটি দলিলের ব্যবহার দেখা যায়। এই লিখিত প্রতিশ্রুতি বা দলিলের মালিকানা সহজেই হস্তান্তর করা যায় বলে একে ‘হস্তান্তরযোগ্য দলিল’ (Negotiable Instrument) বলে। ব্যবসায়ী জগতে এই সমস্ত দলিল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলে এগুলিকে নিয়ন্ত্রণ করার জন্য ভারত সরকার ১৮৮১ সালে ‘Negotiable Instrument Act’ নামে একটি আইন প্রণয়ন করে। চেক (Cheque), প্রমিসরি নোট (Promissory Note), বাণিজ্যিক হুণ্ডি (Bill of Exchange) প্রভৃতি হস্তান্তরযোগ্য দলিলের দৃষ্টান্ত।

১৪.১ বাণিজ্যিক হুণ্ডি

হস্তান্তরযোগ্য দলিল আইন (Negotiable Instrument Act)-এর ৫ ধারা অনুসারে হুণ্ডি হল লেখক কর্তৃক স্বাক্ষরিত একটি দলিলে উক্ত লেখক যদি অপর একজন নির্দিষ্ট ব্যক্তিকে বা তাহার আদিষ্ট কোন ব্যক্তিকে বা দলিলের বাহককে প্রদানের জন্য কোন একজন নির্দিষ্ট ব্যক্তিকে শর্তবিহীন আদেশ দেন, তবে এরূপ দলিলকে বাণিজ্যিক হুণ্ডি (Bill of Exchange) বলে। একে চলতি কথায় বিল (Bill)-ও বলা হয়।

১৪.২ বাণিজ্যিক হুণ্ডির প্রয়োজনীয় উপাদান

একটি বিলের নিম্নলিখিত বৈশিষ্ট্য বা উপাদান দেখা যায় :—

(ক) বিল লিখিত দলিল হওয়া আবশ্যিক।

(খ) বিলে লিখিত আদেশ ব্যক্ত এবং শর্তহীন হওয়া আবশ্যিক।

(গ) এই দলিলে সাধারণতঃ তিনটি পক্ষ (Party) জড়িত থাকে—(i) লেখক (Drawer) যিনি দলিল লেখেন বা প্রস্তুত করেন। উনিই পাওনাদার। (ii) গ্রাহক (Drawee) যাকে টাকা প্রদানের আদেশ দেওয়া হয়েছে। উনিই দেনাদার। (iii) প্রাপক (Payee) যাকে বা যার আদেশ মত টাকা দিতে বলা হয়েছে।

(ঘ) বিলে লেখকের স্বাক্ষর থাকা আবশ্যিক।

(ঙ) বিলে প্রদেয় অর্থের পরিমাণ নির্দিষ্টভাবে উল্লেখ থাকা প্রয়োজন।

(চ) দলিলে উপযুক্ত পরিমাণ স্ট্যাম্প (Stamp) লাগানো প্রয়োজন। নয়ত তা আদালতে গ্রাহ্য হবে না।

(ছ) দেনাদার বা গ্রাহক (Acceptor) দ্বারা স্বীকৃত (Acceptance) না হওয়া পর্যন্ত দলিলটি সম্পূর্ণ হয় না।

১৪.২.১ বাণিজ্যিক হুণ্ডির নমুনা

Stamp	5, Bidhan Sarani Calcutta—700 012	
Three months after date, pay Mr. S. Das, or order, the Sum of Rupees Two thousand only for value received.		
To	Accepted	
Sri A. Roy	Sd/- A. Roy	Sd/- B. Sen
1, B. B. D. Bag, Cal-16.10.98		5.10.98

১৪.৩ বিল-সংক্রান্ত লেনদেনের কর্মপ্রণালী

বিল বা হুণ্ডি লেখন (Drawing of a Bill):— পাওনাদার টাকা পাবার জন্য প্রথমে হুণ্ডিটি লিখে দেনাদারের কাছে তার সম্মতিসূচক সইয়ের জন্য পাঠায়। একেই হুণ্ডি লেখন বলা হয়। পাওনাদার বিলটি লেখেন বলে তাকে লেখক বা Drawer বলা হয়।

১৪.৩.১ স্বীকৃতি প্রদান

পাওনাদারের কাছ থেকে বিলটি পাবার পর দেনাদার যদি যথা সময়ে ঋণ পরিশোধ করতে সম্মত হলে, বিলের উপর 'স্বীকৃত' (Accepted) কথাটি লিখে তারিখ সহ সই করে পুনরায় পাওনাদারের কাছে ফেরত পাঠায়। যেহেতু দেনাদার বিলটিতে স্বীকৃতি প্রদান করে, তাই তাকে স্বীকৃতিদাতা (Acceptor) বলে।

১৪.৩.২ বাট্টা দিয়ে হুণ্ডি ভাঙানো

কোন বিলের ধারক ইচ্ছা করলে মেয়াদপূর্তির আগেই হুণ্ডিটি ব্যাঙ্কে হস্তান্তর করে নগদ অর্থ পেতে পারে। মেয়াদপূর্তির পূর্বেই বিলটির জন্য নগদ অর্থ দিচ্ছে বলে ব্যাঙ্ক বিলটির লিখিত মূল্য (Face Value) থেকে কিছু অর্থ কেটে রাখে। বিলের লিখিত মূল্য থেকে ব্যাঙ্ক যে অর্থ কেটে রাখে তাকে বাট্টা (Discount) বলে। এই ভাবে বিল ভাঙানোর সমগ্র পদ্ধতিটিকে বলা হয় বাট্টা দিয়ে হুণ্ডি ভাঙানো (Discounting a Bill)।

১৪.৩.৩ বিলের স্বত্বান্তরকরণ

বিল একটি হস্তান্তর যোগ্য দলিল। কোন বিলের হুণ্ডিকার (Drawer) বা ধারক (Holder) অন্য কোন ব্যক্তিকে হুণ্ডির স্বত্ব হস্তান্তর করতে পারেন। হস্তান্তর করার জন্য বিলের পিছনে বা উপরে বা সংলগ্ন কোন কাগজে স্বাক্ষর করতে হয়।

১৪.৩.৪ আদায়ের জন্য প্রেরণ

অনেক সময় বিলটি মেয়াদপূর্তিতে আদায়ের জন্য ব্যাঙ্কের কাছে পাঠান হয়। ব্যাঙ্ক ধারকের প্রতিনিধি হিসাবে মেয়াদপূর্তিতে বিলটি দেনাদারের থেকে অর্থ আদায়ের দায়িত্ব গ্রহণ করে এবং আদায়ীকৃত টাকা ধারকের

হিসাবে জমা হয়। এই কাজের জন্য ব্যাঙ্ক ধারকের কাছে আদায়করণের খরচ (Collection Charge) বাবদ কিছু অর্থ ধার্য করে। মনে রাখা দরকার, বিল ডাঙ্কান (discounting) এবং আদায়ের জন্য ব্যাঙ্কে বিল প্রেরণ এক নয়। বিল ডাঙ্কানোর অর্থ হস্তির স্বত্বান্তর হয়। কিন্তু ব্যাঙ্কে বিল আদায়ের জন্য পাঠালে স্বত্বান্তর হয় না। সেক্ষেত্রে ব্যাঙ্ক ধারকের প্রতিনিধি (Agent) হিসাবে কাজ করে।

১৪.৩.৫ ধারক

কোন ব্যক্তি নিজের নামে দলিলের দখল এবং দলিলের দেয় অর্থ আদায় করবার অধিকার লাভ করলে তাকে ধারক বা স্বত্বাধিকারী বলে।

১৪.৩.৬ নিয়মানুসারে ধারক

কোন ব্যক্তি মূল্যবান প্রতিদানের বিনিময়ে মেয়াদপূর্তির আগেই হস্তির দখল লাভ করলে সেই ব্যক্তিকে নিয়মানুসারে ধারক বলে।

১৪.৩.৭ বিলের অর্থ প্রদান, মেয়াদপূর্তি এবং রেয়াতি দিবস

দাবিমাত্র দেয় (Payable on Demand) বা দর্শনমাত্র দেয় (Bill at Sight) বিলে যে তারিখ লেখা থাকে, সেই তারিখেই এর মেয়াদপূর্তি হয়। এক্ষেত্রে দলিলের তারিখ ও মেয়াদপূর্তির দিনের মধ্যে কোন তফাৎ নেই। বিল দেনাদারের কাছে উপস্থিত করা মাত্র টাকা প্রদান করতে হয়। এখানে রেয়াতি হিসাবে অতিরিক্ত সময় দেওয়া হয় না।

দাবিমাত্র, দর্শনমাত্র বা উপস্থাপন মাত্র দেয় নয়, এরূপ বিল যে তারিখে পরিশোধ, সেই দিনের সঙ্গে অতিরিক্ত ৩ দিন যোগ করে মেয়াদপূর্তির তারিখ ঠিক করা হয়। এই অতিরিক্ত ৩ দিনকে রেয়াতি দিন (Days of Grace) বলে।

হস্তান্তরযোগ্য দলিল আইনের ২৫ ধারা অনুযায়ী কোন হস্তির মেয়াদপূর্তির দিন (রেয়াতি দিন সহ) যদি রবিবার বা সাধারণ ছুটির দিন হয়, তবে ঐ তারিখের আগের কার্য দিবসে বিলটির মেয়াদপূর্তির দিন ধরতে হবে। যেমন ২৯শে জুন ১৯৯৮ তারিখে প্রস্তুত ৩ মাস পরে প্রদেয় কোন বিলের মেয়াদপূর্তি দিন হল ১লা অক্টোবর '৯৮, কারণ ৩ মাস ৩দিন ধরলে নির্দিষ্ট দিনটি হয় ২রা অক্টোবর '৯৮। কিন্তু ঐ দিন ছুটির দিন হলে এর পূর্ববর্তী কার্যদিবস ১লা অক্টোবর '৯৮ তারিখ বিলের মেয়াদপূর্তির দিন।

১৪.৩.৮ বিলের প্রত্যাখ্যান

মেয়াদপূর্তি হওয়া মাত্র টাকা আদায়ের জন্য বিল সংশ্লিষ্ট Drawee-র কাছে পাঠানো হয়। তখন যদি Drawee টাকা দিতে অসমর্থ হয়, তা হলে বিলটি প্রত্যাখ্যান (dishonour) হল বলে ধরতে হবে। বিল প্রত্যাখ্যাত হলে এর প্রমাণ হিসাবে ধারক কোন নোটারি পাবলিক (Notary Public) দিয়ে প্রত্যাখ্যানের বিষয়টি লিপিবদ্ধ করে। ইহাকে নোটিং (Noting) বলে এবং নোটিং বাবদ যে খরচা হয় তাকে নোটিং চার্জ (Noting Charge) বলে।

১৪.৩.৯ হস্তির নবীকরন

যখন বিলের গ্রাহক (Drawee) মেয়াদপূর্তির দিন হস্তির অর্থ পরিশোধ করতে সমর্থ না হয়, তবে সে অনেক সময় অর্থপ্রাপককে অনুরোধ করে যেন তিনি উক্ত হস্তিটি বাতিল করেন এবং তার পরিবর্তে একটি

নতুন ছত্তি বর্ধিত মেয়াদের স্বীকার করতে তাকে অনুমতি দেন। এরূপ নতুন ছত্তি কাটাকে ছত্তির নবীকরন বলে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সাধারণতঃ পুরাতন ছত্তির টাকার অঙ্ক ও বর্ধিত মেয়াদের জন্য সুদ যোগ করে নতুন বিলের টাকার অঙ্ক নির্ধারণ করা হয়।

১৪.৩.১০ প্রাক্ মেয়াদ বিল শোধ

অনেক সময় নির্দিষ্ট মেয়াদ পূর্ণ হওয়ার আগেই দেনাদার স্বীকৃত বিলটির অর্থ পরিশোধ করে দেয়। একে প্রাক্ 'মেয়াদপূর্তির পূর্বে শোধ' বলে।

১৪.৪ ছত্তির লেনদেন লিপিবদ্ধকরণ

পাওনাদার যেহেতু বিলের পরিবর্তে টাকা পাবেন, তাই পাওনাদারের কাছে বিলটিকে প্রাপ্য ছত্তি (Bill Receivable) বলে। আবার যেহেতু দেনাদার বিলের পরিবর্তে টাকা প্রদান করতে বাধ্য থাকেন, তাই দেনাদারের কাছে বিলটিকে দেয় ছত্তি (Bill Payable) বলে।

পাওনাদারের বই
(In the Books of Drawer)
A

বিলটিকে লেখা ও স্বীকৃতি পাওয়ার পর

Bill Receivable A/c Dr.

To Drawee (B's) A/c

Drawer এই বিলটি নিয়ে সাধারণতঃ

তিনটি কাজ করতে পারে।

১। ছত্তিটি মেয়াদপূর্তি পর্যন্ত নিজের কাছে রেখে দেয়।

যেহেতু কোন লেনদেন হয়নি, কোন দাখিলা হবে না।

২। ছত্তিটি ব্যাঙ্ক থেকে ভাঙানো হল (discounting)

Bank A/c Dr.

Discount A/c Dr.

To Bill Receivable A/c

৩। ছত্তিটি অপর কোন ব্যক্তিকে হস্তান্তর করা হল (Endorsement)

Party A/c Dr.

To Bill Receivable A/c

মেয়াদপূর্তির শেষে টাকা আদায় হল (Honourment of the Bill)

১। Drawer ছত্তিটি নিজের কাছে রেখে দেয়।

Bank A/c Dr.

দেনাদারের বই

(In the Books of Drawee)

B

Drawer's A/c Dr.

To Bill Payable A/c

Bill Payable A/c Dr.

To Bill Receivable A/c

To Bank A/c

২। হুণ্ডিটি ব্যাঙ্ক থেকে ভাঙান হয়।

কোন দাখিলা হবে না।

Bill Payable A/c Dr.

To Bank A/c

৩। হুণ্ডিটি যখন অপর কোন ব্যক্তিকে হস্তান্তর করা হয়।

কোন দাখিলা হবে না।

Bill Payable A/c Dr.

To Bank A/c

মেয়াদ শেষে টাকা আদায় না হলে (Dishonour of the Bill)

১। Drawer হুণ্ডিটি নিজের কাছে রেখে দেয়।

Drawee's (B) A/c Dr.

Bill Payable A/c Dr.

To Bill Receivable A/c

To Drawer's (A) A/c

২। হুণ্ডিটি ব্যাঙ্ক থেকে ভাঙান হলে।

Drawee's A/c Dr.

Bill Payable A/c Dr.

To Bank A/c

To Drawer's A/c

৩। হুণ্ডিটি যখন অপর কোন ব্যক্তিকে হস্তান্তর করা হলে।

Drawee's A/c Dr.

Bill Payable A/c Dr.

To Endorsee's A/c

To Drawer's A/c

লক্ষ্য করবার বিষয়, Drawee-এর বইতে, যদি Bill-এর টাকা প্রদান করা হয়, তা হলে সবসময় দাখিলা হবে :—

Bill Payable A/c Dr.

To Bank A/c

এবং যদি বিল প্রত্যাখ্যান করা হয় দাখিলা হবে :

Bill Payable A/c Dr.

To Drawer's A/c

১৪.৫ উদাহরণ

উদাহরণ : ১

১লা জানুয়ারী ১৯৯৮ সালে অজয় বিজয়ের উপর ৩ মাসের মেয়াদে যথাক্রমে ৩০০০ টাকা, ৫০০০ টাকা এবং ৭,০০০ টাকার তিনটি হুণ্ডি কাটল। বিজয় স্বীকৃতি দিল। অজয় প্রথম বিলটি নিজের কাছে গচ্ছিত রাখল। দ্বিতীয় বিলটি বার্ষিক ৬% হারে ব্যাঙ্ক থেকে ভাঙানো হল। তৃতীয় বিলটি সুবীরকে হস্তান্তর করা হল।

মেয়াদপূর্তিতে প্রথম ও তৃতীয় বিলের টাকা পাওয়া গেল। কিন্তু দ্বিতীয় বিলটি প্রত্যাখ্যান (dishonour) হল। ব্যাঙ্ক ২০ টাকা নোটিং চার্জ দাবি করল।

বিজয় 2020 টাকা নগদে অজয়কে দিল এবং বাকি অর্থের জন্য ৩ মাস মেয়াদের একটি নতুন ছাড়ের (বার্ষিক ৬% সুদে) স্বীকৃতি দিল।

শেষ বিলের মেয়াদপূর্তিতে বিজয় দেউলিয়া (Insolvent) ঘোষিত হল। তার সম্পত্তি থেকে 20 পয়সা হারে ডিভিডেন্ড পাওয়া গেল।

অজয় ও বিজয়ের বইতে জাবেদার দাখিল দেখাও :

**In the Books of Ajoy
Journal**

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
1.1.98	Bill Receivable A/c Dr. To Bijoy's A/c (Being three bills of Rs. 3,000, Rs. 5,000 & Rs. 7,000 at 3 months drawn upon Bijoy)		15,000	15,000
1.1.98	Bank A/c Dr. Discount A/c Dr. To Bill Receivable A/c (Being the 2nd bill discounted with a bank at a discounting charge of 6% p.a.)		4,925 75	5,000
1.1.98	Subir's A/c Dr. To Bill Receivable A/c (Being the 3rd bill endorsed to Subir)		7,000	7,000
4.4.98	Bank A/c Dr. To Bill Receivable A/c (Being the 1st bill honoured on maturity)		3,000	3,000
4.4.98	Bijoy's A/c Dr. To Bank A/c (Being the 2nd bill is dishonoured on maturity & Bank charged noting charge)		5,020	5,020

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
4.4.98	Bank A/c Dr. To Bijoy's A/c (Being the amount received from Bijoy)		2,020	2,020
4.4.98	Bijoy's A/c Dr. To Interest A/c (Being the interest receivable from Bijoy)		45	45
4.4.98	Bill Receivable A/c Dr. To Bijoy's A/c (Being a new bill drawn upon Bijoy with interest payable after 3 months)		3,045	3,045
7.7.98	Bijoy's A/c Dr. To Bill Receivable A/c (Being the bill is dishonoured on Bijoy's insolvency)		3,045	3,045
7.7.98	Bank A/c Dr. Bad Debt A/c Dr. To Bijoy's A/c (Being a final dividend to 20 paisa in a rupee was realised from Bijoy's estate).		609 2,436	3,045

**In the Books of Bijoy
Journal**

Date	Particular	L.F Rs.	Debit Rs.	Credit Rs.
1.1.98	Ajoy's Ac/ Dr. To Bills Payable A/c (Being 3 bills of Rs. 3,000. Rs. 5,000 and Rs. 7,000 payable after 3 months are accepted)		15,000	15,000
4.4.98	Bill Payable A/c Dr. To Bank A/c (Being the 1st bill honoured on maturity)		3,000	3,000
4.4.98	Bill Payable A/c Dr. Noting Charges A/c Dr. To Ajoy's A/c (Being the 2nd bill is dishonoured and noting charges provided)		5,000 20	5,020

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
4.4.98	Bill Payable A/c Dr. To Bank A/c (Being the 3rd bill was honoured on maturity)		7,000	7,000
4.4.98	Ajoy's A/c Dr. To Bank A/c (Being the amount paid to Ajoy)		2,020	2,020
4.4.98	Interest A/c Dr. To Ajoy's A/c (Being the interest payable to Ajoy)		45	45
4.4.98	Ajoy's A/c Dr. To Bill Payable A/c (Being a new bill for 3 months is accepted for the balance due, together with interest)		3,045	3,045
7.7.98	Bill Payable A/c Dr. To Ajoy's A/c (Being the bill is dishonoured on insolvency)		3,045	3,045
7.7.98	Ajoy's A/c Dr. To Bank A/c To Deficiency A/c (Being a final dividend of 20 paise in a rupee paid from estate)		3,045	609 2,436

উদাহরণ : ২

1.4.98 তারিখে রাম শ্যামকে 200 টাকার পণ্য ধারে বিক্রি করল। এক মাস বাদে রাম সমমূল্যের একটি ছন্ডি শ্যামের উপর (দু'মার মেয়াদি) কাটল এবং শ্যাম ছন্ডির স্বীকৃত দিল। রাম বিলটি ব্যাঙ্ক থেকে বার্ষিক 6% বাট্টা হিসাবে ভাঙালো। 8/6/98 তারিখে শ্যাম 100 টাকার পণ্য রামকে ফেরত পাঠাল।

মেয়াদপূর্তিতে বিলটি প্রত্যাখ্যান হ'ল এবং ব্যাঙ্ক ৫০ টাকা নোটিং চার্জ দাবি করল। রাম অবশিষ্ট টাকা এবং 30 টাকা সুদ সহ ৩ মাস মেয়াদি একটি নতুন বিল শ্যামের উপর লিখল। বিলটির টাকা মেয়াদপূর্তিতে পাওয়া গেল।

দু'জনের বইতে জাবেদার দাখিলা দেখাও :

সমাধান :

**In the Books of Ram
Journal**

Date	Particular	L.F Rs.	Debit Rs.	Credit Rs.
1.4.98	Shyam's A/c Dr. To Sales A/c (Being goods sold on credit to Shyam)		2,000	2,000
1.5.98	Bill Receivable A/c Dr. To Shyam's A/c (Being a bill drawn on Shyam payable after two month for the balance due)		2,000	2,000
1.5.98	Bank A/c Dr. Discount A/c Dr. To Bill Receivable A/c (Being the bill discounted with a bank.)		1980 20	2,000
8.6.98	Return Inward A/c Dr. To Shyam's A/c (Being the goods returned by Shyam)		100	100
4.7.98	Shyam's A/c Dr. To Bank A/c (Being the bill was dishonoured on maturity, noting charges provided)		2,050	2,050
4.7.98	Shyam's A/c Dr. To Interest A/c (Being interest receivable from Shyam)		30	30
4.7.98	Bill Receivable A/c Dr. To Shyam's A/c (Being a new bill drawn for 3 months for the balance due)		1,980	1,980
7.10.98	Bank A/c Dr. To Shyam's A/c (Being the bill is honoured on maturity)		1,980	1,980

*৩.৭.৯৮ তারিখের নতুন হুণ্ডির অর্থ (Amount) নির্ধারণ :

	Rs.
পুরানো বিলের অর্থ	2,000
(+) নোটিং চার্জ	50
(-) পণ্য ফেরৎ হয়েছে	100
(+) সুদ	30
	<hr/> 1,980 <hr/>

**In the Books of Shyam
Journal**

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
1.4.98	Purchase A/c Dr To Ram's A/c (Being goods purchased from Ram on Credit)		2,000	2,000
1.5.98	Ram's A/c Dr To Bills Payable A/c (Being a bill accepted for two months for the balance due)		2,000	2,000
8.6.98	Ram's A/c Dr To Return Outward A/c (Being the goods returned to Ram)		100	100
4.7.98	Bill Payable A/c Dr Noting Charges A/c Dr To Ram's A/c (Being the bill is dishonoured and noting charges provided)		2,000 50	2,050
4.7.98	Interest A/c Dr To Ram's A/c (Being the interest Payable)		30	30
4.7.98	Ram's A/c Dr To Bill Payable (Being a new bill accepted for 3 months for the balance due)		1,980	1,980
7.10.98	Bill Payable A/c Dr To Bank A/c (Being the bill is honoured on maturity)		1,980	1,980

উদাহরণ : ৩

অমল সুমিতের উপর যথাক্রমে 3000 টাকা, 2000 টাকা এবং 1000 টাকার তিনটি হুণ্ডি লিখল এবং সুমিত স্বীকৃতি দিল। একমাস পর উভয়ের ইচ্ছায় প্রথম বিলটি বাতিল (Cancelled) হ'ল। সুমিত 50% টাকা নগদে দিল এবং বাকী অর্থের জন্য 100 টাকা সুদ সহ একটি নতুন হুণ্ডির স্বীকৃতি দিল। এই বিলটি অমল বিমলকে হস্তান্তর করল। দ্বিতীয় বিলটি ব্যাঙ্ক থেকে 100 টাকা বাট্টার (discount) বিনিময়ে ভাঙান হ'ল। তৃতীয় বিলটি ব্যাঙ্কে আদায়ের জন্য প্রেরণ (sending the bill for collection) করা হ'ল।

মেয়াদপূর্তিতে সব হুণ্ডিগুলির টাকা প্রদান হল, কেবলমাত্র 2000 টাকার বিলটি প্রত্যাখ্যান হ'ল। সুমিত দু সপ্তাহ পরে নগদে 50 টাকা সুদ সহ প্রাপ্য অর্থ প্রদান করল।

অমল ও সুমিতের বইতে জাবেদার দাখিলা দেখাও :

**In the Books of Amal
Journal**

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
	Bill Receivable A/c Dr. To Sumit's A/c (Being three bills of Rs. 3000, Rs. 2000 & Rs. 1000 respectively drawn upon Sumit)		6,000	6,000
	Sumit's a/c Dr. To Bill Receivable A/c (Being the 1st bill was mutually cancelled)		3,000	3,000
	Bank A/c Dr. To Sumit's A/c (Being the amount received from Sumit)		1,500	1,500
	Sumit's A/c Dr. To Interest A/c (Being the interest receivable)		100	100
	Bill Receivable A/c Dr. To Sumit's A/c (Being a new bill drawn on Sumit together with interest)		1,600	1,600
	Bimal's A/c Dr. To Bill Receivable A/c (Being the bill endorsed to Bimal)		1,600	1,600

	Bank A/c Discount A/c To Bill Receivable A/c (Being the bill discounted with a Bank)	Dr. Dr.		1,900 100	2,000
	Bill for Collection A/c To Bill Receivable A/c (Being the bill sent to bank for collection)	Dr.		1,000	1,000
	Sumit's A/c To Bank A/c (Being the bill discounted with bank dishonoured on maturity)	Dr.		2,000	2,000
	Bank A/c To Bill for Collection A/c (Being the bill sent to bank for collection honoured on maturity)	Dr.		1,000	1,000
	Sumit's A/c To Interest A/c (Being interest receivable)		Dr.	50	50
	Bank A/c To Sumit's A/c (Being the amount received in cash, together with interest)		Dr.	2,050	2,050

**In the Books of Sumit
Journal**

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
	Amal's A/c To Bill Payable A/c (Being three bills of Rs. 3,000, Rs. 2000 & Rs. 1000 accepted)	Dr.	6,000	6,000
	Bill Payable A/c To Amal's A/c (Being the 1st bill mutually cancelled)	Dr.	3,000	3,000

Date	Particulars	L.F Rs.	Debit Rs.	Credit
	Interest A/c Dr. To Amal's A/c (Being interest payable)		100	100
	Amal's A/c Dr. To Bank A/c (Being the amount paid in cash)		1,500	1,500
	Amal's A/c Dr. To Bill Payable (Being a new bill for the balance due together with interest is accepted)		1,600	1,600
	Bill Payable A/c Dr. To Bank A/c (Being the bill honoured on maturity)		1,600	1,600
	Bill Payable A/c Dr. To Bank A/c (Being the bill honoured on maturity)		1,000	1,000
	Bill Payable A/c Dr. To Amal's A/c (Being the bill was dishonoured on maturity)		2,000	2,000
	Interest A/c Dr. To Amal's A/c (Being the Interest payable)		50	50
	Amal's A/c Dr. To Bank A/c (Being the dues paid in Cash together with interest)		2,050	2,050

১৪.৬ সাহায্যকারী হুণ্ডি :

ব্যবসায় সাধারণতঃ ধারে পণ্য ক্রয়-বিক্রয় হ'লে বা হিসাবের দেনা-পাওনার জের থাকলে বিলের আদান প্রদান হয়। কিন্তু অনেক সময় কোন পণ্য ক্রয়-বিক্রয় না করেও বা হিসাবের পাওনা না থাকলেও একপক্ষ অপরপক্ষের উপর বিল লেখে। অর্থাৎ কোন অর্থ দেনা থাকলেও বা প্রতিদান (Consideration) ছাড়াও অপর কাউকে আর্থিক সাহায্য করবার উদ্দেশ্যে যে বিল লেখা ও স্বীকৃত হয়, তাকে সাহায্যকারী বিল বলে।

সাহায্যকারী বিল-এ লেখক (Drawer) বিলটি কোন ব্যাঙ্ক থেকে বাট্টা (discount) দিয়ে ভাঙিয়ে নেয়। ফলে এই প্রাপ্ত অর্থ ব্যবসায় বিনিয়োগ করে। ইতিমধ্যে ব্যাঙ্ক থেকে ভাঙানো টাকার কিছু অংশ Drawer অপরপক্ষকে দিয়ে দেয়। মেয়াদপূর্তির ঠিক আগে Drawer তার বাকী অর্থ Drawee-কে পরিশোধ করে।

Acceptor পূর্বে যে টাকা লেখক (Drawer)- এর কাছ থেকে পেয়েছে এবং মেয়াদপূর্তির পূর্বে যে টাকা পেল তা দিয়ে বিলের অর্থ পরিশোধ করে।

১৪.৭ উদাহরণ

উদাহরণ : ১

হরি পারস্পরিক সুবিধার উদ্দেশ্যে ৫০০ টাকার একটি সাহায্যকারী ছত্তি যদুর উপর লিখল এবং যদু তার স্বীকৃতি দিল। বিলটি ৩ মাস মেয়াদি এবং স্বীকৃত হল ১লা আগস্ট ১৯৯৮ তারিখে। হরি বিলটি (বার্ষিক ৬% হারে) ব্যাঙ্ক থেকে ভাঙাল। প্রাপ্য অর্থের অর্ধেক (Half) যদুকে দিল। মেয়াদপূর্তির দিন হরি বাকী অর্থ যদুকে পরিশোধ করল। যদু বিলটির অর্থ পরিশোধ (Honour) করল।

উভয়ের বইতে দাখিলা দেখাও :

In the Books of Hari Journal

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
1.8.98	Bill Receivable A/c Dr. To Jadu's A/c (Being an accommodation bill drawn on Jadu)		5,000	5,000
1.8.98	Bank A/c Dr. Discount A/c Dr. To bill Receivable A/c (Being the bill discounted with a bank)		4,925 75	5,000
1.8.98	Jadu's A/c Dr. To Bank A/c To Discount A/c (Being Half of the proceeds remitted to Jadu)		2,500	2,462.50 37.50
4.11.98	Jadu's A/c Dr. To Bank A/c (Being the balance amount remitted to Jadu)		2,500	2,500

In the Books of Jadu Journal

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
1.8.98	Hari's A/c Dr. To Bill Payable A/c (Being an accommodation bill of three months accepted)		5,000	5,000

1.8.98	Bank A/c Discount A/c To Hari's A/c (Being Half of the proceeds received from Hari and discounting charge provided)	Dr. Dr.		2,462.50 37.50	2,500
4.11.98	Bank A/c To Hari's A/c (Being the balance amount received from Hari)	Dr.		2,500	2,500
4.11.98	Bill Payable A/c To Bank A/c (Being the bill honoured on maturity)	Dr.		5,000	5,000

উদাহরণ : ২

গণেশ ও হরেন পারস্পরিক সুবিধার জন্য চুক্তি করল যে সাহায্যকারী হণ্ডি প্রস্তুত হবে এবং তারা 2:1 অনুপাতে অর্থ ভাগ করবে। গণেশ 9,000 টাকার একটি হণ্ডি হরেনের উপর কাটল এবং হরেন স্বীকৃতি দিল। বিলটির মেয়াদ তিন মাসের। গণেশ বিলটি 8,820 টাকায় ব্যাঙ্ক থেকে ভাঙাল, এবং হরেনের অংশ পাঠিয়ে দিল। কিন্তু মেয়াদপূর্তির সময় গণেশ বাকী টাকা দিতে পারল না। তখন হরেন গণেশের উপর 12,000 টাকার একটি হণ্ডি লিখল। হরেন বিলটি 11,700 টাকায় ব্যাঙ্ক থেকে ভাঙাল এবং প্রথম বিলের অর্থ পরিশোধ করল। হরেন গণেশকে 2,200 টাকা পাঠাল। দ্বিতীয় বিলের মেয়াদপূর্তির সময় গণেশ দেউলিয়া ঘোষিত হ'ল। গণেশের সম্পত্তি থেকে টাকায় 20 পয়সা ডিভিডেন্ড পাওয়া গেল।

উভয়পক্ষের বইতে জাবেদার দাখিলা দেখাও :

In the Books of Ganesh Journal

Date	Particular	L.F	Debit Rs.	Credit Rs.
	Bill Receivable A/c To Haren's A/c (Being an accommodation bill drawn on Haren)	Dr.	9,000	9,000
	Bank A/c Discount A/c To Bill Receivable A/c (Being the bill discounted with a bank)	Dr. Dr.	8,820 180	9,000

	Haren's A/c To Bank A/c To Discount A/c (Being 1/3rd of the proceeds remitted to Haren)	Dr.	3,000	2,940 60
	Haren's A/c To Bill Payable A/c (Being a new bill accepted drawn by Haren)	Dr.	12,000	12,000
	Bank A/c Discount A/c To Haren A/c (Being the amount received from Haren & 2/3rd of discount provided)	Dr. Dr.	2,200 200	2,400
	Bill Payable A/c To Haren's A/c (Being the bill was dishonoured on insolvency)	Dr.	12,000	12,000
	Haren's A/c To Bank A/c To Deficiency A/c (Being a final dividend of 20 paisa in a rupee was paid)	Dr.	8,400	1,680 6,720

**In the Books of Haren
Journal**

Date	Particulars	L.F	Debit Rs.	Credit Rs.
	Ganesh's A/c To Bill Payable A/c (Being an accommodation bill accepted)	Dr.	9,000	9,000
	Bank A/c Discount A/c To Ganesh A/c (Being 1/3rd proceeds received from Ganesh)	Dr. Dr.	2,940 60	3,000
	Bill Receivable A/c To Ganesh A/c (Being an accommodation bill drawn on Ganesh)	Dr.	12,000	12,000

Bank A/c	Dr.	11,700	
Discount A/c	Dr.	300	
To Bill Receivable A/c			12,000
(Being the bill discounted with a bank)			
Bill Payable A/c	Dr.	9,000	
To Bank A/c			9,000
(Being the bill honoured)			
Ganesh A/c	Dr.	2,400	
To Bank A/c			2,200
To Discount A/c			200
(Being the amount remitted to Ganesh and discount provided)			
Ganesh A/c	Dr.	12,000	
To Bank A/c			12,000
(Being the bill was dishonoured on Ganesh's insolvency)			
Bank A/c	Dr.	1,680	
Bad Debt A/c	Dr.	6,720	
To Ganesh A/c			8,400
(Being a final dividend of 20 paise in a rupee realised from Ganesh's estate)			

গণেশের কাছ থেকে কত টাকা পাওনা, তা নির্ধারণ করার জন্য, একটি লেজার খুললে খুব সুবিধা হয়।

In the Books of Haren			
Dr.		Cr.	
Ganesh A/c			
	Rs		Rs.
To Bill Payable A/c	9,000	By Bank A/c	2,940
To Bank A/c	2,200	By Discount A/c	60
To Discount A/c	200	By Bill Receivable A/c	12,000
To Bank A/c	12,000	By Bank A/c.	1,680
		By Bad Debt A/c	<u>6,720</u>
			8,400
	<u>23,400</u>		<u>23,400</u>

১৪.৮ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলী (Theoretical Questions)

১। বাণিজ্যিক ছত্তি বলতে কি বোঝায়? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। বাণিজ্যিক ছত্তির সুবিধাগুলি কি কি?

২। বাণিজ্যিক ছত্তি ও চেকের মধ্যে পার্থক্য কি?

৩। মেয়াদপূর্তির পূর্বে ছত্তি পরিশোধ বলতে কি বোঝায়? কেন এটা করা হয়?

৪। বিল কখন প্রত্যাখ্যাত হয়েছে বলে ধরা হবে? প্রত্যাখ্যানের ফলাফল বর্ণনা করুনঃ

৫। সংক্ষিপ্ত টীকা লিখুন—

(i) লেখক, (ii) ধারক, (iii) বিলের নবীকরণ, (iv) রেয়াতি দিন, (v) বিল ভাঙান, (vi) বিলের স্বত্বান্তর, (vii) ছত্তি আদায়ের জন্য প্রেরণ, (viii) নোটিং চার্জ

৬। সাহায্যকারী ছত্তি কাকে বলে? সাহায্যকারী ছত্তি ও সাধারণ ছত্তির মধ্যে পার্থক্য কি?

৭। শূন্যস্থান পূরন করুন—

(i) কোন ছত্তির মেয়াদপূর্তির দিন (রেয়াতি দিন সহ) যদি রবিবার বা সাধারণ ছুটির দিন হয়, তবে ঐ তারিখের _____ কার্য দিবসে বিলটির মেয়াদপূর্তির দিন ধরতে হবে।

(ii) যখন ছত্তি প্রত্যাখ্যান হয়, Drawer এর বইতে _____ হিসাব Debit করা হয়।

(iii) যখন ছত্তি হস্তান্তর করা হয় এবং তা প্রত্যাখ্যান হয়, তখন _____ হিসাবে Credit করা হয়।

(iv) ছত্তি আদায়ের জন্য ব্যাঙ্কে প্রেরণ করলে ছত্তির _____ ব্যাঙ্কের কাছে যায় না।

ব্যবহারিক প্রশ্নাবলী (Practical questions)

(১) 1.6.98 তারিখে শচীন সৌরভের উপর 6,000 টাকার একটি ছত্তি কাটল এবং সৌরভ স্বীকৃতি দিল। ছত্তিটি ৩ মাস মেয়াদি। শচীন একমাস পর ছত্তিটি ব্যাঙ্ক থেকে বার্ষিক 12% হারে ভাঙাল।

মেয়াদপূর্তিতে ছত্তিটি প্রত্যাখ্যান হ'ল এবং ব্যাঙ্ক 20 টাকা নোটিং চার্জ দাবি করল। সৌরভ 2,020 টাকা নগদে শচীনকে দিল, অবশিষ্ট অর্থের জন্য 100 টাকা সুদ সহ নতুন একটি ছত্তির স্বীকৃতি জানাল। শচীন ছত্তিটি অনিলকে হস্তান্তর করল। দ্বিতীয় বিলের মেয়াদপূর্তির সময় সৌরভ দেউলিয়া ঘোষিত হ'ল এবং প্রাপ্য অর্থের 20% ডিভিডেন্ড হিসাবে পাওয়া গেল।

শচীন ও সৌরভের বইতে জাবেদার দাখিলা দেখান :

(২) সমীর 1.7.98 তারিখে 6,000 টাকার পণ্য ধারে অরূপকে বিক্রয় করল। একমাস পরে সমীর অরূপের উপর 2,000 টাকা এবং 4,000 টাকা মূল্যের দুটি ছত্তি লিখল এবং অরূপ স্বীকৃতি দিল। দুটি ছত্তিই তিন মাস মেয়াদের। সমীর প্রথম বিলটি সুডাবকে হস্তান্তর করল। দ্বিতীয় বিলটি সমীর নিজের কাছে রেখে দিল।

দ্বিতীয় বিলটি অরূপ মেয়াদপূর্তির আগেই 100 টাকা বাট্টায় বিলটির অর্থ পরিশোধ করল। প্রথম বিলটি মেয়াদপূর্তিতে প্রত্যাখ্যান হ'ল। সমীর সুভাষকে বিলের অর্থ নগদে দিয়ে দিল। অরূপ তিন মাস মেয়াদি একটি নতুন বিলের (100 টাকা সুদ সহ) স্বীকৃতি দিল। সমীর বিলটি ব্যাঙ্ক থেকে 5% হারে বাট্টায় ভাঙল। মেয়াদান্তে বিলটির টাকা অরূপ পরিশোধ করল।

সমীর ও অরূপের বইতে দাখিলা দেখান :

(৩) সমরেশ ও অনিমেশ পারস্পরিক সুবিধার জন্য দুজন প্রত্যেকের উপর একটি করে সাহায্যকারী হুণ্ডি কাটল। 2.1.98 তারিখে সমরেশ অনিমেশের উপর তিন মাস মেয়াদি 2,000 টাকার একটি হুণ্ডি লিখল এবং 3.1.98 তারিখে অনিমেশ সমরেশের উপর 1,000 টাকার তিন মাস মেয়াদি একটি হুণ্ডি লিখল। দুজনেই হুণ্ডি বার্ষিক 5% হারে বাট্টায় ব্যাঙ্ক থেকে ভাঙল। চুক্তি অনুযায়ী, প্রত্যেকেই প্রাপ্য অর্থের অর্ধেক টাকা অপরকে দিয়ে দিল। মেয়াদপূর্তির সময় অনিমেশ দেউলিয়া ঘোষিত হ'ল। সমরেশ প্রাপ্য অর্থের 50% অনিমেশের সম্পত্তি থেকে পেল। সমরেশ তার হুণ্ডির (Bill Payable) টাকা পরিশোধ করল।

উভয়ের বইতে জাবেদার দাখিলা দেখান :

(৪) অমর বিমলের উপর পারস্পরিক সুবিধার জন্য 3,000 টাকার ৪ মাস মেয়াদি একটি হুণ্ডি লিখল। অমর ও বিমল (3 : 2) অনুপাতে সুবিধা ভোগ করবার সিদ্ধান্ত নিল। অমর হুণ্ডিটি বার্ষিক 6% বাট্টায় ব্যাঙ্ক থেকে ভাঙল এবং বিমলের প্রাপ্য অংশ পাঠিয়ে দিল। কিন্তু মেয়াদপূর্তির সময় বাকি অর্থ দিতে অমর অসমর্থ হ'ল। পূর্বের শর্তে বিমল অমরের উপর 4,200 টাকার একটি হুণ্ডি লিখল। হুণ্ডিটি ব্যাঙ্ক থেকে ভাঙিয়ে বিমল 4,080 টাকা পেল। প্রথম বিলের অর্থ পরিশোধ হ'ল এবং বিমল 720 টাকা অমরকে পাঠিয়ে দিল। দ্বিতীয় বিলের মেয়াদপূর্তির সময় অমর দেউলিয়া ঘোষিত হ'ল। বিমল অমরের সম্পত্তি থেকে তার প্রাপ্য অর্থের 60% ডিভিডেন্ড হিসাবে পেল।

উভয়ের বইতে জাবেদার দাখিলা দেখান :

[উঃ। বিমলের প্রাপ্য 1,680 টাকা এবং কুণ্ণ 1,120 টাকা]

১৮.৯ গ্রন্থপঞ্জী

- ১। হিসাবশাস্ত্র—ভট্টাচার্য ১৯৯৪
- ২। Accountancy (Vol. I)—S. K. Paul 1999
- ৩। Practice in Accountancy (Vol. I)—Basu & Das 1999.
- ৪। Advanced Accountancy—Gupta, Radhaswamy 1997.
- ৫। Principles and Application of Accounting (Vol. I)—A. Basu 1999

একক ১৫ □ চালানী কারবার ও যৌথ উদ্যোগ

গঠন

- ১৫.০ প্রস্তাবনা
- ১৫.১ নমুনা চালান
- ১৫.২ চালানী কারবার সংক্রান্ত-লেনদেনসমূহ লিপিবদ্ধকরণ
 - ১৫.২.১ চালান প্রেরকের বইতে দাখিল
 - ১৫.২.২ চালান গ্রাহকের বইতে দাখিল
- ১৫.৩ ঝুঁকিবাহকের দস্তুরি ও ঝুঁকিবাহক প্রতিনিধি
- ১৫.৪ অবিক্রীত চালানী পণ্যের মূল্যায়ন
- ১৫.৫ চালানী পণ্যের ক্ষতি
 - ১৫.৫.১ অস্বাভাবিক ক্ষতি
 - ১৫.৫.২ স্বাভাবিক ক্ষতি
- ১৫.৬ চালান মূল্য ভিত্তিক পদ্ধতি
- ১৫.৭ উদাহরণ
- ১৫.৮ যৌথ উদ্যোগ কাকে বলে
- ১৫.৯ যৌথ উদ্যোগ সংক্রান্ত লেনদেন সমূহের হিসাবরক্ষণ
 - ১৫.৯.১ যেক্ষেত্রে স্বতন্ত্র হিসাব-বইসমূহ রাখা হয়
 - ১৫.৯.২ যেক্ষেত্রে স্বতন্ত্র হিসাব-বইসমূহ রাখা হয় না
 - ১৫.৯.৩ যেক্ষেত্রে বিবরণী যৌথ উদ্যোগ হিসাব প্রস্তুত করা হয়
- ১৫.১০ অনুশীলনী
- ১৫.১১ গ্রন্থপঞ্জী

১৫.০ প্রস্তাবনা

অনেক সময় ব্যবসায়ী অন্য কোথাও পণ্য বিক্রয় করার জন্য প্রতিনিধি (Agent) নিয়োগ করেন ও তাদেরকে পণ্য প্রেরণ করেন। প্রতিনিধি ঐ পণ্য উচিত মূল্যে বিক্রয় করে থাকেন। তার বিনিময়ে প্রতিনিধি বিক্রয়মূল্যের উপর তাঁর পারিশ্রমিক বাবদ নির্দিষ্ট হারে কমিশন পান। এ জাতীয় লেনদেনকে চালানী কারবার (Consignment) বলে। চালানী কারবারের উদ্দেশ্যে যে ব্যবসায়ী অন্যত্র পণ্য প্রেরণ করে, তাকে প্রেরক (Consignor) এবং যে প্রতিনিধির কাছে পণ্য প্রেরণ করা হয় তাকে চালান গ্রাহক (Consignee) বলে।

১৫.১ নমুনা চালান

পণ্য প্রেরণ করবার সময় চালান-প্রেরক চালান-গ্রাহকের কাছে এক রকম চালান প্রেরণ করে। নমুনা চালানে পণ্যের পূর্ণ বিবরণ, পরিমাণ, মূল্য, পরিবহন ও অন্যান্য আনুষঙ্গিক খরচ প্রভৃতি বিষয়ে লিপিবদ্ধ থাকে। নমুনা চালান দেখে চালান গ্রাহক বুঝতে পারে মোটামুটি কি মূল্যে পণ্যগুলি বিক্রয় করতে হবে।

১৫.২ চালানী কারবার সংক্রান্ত লেনদেনসমূহ লিপিবদ্ধকরণ

লেনদেন চালান প্রেরক (Consignor) এবং চালান গ্রাহক (Consignee)-এর বইতে লেখা হয়।

১৫.২.১ Journal Entries in the Books of Consignor

(১) পণ্য প্রেরণ করার জন্য :

Consignment A/c Dr.

To Goods Sent on Consignment A/c

(২) পণ্য প্রেরণ সংক্রান্ত খরচের জন্য :

Consignment A/c Dr.

To Cash/Bank A/c

(৩) চালান গ্রাহক প্রদত্ত খরচার জন্য :

Consignment A/c Dr.

To Consignee's A/c

(৪) চালান গ্রাহক অগ্রিম (Advance) পাঠালে :

Bank/Cash/Bill Receivable A/c Dr.

To Consignee's A/c

(৫) চালান গ্রাহক বিক্রয়ের হিসাব দিলে :

Consignee's A/c Dr.

To Consignment A/c

(৬) চালানী গ্রাহককে কমিশন দেবার সময় :

Consignment A/c Dr.

To Consignee's A/c

(৭) অবিক্রীত পণ্য মূল্যায়ন করার পর :

Stock on Consignment A/c Dr.

To Consignment A/c

(৮) চালানী কারবারের লাভ হ'লে :

Consignment A/c Dr.

To Profit & Loss A/c

(৯) চালানী গ্রাহক চালান প্রেরককে প্রাপ্য অর্থ পাঠালে :

Cash/Bank/Bill Receivable A/c Dr.

To Consignee's A/c

সাধারণতঃ Consignor-এর বইতে কয়েকটি Ledger Account খোলা হয় :

এখানে প্রধান Ledger অর্থাৎ Consignment Account-এর নমুনা দেখানো হল :

In the Books of Consignor

Dr.	Consignment A/C		Cr
	Rs.		Rs.
To Goods Sent on Consignment A/c	By Consignee's A/c —Sales	xxx
To Bank A/c Exp. of Consignee	xxx	By Stock on Consignment A/c	xxx
To Consignee A/c —Exp. of Consignee			
To Consignee's A/c — Ordinary Commission	xxx		
Delcredere Commission			
To Profit & Loss A/c— Profit on Consignment	xxx		
	xxx		xxx

১৫.২.২ চালান গ্রাহকের বইতে দাখিলা (Entries in the Books of Consignee)

১। চালান প্রেরকের (Consignor) কাছ থেকে পণ্যগুলি পাওয়ামাত্র চালান গ্রাহকের বইতে কোন দাখিলা হয় না।

২। চালান গ্রাহক যদি চালান প্রেরককে অগ্রিম অর্থ প্রদান করে :

Consignor's A/c Dr.

To Cash/Bank/Bill Payable A/c

৩। রেলস্টেশন বা জাহাজ থেকে পণ্য খালাস করার খরচ, গুদাম ভাড়া, ইত্যাদির জন্য :

Consignor's A/c Dr.

To Cash/Bank A/c

৪। পণ্যগুলি বিক্রয় করার পর :

Cash/Bank/Sales A/c Dr.

To Consignor's A/c

৫। চালান গ্রাহক নিজের কমিশন প্রাপ্যের জন্য :

Consignor's A/c Dr.

To Commission A/c

৬। চালান প্রেরকের জের (Balance) পরিশোধ করা হয় :

Consignor's A/c Dr.

To Cash/Bank/Bill Payable A/c

১৫.৩ ঝুঁকিবাহকের দস্তুরি ও ঝুঁকিবাহক প্রতিনিধি

চালানী কারবারের ক্ষেত্রে চালান প্রেরক যে পণ্য চালান গ্রাহককে পাঠায় এবং চালান গ্রাহক যদি ধারে সেই পণ্য বিক্রয় করে, এবং এর ফলে যদি কোন অনাদেয় বাকী (Bad Debt) হয়। তার সমস্ত দায়িত্ব চালান প্রেরককেই বহন করতে হয়। কিন্তু এই অনাদেয় বাকীর (Bad Debt) লোকসানের ঝুঁকি থেকে নিষ্কৃতি পাবার জন্য চালান প্রেরক চালান গ্রাহককে অতিরিক্ত ঝুঁকিবাহকের দস্তুরি দেবার চুক্তি করে। এ চুক্তিতে এরূপ শর্তাবলী হয়, যে ধারে পণ্য বিক্রয় করে যদি ঐ টাকা না পাওয়া যায়, তবে চালান গ্রাহক উক্ত টাকার জন্য দায়ী থাকবে। এই কমিশনকে ঝুঁকিবাহকের দস্তুরি বলে এবং এই জাতীয় চালান গ্রাহককে ঝুঁকিবাহক প্রতিনিধি বলে।

১৫.৪ অবিক্রীত চালানী পণ্যের মূল্যায়ন

যে নিয়মে ব্যবসায়িক অবিক্রীত মজুত পণ্যের মূল্য সাধারণতঃ নির্ধারণ করা হয়, সেই একই নিয়মে অবিক্রীত চালানী পণ্যের মূল্যায়ন করতে হয়। অর্থাৎ, মজুত চালানী পণ্যের ক্রয়মূল্য ও চালান গ্রাহকের ব্যবসায়স্থানে সংশ্লিষ্ট পণ্যের তৎকালীন বাজার মূল্যের মধ্যে যে মূল্যটি কম তার উপর ভিত্তি করে চালান প্রেরক (Consignor) তার অবিক্রীত চালানী পণ্যের মূল্য নির্ধারণ করে।

অবশ্য ক্রয়মূল্যের উপর ভিত্তি করে অবিক্রীত দ্রব্যের মূল্য নির্ধারণ করবার সময় তার সঙ্গে চালান প্রেরক (Consignor) এবং চালান গ্রাহক (Consignee) যে অ-পৌনঃপুনিক (Non-recurring) খরচ করে, তার আনুপাতিক খরচ যোগ করতে হবে।

চালান গ্রাহকের কাছ থেকে চালানী পণ্য পাঠাবার জন্য যে সকল খরচ সমগ্র চালানী পণ্যের উপর একবার মাত্র ব্যয় করা হয় এবং অবিক্রীত অংশের জন্য অর্থাৎ অবিক্রীত পণ্যের জন্য এ জাতীয় খরচ পুনরায় দিতে হয় না, তাকে অ-পৌনঃপুনিক খরচ (Non-recurring Expenses) বলে। যেমন পণ্য ছাড়ানোর খরচ, পণ্যকে গুদামে স্থানান্তর করার খরচ ইত্যাদি।

চালানী পণ্য সংক্রান্ত যে সমস্ত খরচ সমগ্র চালানী পণ্যের জন্য দেওয়া হলেও আবার অবিক্রীত পণ্যের জন্য পুনরায় ব্যয় করার প্রয়োজন হয়, তাকে পৌনঃপুনিক (Recurring Expenses) বলে। উদাহরণস্বরূপ, বিজ্ঞাপন খরচ, গুদাম ভাড়া, ডেলিভারি খরচ, সেলসম্যানের বেতন ও কমিশন ইত্যাদি।

অবিক্রীত পণ্যের মূল্য নির্ধারণ কিভাবে হয়, তা নিম্নে দেখানো হ'ল :

Cos of the unsold goods	xxx
Add : Proportionate Expenses of Consignor	xxx
Add : Proportionate Non-Recurring Expenses of Consignee	xxx
	xxx

কিন্তু কোন ক্ষেত্রে যদি অবিক্রীত পণ্যের বাজারদর ক্রয়মূল্যের থেকে কম হয়, তবে ঐ পণ্যের মূল্যায়ন বাজারদরে করা উচিত। উপরন্তু ঐ অবিক্রীত পণ্যকে বিক্রয় করতে হ'লে চালানী গ্রাহককে প্রদেয় কমিশন বাবদ যা খরচ হবে, তা অবিক্রীত পণ্যকে বিক্রয় করতে হ'লে চালানী গ্রাহককে প্রদেয় কমিশন বাবদ যা খরচ হবে, তা অবিক্রীত পণ্যের বাজারদর থেকে বাদ দেওয়া উচিত। সেক্ষেত্রে পণ্য প্রেরক অথবা পণ্য গ্রাহকের কোনো খরচের কোনো আনুপাতিক অংশ অবিক্রীত পণ্যের মূল্যের সঙ্গে যোগ করা উচিত নয়।

উদাহরণ : ১

১লা জানুয়ারী ১৯৯৮ তারিখে সুরেশ কলকাতা থেকে ৪০০টি বাদ্যযন্ত্র দিল্লীতে বসবাসকারী সমীরকে পাঠাল। প্রতিটি যন্ত্রের মূল্য ৩৫০ টাকা। সুরেশ পণ্য প্রেরণ করবার সময় ২,১০০ টাকা ভাড়া (Freight) এবং ২,৫০০ টাকা বীমা বাবদ খরচ করল। সমীর পণ্যগুলি পাবার পর ছাড়ানোর খরচ (Landing charge) ৪৫০ টাকা, গুদাম ভাড়া (Godown rent) ১,৫০০ টাকা এবং বিজ্ঞাপন (Advertisement) ২,৫০০ টাকা খরচ করল। সমীর ১০,০০০ টাকা মূল্যের একটি ছুটির স্বীকৃতি জানাল।

বছরের শেষ পর্যন্ত সমীর ৩৫০টি যন্ত্র ৯৪০ টাকা দরে বিক্রি করল। সমীর ৮% হারে সাধারণ কমিশন ও ২% হারে ঝুঁকিবাহকের কমিশন (Delcredere Commission) দাবী করল। সমীর ১০টি দ্রব্য ধারে বিক্রয় করেছিল। কিন্তু শেষ পর্যন্ত ৫০০০ টাকা অনাদায়ী থাকল এবং কু-ঋণ (Bad Debt) ধরা হল। সমীর সুরেশের প্রাপ্য টাকা ব্যাংক ড্রাফট দিয়ে শোধ করল। সমীরের বইতে গুরুত্বপূর্ণ লেজারগুলি দেখান :

সমাধান :

In the Books of Consignor (Suresh)

Dr.	Consignment to Delhi A/c		Cr
	Rs.		Rs.
To Goods Sent on Consignment A/c (400×Rs. 350)	1,40,000	By Samir's A/c—Sales (350× Rs. 940)	3,29,000
To Bank A/c—			
Freight 2,100		By Stock on Consignment A/c	18,131
Insurance 2,500	4,600		
To Samir's A/c—			
Landing Charges 450			
Godown Rent 1,500			
Advertisement 2,500	4,450		
To Samir's A/c			
Ordinary Com @ 8% 26,320			
Delcredere Com @ 2% 6,580	32,900		
To Profit on Consignment—transferred to P/L A/c	1,65,181		
	3,47,131		3,47,131

Dr.	(Samir) Consignee's A/c		Cr
	Rs.		Rs.
To Consignment to Delhi A/c	3,29,000	By Bill Receivable A/c	10,000
		By Consignment to Delhi A/c (Expenses)	4,450
		By Consignment to Delhi A/c (Commission)	32,900
		By Bank final payment	2,81,650
	3,29,000		3,29,000

Dr.	Goods Sent on Consignment A/c		Cr
	Rs.		Rs.
To Trading A/c—transfer	1,40,000	By Consignment to Delhi A/c	1,40,000
	1,40,000		1,40,000

Dr.	Stock on Consignment A/c		Cr
	Rs.		Rs.
To Consignment to Delhi A/c	18,131	By Balance C/d	18,131
	18,131		18,131

Stock on Consignment-এর মূল্য নির্ধারণ

Cost 50 × Rs. 350 = 17,500

Add : Proportionate Expenses of Consignor = 575

$$\frac{4600}{400} \times 50$$

Add : Proportionate non-selling (non-recurring) expenses of Consignee

(landing charges) $\frac{450}{400} \times 50 = 56$

18,131

বিঃ দ্রঃ

১। ঝুঁকিবাহকের কমিশন (Delcredere Commission) চালানী গ্রাহক পাবার জন্য কু-ঋণ (Bad Debt)-এর দায়িত্ব চালানী প্রেরক বহন করবে না।

২। গুদাম ভাড়া ও বিজ্ঞাপন বাবদ খরচ অবিক্রীত চালানী পণ্যের মূল্যায়নে নেওয়া হয় না। যেহেতু এগুলি পৌনঃপুনিক (Recurring expenses) খরচ।

১৫.৫ চালানী পণ্যের ক্ষতি

চালানী পণ্য প্রেরণ করার সময় এর সম্পূর্ণ বা কিছু অংশ চুরি, দুর্ঘটনায় বা স্বাভাবিক কারণে নষ্ট হতে পারে। এই ক্ষতি যাত্রাপথে অথবা চালানী গ্রাহকের গুদামেও হতে পারে।

এই ক্ষতি দুভাগে বিভক্ত করা যায় :

(ক) অস্বাভাবিক ক্ষতি (Abnormal loss) ও

(খ) স্বাভাবিক ক্ষতি (Normal loss)

১৫.৫.১ অস্বাভাবিক ক্ষতি (Abnormal loss)

যে ক্ষতি অসাধারণতাবশতঃ বা দুর্ঘটনা অথবা বাহ্যিক কোনো কারণে হয়েছে তাকে অস্বাভাবিক ক্ষতি (Abnormal loss) বলে। আগুন লাগা, জাহাজ ডুবি, চুরি, দাঙ্গা, বন্যা, ভূমিকম্প ইত্যাদি কারণে অস্বাভাবিক ক্ষতি হয়। চালানী কারবারের লাভ-লোকসান নির্ধারণ করার সময় এই ক্ষতির পরিমাণ নির্ধারণ করে হিসাব ভুক্ত করতে হয়। দুর্ঘটনাজনিত এই ক্ষতি সাধারণতঃ Profit & Loss A/c-এ ডেবিট করতে হয়। জাবেদাতে নিম্নলিখিত দাখিলাগুলি লিপিবদ্ধ করা হয়।

১। অস্বাভাবিক ক্ষতির জন্য :

Abnormal loss A/c Dr.

To Consignment A/c

২। পণ্যগুলি বীমা করা থাকলে :

Insurance claim/Bank A/c Dr.

To Abnormal loss A/c

৩। বীমা না করা অংশে :

Profit & Loss A/c Dr.

To Abnormal loss A/c

উদাহরণস্বরূপ : ধরা যাক, ১০,০০০ টাকার পণ্য চুরি গেল। বীমা কোম্পানী ৭০০০ টাকা দেবার অঙ্গীকার করল :

Dr.	Abnormal Loss A/c		Cr.
	Rs.		Rs.
To Consignment A/c	10,000	By Insurance Claim A/c	7,000
		By Profit & Loss A/c	3,000
	10,000		10,000

* অস্বাভাবিক ক্ষতির মূল্য কিভাবে নির্ধারণ করা যায়, তা পরবর্তী উদাহরণে দেখানো আছে।

১৫.৫.২ স্বাভাবিক ক্ষতি (Normal loss)

স্বাভাবিকভাবে যেমন বাষ্পীভবন (evaporation), ফ্রা (leakage), আবহাওয়ার প্রভাবে চূর্ণীভবন (dusting) ইত্যাদি কারণে যে ক্ষতি হয় তাকে স্বাভাবিক ক্ষতি (Normal loss) বলা হয়।

এই ক্ষতিকে রোধ করা যায় না (unavoidable)। ব্যবসায়ীরা এরূপ ক্ষতির জন্য সর্বদাই প্রস্তুত থাকে। তাই স্বাভাবিক ক্ষতির মূল্য কোন দাখিলায় লিপিবদ্ধ করা হয় না।

কিন্তু অবিক্রীত পণ্যের মূল্য নির্ধারণ করার সময় এই ক্ষতির পরিমাণ (সংখ্যায়, অর্থে নয়) বিয়োগ করে নেওয়া হয়।

অবিক্রীত পণ্যের মূল্য নিম্নলিখিত পদ্ধতিতে নির্ধারণ করা হয় :

Value of Closing Stock

$$= \frac{\text{Total value of goods sent}}{\text{Net quantity received by the Consignee in good condition}} \times \text{unsold units}$$

উদাহরণ : ২

যাত্রাপথে এবং চালানী গ্রাহকের গুদামে ক্ষতি

বিনোদ ১০০০ কিলো চা দার্জিলিং থেকে কলকাতায় অবস্থিত তার প্রতিনিধি রাহুলকে পাঠাল। প্রতি কিলো চায়ের মূল্য ৩০ টাকা। বিনোদ ৫,০০০ টাকা ভাড়া (Freight) বাবদ খরচ করল। যাত্রাপথে ২৫ কিলো চা দুর্ঘটনায় সম্পূর্ণভাবে নষ্ট হ'ল। ৫০০ টাকা বীমা কোম্পানীর কাছ থেকে ক্ষতিপূরণ পাওয়া যাবে। রাহুল অবশিষ্ট পণ্য গ্রহণ করল। রাহুল ৬০০ টাকা ছাড়বার খরচ (Landing Charges), গুদাম ভাড়া ১,০০০ টাকা এবং অন্যান্য খরচ (Misc. Expenses) ২,০০০ টাকা খরচ করল। রাহুল ৮০০ কিলো চা ৫০ টাকা কিলো দরে বিক্রি করল। রাহুল ৫% হারে সাধারণ কমিশন এবং ১% হারে কুঁকি বহনের কমিশন পায়। ৩৫ কিলো চা রাহুলের গুদাম থেকে চুরি হয়ে গেল। (বীমা বাবদ কিছু পাওয়া যায় নি)।

বিনোদের বইতে Consignment A/c, Consignee's A/c এবং Abnormal loss A/c দেখান :

সমাধান :

In the Books of Binod			
Dr.	Consignment to Kolkata A/c		Cr.
	Rs.		Rs.
To Goods sent on Consignment A/c (1000 × Rs. 30)	30,000	By Rahul's A/c—Sales (800 × Rs. 50)	40,000
To Bank A/c—Freight	5,000	By Abnormal loss A/c (১)	875
To Rahul's A/c		loss-in-transit	
Clearing Charges 600		By Abnormal loss A/c	
Godown Rent 1,000		loss in Godown (২)	1,247
Misc Expenses 2,000	3,600	By Stock on	
To Rahul's A/c		Consignment A/c (৩)	4,986
Ordinary Com 5% 2,000			
Delcredere Com 1% 400	2,400		
To Profit on Consignment			
—transferred to P/L A/c	6,108		
	47,108		47,108

Dr.	Rahul (Consignee's) A/c		Cr.
	Rs.		Rs.
To Consignment to Calcutta A/c—Sales	40,000	By Consignment to Kolkata A/c—Expenses	3,600
		By Consignment to Kolkata A/c Commission	2,400
		By Balance C/d	14,000
	40,000		40,000

Dr.	Abnormal loss A/c		Cr.
	Rs.		Rs.
To Consignment to Calcutta A/c—loss in transit	875	By Insurance Claim A/c	500
To Consignment to Calcutta A/c (loss in Godown)	1,247	By Profit & Loss A/c —Loss transferred	375
		By Profit & Loss A/c —Loss transferred	1,247
	2,122		2,122

(১) অস্বাভাবিক ক্ষতির (যাত্রাপথে) মূল্য নির্ধারণ :	Rs.
Cost 25 × Rs. 30	750
Add : Proportionate Expenses of Consignor	125
$\frac{5000}{1000} \times 25$	875

* চালানী গ্রাহকের কোন খরচ ধরা হবে না, কারণ পণ্য যাত্রাপথে অর্থাৎ তার কাছে পৌঁছানোর পূর্বেই নষ্ট হয়েছে।

(২) অস্বাভাবিক ক্ষতির (গুদামে) মূল্য নির্ধারণ :	Rs.
Cost 35 × Rs. 30 =	1050
Add : Proportionate Expenses of Consignor =	175
$\frac{5000}{1000} \times 35$	

Add : Proportionate non-selling expenses of Consignee			
(clearing charges)	$\frac{600}{975} \times 35$	=	22
(1000 – 25)			<u>1,247</u>
(৩) অবিক্রীত পণ্যের মূল্য নির্ধারণ :			Rs.
Cost	$140 \times \text{Rs. } 30$	=	4,200
(1000 – 800 – 25 – 35) kgs = 140 kgs			
Add : proportionate expenses of Consignor		=	700
	$\frac{5000}{1000} \times 140$		
Add : Proportionate non-selling expenses of Consignee =			86
			<u>4,986</u>

* অস্বাভাবিক ক্ষতি (গুদামে) ও অবিক্রীত পণ্য মূল্যায়নে চালানী গ্রাহকের আনুপাতিক খরচে ৯৭৫ কিলোর হিসাব ধরা হ'ল কারণ ২৫ কিলো পূর্বে নষ্ট হয়েছে।

১৫.৬ চালান মূল্য ভিত্তিক পদ্ধতি

অনেক সময়, চালান প্রেরক তার নমুনা চালানে (Pro-forma invoice-এ) সংশ্লিষ্ট পণ্যের ক্রয়মূল্য উল্লেখ করে না। এই কারণে চালান প্রেরক পণ্যের ক্রয়মূল্যের উপর একটি নির্দিষ্ট শতকরা হারে মুনাফা যোগ করে নমুনা চালান প্রস্তুত করে। এই অতিরিক্ত মুনাফাকে ভার (Loading) বলে।

ধরা যাক, পণ্যের প্রকৃত ক্রয়মূল্য ১০০ টাকা। চালান প্রেরক ১২০ টাকা দরে এই পণ্য চালান গ্রাহককে প্রেরণ করল, তা হলে ২০ টাকা (১২০ – ১০০) হল ভার (Loading)। সুতরাং পণ্য প্রেরণ করবার সময়, Goods sent on Consignment A/c ও Stock on Consignment A/c-এ ভারের জন্য উপযুক্ত হিসাব দেখাতে হবে।

১৫.৭ উদাহরণ

কলকাতা থেকে ভবানী ৪০০টি জামা পাটনায় তার প্রতিনিধি সুবীরকে পাঠাল। প্রতিটি জামার ক্রয়মূল্য ৬০০ টাকা কিন্তু চালান প্রেরক ২০% মুনাফা প্রেরণ মূল্যের উপর (on Invoice Price) যোগ করে পাঠাল। পণ্য প্রেরণ করতে ভবানী ১,২০০ টাকা ভাড়া বাবদ খরচ করল। সুবীর ভাড়া ও ছাড়ানোর খরচ (Freight & Clearing Charges) ২,৫০০ টাকা ও গুদাম ভাড়া ১,৫০০ টাকা খরচ করল। সুবীর $\frac{3}{4}$ অংশ (পণ্যের)

২৫% লাভে (বিক্রয়মূল্যের উপর) বিক্রয় করল। সে ৫% সাধারণ কমিশন ও ২০% বোনাস (বিক্রয় থেকে খরচ, তার কমিশন ও বোনাস বাদ দিয়ে) দাবী করল। সুবীর পাওনা অর্থ নগদে ভবানীকে পাঠিয়ে দিল।

ভবানীর বইতে উল্লেখযোগ্য লেজারগুলি দেখান :

In the Books of Bhabani			
Dr.	Consignment to Patna A/c		Cr.
	Rs.		Rs.
To Goods sent on Consignment A/c (400 × Rs. 750)	3,00,000	By Subir's A/c Sales	2,40,000
To Bank A/c—Freight	1,200	By Goods sent on Consignment A/c loading (400 × Rs. 150)	60,000
To Subir's A/c Freight & Clearing Charges	2,500	By Stock on Consignment A/c	75,925
Godown Rent	1,500		
To Subir's A/c Ordinary Commission @ 5%	12,000		
To Stock Reserve-loading on closing stock (100 × Rs. 150)	15,000		
To Subir's A/c—Bonus	37,333		
To Profit on Consignment—transferred to P/L A/c	6,392		
	3,75,925		3,75,925

Dr.	Subir's A/c		Cr.
	Rs.		Rs.
To Consignment to Patna A/c Sales	2,40,000	By Consignment to Patna A/c Expenses	4,000
		Commission	12,000
		Bonus	37,333
		By Cash A/c-final payment	1,86,667
	2,40,000		2,40,000

Dr.	Goods sent on Consignment A/c		Cr.
To Consignment to Patna A/c loading	Rs. 60,000	By Consignment to Patna A/c Goods sent	Rs. 3,00,000
To Trading A/c—Transfer	2,40,000		
	<u>3,00,000</u>		<u>3,00,000</u>

১। ক্রয়মূল্য = ৬০০ টাকা

ভার (loading) = ২০% প্রেরণ মূল্যের উপর।

∴ ভার $\Rightarrow 600 \times \frac{20}{100}$ বা ১২০ টাকা

কারণ প্রেরণ মূল্য = ক্রয়মূল্য + ভার

১০০ = ৮০ + ২০

∴ প্রেরণ মূল্য (Invoice Price) ৬০০ টাকা + ১২০ টাকা

২। বিক্রয়ের হিসাব

$\frac{3}{8}$ অংশ বিক্রয় হয়েছে।

∴ $800 \times \frac{3}{8}$ বা ৩০০টি জামা বিক্রয় হয়েছে।

প্রতিটি জামার বিক্রয়মূল্য :

ক্রয়মূল্য ৬০০ টাকা

+ মুনাফা ২৫% বিক্রয়মূল্যের উপর

বা $\left(\frac{25}{75}\right) \frac{1}{3}$ অংশ ক্রয়মূল্যের উপর ২০০ টাকা

৮০০ টাকা

বিক্রয়মূল্য যদি ১০০ টাকা

লাভ ২৫% বা ২৫ টাকা

∴ ক্রয়মূল্য ৭৫ টাকা

মোট বিক্রয়মূল্য ৩০০ \times ৮০০ টাকা = ২,৪০,০০০ টাকা

৩। অবিক্রীত পণ্যের হিসাব

মাল পাঠান হয়েছে ৮০০ টি

বিক্রয় হয়েছে ৩০০ টি

১০০ টি

Invoice Price of goods 100 × Rs. 750	=	75,000
Add : Proportionate Expenses of Consignor 1,200 × $\frac{100}{400}$	=	300
Add : Proportionate non-selling expenses of Consignee 2,500 × $\frac{100}{400}$		625
		<u>75,925</u>
৪। বোনাস		
Sales		2,40,000
Less : Expenses 4,000		
Ordinary Com. 12,000		16,000
		<u>2,24,000</u>
∴ Bonus $\frac{20}{120} \times 2,24,000$		37,333

১৫.৮ যৌথ উদ্যোগ কাকে বলে?

যখন দুই বা ততোধিক ব্যক্তি বা ব্যবসায়ী তাদের সাধারণ ব্যবসায়ের বাইরে সাময়িকভাবে অথবা কোন নির্দিষ্ট কাজের জন্য কোন যৌথভাবে কোন কারবার করে তাকে যৌথ উদ্যোগ (Joint Venture) বলে। কোনো নির্দিষ্ট সময়ের জন্য বা নির্দিষ্ট কোনো উদ্দেশ্য সাধনের জন্য এই উদ্যোগ গড়ে ওঠে। অতএব এর অস্থিত্ব সাময়িক।

যৌথ উদ্যোগে চুক্তিবদ্ধ ব্যক্তিগণ পারস্পরিক চুক্তি অনুসারে প্রয়োজনীয় মূলধন সরবরাহ করে এবং চুক্তিমত মুনাফা ভাগ করে নেয়।

১৫.৯ যৌথ উদ্যোগ সংক্রান্ত লেনদেনসমূহের হিসাবরক্ষণ

নিম্নলিখিত তিনটি পদ্ধতির যে কোন একটিতে যৌথ উদ্যোগ সংক্রান্ত লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করা যায় :

- ১। যে ক্ষেত্রে স্বতন্ত্র হিসাব-বইসমূহ রাখা হয় (Where a Separate Set of books is maintained)
- ২। যে ক্ষেত্রে স্বতন্ত্র হিসাব-বইসমূহ রাখা হয় না। (Where no Separate Set of books is maintained)
- ৩। যে ক্ষেত্রে বিবরণী যৌথ উদ্যোগ হিসাব প্রস্তুত করা হয় (Where Memorandum Joint Venture Account is prepared)।

১৫.৯.১ যে ক্ষেত্রে স্বতন্ত্র হিসাব-বইসমূহ রাখা হয় (Where separate set of Books is maintained) :

এই পদ্ধতিতে লেনদেন লিপিবদ্ধ করার দাখিলাগুলি নিচে আলোচনা করা হল :

মনে করা হল A এবং B কোন সাময়িক যৌথ উদ্যোগ করল :

(i) যৌথ উদ্যোক্তাগণ যে নগদ মূলধন সরবরাহ করে :

Joint Bank A/c Dr.

To A's A/c

To B's A/c

(ii) পণ্য ক্রয় বা অন্যান্য খরচ হ'লে :

Joint Venture A/c Dr.

To Joint Bank A/c

(iii) যৌথ উদ্যোক্তাগণ পণ্য ক্রয় করলে বা খরচ করলে :

Joint Venture A/c Dr.

To A' or B's A/c

(iv) কোন পণ্য বিক্রয় করা হয় :

Joint Bank A/c Dr.

To Joint Venture A/c

(v) কোন পণ্য যৌথ উদ্যোক্তাগণ ব্যক্তিগতভাবে বিক্রয় করলে :

A' or B's A/c Dr.

To Joint Venture A/c

(vi) অবিক্রীত মজুত পণ্য উদ্যোক্তাগণ ভাগ করে নিলে :

A's A/c Dr.

B's A/c Dr.

To Joint Venture

(vii) যৌথ উদ্যোগে লাভ হলে :

Joint Venture A/c Dr.

To A's A/c

To B's A/c

(ক) লোকসান হলে :

A's A/c Dr.

B's A/c Dr.

To Joint Venture.

(viii) যৌথ উদ্যোগীদের প্রাপ্য টাকা পরিশোধ করা হলে :

A's A/c Dr.

B's A/c Dr.

To Joint Bank A/c

উদাহরণ : ১

রাম ও কৃষ্ণ তেল কেনা ও বেচার উদ্দেশ্যে যৌথ উদ্যোগ করার জন্য চুক্তিবদ্ধ হ'ল। তারা লাভ বা লোকসান ৩ : ২ অনুপাতে ভাগ করার সিদ্ধান্ত নিল। তারা প্রত্যেকে ৪০,০০০ টাকা দিয়ে একটি যৌথ ব্যাঙ্ক হিসাব (Joint Bank Account) খুলল। পণ্য ক্রয় ও বিক্রয় করা হয় যৌথ ব্যাঙ্ক হিসাব থেকে এবং অন্যান্য খরচ রাম ও কৃষ্ণ ব্যক্তিগত ভাবে করার সিদ্ধান্ত নিল।

রাম ৮০০ কিলো তেল ৬০ টাকা কিলো দরে ক্রয় করল এবং খরচ করল ১৩,০০০ টাকা। কৃষ্ণ ১০,০০০ কিলো তেল ২.১০ দরে ক্রয় করলে এবং খরচ করল ১১,০০০ টাকা।

কৃষ্ণ (যা রাম ক্রয় করেছিল) ৬০০ কিলো তেল ১০০ টাকা দরে বিক্রয় করল। রাম ৮০০০ কিলো তেল (যা কৃষ্ণ ক্রয় করেছিল) ৫ টাকা দরে বিক্রয় করল। বিক্রয় বাবদ রাম খরচ করল ৬,০০০ টাকা ও কৃষ্ণ ৫,৫০০ টাকা।

অবিক্রীত পণ্য রাম ও কৃষ্ণ নিজেরা নিয়ে নিল। মনে করুন যে যা পণ্য ক্রয় করেছিল তার অবিক্রীত অংশ নিজেরা নিল।

গুরুত্বপূর্ণ লেজারগুলি দেখান :

সমাধান :

In the Books of the Joint Venture of Ram & Krishna

Dr.	Joint Venture A/c		Cr.
	Rs.		Rs.
To Joint Bank A/c	48,000	By Joint Bank A/c	60,000
—Purchase by Ram		—Sale by Krishna	
800 Kgs @ Rs. 60		(600 × Rs. 100)	
To Ram's A/c	13,000	By Joint Bank A/c	40,000
Expenses		—Sale by Ram (800 × Rs. 5)	
To Joint Bank A/c	21,000	By Ram's A/c (1)	15,250
—Purchase by Krishna		Stock taken over	
10,000 Kgs @ Rs. 2.10			
To Krishna's A/c—Expenses	11,000	By Krishna's A/c (2)	6,400
To Ram's A/c Selling Exp.	6,000	Stock taken over	
To Krishna's A/c—Selling Exp.	5,500		
To Ram's A/c	10,290		
—share of profit (3/5)			
To Krishna's A/c	6,860		
—share of profit (2/5)			
	1,21,650		1,21,650

Dr.	Joint Bank A/c		Cr.
	Rs.		Rs.
To Ram's A/c	40,000	By Joint Venture A/c	48,000
		—Goods Purchased	
To Krishna's A/c	40,000	By Joint Venture A/c	21,000
		—Goods Purchased	
To Joint Venture A/c—Sales	60,000	By Ram's A/c (Final Payment)	54,040
To Joint Venture A/c—Sales	40,000	By Krishna's A/c (Final Payment)	56,960
	1,80,000		1,80,000

Dr.	Ram's A/c		Cr.
	Rs.		Rs.
To Joint Venture A/c—Stock taken	15,250	By Joint Bank A/c	40,000
To Joint Bank A/c—Final Payment	54,040	By Joint Venture A/c—Exp.	13,000
		By Joint Venture A/c	6,000
		—Selling Expenses	
		By Joint Venture A/c	10,290
		—Share of Profit	
	69,290		69,290

Dr.	Krishna's A/c		Cr.
	Rs.		Rs.
To Joint Venture A/c—Stock taken	6,400	By Joint Bank A/c	40,000
To Joint Bank A/c—Final Payment	56,960	By Joint Venture A/c—Exp.	11,000
		By Joint Venture A/c	5,500
		—Selling Expenses	
		By Joint Venture A/c	6,860
		—Share of Profit	
	63,360		63,360

অবিক্রীত পণ্য এবং উহার মূল্য নির্ধারণ :

১। Ram ক্রয় করল 60 টাকা দরে	800 kgs.
Krishna বিক্রয় করল	600 kgs.
অবিক্রীত রইল	200 kgs.
	Rs.
Cost 200 × Rs. 60	12,000
Add : Proportionate Expenses of Ram $13000 \times \frac{200}{800}$	3,250
	15,250

২। Krishna ক্রয় করল 2.10 টাকা দরে	10,000 kgs.
Ram বিক্রয় করল	8,000 kgs.
অবিক্রীত রইল	<u>2,000 kgs.</u>
	Rs.
Cost 2000 × Rs. 2.10	4,200
Add : Proportionate Expenses of Krishna $11000 \times \frac{2000}{10,000}$	<u>2,200</u>
	<u>6,400</u>

* অবিক্রীত পণ্যের (Unsold Stock) মূল্য নির্ধারণে Selling Expenses নেওয়া হয় না।

১৫.৯.২ যে ক্ষেত্রে স্বতন্ত্র হিসাব বইসমূহ রাখা হয় না (Where no separate set of Books is maintained) :

এই পদ্ধতিতে যৌথ উদ্যোগে অংশগ্রহণকারী ব্যক্তিগণ নিজ নিজ ব্যবসায়ে ব্যবহৃত হিসাব বইতে যৌথ উদ্যোগ সংক্রান্ত যাবতীয় হিসাব লিপিবদ্ধ কর।

এই পদ্ধতিতে প্রত্যেক উদ্যোগী (Venturer) তার বইতে Joint Venture Account নামে একটি হিসাব খুলে থাকে। এ ছাড়া সহকারী উদ্যোগী (Co-Venturer)-এর নামে একটি খতিয়ান খোলে।

লেনদেন লিপিবদ্ধ করার দাখিলাগুলি নিচে আলোচনা করা হ'ল :

মনে করা হ'ল A এবং B যৌথ উদ্যোগ করল।

A's Journal	B's Journal
১। A পণ্য সরবরাহ করল :— Joint Venture A/c Dr To Goods Sent on Joint Venture A/c Bank A/c	১। Dr. Joint Venture A/c To A's A/c
২। B পণ্য সরবরাহ করল : Joint Venture A/c Dr. To B's A/c	২। Dr. Joint Venture A/c Dr. To Goods Sent on Joint Venture A/c Bank A/c
৩। A কোন খরচ করল : Joint Venture A/c Dr. To Bank A/c	৩। Dr. Joint Venture A/c Dr. To A's A/c

A's Journal	B's Journal
৪। B কোন খরচ করল : Joint Venture A/c Dr. To B's A/c	৪। Joint Venture A/c Dr. To Bank A/c
৫। A কোন পণ্য বিক্রয় করল : Bank A/c Dr. To Joint Venture A/c	৫। A's A/c Dr. To Joint Venture A/c
৬। B কোন পণ্য বিক্রয় করল :— B's A/c Dr. To Joint Venture A/c	৬। Bank A/c Dr. To Joint Venture A/c
৭। বিক্রীত পণ্যের উপর A কমিশন নিল : Joint Venture A/c Dr. To Commission A/c	৭। Joint Venture A/c Dr. To A's A/c
৮। বিক্রীত পণ্যের উপর B কমিশন নিল : Joint Venture A/c Dr. To B's A/c	৮। Joint Venture A/c Dr. To Commission A/c
৯। অবিক্রীত পণ্য A গ্রহণ করল : Purchase A/c Dr. To Joint Venture A/c	৯। A's A/c Dr. To Joint Venture A/c
১০। অবিক্রীত পণ্য B গ্রহণ করল :— B's A/c Dr. To Joint Venture A/c	১০। Purchase A/c Dr. To Joint Venture A/c
১১। A ও B লভ্যাংশ নিল :— Joint Venture A/c Dr. To P/L A/c (A's share) To B's A/c	১১। Joint Venture A/c Dr. To A's A/c To P/L A/c (B's share)
১২। A, B-কে টাকা দিল : B's A/c Dr. To Bank A/c	১২। Bank A/c Dr. To A's A/c

উদাহরণ : ২

স্বপন ও সুভাষ খেলনা ক্রয় ও বিক্রয় করার উদ্দেশ্যে ৩ : ২ অনুপাতে লাভ-লোকসান ভাগ করার সিদ্ধান্ত নিয়ে একটি যৌথ উদ্যোগ গড়ল।

স্বপন ৬০০টি খেলনা ৫০ টাকা দরে ক্রয় করল এবং ভাড়া ও বীমা বাবদ ৩,৫০০ টাকা খরচ করল।

সুভাষ ৩০০টি খেলনা ৫৫ টাকা দরে ক্রয় করল এবং ১,৫০০ টাকা বিবিধ খরচ করল।

স্বপন ৪০০টি খেলনা ৮০ টাকা দরে বিক্রয় করল। সুভাষ ৫০০টি খেলনা ৯০ টাকা দরে বিক্রয় করল। প্রত্যেকে বিক্রয়ের উপর ৫% হারে কমিশন পেল।

৫০টি খেলনা আগুন লেগে নষ্ট হ'ল এবং বীমা কোম্পানি ক্ষতিপূরণের জন্য ১,৫০০ টাকা স্বপনকে দিল।

স্বপন ৩০টি খেলনা এবং সুভাষ ২০টি খেলনা ৩০ টাকা দরে নিজেরা নিয়ে নিল।

স্বপনের বইতে Joint Venture A/c এবং সুভাষের হিসাব দেখান :

সমাধান :

In the Books of Swapan

Dr.	Joint Venture A/c		Cr.
	Rs.		Rs.
To Bank A/c—Goods Purchased (600 × Rs. 50)	30,000	By Bank A/c—Sales (400 × Rs. 80)	32,000
To Bank A/c	3,500	By Subhash's A/c—Sales (500 × Rs. 90)	45,000
Freight & Insurance		By Bank A/c—Insurance Claim received	1,500
To Subhash's A/c—Goods Purchased (300 × Rs. 55)	16,500	By Purchase A/c—Stock taken over (30 × Rs. 30)	900
To Subhash's A/c	1,500	By Subhash's A/c—Stock taken over (20 × Rs. 30)	600
Misc. Expenses			
To Commission A/c 5% of Rs. 32,000	1,600		
To Subhash's A/c 5% of Rs. 45,000	2,250		
To P/L A/c Share of Profit 3/5th × 24,650	14,790		
To Subhash's A/c share of profit 2/5th × 24,650	9,860		
	<u>80,000</u>		<u>80,000</u>

Dr.	Subhash's A/c		Cr.
	Rs.		Rs.
To Joint Venture A/c —Sales	34,000	By Joint Venture A/c —Goods supplied	16,500
To Joint Venture A/c —Goods taken	600	By Joint Venture A/c —Expenses	1,500
		By Joint Venture A/c —Commission	1,600
		By Joint Venture A/c—Profit	9,860
		By Balance c/d	16,140
	45,600		45,600

১৫.৯.৩ যে ক্ষেত্রে বিবরণী যৌথ উদ্যোগ হিসাব প্রস্তুত করা হয় (Where Memorandum joint venture Account is maintained)

এই পদ্ধতিতে যৌথ উদ্যোক্তাগণ প্রত্যেকেই নিজ নিজ হিসাবের বইতে Joint Venture সংক্রান্ত কোন পণ্য বিক্রয় করে যে অর্থ পায়, পণ্য ক্রয় করতে যে অর্থ ব্যয় করে অবিক্রীত পণ্য নিজেরা গ্রহণ করে, তার লেনদেন লিপিবদ্ধ করে।

এই পদ্ধতির সবথেকে বড় সুবিধা হ'ল, একজন অংশীদার তার নিজের লেনদেনের হিসাব লিপিবদ্ধ করে এবং অন্য অংশীদারের হিসাব রাখতে হয় না।

মনে করা হ'ল A এবং B কোন যৌথ উদ্যোগ করল।

নিম্নলিখিত Pro-forma হিসাবের মাধ্যমে এ-পদ্ধতিটি বোঝান হ'ল :

Dr.	Memorandum Joint Venture A/c		Cr.
	Rs.		Rs.
To A's A/c—Cost of Goods (1)	—	By A's A/c—Sales (4)	—
To B's A/c—Cost of Goods (6)	—	By B's A/c—Sales (9)	—
To A's A/c—Expenses (2)	—	By A's A/c—Stock taken (5)	—
To B's A/c—Expenses (7)	—	By B's A/c—Stock taken (10)	—
To A's A/c—Share of profit (3)	—		
To B's A/c—Share of profit (8)	—		

Dr.	In the books of A Joint Venture with B		Cr.
	Rs.		Rs.
To Bank A/c—Cost of Goods (1)	—	By Bank A/c—Sales (4)	—
To Bank A/c—Expenses (2)	—	By Purchase A/c/Un-sold Stock A/c (5)	—
To P/L A/c—Share of profit (3)	—	By Bank A/c—payment from B	—
To Bank A/c—payment to B	—		—

Dr.	In the books of B Joint Venture with A		Cr.
	Rs.		Rs.
To Bank A/c—Cost of Goods (6)	—	By Bank A/c—Sales (9)	—
To Bank A/c—Expenses (7)	—	By Purchase A/c/Un-sold Stock A/c (10)	—
To P/L A/c—Share of profit (8)	—	By Bank A/c—Payment from A	—
To Bank A/c—payment to A	—		—

উদাহরণ : ৩

অশোক ও বিনয় লোহা কেনা-বেচার উদ্দেশ্যে যৌথ উদ্যোগ গড়ল। তারা ২ : ১ অনুপাত লাভ ও লোকসান ভাগ করার সিদ্ধান্ত নিল। এ ছাড়াও তারা বার্ষিক ৬% হারে (মাসের হিসাবে) মূলধন নিয়োগের উপর সুদ নিল। নিম্নলিখিত লেনদেনগুলি যৌথ উদ্যোগে হ'ল :

(i)

- ১.৬.৯৮ — অশোক ১৪০০ কিলো লোহা ৫৫ টাকা দরে কিনল এবং দালালি (Brokerage) দিল ২ টাকা (প্রতি কিলো)
- ১.৭.৯৮ — বিনয় ১২০০ কিলো লোহা ৬২ টাকা দরে কিনল এবং দালালি দিল ২ টাকা (প্রতি কিলো)
- ১.৮.৯৮ — বিনয় ৭০০ কিলো লোহা ৬৯ টাকা দরে বিক্রয় করল এবং দালালি দিল ১ টাকা (প্রতি কিলো)
- ১৫.৮.৯৮ — অশোক ১৬০০ কিলো লোহা ৬৬ টাকা দরে বিক্রয় করল এবং দালালি দিল ১ টাকা (প্রতি কিলো)

তারা ঠিক করল, যে প্রত্যেক উদ্যোক্তা নিজেদের ক্রয় করা পণ্য প্রথমে বিক্রয় করবে এবং প্রয়োজন হ'লে অন্য অংশীদারের ক্রয় করা পণ্য নেবে। অবিক্রীত পণ্য তারা ক্রয়মূল্যে লভ্যাংশের অনুপাতে গ্রহণ করল।

Memorandum Joint Venture A/c এবং অশোকের বইতে Joint Venture Account with Binoy দেখান :

সমাধান :

Memorandum Joint Venture A/c			
Dr.			Cr.
	Rs.		Rs.
1.6.98		1.8.98	
To Ashok's A/c—		By Binoy's A/c—	
Purchase 77,000		Sales 48,300	
Add : Brokerage 2,800	79,800	Less : Brokerage 700	47,600
1.7.98		15.8.98	
To Binoy's A/c—		By Ashok's A/c—	
Purchase 74,400		Sales 1,05,600	
Add : Brokerage 2,400	76,800	Less : Brokerage 1,600	1,04,000
31.8.98			
To Ashok's A/c—Interest 998	998	By Ashok's A/c—Stock taken 12,800	12,800
31.8.98			
To Binoy's A/c—Interest 530	530	By Binoy's A/c—Stock taken 6,400	6,400
To Ashok's A/c—	8,448		
share of profit $2/3 \times 12,672$			
To Binoy's A/c—	4,224		
share of profit $1/3 \times 12,672$			
	1,70,800		1,70,800

In the Books of Ashok

Joint Venture with Binoy			
Dr.			Cr.
	Rs.		Rs.
To Bank A/c—Purchase 79,800	79,800	By Bank A/c—Sales 1,04,000	1,04,000
To Interest A/c 998	998	By Purchase A/c 12,800	12,800
		Unsold Stock A/c	
To P/L A/c—Profit 8,448	8,448		
To Bank A/c			
—Final payment to B 27,554	27,554		
	1,16,800		1,16,800

সূদের হিসাব		Rs.
Ashok \Rightarrow	$79,800 \times \frac{6}{100} \times \frac{2\frac{1}{2}}{12} =$	998
Binoy \Rightarrow	$76,800 \times \frac{6}{100} \times \frac{1}{12} =$	384
	$+ (76,800 - 47,600)$	
	or $29,200 \times \frac{6}{100} \times \frac{1}{12} =$	146
		<u>530</u>

অবিক্রীত পণ্যের হিসাব

অশোক ক্রয় করল 57 টাকা দরে	1400 kgs.
বিনয় ক্রয় করল 64 টাকা দরে	1200 kgs.
বিনয় বিক্রয় করল	700 kgs.
অশোক বিক্রয় করল	1600 kgs.
\therefore বিনয়ের ক্রয় করা পণ্য অবিক্রীত থাকল $\Rightarrow (1400 + 1200) - (700 + 1600) = 300$ kgs.	
অশোক গ্রহণ করল—	Rs.
$300 \times \frac{2}{3} \times 64 =$	12,800
বিনয় গ্রহণ করল—	
$300 \times \frac{1}{3} \times 64 =$	6,400

১৫.১০ অনুশীলনী

দীর্ঘ-উত্তর প্রশ্নাবলী (Long Answer Questions) :

- ১। চালানী কারবার (Consignment) বলতে কি বোঝায়? চালানী কারবার কেন বিক্রয় (Sale) নয়, উদাহরণসহ আলোচনা করুন।
- ২। চালানী কারবারে ব্যবহৃত স্বাভাবিক ক্ষতি ও অস্বাভাবিক ক্ষতি কাকে বলে? কিভাবে এই ক্ষতির হিসাব নিরূপণ করা হয়? কিভাবে হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়।
- ৩। চালানী কারবারে অবিক্রীত মজুত পণ্য (Unsold Stock on Consignment) কিভাবে নিরূপণ করা হয়?
- ৪। ক্রয়মূল্য অপেক্ষা উচ্চতর মূল্যে নমুনা চালান (Pro-forma Invoice) প্রস্তুত করা হলে, যে মিলকরণ দাখিলাগুলির প্রয়োজন হয়, সেগুলি ব্যাখ্যা করুন।

- ৫। যৌথ উদ্যোগ বলতে কি বোঝায়? যৌথ উদ্যোগ ও চালানী কারবারের মধ্যে পার্থক্য কি?
 ৬। যে সকল পদ্ধতিতে যৌথ উদ্যোগ সংক্রান্ত হিসাব রাখা যায়, তা সংক্ষেপে আলোচনা করুন।
 ৭। সংক্ষিপ্ত টীকা লিখুন :

(i) পৌনঃপুনিক (Recurring) খরচ, (ii) নমুনা চালান (Pro-forma Invoice), (iii) ঝুঁকিবাহকের দস্তুরি (Del credere Commission), (iv) যাত্রাপথে বিনষ্ট পণ্য (Loss-in-transit), (v) বিবরণী যৌথ উদ্যোগ হিসাব (Memorandum Joint Venture)।

বিষয়মুখী প্রশ্নাবলী (Objective Questions)

১। ঝুঁকিবাহকের দস্তুরি চালানী প্রেরক (Consignor) দিলে কু-ঋণ (Bad Debt)-এর দায়িত্ব কাকে বহন করতে হয়?

শূন্যস্থান পূরণ করুন (Fill in the Blanks)

- ২। অবিক্রীত পণ্য মূল্যায়নে ————— খরচ নেওয়া হয় না।
 ৩। চালানী কারবারে পণ্যের ————— চালানী গ্রাহকের (Consignee) কাছে যায় না।
 ৪। যৌথ উদ্যোগ একটি ————— ব্যবসা।

ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Questions)

১। ১লা জুলাই ১৯৯৮, যদু ১০০ বাস্ক দুধ কটকে অবস্থিত তার প্রতিনিধি মধুকে পাঠাল, ১০,০০০ টাকার চালান মূল্যে। চালান মূল্যের উপর ২৫% লাভ রেখে নমুনা চালান পাঠান হ'ল। যদু পণ্য প্রেরণ করবার সময় ৬০০ টাকা বাড়ি ও বীমা বাবদ খরচ করল। মধু (চালানী গ্রাহক) ১,০০০ টাকা ছাড়বার খরচ (Clearing charges) ও ২০০ টাকা গাড়ী ভাড়া (Carriage)-এর জন্য খরচ করল। মধু যদুকে ৪,০০০ টাকা অগ্রিম হিসাবে একটি ব্যাঙ্ক ড্রাফট পাঠাল। মধু ৮০ বাস্ক দুধ মোট ১০,৫০০ টাকায় বিক্রয় করল। মধু ৫% হারে সাধারণ কমিশন নিল।

যদুর বইতে উল্লেখযোগ্য খতিয়ানগুলি দেখান। (মনে করুন মধু বাকী টাকা নগদে যদুকে দিয়ে দিল),
 উঃ মুনাফা ২,৫৩৫ টাকা। অবিক্রীত পণ্য ২,৩৬০ টাকা।

২। কলকাতায় বসবাসকারী রাজা ১০০টি রেডিও তার প্রতিনিধি কিরণকে পাঠাল। প্রতিটি পণ্যের ক্রয়মূল্য ১,০০০ টাকা, কিন্তু ক্রয়মূল্যের সঙ্গে ২৫% ভর (loading) যোগ করে নমুনা চালান তৈরী হ'ল।

রাজা পণ্য প্রেরণ করবার সময় মোট ৪০,০০০ টাকা খরচ করল। প্রতিনিধির সঙ্গে চুক্তি হ'ল যে, কিরণ ৫% সাধারণ কমিশন ২২% ঝুঁকিবাহকের কমিশন পাবে। নমুনা চালান মূল্যের উপর বিক্রয় করতে পারলে অতিরিক্ত মূল্যের উপর ২৫% কমিশন পাবে, কিন্তু কম মূল্যে বিক্রি করলে তার দায়িত্ব প্রতিনিধির, অর্থাৎ প্রাপ্য কমিশন থেকে বাদ হয়ে যাবে।

কিরণ ছাড়বার খরচ (Unloading charges) ২,০০০ টাকা ও বিজ্ঞাপন বাবদ (Advertisement) ৩,০০০ টাকা খরচ করল।

কিরণ পণ্য বিক্রয় করল :—

৪০টি পণ্য ১,৫০০ টাকা দরে

৩০টি পণ্য ১,২০০ টাকা দরে

১০টি পণ্য ১,৩০০ টাকা দরে

৫টি রেডিও কিরণের গুদামে ভেঙে গিয়ে নষ্ট হ'ল এবং বীমা কোম্পানী ২,০০০ টাকা ক্ষতিপূরণ দিল।

রাজার বইতে বিভিন্ন খতিয়ানগুলি দেখান :

উঃ। লোকসান ১৬,৯০০ টাকা, কমিশন ৯,৩০০ টাকা, অস্বাভাবিক ক্ষতি ৭,১০০ টাকা। অবিক্রীত পণ্য ২৫,০৫০ টাকা।

৩। দীপেন, বিমান ও গগন একটি বাড়ী তৈরী করার উদ্দেশ্যে সমান অনুপাতে লাভ ও লোকসান ভাগ করার সিদ্ধান্ত নিয়ে একটি যৌথ উদ্যোগে সামিল হ'ল। চুক্তি মূল্য মোট ২৫ লাখ টাকা, তার মধ্যে ২২ লাখ টাকা নগদে ও ৩ লাখ টাকা মূল্যের ডিবেঞ্চার পাবে। তারা একটি যৌথ ব্যাঙ্ক হিসাবে (Joint Bank A/c) খুলল। তাতে দীপেন ৩,০০,০০০ টাকা বিমান ৩,৭৫,০০০ ও গগন ২,০০,০০০ টাকা জমা দিল।

নিম্নলিখিত খরচাগুলি যৌথ ব্যাঙ্ক থেকে করা হল :

	Rs.
মাল (Material)	12,26,800
মজুরি (Wages)	7,33,200
যন্ত্রপাতি (Machinery)	60,000
বিবিধ খরচ (Misc. Exp)	20,000

এ ছাড়া দীপেন ৩২,০০০ টাকার পণ্য (Material), বিমান ৮০,০০০ টাকার বিশেষ যন্ত্র (Special Plant), ও গগন লরি (Motor Lorry) ৭৫,০০০ টাকায় ক্রয় করল।

বাড়ী তৈরী করার পর চুক্তি মূল্য পাওয়া গেল, এবং বিশেষ যন্ত্র (Special Plant) ১০,০০০ টাকায় ও যন্ত্রপাতি (Machinery) ৩২,০০০ টাকায় বিক্রয় করা হ'ল। গগন লরি (Motor Lorry) ৪০,০০০ টাকায় নিজে গ্রহণ করল এবং দীপেন ডিবেঞ্চার ২,৮০,০০০ টাকায় গ্রহণ করল। উল্লেখযোগ্য খতিয়ানগুলি দেখান :

উঃ। মোট মুনাফা : ৩,৫৩,০০০ টাকা, প্রাপ্য টাকা দীপেন ১,৬৯,৬৬৬ টাকা, বিমান ৫,৭২,৬৬৭ টাকা ও গগন ৩,৫২,৬৬৭ টাকা।

১৫.১১ গ্রন্থপঞ্জী

১। হিসাবশাস্ত্র—ভট্টাচার্য সংরক্ষণ ১৯৯৪।

২। Advance Accountancy—S.N. Maheshwari (1998).

৩। Advance Accountancy—Jain & Narang (1999)

৪। Principles and Application of Accounting (Vol. I)—A. Basu (1999)

৫। Modern Accountancy (Vol. I)—Mukherjee, Hanif (1999).

একক ১৬ □ আদান-প্রদানের হিসাব ও আয়-ব্যয়ের হিসাব

গঠন

- ১৬.০ প্রস্তাবনা
- ১৬.১ আদান-প্রদানের হিসাব
 - ১৬.১.১ আদান-প্রদানের হিসাবের বৈশিষ্ট্য
- ১৬.২ আয়-ব্যয়ের হিসাব
 - ১৬.২.১ আয়-ব্যয় হিসাবের বৈশিষ্ট্য
- ১৬.৩ আদান-প্রদান হিসাব ও আয়-ব্যয় হিসাবের মধ্যে পার্থক্য
- ১৬.৪ আদান-প্রদানের হিসাব প্রস্তুত প্রণালী
- ১৬.৫ আয়-ব্যয় হিসাব প্রস্তুতির পদ্ধতি
- ১৬.৬ আদান-প্রদান হিসাবকে আয়-ব্যয় হিসাবে রূপান্তরণ
 - ১৬.৬.১ প্রাপ্তি ও আয়
 - ১৬.৬.২ প্রদান ও ব্যয়
 - ১৬.৬.৩ উদ্বর্তপত্র
- ১৬.৭ ক্লাব, সমিতি প্রভৃতি হিসাব-নিকাশ সংক্রান্ত কয়েকটি বিষয়
 - ১৬.৭.১ মূলধন তহবিল
 - ১৬.৭.২ ভর্তির ফি
 - ১৬.৭.৩ চাঁদা
 - ১৬.৭.৪ অনুদান
 - ১৬.৭.৫ আজীবন সভ্যের চাঁদা
 - ১৬.৭.৬ উদাহরণ
- ১৬.৮ আয়-ব্যয় হিসাবকে আদান-প্রদান হিসাবে রূপান্তরণ
 - ১৬.৮.১ উদাহরণ
- ১৬.৯ অনুশীলনী
- ১৬.১০ গ্রহুপঞ্জী

১৬.০ প্রস্তাবনা

সেবা ও জনকল্যাণমূলক কাজে উদ্দেশ্যে যে সকল সংস্থার সৃষ্টি হয়, সেগুলিকে বলে অমুনাফাভোগী প্রতিষ্ঠান (Non-Profit Seeking Concern)। যেমন ক্লাব, সমিতি, শিক্ষায়তন, হাসপাতাল, লাইব্রেরী ইত্যাদি।

এই অমুনাফাভোগী প্রতিষ্ঠানগুলি নগদ আদান-প্রদানের হিসাব ও আয়-ব্যয় হিসাব প্রস্তুত করে।

১৬.১ আদান-প্রদানের হিসাব

অমুনাফা-সন্ধানী প্রতিষ্ঠানগুলি কোন নির্দিষ্ট হিসাব কালের মধ্যে বিভিন্নখাতে যে সকল নগদ লেনদেন সম্পাদন করে, আদান-প্রদান হিসাব হ'ল সেগুলির সংক্ষিপ্ত বিবরণ মাত্র। অর্থাৎ যে সমস্ত মুনাফা সম্পর্কীয় (Revenue) আয়-ব্যয় বা মূলধন সম্পর্কীয় (Capital) আয়-ব্যয় নগদান বইতে লেখা হয়, তা হিসাবকালের শেষে বিভিন্ন খাতে (Head) বিভক্ত করে, সংক্ষিপ্তভাবে আদান-প্রদানের হিসাবে লেখা হয়।

কোন নির্দিষ্ট হিসাবকালের যাবতীয় আদান-প্রদানগুলি শ্রেণীবদ্ধভাবে সাজিয়ে হিসাবকালের শেষে যে সংক্ষিপ্ত বিবরণী প্রস্তুত করা হয় তাকে আদান-প্রদানের হিসাব বলে।

“A Receipt & Payments A/c is a Summarised Cash Book (Cash and Bank) for a given period”—Spicer & Pegler.

১৬.১.১ আদান-প্রদানের হিসাবের বৈশিষ্ট্য (Features)

- ১। এটি নগদান বই-এর সংক্ষিপ্ত সংস্করণ।
 - ২। এখানে শুধুমাত্র নগদ লেনদেন (Cash transactions) গুলি লেখা হয়।
 - ৩। এতে মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় উভয় শ্রেণীর নগদ লেনদেন লেখা হয়।
 - ৪। এর ডেবিট দিকের সর্বপ্রথমে প্রারম্ভিক নগদ অর্থ ও ক্রেডিট দিকের সর্বশেষ অন্তিম নগদ অর্থ দেখান হয়।
 - ৫। এটি হিসাবকালের শেষে প্রস্তুত করা হয়।
 - ৬। এর জের (Balance) সাধারণতঃ debit হবে। অবশ্য ব্যাঙ্কের জের credit হতে পারে যদি Bank-এ Overdraft থাকে।
 - ৭। এর অন্তিম জের (Final balance) থেকে বছরের শেষে নগদে ও ব্যাঙ্কে কত টাকা আছে জানা যায়।
-

১৬.২ আয়-ব্যয়ের হিসাব

যে হিসাবের মাধ্যমে কোন অমুনাফা সন্ধানী প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট হিসাবকালের আয়-ব্যয়ের পরিমাণ এবং ফলস্বরূপ উদ্ধৃত উদ্বৃত্ত (Surplus) বা ঘাটতি (deficit) নিরূপণ করা হয়, তাকে আয়-ব্যয়ের হিসাব বলে।

যদিও অমুনাফাভোগী প্রতিষ্ঠানের মুনাফা অর্জনের উদ্দেশ্য না হলেও, অনেক সময় আয় ও ব্যয়ের মধ্যে তফাৎ (difference) থেকে যায়।

আয়-ব্যয়ের হিসাবে কেবলমাত্র মুনাফা জাতীয় লেনদেনগুলি অন্তর্ভুক্ত হয়।

১৬.২.১ আয় ও ব্যয় হিসাবের বৈশিষ্ট্য (Features)

- ১। এটি একটি Nominal Account।
- ২। এটি প্রকৃতপক্ষে মুনাফাসন্ধানী প্রতিষ্ঠানের Profit & Loss A/c-এর অনুরূপ।
- ৩। কেবলমাত্র মুনাফাজাতীয় (Revenue) আয় ও ব্যয়গুলি লেখা হয়।
- ৪। এই হিসাবের কোন প্রারম্ভিক জের (Opening Balance) থাকে না।
- ৫। আয়-ব্যয়ের হিসাব বছরের শেষে প্রস্তুত করা হয়।
- ৬। এর মাধ্যমে প্রতিষ্ঠানের উদ্ভূত বা ঘাটতি নির্ণয় করা হয়।
- ৭। এই হিসাবের জের Capital Fund-এ স্থানান্তরিত করা হয়।
- ৮। নগদান ভিত্তিতে (Cash Basis) হিসাব নিকাশের ক্ষেত্রে চলতি হিসাবকালে প্রাপ্ত ও প্রদত্ত আয়-ব্যয় গুলি ধরা হয়। কিন্তু প্রাপ্য প্রদেয় ভিত্তিতে হিসাব নিকাশের ক্ষেত্রে কেবলমাত্র চলতি হিসাবকালে প্রযোজ্য আয়-ব্যয়গুলি ধরা হয়।

১৬.৩ আদান-প্রদান হিসাব ও আয়-ব্যয় হিসাবের মধ্যে পার্থক্য

আদান-প্রদান হিসাব	আয়-ব্যয় হিসাব
১। এটি আর্থিক বছরের যাবতীয় নগদ লেনদেনগুলির সংক্ষিপ্ত বিবরণ।	১। এটি আর্থিক বছরের মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের হিসাব।
২। এতে শুধু নগদ লেনদেন লেখা হয়।	২। এখানে নগদ লেনদেন ছাড়াও অন্য লেনদেনও লেখা হয়।
৩। মূলধন ও মুনাফাজাতীয় উভয় প্রকার লেনদেনই লিপিবদ্ধ করা হয়।	৩। কেবলমাত্র মুনাফাজাতীয় লেনদেনই দেখা হয়।
৪। এটি Real Account।	৪। এটি Nominal Account।
৫। এর জের (balance) কখনও ক্রেডিট হতে পারে না।	৫। এর জের (balance) ডেবিট ও ক্রেডিট উভয়ই হতে পারে।
৬। প্রথম বছর ছাড়া অন্যান্য বছরে এই হিসাবে প্রারম্ভিক জের থাকে।	৬। এতে কোন প্রারম্ভিক জের থাকে না।
৭। এই হিসাবের অন্তিম জের দ্বারা বোঝায়, বছরের শেষে কত টাকা হাতে আছে।	৭। এর অন্তিম জের হল উদ্ভূত বা ঘাটতি।
৮। এটি দুই তরফা দাখিলা পদ্ধতির বহির্ভূত।	৮। এটি দুই তরফা দাখিলা পদ্ধতির অন্তর্ভুক্ত একটি হিসাবখাত।
৯। এতে প্রাপ্ত অর্থ ডেবিট দিকে এবং প্রদত্ত নগদ অর্থ ক্রেডিট দিকে বসানো হয়।	৯। এতে ব্যয় সংক্রান্ত হিসাবগুলি ডেবিট দিকে ও আয় সংক্রান্ত হিসাবগুলি ক্রেডিট দিকে বসানো হয়।
১০। এর জের আগামী বছরের Receipts & Payments A/c-এ পাঠানো হয় (Carried forward)।	১০। এর জের Capital Fund-এ পাঠানো হয়।
১১। এটি প্রস্তুত করা বাধ্যতামূলক নয়।	১১। এটি প্রস্তুত করা বাধ্যতামূলক।

১৬.৪ আদান-প্রদানের হিসাব প্রস্তুত প্রণালী

সারা বছরের যাবতীয় নগদ আদান-প্রদানগুলি শ্রেণীবদ্ধভাবে সাজিয়ে এই হিসাব তৈরী করা হয়। যেহেতু এই হিসাবের মাধ্যমে সারা বছরের নগদ লেনদেনগুলি লেখা হয়, এর শিরোনাম (Heading) হবে :

Receipts & Payments Account for the year ended.....

এর ডেবিট দিকে সমস্ত আদায় (Receipts) ও ক্রেডিট দিকে সমস্ত প্রদান (Payments) দেখানো হয়।

ডেবিট দিকে সর্বপ্রথমে প্রারম্ভিক জের (Opening balance) দেখানো হয়। এরপর নগদান বই (Cash Book) থেকে একজাতীয় ও সমজাতীয় লেনদেনগুলির মোট অর্থ (Total amount) সংশ্লিষ্ট খাতে ডেবিট বা ক্রেডিট দিকে বসানো হয়।

সবশেষে অন্তিম জের ক্রেডিট দিকে বসানো হয়, এর দ্বারা বছরের শেষে সমাপ্তিক হস্তস্থ ও ব্যাঙ্কস্থ নগদ টাকা কত আছে বোঝা যায়।

উদাহরণ : নিম্নলিখিত নগদান বই থেকে আদান-প্রদানের হিসাব প্রস্তুত করুন :—

Dr.		Cash Book		Cr.	
		Rs.			Rs.
1.4.97	To Balance b/d	1,000	5.4.97	By Rent	400
2.4.97	To Subscription	500	6.5.97	By Electricity	300
3.5.97	To Entrance fees	200	10.5.97	By Furniture	200
10.5.97	To Subscription	300	12.6.97	By Rent	300
15.6.97	To Donations	1,500	18.6.97	By Postage	200
20.7.97	To Sale of Old Furniture	400	22.7.97	By Electricity	100
25.9.97	To Subscription	800	28.9.97	By Books	1,500
3.10.97	Sale of Old Newspaper	200	10.10.97	By Salaries	200
4.11.97	To Donation	800	12.11.97	By Sports Materials	2,100
6.12.97	To Entrance Fees	400	18.12.97	By Postage	100
8.1.98	To Life Membership Fees	600	16.1.98	By Books	1,200
8.2.98	To Subscription	100	12.2.98	By Salaries	100
10.3.98	To Donations to Building Fund	2,000	15.3.98	By Rent	100
			31.3.98	By Balance c/d	2,000
		8,800			8,800

সমাধান :

Receipts & Payments A/c			
For the year ended 31st March '98			
Dr.			Cr.
Receipts	Rs.	Payments	Rs.
To Balance b/d	1,000	By rent	800
To Subscriptions	1,700	By Electricity	400
To Entrance Fees	600	By Salaries	300
To Life Membership Fees	600	By Postage	300
To Donations	2,300	By Books	2,700
To Donations to Building Fund	2,000	By Sports Materials	2,100
To Sale of Furniture	400	By Furniture	200
To Sale of Old Newspaper	200	By Balance c/d	2,000
	8,800		8,800

১। Subscriptions	Rs. (500 + 300 + 800 + 100)	= Rs.	1,700
২। Entrance fees	Rs. (200 + 400)	= Rs.	600
৩। Donations	Rs. (1,500 + 800)	= Rs.	2,300
৪। Rent	Rs. (400 + 300 + 100)	= Rs.	800
৫। Electricity	Rs. (300 + 100)	= Rs.	400
৬। Books	Rs. (1,500 + 1,200)	= Rs.	2,700
৭। Postage	Rs. (200 + 100)	= Rs.	300

১৬.৫ আয়-ব্যয় হিসাব প্রস্তুতির পদ্ধতি

কোন নির্দিষ্ট কালে প্রাপ্ত (received) ও প্রাপা (accrued) মুনাফা-জাতীয় আয়গুলি (Revenue Incomes) এবং প্রদত্ত (Paid) ও প্রদেয় (outstanding) মুনাফা-সম্পর্কীয় ব্যয়গুলি (Revenue Expenditure) আয়-ব্যয় হিসাবে স্থান পায়।

এই হিসাবের ক্রেডিট দিকে আয় (Incomes) এবং ডেবিট দিকে ব্যয় (Expenditure) গুলি বসানো হয়। ক্রেডিট জের হ'লে অর্থাৎ ব্যয় বাদে আয়ের বাড়তি (Excess of Income over Expenditure)-কে উদ্বৃত্ত (Surplus) এবং ডেবিট জের অর্থাৎ আয় বাদে ব্যয়ের বাড়তি (Excess of Income over Expenditure) ঘাটতি (Deficit) বলে। এই উদ্বৃত্ত বা ঘাটতি সাধারণতঃ General Fund বা মূলধন ফাণ্ড (Capital Fund)-এ পাঠানো হয়।

১৬.৬ আদান-প্রদান হিসাবকে আয়-ব্যয় হিসাবে রূপান্তরণ

১। আদান-প্রদানের হিসাব থেকে প্রারম্ভিক জের (Opening balance) ও সমাপ্তিক জের (closing balance) বাদ দিতে হবে।

- ২। মূলধন জাতীয় আয় ও ব্যয়গুলি আয়-ব্যয়ের হিসাবে নেওয়া হয় না।
- ৩। অতীত বা আগামী বছর সংক্রান্ত মুনাফা জাতীয় লেনদেনগুলি বাদ দিতে হবে।
- ৪। চলতি আর্থিক বছরের প্রাপ্য আয় (Accrued Income) এবং প্রদেয় ব্যয় (Outstanding Expenses)-গুলি আদান-প্রদানের হিসাবে অন্তর্ভুক্ত বিভিন্ন খাতের (items) সঙ্গে যোগ করতে হবে।
- ৫। বিভিন্ন সম্পদ (Assets)-এর উপর অবচয় (depreciation) ধরতে হবে।

দ্রষ্টব্য :

আদান-প্রদান হিসাব থেকে আয়-ব্যয়ের হিসাব প্রস্তুত করার সময় মুনাফা জাতীয় হিসাবের বকেয়া (outstanding) ও অগ্রিম (advance)-এর adjustment-এর সহজ পদ্ধতি হ'ল :

- ১। বর্তমান বছর সংক্রান্ত হ'লে : যোগ (+)
- ২। আগামী বা অতীত বছর সংক্রান্ত হ'লে : বিয়োগ (-)

১৬.৬.১ প্রাপ্তি ও আয় (Payment and Expenditure)

প্রাপ্তি হ'ল নগদে যে অর্থ এ বছরে পাওয়া গেল। কিন্তু আয় হ'ল চলতি বছরের প্রকৃত মুনাফা জাতীয় লাভ।

উদাহরণ :

একটি ক্লাবে ৫০ জন সদস্য আছে। প্রত্যেকের বার্ষিক টাঁদা ১০ টাকা।

সুতরাং আয় $\Rightarrow ৫০ \times ১০$ টাকা বা ৫০০ টাকা কিন্তু প্রাপ্তি হ'ল যে টাকা এ বছরে নগদে পাওয়া গেল। টাঁদা বাবদ অতীত, চলতি ও আগামী বছরের প্রাপ্য অর্থ হ'লই প্রাপ্তি।

১৬.৬.২ প্রদান এবং ব্যয় (Payment and Expenditure)

প্রদান হ'ল নগদে যে অর্থ এ বছরে দেওয়া (payment) হ'ল। কিন্তু ব্যয় হ'ল চলতি বছরের মুনাফা জাতীয় মোট খরচ।

উদাহরণ :

একটি ক্লাবের অফিসের মাসিক ভাড়া ১০০ টাকা। কিন্তু একমাসের ভাড়া দেওয়া হয়নি।

সুতরাং প্রদান = ১০০×১১ বা ১১০০ টাকা

কিন্তু ব্যয় = ১০০×১২ বা ১২০০ টাকা।

১৬.৬.৩ উদ্বর্তপত্র (Balance Sheet)

কারবারী প্রতিষ্ঠানের হিসাবকালের শেষে আর্থিক অবস্থা নিরূপণের জন্য যেমন উদ্বর্তপত্র তৈরী করা হয়, অমুনাফা-সম্বানী প্রতিষ্ঠানের ক্ষেত্রেও সেই রকম উদ্বর্তপত্র প্রস্তুত করা হয়। উদ্বর্তপত্রে সম্পত্তি দায়, বকেয়া (Outstanding), অগ্রিম (Advance) হিসাব রাখা হয়। আয়-ব্যয় হিসাব থেকে যে উদ্বৃত্ত (Surplus) বা ঘাটতি (Deficit) হয়, তা সাধারণ তহবিল বা মূলধনী তহবিলে পাঠানো হয়।

১৬.৭ ক্লাব, সমিতি প্রভৃতির হিসাব-নিকাশ সংক্রান্ত কয়েকটি বিষয়

১৬.৭.১ মূলধন তহবিল (Capital Fund)

কোন প্রতিষ্ঠানের মোট সম্পত্তি (Assets) থেকে মোট বহির্দায় (External Liabilities) বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাকে বলে মূলধন তহবিল। মূলধন তহবিলের সঙ্গে উদ্বৃত্ত হ'লে যোগ ও ঘাটতি হ'লে বিয়োগ করা হয়। এটি মুনাফাভোগী প্রতিষ্ঠানের Capital-এর প্রতিকল্প।

১৬.৭.২ ভর্তির ফি (Entrance Fee)

প্রত্যেক নতুন সভ্যকে ভর্তির সময় চাঁদা ছাড়াও ভর্তির ফি দিতে হয়। ভর্তির ফি কিভাবে হিসাবে লেখা হবে তা নিয়ে হিসাব শাস্ত্রবিদদের মধ্যে মতভেদ আছে। প্রতিষ্ঠানের নিয়মাবলী (Rules and Bye Laws)-তে যদি কোন নির্দেশ থাকে, তা অবশ্যই মানতে হবে। যদি বলা থাকে, যে ভর্তি ফি মুনাফা জাতীয় আয় হিসাবে গণ্য করতে হবে, তাহলে Income & Expenditure A/c-এ Credit করতে হবে। অনেক সময় নির্দেশ থাকে প্রাপ্ত অর্থ মূলধন জাতীয় আয়, তখন Income & Expenditure A/c-এ না এনে উদ্বর্তপত্রের Liabilities-এর দিকে বসাতে হবে। আবার ভর্তি ফি-এর এক অংশ মুনাফা জাতীয় ও এক অংশ মূলধন জাতীয় আয় হিসাবেও গণ্য করা যেতে পারে।

১৬.৭.৩ চাঁদা (Subscription)

অমুনাফাভোগী প্রতিষ্ঠানের অন্যতম আয়ের উৎস হল চাঁদা। চাঁদা মুনাফা জাতীয় আয়। সুতরাং চাঁদা সংশ্লিষ্ট বছরের আয়-ব্যয় হিসাবে Credit করা হয়। বর্তমান বছরের চাঁদা অনাদায়ী থাকলে তা চাঁদার অঙ্কের সঙ্গে যোগ করতে হয়।

কিন্তু বিগত বছরের বা আগামী বছরের চাঁদা চলতি হিসাব-বছরের আয়ের অঙ্ক থেকে বাদ যাবে। আবার বর্তমান বছরের কোনো চাঁদা যদি বিগত বছরে অগ্রিম আদায় হয়ে থাকে, তা বর্তমান বছরের চাঁদার সঙ্গে যোগ করতে হবে।

১৬.৭.৪ অনুদান (Donation)

অমুনাফা-সহকারী প্রতিষ্ঠান অনেক সময় বিভিন্নসূত্র থেকে দান হিসাবে অর্থ সংগ্রহ করে। যদি এই দান বিশেষ কোন উদ্দেশ্যে যেমন বাড়ী তৈরী, পুরস্কার দেওয়া, যন্ত্রপাতি কেনা প্রভৃতি কারণে সংগ্রহ করে, তা হলে অবশ্যই তাকে মূলধন জাতীয় আয় হিসাবে গণ্য করতে হবে এবং উদ্বর্তপত্রে বিশেষ ফাণ্ড (Special Fund)-এ পাঠাতে হবে।

আবার যদি কোন বিশেষ উদ্দেশ্য ছাড়াই অনুদান পাওয়া গেলে এবং এর অর্থ খুব বেশী না হয় একে মুনাফা জাতীয় আয় হিসাবে গণ্য করে Income & Expenditure A/c-এ Credit করা হয়।

১৬.৭.৫ আজীবন সভ্যের চাঁদা (Life Membership Fees)

ক্লাব, সমিতি প্রভৃতি প্রতিষ্ঠান থেকে এককালীন মোটা অঙ্কের চাঁদা নিয়ে আজীবন সদস্যপদ দিয়ে দেয়। এই আজীবন সদস্যদের আর মাসিক বা বার্ষিক চাঁদা দিতে হয় না। এ খাতে প্রাপ্ত চাঁদার অঙ্ক এক অংশ বর্তমান বছরের জন্য, সুতরাং মুনাফা জাতীয় বা বাকী অংশ মূলধন জাতীয় আয়। মুনাফা জাতীয় আয় Income & Expenditure A/c-এ Credit করা হয় এবং মূলধন জাতীয় আয় Life Membership Fees Account-এ Credit করে উদ্বর্তপত্রের Liability দিকে দেখানো হয়। আবার অনেক সময় এই চাঁদা সম্পূর্ণভাবে মূলধন জাতীয় আয় হিসাবে গণ্য হয়।

১৬.৭.৬ উদাহরণ

নিম্নলিখিত আদান-প্রদান হিসাব থেকে ৩১শে মার্চ ১৯৯৮ সালের আয়-ব্যয়ের হিসাব প্রস্তুত করুন :

আদান-প্রদান হিসাব

(Receipt) আদান		(Payments) প্রদান	
	Rs.		Rs.
To Balance b/d		By Salaries (বেতন)	2,000
To Cash in hand	4,000	By Repairs (মেরামত)	500
To Cash at bank	10,000	By Purchase of Furniture (আসবাবপত্র ক্রয়)	6,000
To Donations (অনুদান)	5,000	By Misc. Expenses (বিবিধ ব্যয়)	500
To Subscriptions (চাঁদা)	12,000	By Purchase of Investment	6,000
To Admission Fees (ভর্তির ফি)	1,000	By Insurance (বীমা)	200
To Interest on Investment (সুদ)	100	By Billiard Board	8,000
To Interest on Bank Deposit (সুদ)	400	By Stationery (মনিহারী দ্রব্য)	150
To Sale of old newspaper (পুরানো কাগজ বিক্রয়)	150	By Balance c/d	
		Cash in hand	2,100
		Cash in hand	7,00
	32,650		32,650

অন্যান্য সূত্র :

১। ১৯৯৭-৯৮ সালের চাঁদা বকেয়া (Outstanding) আছে ৯০০ টাকা এবং ১৯৯৮-৯৯ সালের চাঁদা অগ্রিম (Advance) পাওয়া গেল ২০০ টাকা।

২। বীমা অগ্রিম (Advance) প্রদান করা হ'ল ৪০ টাকা।

৩। বিবিধ খরচ বকেয়া (Outstanding) ৯০ টাকা।

৪। ৫০% অনুদান মূলধন জাতীয়।

সমাধান :

In the Books of ...			
Income of Expenditure A/c			
Dr.	for the year ended 31st March '98		Cr.
Expenditure	Rs.	Income	Rs.
To Salaries	2,000	By Subscriptions	12,000
To Repairs	500	Add : Outstanding	900
To Misc. Expenses	500	for '97-98	12,900
Add : Outstanding	90	Less : Pre-received for '98-99	200
To Insurance Premium	200	By Admission fees	1,000
Less : Prepaid	40	By Donation (50%)	2,500
To Stationery	150	By Interest on Investment	100
To Excess of Income		By Interest from Bank	400
over Expenditure	13,450	By Sale of old newspaper	150
	16,850		16,850

উদাহরণ : ৩

নিম্নলিখিত আদান-প্রদান হিসাব থেকে আগন্তুক ক্লাবের ৩১শে মার্চ '৯৮ বছর শেষের আয়-ব্যয়ের হিসাব ও ঐ একই দিনের উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করুন :

আদান-প্রদান হিসাব			
(for the year ended 31st March '98)			
আদান (Receipts)		প্রদান (Payments)	
	Rs.		Rs.
To Balancee b/d		By Salaries	3,000
—Cash in hand	2,000	By Stationery	1,000
To Subscriptions :		By Rates & Taxes	300
—1996-97	3,000	By Telephone Charges	1,500
—1997-98	4,000	By 8% Securities at par	5,000
—1998-99	1,000	By Sundry Expenses	200
To Profits on sports	3,000	By Balance c/d—	
To Interest on 8% Securities	1,000	—Cash in hand	3,000
	14,000		14,000

অন্যান্য সূত্র :

১। ক্লাবে মোট ৫০০ জন সদস্য আছে এবং বাৎসরিক চাঁদা প্রতি সদস্যের ১০ টাকা। ১৯৯৬-৯৭ সালের চাঁদা বাবদ ৩,৫০০ টাকা বাকী ছিল। ১৯৯৬-৯৭ সালে ৩০ জন সদস্য ১৯৯৭-৯৮ সালের জন্য অগ্রিম চাঁদা দিয়েছিল।

২। বছরে প্রথমে অব্যবহৃত স্টেশনারী ছিল ৪০০ টাকা এবং বছরের শেষে ৫০০ টাকা।

৩। Rates and Taxes ৩১শে মার্চ ১৯৯৮ তারিখে ৩১শে জানুয়ারী ১৯৯৯ সাল পর্যন্ত অগ্রিম প্রদান করা হয়েছিল। প্রতি বছরের বাৎসরিক খরচ সমান।

৪। ত্রৈমাসিক টেলিফোন ভাড়া (A quarter's charge for telephone) বকেয়া আছে ৩১শে মার্চ ১৯৯৮ তারিখে। ত্রৈমাসিক ভাড়া ৩০০ টাকা।

৫। বিবিধ খরচ (Sundry Expenses) বছরের প্রথমে বাকী ছিল ৫০ টাকা এবং বছরের শেষে ৬০ টাকা।

৬। ১.৪.৯৭ তারিখে বাড়ীর (Building) মূল্য ছিল ৩০,০০০ টাকা। অবচয় (Depreciation) বার্ষিক ১০% হারে করা হয়।

৭। ১.৪.৯৭ তারিখে ৪% Securities বিনিয়োগ ছিল ১৫,০০০ টাকা এবং এই বছরের Securities বছরের শেষ দিন ক্রয় করা হয়েছে।

সমাধান :

মূলধন ফাণ্ড (Capital Fund) বছরের প্রথম দিন জানুয়ারী ১.৪.৯৭ তারিখের একটি উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করা প্রয়োজন।

In the books of Agantuk Club

Balance Sheet as on 31.3.1997

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Fund (balancing figure	50,200	Building	30,000
Subscription received		8% Securities	15,000
in advance for '97-98 (30 × Rs.10)	300	Outstanding subscription	3,500
Outstanding Expenses	50	Stock of Stationery	400
Outstanding Telephone Charges	600	Cash in hand	2,000
		Prepaid Rates & Taxes	250
		(300 × 10/12)	
	51,150		51,150

Income & Expenditure A/c			
For the year ended 31st March '98			
Dr.			Cr.
Expenditure	Rs.	Incomes	Rs.
To Salaries	3,000	By Subscription (500 × Rs.10)	5,000
To Stationery 1,000		By Profit on Sports	3,000
Add : Op. Stock <u>400</u>		By Interest on Securities	1,000
	1,400	Add : Accrued <u>200</u>	1,200
Less : Cl. Stock <u>500</u>	900		
To Rates & Taxes 300			
Add : Prepaid in last year <u>250</u>			
	550		
Less : Prepaid in this year <u>250</u>	300		
To Telephone Charges			
(Rs. 300 × 4)	1200		
To sundry Expenses 200			
Add : Outstanding for '98 <u>60</u>			
	260		
Less : Outstanding for '97 <u>50</u>	210		
To Depreciation on Building			
(10% on Rs. 30,000)	3000		
To Surplus- Excess of Income over Expenditure	590		
	9,200		9,200

Balance Sheet as on 31.3.1998

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Fund 50,200		Building 30,000	
Add : Surplus <u>590</u>	50,790	Less : Depreciation <u>3,000</u>	27,000
Pre-received Subscription for '99	1,000	8% Securities 15,000	
		Add Purchase <u>5,000</u>	20,000
Outstanding Expenses	60	Accrued Interest	200
Outstanding Telephone Charges	300	Stock of Stationery	500
		Prepaid Rates & Taxes	250

		Outstanding subscription for	
		1996-97	500
		1997-98	<u>700</u>
		Cash in hand	3,000
	52,150		52,150

১। Accrued Interest :		Rs.
মোট সুদ 8% on Rs. 15,000	=	1,200
(—) সুদ বাবদ পাওয়া গেছে	=	<u>1,000</u>
		200

এ বছরের বিনিয়োগ যেহেতু বছরের শেষে হয়েছে, সেহেতু কোন সুদ হবে না।

২। Outstanding Subscription : (বকেয়া চাঁদ) ১৯৯৬-৯৭		
মোট বাকী ছিল	=	3,500
(—) ১৯৯৭-৯৮ সালে পাওয়া গেল	=	<u>3,000</u>
		500

1997 - 98		
মোট আয় 500 × Rs. 10	=	5,000
(—) ১৯৯৬-৯৭ সালে পাওয়া গেল	=	<u>300</u>
		4,700
(—) ১৯৯৭-৯৮ সালে পাওয়া গেল	=	<u>4,000</u>
		700

১৬.৮ আয়-ব্যয় হিসাবকে আদান-প্রদান হিসাবে রূপান্তরণ

আয়-ব্যয়ের হিসাব থেকে আদান-প্রদানের হিসাব প্রস্তুত করতে নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করতে হবে।

১। আদান-প্রদান হিসাব প্রারম্ভিক নগদ অর্থ (Opening Cash & Bank Balance) দিয়ে শুরু করা হয় ডেবিট দিকে বসিয়ে।

২। যে লেনদেনগুলি নগদে (Cash)- এ হয়নি, বাদ দিতে হবে।

৩। মুনাফা-জাতীয় এবং মূলধন জাতীয় উভয় প্রকারের লেনদেন নিতে হবে। প্রাপ্ত আয় এবং প্রদত্ত ব্যয়কেই লিপিবদ্ধ করতে হবে।

৪। সেক্ষেত্রে বকেয়া (Outstanding) ও অগ্রিম (Advance) আয় ও ব্যয়গুলি নিম্নলিখিত পদ্ধতিতে আদান- প্রদান হিসাবে আনতে হবে।

(ক) বর্তমান বছর সংক্রান্ত হ'লে—বিয়োগ

(খ) অতীত বা আগামী বছর সংক্রান্ত হ'লে—যোগ

৫। আয়-ব্যয়ের হিসাবের সমাপ্তিক জের (Closing Balance) Credit দিকে বসবে।

১৬.৮.১ উদাহরণ

নিম্নলিখিত আয়-ব্যয়ের হিসাব থেকে ৩১শে মার্চ '৯৮ বছর শেষের আদান-প্রদান হিসাব তৈরী করুনঃ

Income & Expenditure A/C			
Dr.		Cr.	
for the year ended 31st March '98			
Expenditure	Rs.	Income	Rs.
To Salaries	6,000	By Subscriptions	15,000
To Rent	3,500	By Entrance Fees	1,000
To Printing & Stationery	2,500	By Donations	3,000
To Newspaper & Periodicals	1,000	By Interest	2,000
To Telephone Charges	1,000		
To Office Expenses	500		
To Depreciation on Furniture	1,500		
To Surplus	5,000		
	21,000		21,000

১। অনুদানের (Donation) এবং (Entrance Fees (ভর্তির ফি) ৫০% মূলধন জাতীয় হিসাবে গণ্য করা হয়।

২। সুদ (Interest) পাওনা (Accrued) আছে ২০০ টাকা।

৩। চাঁদা বকেয়া (Outstanding) আছে ৫০০ টাকা, চাঁদা আগামী বছরের জন্য অগ্রিম (Advance) পাওয়া গেছে ১,০০০ টাকা এবং বিগত বছরের চাঁদা এ বছরে পাওয়া গেল ২০০ টাকা।

৪। বেতন (Salaries) বকেয়া আছে ৩০০ টাকা।

৫। ভাড়া (Rent) অগ্রিম দেওয়া হল ১৫০ টাকা।

৬। নতুন আসবাবপত্র (Furniture) ক্রয় করা হ'ল ৩,০০০ টাকা।

৭। প্রারম্ভিক নগদ অর্থ (Opening Cash in hand) ১৫,০০০ টাকা।

সমাধান :

Receipts & Payments A/c for the year ended 31st March '98			
Dr			Cr.
Receipts	Rs.	Payments	Rs.
To Balance b/d	15,000	By Salaries	6,000
To Subscription	15,000	Less : Outstanding	300
Less : Outstanding for		By Rent	3,500
Current year	500	Add : Prepaid	150
	14,500	By Printing & Stationery	2,500
Add : Received in Advance for 1,000		By Newspaper & Periodicals	1,000
next year	15,500	By Telephone Charges	1,000
Add : Received for last year	200	By Office Expenses	500
To Entrance Fees (1000×100/50)	2,000	By Purchase of Furniture	3,000
To Donations (3000 × 100/50)	6,000	By Balance c/d	
To Interest	2,000	–Cash in hand	23,150
Less : Accrued	200		
	1,800		
	40,500		40,500

১৬.৯ অনুশীলনী

তত্ত্বগত প্রশ্নাবলী (Theoretical Questions)

- ১। আদান-প্রদান হিসাব কাকে বলে? বৈশিষ্ট্য কি?
- ২। আয়-ব্যয়ের হিসাব কাকে বলে? বৈশিষ্ট্য কি?
- ৩। আদান-প্রদান ও আয়-ব্যয় হিসাবের মধ্যে পার্থক্য কি কি?
- ৪। আয়-ব্যয় হিসাবকে কিভাবে আদান-প্রদান হিসাবে রূপান্তর করা যায়?
- ৫। আদান-প্রদান হিসাবকে আয়-ব্যয় হিসাবে কিভাবে রূপান্তর করা যায়?

- ৬। প্রাপ্তি ও আয় কাকে বলে? উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করুন,
 ৭। প্রদান ও ব্যয় কাকে বলে? উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করুন,
 ৮। নিম্নলিখিত বিষয়গুলি ক্লাব বা অমুনাকাভোগী সংস্থার হিসাবনিকাশে কি রূপে ধরা হবে ?
 (i) অনুদান, (ii) আজীবন সদস্য চাঁদা, (iii) ভর্তির ফি, (iv) পুরাতন সম্পত্তি বিক্রয়, (v) বকেয়া চাঁদা,
 (vi) বকেয়া বেতন, (vii) অগ্রিম চাঁদা প্রাপ্তি, (viii) সম্পত্তির অবচয়, (ix) অগ্রিম ভাড়া প্রদান।

ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Questions)

- ১। নিম্নলিখিত আদান-প্রদানের হিসাব থেকে বিধান রায় স্বাস্থ্য ও সেবাকেন্দ্রের ৩১শে মার্চ '৯৮ তারিখে সমাপ্ত বছরের জন্য আয়-ব্যয়ের হিসাব এবং ঐ তারিখের একটি উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করুনঃ

Receipts & Payments A/c

Dr.	for the year ended 31st March '98		Cr.
Receipts	Rs.	Payments	Rs.
To Balance b/d	7,000	By Payments for medicines	30,000
To Subscriptions	50,000	By Honararium to doctors	10,000
To Donations	14,500	By Salaries	27,500
To Interest on invest		By Sundry Expenses	500
at 7% for the year	7,000	By Equipment Purchased	15,000
To Charity Show proceeds	10,000	By Charity Show Expenses	1,000
		By Balance c/d	4,500
	88,500		88,500

অতিরিক্ত তথ্য	১লা এপ্রিল '৯৭	৩১শে মার্চ '৯৮
	Rs.	Rs.
অনাদায়ী চাঁদা	500	1,000
অগ্রিম চাঁদা	1,000	500
যন্ত্রপাতির মূল্য	21,000	30,000
বাড়ীর মূল্য	40,000	38,000
অব্যবহৃত ঔষধ	10,000	15,000
ঔষধ বাবদ অর্থ বকেয়া	8,000	12,000

উত্তর : উদ্বৃত্ত (Surplus) 6,500 টাকা। প্রারম্ভিক মূলধন ফাণ্ড 1,69,500।

প্রারম্ভিক বিনিয়োগ (Investment) = $\frac{100}{7} \times 7000 = \text{Rs. } 1,00,000$ ।

২। নিম্নলিখিত আদান-প্রদানের হিসাব থেকে ৩১শে ডিসেম্বর '৯৮ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয়ের হিসাব এবং এই তারিখের একটি উদ্বর্তপত্র প্রস্তুত করুন :

Receipts & Payments A/c			
Dr.	for the year ended 31st March '98		Cr.
Receipts		Payments	
	Rs.		Rs.
To Balance b/d	1,500	By Balance b/d	
To Subscription:		Bank Overdraft	3,100
1997 200		By Investment in Securities	3,000
1998 16,200		By Furniture	1,450
1999 250	16,650	By Salary	6,200
To Proceeds from Entertainment	2,000	By Printing & Stationery	890
To Entrance Fees	670	By Advertisement	1,710
To Interest on Securities	480	By Sundry Expenses	1,420
To Sale of old Chair	120	By Balance c/d	
(Book value nil)		—Cash in hand 500	
		—Cash at Bank 3,100	3,650
	21,420		21,420

অতিরিক্ত তথ্য :

১। ভর্তি ফি (Entrance Fees) মূলধন জাতীয় আয় হিসাবে গণ্য করা হয়।

২। বছরের প্রথমে বাড়ী (Building)-এর মূল্য ছিল 24,500 টাকা এবং বিনিয়োগ (Investment)-এর মূল্য ছিল 6,500 টাকা। বাড়ী ও আসবাবপত্র (Furniture)-এর উপর 5% হারে অবচয় (Depreciation) ধার্য করা হয়।

৩। ক্লাবের সদস্য সংখ্যা মোট ১,৮০০ জন। প্রতি সদস্যের বার্ষিক চাঁদার (Subscription) হার 10 টাকা। ১৯৯৭ সালের চাঁদা ১৯৯৮ সালের শেষেও বকেয়া (Outstanding) আছে 70 টাকা।

৪। ১৯৯৮ সালের প্রারম্ভে মজুদ স্টেশনারীর মূল্য ছিল 125 টাকা এবং সমাপ্তিতে 87 টাকা।

৫। বেতন (Salary) বকেয়া আছে 550 টাকা।

৬। ১৯৯৭ সালের শেষে বিবিধ খরচ (Sundry Expenses) বকেয়া ছিল 132 টাকা।

৭। ক্লাব ১৯৯৭ সালে টেলিফোন ভাড়া বাবদ 125 টাকা ১৯৯৮ সালের জন্য অগ্রিম (Advance) প্রদান করেছিল :

উত্তর : উদ্বৃত্ত (Surplus) 8,501 টাকা। প্রারম্ভিক মূলধন ফাণ্ড 29,808 টাকা। সমাপ্তিতে উদ্বৃত্তপত্রের হিসাব 39,779।

৩। কলিকাতা ক্লাবের নিম্নলিখিত তথ্যাবলী থেকে ৩১শে মার্চ তারিখে সমাপ্ত বছরের নগদ আদান-প্রদান হিসাব এবং ঐ তারিখে উদ্বৃত্তপত্র প্রস্তুত করুন :

Income & Expenditure Account

Dr. for the year ended 31st March '98 Cr.

Expenditure	Rs.	Incomes	Rs.
To Salaries	4,000	By Subscriptions	9,400
To Wages	1,500	By Interest	600
To Rent	600	By Entrance Fees	1,000
To Periodicals	100	By Donation	500
To Travelling	100		
To Printing & Stationery	150		
To General Expenses	400		
To Surplus	4,650		
	11,500		11,500

Balance Sheet

as at 31st March '97

Liabilities	Rs.	Assets	Rs.
General Fund	17,250	Furniture	4,000
Outstanding Expenses :		Sports Equipment	2,000
Printers' Bill	200	6% Investment (F.V. Rs. 10,000)	9,000
Salaries	300	Subscription Receivable	500
Rent	50	Interest Receivable	300
		Cash at Bank	2,000
	17,800		17,800

৩১শে মার্চ '৯৮ তারিখে ক্লাবের অন্যান্য তথ্য :

১। ৬% Investment (বিনিয়োগ) নামিক মূল্য (Face Value) Rs. 11,000 ও ক্রয়মূল্য (Cost Price) Rs. 9,800.

২। চাঁদা বকেয়া 900 টাকা।

৩। সুদ বাকী (Accured) 150 টাকা।

৪। বেতন বকেয়া 200 টাকা, ছাপার খরচ (Printing) বকেয়া 40 টাকা।

৫। মজুরি অগ্রিম দেওয়া হয়েছে 100 টাকা।

৬। আসবাবপত্র (Furniture) 4,500 টাকা।

৭। আসবাবপত্র ও খেলার সরঞ্জাম (Sports Equipment)-এ অবচয় ধার্য করা হয়েছে যথাক্রমে 200 টাকা ও 250 টাকা। এই অবচয়ের হিসাব আয়-ব্যয়ের হিসাবে দেখানো হয়নি।

উত্তর : নগদ অর্থ ও ব্যাঙ্কে মজুদ অর্থ ৩১শে মার্চ, ৯৮ তারিখে—5,690 টাকা। উদ্বর্তপত্রের যোগফল 22,690 টাকা।

১৬.১০ গ্রন্থপঞ্জী

১। Advanced Accountancy—H. Chakraborty (1980).

২। Advanced Accounts—Shukla & Grewal (1988).

৩। Advanced Accountancy—Gupta, Radhaswamy (1997).

৪। Accountancy (Vol. I)—S. K. Paul (1999).

৫। Modern Accountancy (Vol. I)—Mukherjee, Hanif (1999).

একক ১৭ □ অসম্পূর্ণ খাতা থেকে হিসাবনিকাশকরণ ও একহারা দাখিলা

গঠন

- ১৭.১ একহারা দাখিলা পদ্ধতির সংজ্ঞা
- ১৭.২ একহারা দাখিলা পদ্ধতির সাধারণ বৈশিষ্ট্য
- ১৭.৩ এক তরফা দাখিলা পদ্ধতির ব্যবহারিক ক্ষেত্র
- ১৭.৪ একহারা দাখিলার ত্রুটিবিচ্যুতি ও অসুবিধা
- ১৭.৫ দুই তরফা ও এক তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য
- ১৭.৬ এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়
 - ১৭.৬.১ আর্থিক অবস্থার বিবরণী
 - ১৭.৬.২ লাভ-ক্ষতির হিসাব
 - ১৭.৬.৩ উদাহরণ সমূহ
- ১৭.৭ একহারা দাখিলা পদ্ধতিকে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণ
 - ১৭.৭.১ উদাহরণ সমূহ
- ১৭.৮ অনুশীলনী
- ১৭.৯ গ্রহপঞ্জী

১৭.১ একহারা দাখিলা পদ্ধতির সংজ্ঞা

অসম্পূর্ণ খাতা থেকে হিসাবনিকাশকরণ ও একহারা দাখিলা (Incomplete Records & Single Entry System) :

দুই তরফা দাখিলা পদ্ধতি (Double Entry System) বর্তমানে স্বীকৃত ও বিজ্ঞানসম্মত বলে বিবেচিত হ'লে বহু ক্ষুদ্র প্রতিষ্ঠান আজও এই পদ্ধতিতে লেনদেন লিপিবদ্ধ করে না। কোন লেনদেন সংঘটিত হ'লে লেনদেন সংশ্লিষ্ট উভয় হিসাবখাতে লিপিবদ্ধ না করে, অসম্পূর্ণ হিসাব রাখা হয়। হিসাবরক্ষণের এই প্রণালীকে এক তরফা বা একহারা দাখিলা পদ্ধতি বলে।

একহারা দাখিলা পদ্ধতি কোন সুনির্দিষ্ট নিয়ম মেনে চলে না। এই পদ্ধতিতে কোন কোন লেনদেন দুই তরফা পদ্ধতির মত উভয় দিকেই লিপিবদ্ধ করা হয়, কোথাও বা একটি দিকে লিপিবদ্ধ করা হয়, আবার কোন কোন ক্ষেত্রে মোটেই লিপিবদ্ধ করা হয় না। এজন্য অনেকে এক তরফা দাখিলা পদ্ধতিতে অসম্পূর্ণ খাতাপত্র থেকে হিসাবনিকাশ (Accounting from Incomplete Records) বলে।

যে পদ্ধতি দুই তরফা দাখিলা পদ্ধতি সম্পূর্ণভাবে মেনে চলে না, তাকে এক তরফা দাখিলা পদ্ধতি বলে।

'Single Entry is that which is not Double Entry'. 'Single Entry is no particular method, rather it is the absence of any particular method.'

'এক তরফা দাখিলা পদ্ধতি নামে যে পদ্ধতিটি রয়েছে, তা বস্তুত এক তরফা দাখিলা, দুই তরফা দাখিলা ও অলিখিত হিসাব পদ্ধতির সংমিশ্রণ'

'Single Entry is nothing but a mixture of Double Entry, Single Entry and No Entry''

১৭.২ একহারা দাখিলা পদ্ধতির সাধারণ বৈশিষ্ট্য

যে সকল প্রতিষ্ঠান একহারা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখে, সেগুলি নিজ নিজ সুবিধা অনুসারে এ পদ্ধতি প্রয়োগ করে। ফলে বিভিন্ন ক্ষেত্রে এক তরফা দাখিলা পদ্ধতির বিভিন্নতা দেখা যায়। তবুও একহারা দাখিলা পদ্ধতির কতগুলি সাধারণ বৈশিষ্ট্য লক্ষণীয়।

(i) একহারা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণের প্রায় অধিকাংশ ক্ষেত্রেই কেবলমাত্র Personal Accounts রাখা হয়। সম্পত্তি ও অন্যান্য আয়-ব্যয়ের হিসাবগুলি উপেক্ষা করা হয়।

(ii) এই পদ্ধতিতে সাধারণতঃ ক্যাশবই (Cash Book) রাখা হয় এবং ওখানেই ব্যবসায়ের এবং অনেক সময় মালিকের ব্যক্তিগত লেনদেনগুলি লেখা হয়।

(iii) প্রারম্ভিক মূলধনের (Opening Capital) সঙ্গে সমাপ্তিক মূলধনের (Closing Capital) -এর তুলনা করে এই পদ্ধতিতে লাভ-লোকসান নির্ণয় করা হয়।

(iv) একহারা দাখিলা পদ্ধতি সাধারণতঃ একমালিকী ও অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেই দেখা যায়, কিন্তু কোম্পানীর ক্ষেত্রে দুই তরফা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণ আইনতঃ বাধ্যতামূলক।

১৭.৩ এক তরফা দাখিলা পদ্ধতির ব্যবহারিক ক্ষেত্র

সাধারণতঃ নিম্নলিখিত ক্ষেত্রে এই পদ্ধতি ব্যবহার করা হয় :

১. অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান—যেমন, দোকান।
২. ছোট একমালিকী ও অংশীদারী প্রতিষ্ঠান।
৩. যে সকল প্রতিষ্ঠান বা ব্যবসায়ে আয়কর, বিক্রয়কর বাধ্যতামূলক নয়।
৪. যে প্রতিষ্ঠানে হিসাবরক্ষায় হিসাবশাস্ত্রের জ্ঞান না থাকা কর্মী কাজ করেন বা মালিক নিজেই হিসাবরক্ষা করেন।
৫. যে ব্যবসা প্রধানতঃ নগদভিত্তিক লেনদেন করে।

১৭.৪ একহারা দাখিলার ত্রুটিবিদ্যুতি ও অসুবিধা

অসুবিধা (Disadvantages) :

- ১। এই পদ্ধতিতে লেনদেনগুলির সম্পূর্ণ হিসাব রাখা হয় না। সুতরাং, হিসাবের বই থেকে সম্পূর্ণ তথ্য পাওয়া যায় না। এই পদ্ধতি বিজ্ঞানসম্মত নয়।
- ২। দুই তরফা দাখিলা পদ্ধতির মত প্রতিটি লেনদেন দুই দিকে লিপিবদ্ধ করা হয় না। সুতরাং এই পদ্ধতিতে রেওয়ামিল (Trial Balance) প্রস্তুত করা যায় না। ফলে হিসাবে কোন ভুল-ত্রুটি থাকলে তা যাচাই করা সম্ভব নয়।
- ৩। আয় ও ব্যয় সংক্রান্ত হিসাবগুলি রাখা হয় না বলে বছরের শেষে Profit & Loss A/c বা Income & Expenditure A/c প্রস্তুত করে লাভ-লোকসানের সঠিক অঙ্ক নিরূপণ করা সম্ভব নয়।
- ৪। সম্পত্তি সমূহের হিসাবগুলি রাখা হয় না বলে বছরের শেষে উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করা সম্ভব নয়। তবে একহারা দাখিলা পদ্ধতিতে বছরের শেষে উদ্বর্তপত্রের অনুরূপ একটি আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs) প্রস্তুত করা হয়। কিন্তু পূর্ণাঙ্গ হিসাব পদ্ধতি থেকে সংগৃহীত তথ্যের উপর ভিত্তি করে রচিত নয় বলে সম্পত্তি ও দায়গুলি সঠিক অবস্থা প্রকাশ করে না।
- ৫। আয় ও ব্যয় সংক্রান্ত কোন হিসাব রাখা হয় না বলে কোন বছরের আয়-ব্যয়ের অঙ্কের সঙ্গে পূর্ববর্তী বছরের অঙ্কের কোন তুলনামূলক বিচার করা যায় না।
- ৬। যেহেতু এই পদ্ধতি বিজ্ঞানসম্মত নয়, তাই কর্মচারীদের পক্ষে হিসাবের কারচুপি বা জালজুয়াচুরি করা খুবই সহজ।
- ৭। এই পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্র ব্যাঙ্ক, আয়কর ও আদালতে গ্রহণযোগ্য নাও হতে পারে।

সুবিধা (Advantages) :

- ১। দুই তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখতে গেলে যে বিশেষ জ্ঞানের প্রয়োজন, তা একহারা দাখিলা পদ্ধতিতে না থাকলেও চলে। সহজ ও সরল বলে সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তির পক্ষে হিসাব রাখা সম্ভব।
- ২। একহারা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণ কম ব্যয় সাপেক্ষ।

৩। এই পদ্ধতিতে হিসাব বইতে অল্পসংখ্যক হিসাব রাখলেই কাজ চলতে পারে, কারণ সম্পত্তি সংক্রান্ত ও সব আয়-ব্যয়ের হিসাব রাখার প্রয়োজন হয় না।

৪। যেক্ষেত্রে মালিক নিজেই হিসাবপত্র রাখেন, সেক্ষেত্রে ব্যবসায়িক গোপনীয়তা রাখা সম্ভব।

১৭.৫ দুই তরফা ও এক তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য (Distinction between Double Entry and Single Entry System)

দুই তরফা দাখিলা পদ্ধতি (Double Entry System)	এক তরফা দাখিলা পদ্ধতি (Single Entry System)
১। এই পদ্ধতিতে প্রতিটি লেনদেন উভয়দিকে সম্পূর্ণভাবে, অর্থাৎ প্রতিটি লেনদেন Debit ও Credit করা হয়।	১। এই পদ্ধতিতে প্রতিটি লেনদেন উভয়দিকে লেখা হয় না।
২। ব্যক্তিক, নামিক ও অন্যান্য সম্পত্তি-সম্পর্কীয় হিসাবের পূর্ণ বিবরণ রাখা হয়, ফলে অনেক গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়।	২। এই পদ্ধতিতে শুধুমাত্র নগদ ও ব্যক্তিক হিসাব রাখা হয়। ফলে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায় না।
৩। রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের শুদ্ধতা বিচার করা যায়।	৩। প্রতিটি লেনদেন উভয়দিকে লেখা হয় না বলে রেওয়ামিল প্রস্তুত করা সম্ভব নয়।
৪। লাভ-ক্ষতির হিসাব (Profit & Loss Account) প্রস্তুত করে লাভ-লোকসানের অঙ্ক নিরূপণ করা হয়।	৪। এই পদ্ধতিতে কোন হিসাবকালের প্রারম্ভিক মূলধন ও সমাপ্তিক মূলধন তুলনা করে একটি বিবরণীর মাধ্যমে লাভ-ক্ষতির হিসাব করা হয়।
৫। এ-পদ্ধতিতে হিসাব রাখলে বিভিন্ন হিসাবের তুলনামূলক বিচার সম্ভব।	৫। এ-পদ্ধতিতে হিসাব রাখলে বিভিন্ন হিসাবের তুলনামূলক বিচার সম্ভব নয়।
৬। এই পদ্ধতি বিজ্ঞাননীতির উপর প্রতিষ্ঠিত।	৬। এই পদ্ধতি বিজ্ঞাননীতির উপর প্রতিষ্ঠিত নয়।
৭। হিসাবরক্ষণে প্রয়োজনীয় জ্ঞানসম্পন্ন হিসাবরক্ষকের প্রয়োজন।	৭। সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তিও হিসাবরক্ষণের কাজ করতে পারেন।
৮। এই পদ্ধতিতে হিসাব রাখলে ভুল ও জালিয়াতির সম্ভাবনা কম থাকে।	৮। কোন সুনির্দিষ্ট নীতির উপর ভিত্তি করে হিসাব রাখা হয় না বলে ভুল ও জালিয়াতির সম্ভাবনা থাকে।
৯। হিসাবরক্ষণের জন্য অনেক হিসাববই লাগে, ফলে হিসাবরক্ষণ জটিল ও ব্যয়সাধ্য।	৯। হিসাবরক্ষণের জটিলতা ও ব্যয় তুলনামূলকভাবে কম।
১০। হিসাবরক্ষণে বহু কর্মচারীর প্রয়োজন হয়, ফলে হিসাবের গোপনীয়তা অনেক সময় রক্ষা করা সম্ভব নয়।	১০। হিসাবরক্ষণে অল্পসংখ্যক বা নামমাত্র কর্মচারীর প্রয়োজন হয়, ফলে হিসাবের গোপনীয়তা রক্ষা করা সম্ভব।
১১। উদ্বর্তপত্রের (Balance Sheet) মাধ্যমে আর্থিক অবস্থা নির্ণয় করা হয়।	১১। উদ্বর্তপত্রের (Balance Sheet) অনুরূপ একটি আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়।

১৭.৬ এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয় (Ascertainment of Profit or Loss under Single Entry System)

এক তরফা দাখিলা পদ্ধতিতে আয়-ব্যয়ের হিসাব (Nominal Accounts), যেমন—ক্রয় (Purchase), বিক্রয় (Sales) ইত্যাদি সম্পূর্ণভাবে রাখা হয় না। ফলে দুই তরফা দাখিলা পদ্ধতির মত Trading and Profit & Loss Account-এর মাধ্যমে লাভ-ক্ষতি নিরূপণ করা যায় না। তবুও ছোট ব্যবসা প্রতিষ্ঠান একটি পরোক্ষ উপায়ে নিজেদের লাভ-লোকসানের হিসাব নিরূপণ করে। এই উদ্দেশ্যে দুটি বিবরণী (Statement) প্রস্তুত করতে হয় :

১। আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs)।

২। লাভ-লোকসানের বিবরণী (Statement of Profit or Loss)।

১৭.৬.১ আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs)

বিশুদ্ধ এক তরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্র থেকে প্রতি হিসাব—বছরের শেষে ব্যবসা প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের একটি হিসাব পাওয়া যায়। খরিদারের (Sundry Debtors) নিকট কত টাকা পাওনা, বিভিন্ন পাওনাদারের (Sundry Creditors) নিকট মোট দেনা, হস্তস্থল নগদ (Cash in hand), ব্যাঙ্কে জমা টক্স (Cash at Bank) ইত্যাদির হিসাব বই থেকে পাওয়া যায়।

এছাড়া, অন্যান্য সম্পত্তি ও দায়, যেমন—বাড়ী (Building), যন্ত্রপাতি (Machinery), আসবাবপত্র (Furniture), মজুতপণ্য (Stock), প্রাপ্য হস্তি (Bill Receivable), প্রদেয় হস্তি (Bill Payable), ঋণ (Loan) প্রভৃতির অঙ্কগুলি নির্ধারণ করা হয়। মনে রাখা দরকার, অনেক সময় স্মরণশক্তির সাহায্যে, কিছুটা অনুমানের ভিত্তিতে বা অন্য কোন ইন্দ্রিয়গ্রাহ্য উপায়ে সম্পত্তি ও দায়ের মূল্যায়ন করা হয়। কোন নির্দিষ্ট দিনে (সাধারণতঃ বছরের শেষ দিনে) সমস্ত সম্পত্তি ও দায়গুলিকে নিয়ে একটি বিবরণী প্রস্তুত করা হয়। এই বিবরণীকে আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs) বলে।

আর্থিক অবস্থার বিবরণী থেকে সমস্ত সম্পত্তির মূল্য (Value of total Assets) থেকে বাহ্যিক দায় (External Liabilities) বাদ দিলে মূলধন (Capital) জানা যায়।

মূলধন (Capital) = মোট সম্পত্তি — বাহ্যিক দায়।

১৭.৬.২ লাভ-ক্ষতির হিসাব (Statement of Profit or Loss)

কোন ব্যবসা প্রতিষ্ঠানের কোন হিসাবকালে যে লাভ বা লোকসান হয়েছে, তা নিরূপণ করার জন্য এই লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করা হয়।

আর্থিক অবস্থার বিবরণী থেকে আমরা ব্যবসায় নিয়োজিত মূলধন জানতে পারি। এক তরফা দাখিলা পদ্ধতিতে মূলধন পরিবর্তন তত্ত্বের (Change in Capital System) সাহায্যে লাভ-ক্ষতি নিরূপণ করা হয়।

সাধারণ বৃদ্ধিতে বোঝা যায়, লাভ হলে মূলধন বৃদ্ধি পায় এবং ক্ষতি হলে মূলধন কমে যায়।

লাভ = অন্তিম মূলধন — প্রারম্ভিক মূলধন।

ক্ষতি = প্রারম্ভিক মূলধন — অন্তিম মূলধন।

যেমন, রাম ১০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করল। হিসাবকালের শেষে তার মূলধন হল ১১,০০০ টাকা। অতএব, লাভ হল ১,০০০ টাকা।

তবে, নির্ণয় করবার সময় ব্যবসায়ী তার ব্যবসায় হিসাব-বছরের মধ্যে কোন অতিরিক্ত মূলধন (Further Capital) বিনিয়োগ করতে পারেন। আবার ব্যক্তিগত প্রয়োজনে মূলধন বা প্রত্যাশিত মুনাফা থেকে অর্থ উত্তোলন (Drawings) করতে পারেন। সুতরাং, লাভ-ক্ষতি নিরূপণে এই অতিরিক্ত মূলধন ও অর্থ-উত্তোলনের সমন্বয় সাধন করতে হবে।

লাভ-ক্ষতির হিসাব নিম্নলিখিত পদ্ধতিতে করা হয় :

সমাপ্তিক বা অন্ত্য মূলধন (Closing Capital)	xxx
+ অর্থ উত্তোলন (Drawings)	xxx
	<hr/>
	xxx
(-) অতিরিক্ত মূলধন বিনিয়োগ (Further Capital)	xxx
(-) প্রারম্ভিক মূলধন (Opening Capital)	<hr/>
	xxx
লাভ (+), ক্ষতি (-)	<hr/>
	xxx

এছাড়াও, লাভ-ক্ষতি নির্ধারণে সম্পত্তির অবচয়, অনাদেয় বাকী, মূলধনের উপর সুদ ইত্যাদি বিষয়ের সমন্বয় সাধন (Adjustment) করতে হয়।

প্রারম্ভিক মূলধন নিরূপণ করার জন্য হিসাব কালের প্রথমদিনের আর্থিক অবস্থার বিবরণী (Opening Statement of Affairs) ও সমাপ্তিক মূলধন নিরূপণ করতে হিসাবকালের শেষদিনের আর্থিক অবস্থার বিবরণী (Closing Statement of Affairs) প্রস্তুত করতে হয়।

নিম্নলিখিত নমুনা (Format)-এ লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করা হয়।

Statement of Profit or Loss			
Dr		Rs.	
For the year ended			
Particulars	Rs.	Particulars	Rs.
Opening Capital	xxx	Closing Capital	xxx
Further Capital	xxx	Drawing	xxx
Interest on Capital	xxx	Interest on Drawings	xxx
Depreciation on Fixed Assets	xxx	(or) Net Loss	xxx
Reserve for Bad debt	xxx		
Net Profit (or)	xxx		

লাভ-ক্ষতি নির্ণয় করবার পর চূড়ান্ত আর্থিক অবস্থা প্রকাশ করার জন্য অন্তিম সমস্ত সম্পত্তি, দায়, মূলধন ও লাভ-ক্ষতির হিসাবে যে হিসাবগুলি দেখানো হ'ল, তাদের সমন্বয় সাধন করে, হিসাবকালের শেষে দুই তরফা দাখিলা পদ্ধতির উদ্বর্তপত্রের অনুরূপ আরেকটি আর্থিক বিবরণী প্রস্তুত করতে হয়। ইহাকে চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী (Final Statement of Affairs) বলে। এই বিবরণী উদ্বর্তপত্রেরই নামান্তর বলে উদ্বর্তপত্র হিসাবেও অনেকে ব্যবহার করে থাকেন।

১৭.৬.৩ উদাহরণ :

অশোক এক তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার সম্পত্তি ও দায়গুলি নিম্নরূপ ছিল :

	on 1.4.97	on 31.3.98
	Rs.	Rs.
বাড়ী (Building)	70,000	70,000
যন্ত্রপাতি (Plant & Machinery)	60,000	80,000
আসবাবপত্র (Furniture)	30,000	30,000
মজুত পণ্য (Stock)	20,000	35,000
নগদ অর্থ (Cash in Hand)	12,000	18,000
দেনাদার (Sundry Debtors)	20,000	25,000
পাওনাদার (Sundry Creditors)	25,000	20,000

অশোক সারা বছরে 10,000 টাকা ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ও 5,000 টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করেছিল। প্রারম্ভিক মূলধনের উপর 5% সুদ প্রাপ্য ও উত্তোলনের উপর বার্ষিক 6% সুদ ধার্য করা হয়। অন্তিম স্থায়ী সম্পত্তির (Closing Fixed Assets) উপর 10% হারে অবচয় ধার্য করা হয়। Sundry Debtors-এর উপর 2% হারে সংস্থান রাখা হয়।

31.3.98 তারিখে সমাপ্ত বছরের লাভ-ক্ষতি নির্ধারণ করুন এবং ঐ তারিখে ব্যবসায়ের চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুন :

সমাধান :

A. Statement of Affairs as at 1.4.97

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	1,87,000	Building	70,000
Sundry Creditors	25,000	Plant & Machinery	60,000
		Furniture	30,000
		Stock	20,000
		Sundry Debtors	20,000
		Cash in hand	12,000
	2,12,000		2,12,000

B. Statement of Affairs as at 31.3.98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	2,38,000	Building	70,000
Sundry Creditors	20,000	Plant & Machinery	80,000
		Furniture	30,000
		Stock	35,000
		Sundry Debtors	25,000
		Cash in hand	18,000
	2,58,000		2,58,000

C. Statement of Profit & Loss for the year ended 31st March '98			
Dr.			Cr.
Particulars	Rs.	Particulars	Rs.
Opening Capital	1,87,000	Closing Capital	2,38,000
Further Capital	5,000	Drawings	10,000
Interest on Openign Capital 5% of 1,87,000	9,350	Interest on Drawings $10,000 \times 6\% \times 1/2$	300
Depreciation @ 10%			
on Building 7,000			
on Plant 8,000			
on Furniture 3,000	18,000		
Reserve for Bad debt @ 2%			
on Rs. 20,000	400		
Net Profit	28,550		
	2,48,300		2,48,300

**Final Statement of Affairs
as at 31st March '98**

Liabilities	Rs.	Assets	Rs.
Opening Capital 1,87,000		Building 70,000	
Add Further Capital 5,000		Less : Depreciation 7,000	63,000
Interest on Capital : 9,350		Plant & Machinery 80,000	
Profit 28,550		Less : Depreciation 8,000	72,000
<u>2,29,900</u>			
Less : Drawing 10,000		Furniture 30,000	
<u>2,19,900</u>		Less : Depreciation 3,000	27,000
Less : Interest on Drawing 300		Stock	35,000
	2,19,600	Debtors 25,000	
Sundry Creditors	20,000	Less : Reserve for Bad debt 400	24,600
		Cash in hand	18,000
	<u>2,39,600</u>		<u>2,39,600</u>

Note : কোন তারিখ উল্লেখ না থাকায় Drawings-এর উপর সুদ ৬ মাসের জন্য ধরা হয়েছে। যেহেতু যন্ত্রপাতির প্রারম্ভিক মূল্য 60,000 টাকা এবং অস্তিম মূল্য 80,000 টাকা, 20,000 টাকার নতুন যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। কিন্তু প্রশ্নের নির্দেশে বলা আছে অস্তিম স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্য করতে হবে।

উদাহরণ :

রাম ও শ্যাম একটি অংশীদারী ব্যবসায়ের অংশীদার (Partners)। তারা লাভ ও লোকসান 3 : 2 অনুপাতে ভাগ করে। 1.4.97 তারিখে তাদের মূলধনের অনুপাত ছিল 3 : 1। তারা এক তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখে। ব্যবসায়ের সম্পত্তি ও দায় নিম্নরূপ :

	1.4.97	31.3.98
	Rs.	Rs.
Plant & Machinery	80,000	1,00,000
Furniture	35,000	45,000
Stock	50,000	75,000
Sundry Debtors	60,000	90,000
Sundry Creditors	70,000	60,000
Cash at Bank	15,000	24,000

রাম ও শ্যাম ব্যবসা থেকে যথাক্রমে 12,000 টাকা ও 8,000 টাকা উত্তোলন করল।

অন্যান্য তথ্য :

১। মূলধনের উপর বার্ষিক 5% হারে সুদ দেওয়া হয়।

২। যন্ত্রপাতির (Plant & Machinery) উপর বার্ষিক 10% হারে ও আসবাবপত্রের (Furniture) উপর বার্ষিক 6% হারে অবচয় ধার্য করা হয়।

৩। Sundry Debtors-এর উপর $2\frac{1}{2}\%$ হারে সংস্থান রাখা হয়।

31. 3. 98 তারিখে সমাপ্ত বছরের লাভ-ক্ষতি নিরূপণ করুন এবং ঐ দিনের চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুন :

সমাধান :

**A. Statement of Affairs
as at 1.4.97**

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	1,70,000	Plant & Machinery	80,000
Ram $\frac{3}{4} \times 1,70,000 = 1,27,500$		Furniture	35,000
Shyam $\frac{1}{4} \times 1,70,000 = 42,500$		Stock	50,000
Sundry Creditors	70,000	Sundry Debtors	60,000
		Cash at hand	15,000
	2,40,000		2,40,000

**B. Statement of Affairs
as at 31.3.98**

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	2,74,000	Plant & Machinery	1,00,000
Sundry Creditors	60,000	Furniture	45,000
		Stock	75,000
		Sundry Debtors	90,000
		Cash at hand	24,000
	3,34,000		3,34,000

C. Statement of Profit & Loss

Dr. for the year ended 31st March '98 Cr.

Particulars	Rs.	Particulars	Rs.
Opening Capital	1,70,000	Closing Capital	2,74,000
Interest on Partner's Capital :—		Drawings :—	
Ram 6,325		Ram 12,000	
Shyam 2,175	8,500	Shyam 8,000	20,000
Depreciation :—			
on Furniture 2,400			
on Plant 9,000	11,400		
Provision for Bad Debts :—			
$2\frac{1}{2}\%$ on Rs. 90,000			
Share of Profit			
Ram $\frac{3}{5}$ 61,110			
Shyam $\frac{2}{5}$ 40,740	1,01,850		
	2,94,000		2,94,000

১৭.৭ একহারা দাখিলা পদ্ধতিকে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণ (Conversion of Single Entry System to Double Entry System)

একহারা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্রকে পরিবর্তন করে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর করা যায়। ইহা কার্যকরী করতে হলে নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা প্রয়োজন।

১। প্রারম্ভিক আর্থিক অবস্থার বিবরণী বা উদ্বর্তপত্র প্রস্তুত করে হিসাবকালের প্রারম্ভে মূলধন কত ছিল, তা নিরূপণ করা হয়।

২। নগদান বই প্রস্তুত করতে হয়। নগদান বই ভালো করে বিচার করে প্রারম্ভিক অর্থ ও সমাপ্তিক অর্থ কত জানা যায়। এছাড়া নগদ ক্রয়/নগদ বিক্রয়/উত্তোলন/মূলধন নিয়োগ ইত্যাদির পরিমাণ নগদান বইতে অজানা সংখ্যা (Missing figure) হিসাবে জানা যায়।

৩। ব্যক্তিক হিসাবগুলি বিশ্লেষণ করে, ধারে বিক্রয় (Credit Sales) ধারে ক্রয় (Credit Purchase) প্রাপ্ত বাট্টা (Discount Receivable) প্রভৃতির অঙ্ক নিরূপণ করা হয়।

৪। Sundry Debtors Account, Sundry Creditors Account থেকে যথাক্রমে ধারে বিক্রয়, ধারে ক্রয় কত হ'ল তা নিরূপণ করা হয়।

এইভাবে অসম্পূর্ণ নথিপত্র (Incomplete Records) থেকে প্রয়োজনীয় তথ্য সংগৃহীত করে দুই তরফা দাখিলা পদ্ধতির মত Trading and Profit & Loss Account ও Balance Sheet প্রস্তুত করা হয়।

১৭.৭.১ উদাহরণ :

শ্যামল এক তরফা দাখিলা পদ্ধতিতে তার হিসাব রক্ষণ করে। তার 1.4.97 তারিখে ও 31.3.98 তারিখে সম্পত্তি ও দায়ের পরিমাণ নিম্নে দেওয়া হ'ল :

Particulars	on 1.4.97	on 31.3.98
যন্ত্রপাতি (Plant)	20,000	30,000
আসবাবপত্র (Furniture)	2,000	2,000
দেনাদার (Sundry Debtors)	22,000	25,000
পাওনাদার (Sundry Creditors)	15,000	16,000
প্রাপ্য ছত্তি (Bill Receivable)	9,000	13,000
প্রদেয় ছত্তি (Bill Payable)	8,000	10,000
মজুত পণ্য (Stock)	20,000	15,000

তার ব্যবসায়ের নগদ লেনদেন (Cash transactions) গুলি নিম্নের নগদান বইতে লিপিবদ্ধ করা হয়েছে :

Dr.	Cash Book		Cr.
	Rs.		Rs.
To Balance b/d	10,000	By Cash Purchase	15,000
To Cash Sales	40,000	By Wages	20,000
To Collection from Debtors	60,000	By Payment to Creditors	28,000
To Further Capital	10,000	By Bill Payable (paid)	14,000
To Bill Receivable (Collected)	20,000	By Salaries	8,000
		By General Expenses	4,000
		By Drawings	15,000
		By Plant	10,000
		By Balance c/d	26,000
	1,40,000		1,40,000

অতিরিক্ত তথ্য :

১। প্রারম্ভিক মূলধনের উপর 5% হারে সুদ ধার্য করতে হবে। এবং নিয়োজিত মূলধনের উপর 2½% হারে সুদ ধার্য করতে হবে।

২। যন্ত্রপাতির (Plant) উপর 10% হারে ও আসবাবপত্রের (Furniture) উপর 6% হারে অবচয় (Depreciation) ধার্য করতে হবে।

৩। 5% হারে কু-ঋণের জন্য সংস্থান (Reserve for Bad Debt) দেনাদারের উপরও 2½% হারে সংস্থান প্রাপ্য হস্তির (Bill Receivable) উপর ধার্য করতে হবে।

31.4.98 তারিখে সমাপ্ত হিসাবকালের Trading and Profit & Loss Account ও ঐ দিনের উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করুন :

সমাধান :

Balance Sheet as on 1.4.97			
Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	60,000	Plant	20,000
Sundry Creditors	15,000	Furniture	2,000
Bill Payable	8,000	Bill Receivable	9,000
		Sundry Debtors	22,000
		Stock	20,000
		Cash	10,000
	83,000		83,000

Dr.		Sundry Debtors A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Balance b/d	22,000	By Cash	60,000		
To Credit Sales	87,000	By Bill Receivable	24,000		
(Balancing Figure)		By Balance c/d	25,000		
	1,09,000		1,09,000		

Dr.		Bill Receivable A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Balance b/d	9,000	By Cash	20,000		
To Sundry Debtors—Bill drawn	24,000	By Balance c/d	13,000		
(Balancing figure)					
	33,000		33,000		

Dr.		Sundry Creditors A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Bill Payable	16,000	By Balance b/d	15,000		
To Cash	28,000	By Cr. Purchases	45,000		
To Balance c/d	16,000	(Balancing fig)			
	60,000		60,000		

Dr.		Bill Payable A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Cash	14,000	By Balance b/d	8,000		
To Balance c/d	10,000	By Sundry Creditors	16,000		
		(Balance fig)			
	24,000		24,000		

Trading and Profit and Loss Account

Dr. for the year ended 31st March '98 Cr.

Particulars	Rs.	Particulars	Rs.
To Opening Stock	20,000	By Sales :	
To Purchase :		Cash	40,000
Cash	15,000	Credit	87,000
Credit	45,000	By Closing Stock	15,000
To Wages	20,000		
To Gross Profit transferred			
To P/L A/c	42,000		
	1,42,000		1,42,000
To Salaries	8,000	By Gross Profit	42,000
To General Expenses	4,000		
To Interest on Capital	3,250		
To Reserve for Bad Debt	1,250		
To Reserve for B/R	325		
To Depreciation			
on Plant	2,500		
on Furniture	120		
To Net Profit	22,555		
	42,000		42,000

Balance Sheet
as at 31st March '98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital	60,000	Plant	30,000
Add : Further Capital	10,000	Less : Depreciation	2,500
Net Profit	22,555	Furniture	2,000
Interest on Capital	3,250	Less : Depreciation	120
	95,805	Bills Receivable	13,000
Less : Drawings	15,000	Less : Reserve	325
Bill Payable	10,000	Stock	15,000
Sundry Creditors	16,000	Sundry Debtors	25,000
		Less : Reserve for	1,250
		Bad Debt	
		Cash	26,000
	1,06,805		1,06,805

১৭.৮ অনুশীলনী (Exercises)

তত্ত্বগত প্রশ্নাবলী (Theoretical Questions)

- ১। একহারা দাখিলা পদ্ধতি বলতে কি বোঝায়? এই পদ্ধতির ত্রুটি ও অসুবিধাগুলি কি কি?
- ২। একহারা দাখিলা পদ্ধতি ও দুই তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য বর্ণনা করুন।
- ৩। কোন কোন ক্ষেত্রে এক তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রক্ষণ হয় তা আলোচনা করুন।
- ৪। বিশুদ্ধ এক তরফা দাখিলা পদ্ধতিতে কিভাবে চূড়ান্ত হিসাবসমূহ প্রস্তুত করা হয়, তা আলোচনা করুন।
- ৫। আর্থিক অবস্থার বিবরণী ও উদ্বর্তপত্রের মধ্যে পার্থক্যগুলি কি?
- ৬। একহারা দাখিলা পদ্ধতিতে কিভাবে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর করা যায় তা সংক্ষেপে আলোচনা করুন।

বিশয়ভিত্তিক প্রশ্নাবলী (Objective type Questions)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

- ১। এক তরফা দাখিলা পদ্ধতিতে কখনোই লেনদেন একদিকে লিপিবদ্ধ করা হয় না।
- ২। এক তরফা দাখিলা পদ্ধতিতে অনেক প্রতিষ্ঠান হিসাব নিকাশ করে।
- ৩। এক তরফা দাখিলা পদ্ধতি প্রকৃতপক্ষে হিসাব রক্ষণের কোন পদ্ধতিই নয়।
- ৪। এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-লোকসান সঠিকভাবে নির্ণয় করা সম্ভব।

ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Questions)

- ১। নিম্নলিখিত আর্থিক অবস্থার বিবরণীটি (Statement of Affairs) হল তমাল, বিমল ও সমীরের ব্যবসার।

Statement of Affairs as at 1st January '98			
Liabilities	Rs.	Assets	Rs.
Capital :		Plant & Machinery	12,000
Tamal 18,000		Sundry Debtors	18,000
Bimal 12,000	30,000	Stock	9,700
Sundry Creditors	9,000	Cash	500
Bills Payable	3,200	Capital : Samir	2,000
	42,200		42,200

1998 সালে তমাল ও বিমল যথাক্রমে মাসে 600 টাকা ও 500 টাকা উত্তোলন (Withdraw) করেছে।

31.12.98 তারিখে তাদের সম্পত্তি ও দায়গুলি হ'ল :

যন্ত্রপাতি (Plant) Rs. 12,000, দেনাদার (Sundry Debtors) Rs. 11,600, পাওনাদার (Sundry Creditors) Rs. 6,000, প্রদেয় ছুটি (Bill Payable) Rs. 1,180, নগদ অর্থ (Cash) Rs. 1,380, মজুদ পণ্য (Stock) Rs. 10,200।

অতিরিক্ত তথ্য :

১। যন্ত্রপাতির উপর 5% হারে অবচয় ধার্য করা হয়।

২। অংশীদারগণ 5% হারে মূলধনের উপর সুদ পায় ও যে অংশীদারের মূলধনের ডেবিট জের (balance) থাকে, তাকে 5% হারে সুদ দিতে হবে।

৩। তমাল, বিমল ও সমীর 5 : 3 : 2 অনুপাতে লাভ-লোকসান ভাগ করে।

৩১শে ডিসেম্বর '৯৮ তারিখে সমাপ্ত হিসাবকালের লাভ-লোকসানের হিসাব করুন ও ঐ তারিখের চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুন।

উত্তর :—মোট লাভ Rs. 12,600।

২। নিম্নবর্ণিত তথ্যের সাহায্যে 31. 12. 98 তারিখে সমাপ্ত হিসাবকালের Trading and Profit & Loss Account এবং উক্ত তারিখের উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করুন :

ব্যবসায়ের সম্পত্তি ও দায়গুলি হল :

Particulars	on 1.1.98	on 31.12.98
	Rs.	Rs.
মোট স্থায়ী সম্পত্তি (Fixed Assets)	15,770	12,400
মজুদ পণ্য (Stock)	8,040	11,120
নগদ অর্থ ও ব্যাংকে জমা অর্থ (Cash in hand & Cash at bank)	6,960	8,080
বকেয়া খরচ (Outstanding Exp.)	600	330
পাওনাদার (Sundry Creditors)	15,770	12,400
দেনাদার (Sundry Debtors)	?	17,870
সারা বছরের লেনদেন :		
নগদপ্রাপ্তি ও বাট্টাপ্রদান দেনাদারদের (Cash Received and discount allowed)		64,000

Particulars	on 1.1.98	on 31.12.98
	Rs.	Rs.
বিক্রীত পণ্য ফেরত (Return from Debtors)		1,450
কু-ঋণ (Bad Debt)		420
বিক্রয় নগদ ও ধারে (Sale—Cash & Credit)		71,810
পাওনাদারের নিকট থেকে বাট্টাপ্রাপ্তি (Discount received from Creditors)		700
ক্রয় করা পণ্য ফেরত (Return to Creditors)		400
মূলধন নিয়োগ ও ব্যাঙ্কে জমা (Capital introduced & paid into Bank)		8,500
পাওনাদারদের কাছ থেকে অর্থপ্রাপ্তি ও ব্যাঙ্কে জমা (Received from Debtors and deposited to Bank)		62,500
নগদে ক্রয় (Cash Purchase)		1,030
নগদে খরচ (Expenses paid by Cash)		9,570
ব্যাঙ্ক থেকে ব্যক্তিগত কারণে উত্তোলন (Drawing's for personal use from Bank)		430
চেকে যন্ত্রপাতি ক্রয় (Purchase of Machinery by Cheque)		3,180
নগদ অর্থ ব্যাঙ্কে জমা (Cash Payments into Bank)		5,000
নগদ অর্থ ব্যাঙ্ক থেকে উত্তোলন (Withdrawn from Bank into Cash)		9,240
পাওনাদারদের চেকে অর্থ প্রদান (Payment to Creditors by Cheque)		60,270
বছরের শেষে নগদ অর্থ (Cash at hand at end)		1,200

উত্তর : Gross Profit Rs. 14,810, Net Profit Rs. 1,540, Total of Balance Sheet Rs. 49,110, Opening Cash in hand Rs. 2,960, Cash at Bank Rs. 4,000, Cash Sales (নগদ বিক্রয়) Rs. 4,600

১৭.৯ গ্রন্থপঞ্জী

- ১। Advanced Accountancy — H. Chakraborty (1980).
- ২। Advanced Accountancy — Shukla & Grewal (1988).
- ৩। Advanced Accountancy — Gupta, Radhaswamy (1997).
- ৪। Accountancy (Vol. I) — S. K. Paul (1999).
- ৫। Modern Accountancy (Vol. I) — Mukherjee, Hanif (1999).

একক ১৮ □ অংশীদারী ব্যবসায়ের হিসাব

গঠন

- ১৮.০ প্রস্তাবনা
- ১৮.১ অংশীদারী কারবারের সংজ্ঞা
- ১৮.২ অংশীদারী কারবারের অপরিহার্য উপাদান
- ১৮.৩ অংশীদারী ও সহমালিকানার পার্থক্য
- ১৮.৪ অংশীদারী চুক্তিপত্র ও অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন
- ১৮.৫ অংশীদারগণের অধিকার ও কর্তব্য
- ১৮.৬ অংশীদারী কারবারের হিসাবপত্র
 - ১৮.৬.১ ভূমিকা (আইনগত বিধান ও ব্যবসায়িক রীতিনীতি)
 - ১৮.৬.২ অংশীদারগণের মূলধনের হিসাব
 - ১৮.৬.৩ স্থির মূলধন হিসাব
 - ১৮.৬.৪ পরিবর্তনশীল মূলধন হিসাব
 - ১৮.৬.৫ অংশীদারগণের চলতি হিসাব
 - ১৮.৬.৬ অংশীদারগণের ড্রয়িংস হিসাব
 - ১৮.৬.৭ অংশীদারগণের চলতি হিসাব এবং ড্রয়িংস হিসাবের পার্থক্য
- ১৮.৭ অংশীদারগণের লাভ-লোকসান বন্টনের হিসাব
 - ১৮.৭.১ লাভ-লোকসান বন্টনের হিসাবের প্রয়োজনীয় দাখিলা
 - ১৮.৭.২ অংশীদারগণের মূলধনের উপর সুদ
 - ১৮.৭.৩ উত্তোলনের উপর সুদ
 - ১৮.৭.৪ অংশীদারগণের মাহিনা
 - ১৮.৭.৫ লাভ-লোকসান বন্টনের হিসাবের ব্যবহারিক প্রশ্ন ও তার সমাধান
- ১৮.৮ নতুন অংশীদার গ্রহণ
 - ১৮.৮.১ সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন
 - ১৮.৮.২ সংরক্ষণের বন্টন
 - ১৮.৮.৩ নতুন মুনাফা-বন্টনের অনুপাত নির্ধারণ
 - ১৮.৮.৪ ভাগানুপাত ও ভোগানুপাত নিরূপণ
 - ১৮.৮.৫ সুনাম
 - ১৮.৮.৬ সুনামের মূল্যায়ন প্রণালীসমূহ
 - ১৮.৮.৭ নতুন অংশীদারগ্রহণ-সংক্রান্ত ব্যবহারিক প্রশ্ন ও তার সমাধান
- ১৮.৯ অংশীদারের অবসরগ্রহণ
 - ১৮.৯.১ সম্পত্তি ও দায়সমূহের পুনর্মূল্যায়ন
 - ১৮.৯.২ সাধারণ সঞ্চিতি
 - ১৮.৯.৩ সুনাম
 - ১৮.৯.৪ চলতি হিসাব বহরের লাভ-লোকসানের প্রাপ্য অংশ
 - ১৮.৯.৫ অবসরগ্রহণকারী অংশীদারের ঋণের হিসাব
 - ১৮.৯.৬ অবসরগ্রহণকারী অংশীদারের প্রাপ্য অর্থ পরিশোধ
 - ১৮.৯.৭ অংশীদারের অবসরগ্রহণ-সংক্রান্ত ব্যবহারিক প্রশ্ন ও তার সমাধান

- ১৮.১০ অংশীদারের মৃত্যু
 - ১৮.১০.১ যৌথ জীবনবীমাপত্র
 - ১৮.১০.২ যৌথ বীমাপত্র গ্রহণ-সংক্রান্ত হিসাবের বিভিন্নপদ্ধতি
 - ১৮.১০.৩ অংশীদারের মৃত্যু-সংক্রান্ত ব্যবহারিক প্রশ্ন ও তার সমাধান
- ১৮.১১ অনুশীলনী
- ১৮.১২ গ্রন্থপঞ্জী

১৮.০ প্রস্তাবনা

অনেক ক্ষেত্রে দেখা যায় যে, দুই বা ততোধিক ব্যক্তি একত্রিত হয়ে অংশীদারী আইন অনুসারে অনির্দিষ্ট-কাল ব্যাপী একটি ব্যবসা চালিয়ে থাকেন। সাধারণত এরূপ ব্যবসায়কেই অংশীদারী ব্যবসা (Partnership Business) বলে। যে ব্যক্তিগণ যুক্তভাবে ঐ ব্যবসা চালান, তাদের বলা হয় অংশীদার (Partner)।

১৮.১ অংশীদারী কারবারের সংজ্ঞা (Definition of Partnership Business)

ভারতীয় অংশীদারী আইনের ৪নং ধারা অনুসারে সকল ব্যক্তি দ্বারা অথবা সকলের পক্ষে যে কোন একজনের দ্বারা পরিচালিত ব্যবসায়ের মুনাফা নিজেদের মধ্যে বন্টনের জন্য চুক্তিবদ্ধ ব্যক্তিদের মধ্যে যে সম্পর্ক নিহিত আছে, তাকেই অংশীদারী ব্যবসা বলে।

১৮.২ অংশীদারী কারবারের অপরিহার্য উপাদান (Essential Elements of a Partnership)

অংশীদারী কারবারের অপরিহার্য উপাদানগুলি নিম্নরূপ :

ক) স্বেচ্ছাপ্রদত্ত সম্মতি—অংশীদারীর একটি মূল উপাদান হ'ল এই যে, দুই বা ততোধিক ব্যক্তি একত্র না হ'লে অংশীদারীর সৃষ্টি হয় না। এই কারবারে একের অধিক এবং কুড়িজনের কম অংশীদার থাকা প্রয়োজন। তবে, অংশীদারী প্রতিষ্ঠানটি ব্যাঙ্কিং ব্যবসায় লিপ্ত থাকলে দশজনের বেশী অংশীদার থাকতে পারবে না। এ ছাড়া এই ব্যক্তিগণ অবশ্যই একটি চুক্তিতে আবদ্ধ হবেন। অংশীদারী আইনের ৫নং ধারা অনুযায়ী অংশীদারী সম্পর্ক চুক্তি থেকে জন্মলাভ করে—জন্মগত বা সামাজিক অধিকার বলে নয়।

খ) প্রতিনিধিত্ব—এই জাতীয় ব্যবসায় সকল অংশীদারকে একাধারে মালিক ও ব্যবসায়ের বিষয়ে একে অন্যের প্রতিনিধি হতে হবে। সকল অংশীদারের ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণের অধিকার আছে, আবার সকলে পরিচালনায় বা ব্যবসায় অংশগ্রহণ না করে এক বা একাধিক ব্যক্তির উপর পরিচালনার ভার দেওয়া যেতে পারে, তবে এই এক বা একাধিক ব্যক্তি প্রতিনিধি হিসাবে কাজ করলেও সকল অংশীদার দায়বদ্ধ হবেন।

গ) ব্যবসায় উদ্ভূত লাভ বন্টন—অন্যান্য ব্যবসায়ের মতই অংশীদারী ব্যবসায়ের মূল উপাদান মুনাফা অর্জন করা। অংশীদারীর মূল কথা লাভের উদ্দেশ্যে ব্যবসা, পরোপকার বা সেবার জন্য নয়। মুনাফা বা লাভ সকল অংশীদারদের নিজেদের মধ্যে চুক্তি অনুপাতে বন্টন করে নিতে সম্মত হ'তে হবে।

১৮.৩ অংশীদারী ও সহমালিকানার পার্থক্য (Difference between Partnership and Co-ownership)

- i) দুই বা ততোধিক ব্যক্তি একত্রিত হয়ে অংশীদারী আইন অনুসারে মুনাফার উদ্দেশ্যে যে ব্যবসা করেন, তাকে অংশীদারী কারবার বলে। কয়েকজন ব্যক্তি যৌথভাবে কোন সম্পত্তি থেকে মুনাফা ভোগ করলে যে সম্পর্ক গড়ে ওঠে, তাকে সহমালিকানা বলে।

- ii) অংশীদারী সম্পর্ক চুক্তিদ্বারা সৃষ্ট হয়, কিন্তু সহমালিকানার সম্পর্ক চুক্তি ছাড়াও সৃষ্টি হতে পারে।
- iii) একজন অংশীদার অপর অংশীদারের সম্মতি ছাড়া তার অংশ হস্তান্তর করতে পারে না। কিন্তু একজন সহমালিক অন্য মালিকের সম্মতি ছাড়াই তার অংশ হস্তান্তর করতে পারে।
- iv) একজন অংশীদার অপর অংশীদারের প্রতিনিধি হয়ে ব্যবসায়ে কাজ করতে পারেন, এবং ব্যবসা-সংক্রান্ত কার্যের জন্য একজন অন্যজনকে দায়বদ্ধ করতে পারে। কিন্তু, একজন সহমালিক অন্যায় সহমালিককে দায়বদ্ধ করতে পারে না।
- v) একজন অংশীদারের মৃত্যু হ'লে বা কোন অংশীদার দেউলিয়া হ'লে সাধারণতঃ ব্যবসায়ের অবসান ঘটে। কিন্তু কোন সহমালিকের মৃত্যু হ'লে বা কোন সহমালিক দেউলিয়া হ'লে সহমালিকানার বিলুপ্তি হয় না।

১৮.৪ অংশীদারী চুক্তিপত্র ও অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন (Partnership deed and registration of partnership firms)

দুই বা ততোধিক ব্যক্তি (ব্যক্তিগত ব্যবসায়ে ১০ জনের কম, এবং অন্যান্য ব্যবসায়ে ২০ জনের কম) মুনফা অর্জনের উদ্দেশ্যে অংশীদারী কারবার গঠন করতে পারে। অংশীদারদের মধ্যে পারস্পরিক চূড়ান্ত বিশ্বাস (utmost good faith) অংশীদারী চুক্তির মূল ভিত্তি।

অংশীদারী চুক্তি মৌখিক বা লিখিত (oral or written) হতে পারে। ভবিষ্যতে বিরোধ যাতে না হয়, সে জন্য লিখিত চুক্তি কাম্য।

অংশীদারী চুক্তিতে লাভ-লোকসান বন্টনের অনুপাত, অংশীদারদের অধিকার ও স্বার্থ, হিসাবরক্ষণ পদ্ধতি, পুঁজির পরিমাণ ইত্যাদি বিষয় লিখিত থাকে।

অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন (Registration)

অংশীদারী ব্যবসায়ের নিবন্ধন বাধ্যতামূলক নয়। ইচ্ছা করলে এরূপ ব্যবসা নিবন্ধন করা যায়, আবার না করলেও চলে। নিবন্ধনের জন্য নির্দিষ্ট ফী সহ অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধকের কাছে নির্ধারিত আবেদনপত্রে (application form) এ নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে জানিয়ে আবেদন করতে হয় :

- i) প্রতিষ্ঠানের নাম ii) প্রধান কর্মস্থল iii) অন্যান্য স্থানে ব্যবসা করলে তাদের ঠিকানা iv) প্রত্যেক অংশীদারের যোগদানের তারিখ v) অংশীদারদের নাম, স্থায়ী ঠিকানা, vi) ব্যবসায়ের কার্যকাল।

পরবর্তী সময় উপরের তথ্যগুলির কোন পরিবর্তন হ'লে তা অবশ্যই নিবন্ধককে জানাতে হয় এবং সেই অনুসারে তিনি নিবন্ধন বইতে তা পরিবর্তন করেন।

১৮.৫ অংশীদারগণের অধিকার ও কর্তব্য (Rights and duties of partners)

বিপরীতমর্মে কোন চুক্তি না থাকলে অংশীদারী ব্যবসায়ের ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয় আইন অনুসারে অংশীদারগণের অধিকারগুলি নিম্নরূপ :

- i) সকল অংশীদারদের ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করবার অধিকার থাকবে।
- ii) ব্যবসায়ের খাতাপত্র দেখবার, পরীক্ষা করবার ও তার প্রতিলিপি নেবার অধিকার সকল অংশীদারদের থাকবে।

- iii) চুক্তিপত্রে অন্যরূপ কিছু না থাকলে ব্যবসা পরিচালনা ও অংশগ্রহণ করবার জন্য কোন অংশীদারই পারিশ্রমিক দাবি করতে পারবেন না।
- iv) চুক্তিতে অন্যরূপ কিছু উল্লেখ না থাকলে ব্যবসায়ের লাভ-লোকসান সকল অংশীদারই সমান অনুপাতে ভোগ করবেন।
- v) চুক্তিতে কিছু উল্লেখ না থাকলে কোন অংশীদারই তাঁর মূলধনের উপর সুদ পাবার অধিকারী হবেন না।
- vi) স্বীকৃত মূলধনের অতিরিক্ত অর্থ ঋণ হিসাবে দিলে অংশীদারগণ বার্ষিক ৬ শতাংশ হারের অনধিক সুদ পাবার অধিকারী।
- vii) সাধারণ অবস্থায় ব্যবসায় পরিচালনায় অংশীদার যদি কোন অর্থব্যয় বা দায় স্বীকার করে থাকেন, তাহলে তিনি অংশীদারী ব্যবসা থেকে যথোপযুক্ত ক্ষতিপূরণ পাবার অধিকারী হবেন।

অংশীদারদের কর্তব্য (Partners' duties)

- i) সকল অংশীদারগণ চুক্তি অনুসারে, সততা বিশ্বাস ও পরিশ্রম সহকারে ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করবেন।
- ii) ব্যবসায়ের সম্পত্তি কেবলমাত্র ব্যবসায়ের উদ্দেশ্যে রক্ষিত ও ব্যবহৃত হবে।
- iii) চুক্তি অনুসারে কোন অংশীদার ব্যবসা প্রতিষ্ঠানের লেনদেন থেকে বা সম্পত্তি বা নাম ব্যবহার করে কোন মুনাফা লাভ করলে বা ঐ জাতীয় ব্যবসা বা প্রতিযোগী ব্যবসা করে গোপনে ব্যক্তিগত মুনাফা লাভ করলে, ঐ মুনাফার হিসাব এবং টাকা অবশ্যই প্রতিষ্ঠানকে দিতে হবে।
- iv) চুক্তিতে অন্যরূপ কিছু উল্লেখ না থাকলে ব্যবসায়ের লাভ বা ক্ষতি সকল অংশীদার সমানভাবে বহন করবেন।

১৮.৬ অংশীদারী কারবারের হিসাবপত্র (Accounts of partnership firms)

অংশীদারী কারবারের হিসাব লিপিবদ্ধ করবার জন্য কোন পৃথক আইন, পদ্ধতি, রীতিনীতি ইত্যাদি নেই। হিসাবশাস্ত্রের সাধারণ নিয়ম অনুযায়ী অংশীদারী কারবারের হিসাব লেখা হয়। তবে, চুক্তিপত্রের শর্ত, নিয়ম, প্রভৃতি অবশ্যই হিসাবরক্ষার সময় মনে রাখা প্রয়োজন।

১৮.৬.১ ভূমিকা (আইনগত বিধান ও ব্যবসায়িক রীতিনীতি) (Introduction)

একক মালিকানা ব্যবসায়ের মত অংশীদারী ব্যবসায়ের আইনের দৃষ্টিতে নিজস্ব কোন অস্তিত্ব (separate entity) নেই। ব্যবসায়ের দায় মেটাবার জন্য অংশীদারগণ ব্যক্তিগতভাবে দায়ী। ব্যবসায়ের সম্পত্তি যদি ব্যবসায়ের সম্পূর্ণ দায় মেটাবার পক্ষে যথেষ্ট না হয়, তাহলে অংশীদারগণ ব্যক্তিগত সম্পত্তি থেকে অবশিষ্ট দায় মেটাবেন। অংশীদারদের দায় সীমাহীন (unlimited liability)। ব্যবসায়ের দায়ের জন্য অংশীদারদের দায় যৌথ ও ব্যক্তিগত (Joint and Several)।

১৮.৬.২ অংশীদারগণের মূলধনের হিসাব (Partners' capital accounts)

প্রত্যেক অংশীদারের নামে ভিন্ন ভিন্ন মূলধনের হিসাব (capital accounts) রাখতে হবে। অংশীদারী কারবারে মূলধনের হিসাব দুই ভাবে রাখা যায়।

- ১। স্থির মূলধন হিসাব (fixed capital account)
- ২। পরিবর্তনশীল মূলধন হিসাব (fluctuating capital account)

১৮.৬.৩ স্থির মূলধন হিসাব (Fixed capital account)

এই পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাবে যে পরিমাণ অর্থ বিনিয়োগ করে থাকে, কেবল সেই পরিমাণ অর্থ প্রতিটি অংশীদারদের Capital A/c-তে Credit করা হয়। এক্ষেত্রে অংশীদারদের সঙ্গে ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলি যেমন, মূলধনের উপর সুদ, উত্তোলনের উপর সুদ, মাহিনা, লাভ বা লোকসান Fixed Capital A/c-এ লিপিবদ্ধ করা হয় না। এই লেনদেনগুলি লিপিবদ্ধ করবার জন্য প্রত্যেক অংশীদারের নামে পৃথকভাবে হিসাব খুলতে হয়। এই হিসাবের নাম current account।

তবে, অংশীদারগণ পুনরায় মূলধন বিনিয়োগ করলে বা উত্তোলন করলে তা Capital Account-এ লিপিবদ্ধ করা হয়। অর্থাৎ এই পদ্ধতিতে Capital Account-এর জের প্রতি বছর স্থির বা সমান নাও থাকতে পারে।

১৮.৬.৪ পরিবর্তনশীল মূলধন হিসাব (Fluctuating capital account)

এই পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাবে (partners' capital A/c) অংশীদারদের সঙ্গে ব্যবসায়ের যাবতীয় লেনদেন যেমন মূলধন বিনিয়োগ, মূলধন উত্তোলন, মূলধন এবং উত্তোলনের উপর সুদ, মাহিনা, বোনাস, কমিশন, লাভ বা লোকসান ইত্যাদি সকল লেনদেনগুলি Capital A/c-এ লিপিবদ্ধ করা হবে। ফলে পৃথকভাবে Current A/c খুলতে হবে না। কিন্তু অংশীদার দ্বারা ব্যবসায়কে প্রদত্ত ঋণ এবং তার উপর সুদ Capital A/c-তে লিপিবদ্ধ করা হয় না। পরিবর্তনশীল মূলধন হিসাব পদ্ধতিতে Capital A/c-এর জের প্রতি বছর পরিবর্তিত হয়।

১৮.৬.৫ অংশীদারগণের চলতি হিসাব (Partners' current account)

স্থির মূলধন হিসাব পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাবে যে পরিমাণ অর্থ বিনিয়োগ করে থাকে, কেবল সেই পরিমাণ অর্থ প্রতিটি অংশীদারদের Capital A/c-তে লিপিবদ্ধ করা হয়। তবে, অংশীদারগণ পুনরায় মূলধন নিয়োগ করলে বা উত্তোলন করলে Capital A/c-এ যথাক্রমে credit এবং debit করা হয়। কিন্তু অংশীদারদের সঙ্গে ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলি Capital A/c-তে না লিপিবদ্ধ করে, প্রতিটি অংশীদারগণের জন্য ভিন্ন ভিন্ন অংশীদারদের চলতি হিসাব (Partners' Current A/c)-এ লেখা হয়। লেনদেনগুলি হল অংশীদারদের লাভ বা লোকসান, মাহিনা, মূলধনের উপর এবং উত্তোলনের উপর সুদ, বোনাস ইত্যাদি। বছরের শেষে এই A/c-তে জের টানতে হয় এবং তা Balance Sheet-এ পৃথকভাবে দেখানো হয়। চলতি হিসাবের Debit বা Credit Balance হতে পারে।

১৮.৬.৬ অংশীদারগণের ড্রয়িংস হিসাব (Partners' drawings account)

অংশীদারগণ দ্বারা নগদ অর্থ বা পণ্য উত্তোলনের (withdrawn of Capital or Goods) হিসাব পৃথকভাবে অংশীদারগণের ড্রয়িংস হিসাবে লিপিবদ্ধ করা হয়। বছরের শেষে এই হিসাবের জের প্রস্তুত করা হয় এবং তা অংশীদারগণের মূলধনের হিসাবে (যে ক্ষেত্রে পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ব্যবহার করা হয়) অথবা অংশীদারগণের চলতি হিসাব (যে ক্ষেত্রে স্থিরমূলধন পদ্ধতি ব্যবহার করা হয়) স্থানান্তরিত করা হয়।

১৮.৬.৭ অংশীদারগণের চলতি হিসাব এবং ড্রয়িংস হিসাবের পার্থক্য (Distinction between partners' current account and partners' drawings account)

চলতি হিসাব (Current A/c)	ড্রয়িংস হিসাব (Drawings A/c)
১। ইহা একটি স্থায়ী হিসাবখাত। বছরের শেষে জের আগামী বছরে নিয়ে যাওয়া হয়।	১। ইহা একটি অস্থায়ী হিসাবখাত। বছরের শেষে জের Capital A/c-এ স্থানান্তরিত করা হয়।
২। এই হিসাবে অংশীদারদের যাবতীয় লেনদেন যেমন, মূলধন ও উত্তোলনের উপর সুদ, মাহিনা, লাভ বা লোকসান ইত্যাদি লিপিবদ্ধ করা হয়।	২। এই হিসাবে কেবলমাত্র অংশীদারদের ব্যবসা থেকে নগদ অর্থ বা পণ্য উত্তোলনের হিসাব রাখা হয়।
৩। কেবলমাত্র স্থির মূলধন হিসাবের ক্ষেত্রে ইহা রাখা হয়।	৩। স্থির মূলধন হিসাব এবং পরিবর্তনশীল হিসাব উভয় ক্ষেত্রেই ইহা রাখা হয়।
৪। এই হিসাবের জের debit বা credit দুই-ই হ'তে পারে।	৪। এই হিসাবের জের সব সময় debit হবে।
৫। ইহা Balance Sheet-এ দেখানো হয়।	৫। ইহা Balance Sheet-এ পৃথকভাবে দেখানো হয় না।

১৮.৭ অংশীদারগণের লাভ-লোকসান বণ্টনের হিসাব (Partners' Profit and Loss Appropriation Account)

অংশীদারী কারবারে বছরের শেষে প্রথমে Profit and Loss Account-এর মাধ্যমে নীট লাভ (Net Profit) নির্ধারণ করা হয়। এরপর, Profit and Loss Appropriation A/c-এর মাধ্যমে অংশীদারগণের মধ্যে ঐ লাভ বা লোকসান বণ্টনের হিসাব দেখানো হয়। অংশীদারগণ ব্যবসায়ের মুনাফা বিভিন্নভাবে বণ্টন করতে পারেন। লাভের কিছু অংশ সাধারণ সঞ্চিতি (General Reserve)-তে স্থানান্তর করা হ'তে পারে। আবার মুনাফার কিছু অংশ অংশীদারদের মধ্যে মূলধনের উপর সুদ, মাহিনা, কমিশন, ইত্যাদি ভাবে বণ্টন করা যেতে পারে। সবশেষে অবশিষ্ট মুনাফা লাভ-লোকসানের বণ্টনের হারে অংশীদারদের মধ্যে ভাগ করে দেওয়া হয়।

লাভ-লোকসান বণ্টনের হিসাবের বৈশিষ্ট্য (Features of Profit and Loss Appropriation Account)

- ১। এই হিসাব বছরের শেষে প্রস্তুত করা হয়।
- ২। এটি একটি nominal account
- ৩। এই হিসাব Profit and Loss Account-এর জের (balance) অর্থাৎ Net Profit-কে নিয়ে শুরু হয়।

- ৪। এই হিসাবের মাধ্যমে অংশীদারদের মধ্যে লাভ-লোকসানের বণ্টন দেখানো হয়।

অংশীদাররা চুক্তি করে লাভ বা লোকসান অংশীদারগণের মধ্যে বণ্টনের পূর্বে মূলধনের উপর সুদ, বেতন ও কমিশন, অংশীদার প্রদত্ত ঋণের উপর সুদ, উত্তোলনের উপর সুদ ইত্যাদি মিলকরণের প্রয়োজন হয়।

কিন্তু ঐ বিষয়ে চুক্তি না থাকলে ভারতীয় অংশীদারী আইনের ১৩ ধারা প্রয়োগ করা হবে। এই ধারায় বলা আছে –

চুক্তি না থাকলে :

- ১। অংশীদাররা সমহারে লাভ-ক্ষতি বণ্টন করবে।
 - ২। কোন অংশীদার বেতন, কমিশন ইত্যাদি পাবে না।
 - ৩। মূলধনের উপর সুদ দেওয়া যাবে না (উত্তোলনের উপরও সুদ স্বাভাবিক কারণে ধরা হবে না)।
 - ৪। অংশীদার কর্তৃক ব্যবসায় প্রদত্ত ঋণের উপর বার্ষিক ৬ শতাংশ হারে সুদ দেওয়া হবে।
- অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে Profit & Loss Appropriation A/c নিম্নলিখিত ছকে প্রস্তুত করা হয় :

Profit & Loss Appropriation A/c for the year ended

Dr.			Cr.
To Reserve	Rs.	By Profit & Loss A/c	Rs.
" Interest on Capital		(Net Profit)	
" Partners' Salaries		" Interest on Drawings	
" Partners' Commission			
" Share of Profit			

১৮.৭.১ লাভ-লোকসান বণ্টনের হিসাবের প্রয়োজনীয় দাখিলা (Necessary Entries)

			57,000
		Cash at Bank	20,000
	1,71,000		1,71,000

মন্তব্যঃ

A এবং C এর মূলধন হবে 3:2 অনুপাতে। তারা টাকা আনবে এমন শর্তে যার ফলে অবসরগ্রহণকারী অংশীদারকে প্রাপ্য অর্থ প্রদান করবার পর, Cash at Bank 20,000 টাকা থাকে।

এক্ষেত্রে সমাধানের সহজ পদ্ধতি Partners' Capital A/c সম্পূর্ণ করার আগে Balance Sheet তৈরী করে সমস্ত সম্পত্তি ও দায় বসালে, তাদের মূলধন পাওয়া যায় (Balancing figure) সেই মূলধন 3:2 অনুপাতে A এবং C কে বণ্টন করলে তাদের মূলধনের জের (Balance) পাওয়া যাবে। সেই জের Capital A/c-এ বসিয়ে প্রয়োজনীয় অর্থ কত আনতে হবে তা নির্ধারণ করা যাবে।

১৮.১০ অংশীদারের মৃত্যু (Death of a Partner)

অংশীদারী প্রতিষ্ঠানের কোন অংশীদারের মৃত্যু হ'লে ব্যবসার বিলোপসাধন হ'তে পারে, তবে সাধারণতঃ অবশিষ্ট অংশীদারগণ ব্যবসা চালায়, মৃত ব্যক্তির অংশ ক্রয় করে। এক্ষেত্রে হিসাব বইতে কিছু মিলকরণের (Adjustment) প্রয়োজন হয়।

অংশীদারের অবসরগ্রহণের সময়, যেমন তার প্রাপ্য অর্থ নগদে প্রদান বা ধার (loan) হিসাবে দেখানো হয়, কিন্তু মৃত ব্যক্তির প্রাপ্য অর্থ (সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ণ ও সুনামের হিসাব করবার পর), তা Deceased partner's Executor's Account নামে একটি নতুন হিসাবে স্থানান্তরিত করতে হয় এবং উক্ত হিসাবের প্রাপ্য অঙ্ক নগদ অর্থে পরিশোধ করা হয়। অবশ্য মৃত অংশীদারের সম্পত্তি নির্বাহকগণের (Executors-এর) সম্মতিক্রমে উক্ত Deceased Partner's Executors Account-এর টাকা Executors Loan Account-এ স্থানান্তরিত করে সুদ সমেত তা ক্রমশঃ কিস্তিতে (Instalment) পরিশোধ করা যেতে পারে।

১৮.১০.১ যৌথ জীবনবীমা পত্র (Joint Life Policy)

অংশীদারী প্রতিষ্ঠানের কোন অংশীদারের মৃত্যু হ'লে অবিলম্বে মৃত অংশীদারের প্রাপ্য অর্থ প্রদান করতে ব্যবসায়ের আর্থিক অবস্থার উপর চাপ পড়তে পারে, এমনকি প্রাপ্য অর্থের পরিমাণ যদি খুব বেশী হয়, তা প্রদান করতে ব্যবসা বন্ধ করে দিতেও হ'তে পারে। এই অপ্রত্যাশিত সঙ্কট থেকে পরিত্রাণ পাবার জন্য অনেক অংশীদারী প্রতিষ্ঠান তাদের অংশীদারগণের যৌথ নামে জীবনবীমা করে এবং তার জন্য প্রয়োজনীয় প্রিমিয়াম ব্যবসায়ের আয় থেকেই প্রদান করে থাকে।

সুতরাং জীবনবীমা থাকলে, কোন অংশীদারের মৃত্যু হলে, বীমা থেকে প্রাপ্য অর্থ দিয়ে ঐ মৃত অংশীদারের প্রাপ্য সহজেই মিটিয়ে দেওয়া সম্ভব হয়, ফলে ব্যবসায়ের নগদ অর্থের উপর নির্ভর করতে হয় না। তবে মনে রাখা দরকার, যেহেতু ইহা যৌথ জীবনবীমা, ফলে বীমা থেকে যে অর্থ পাওয়া যায়, তা অংশীদারী প্রতিষ্ঠানের সম্পত্তি এবং বীমা থেকে কোন লাভ বা লোকসান হলে তা (মৃত অংশীদার সমেত) সকল অংশীদারের মধ্যেই বন্টন করতে হবে।

১৮.১০.২ যৌথ বীমাপত্র গ্রহণ সংক্রান্ত হিসাব রক্ষণের ক্ষেত্রে বিভিন্ন পদ্ধতি

১। যখন প্রিমিয়ামকে ব্যবসার খরচ হিসাবে দেখানো হয় (When premium paid is treated as expense)

এই পদ্ধতিতে যে প্রিমিয়ামের অর্থ দেওয়া হয়, তা প্রতি বছরের Profit and Loss Account-এ স্থানান্তরিত করা হয়। যখন বীমা কোম্পানীর কাছ থেকে মেয়াদান্তে বা কোন অংশীদারের মৃত্যু হলে টাকা পাওয়া যায়, তা অংশীদারগণের মধ্যে মুনাফা বন্টনের অনুপাতে ভাগ করে দেওয়া হয়।

জাবোদা দাখিলাঃ

i) প্রিমিয়ামের অর্থ প্রদান করলে :

Insurance Premium A/c	Dr.
To Bank A/c	

ii) বছরের শেষে :

Profit & Loss A/c	Dr.
To Insurance Premium A/c	

iii) বীমার মেয়াদান্তে বা কোন অংশীদারের মৃত্যু হলে :

Bank A/c	Dr.
To Life Policy A/c	

iv) প্রাপ্য অর্থ বন্টনের জন্য :

Life Policy A/c	Dr.
To Partners' Capital A/c	

২। যখন প্রিমিয়াম প্রদানকে সম্পত্তি হিসাবে দেখানো হয় (When premium paid is treated as an asset)

যৌথ জীবনবীমা বাবদ অংশীদারী প্রতিষ্ঠান থেকে প্রতি বছর যে প্রিমিয়াম দেওয়া হয়, এই পদ্ধতিতে তা Joint Life Policy Account-এ ডেবিট এবং Bank Account-এ ক্রেডিট করা হয়। বছরের শেষে Joint Life Policy Account-এর ডেবিটের দিকের মোট অঙ্ক থেকে বীমাপত্রের প্রত্যর্পণ-মূল্য (Surrender Value) বাদ দিলে যে বিয়োগ ফল (Difference) হয়, তা Profit and Loss Account-এ ডেবিট ও Joint Life Policy Account-এ ক্রেডিট করা হয়।

দাখিলাঃ

i) যখন প্রিমিয়ামের অর্থ দেওয়া হয়ঃ

Joint Life Policy A/c	Dr.
To Bank A/c.	

ii) বছরের শেষেঃ

Profit and Loss A/c *Dr.*
To Joint Life Policy A/c.

iii) বীমার মেয়াদান্তে বা অংশীদারের মৃত্যু হলে, প্রাপ্ত অর্থ পাওয়া গেলেঃ

Bank A/c *Dr.*
To Joint Life Policy A/c.

iv) যখন বীমার থেকে অর্জিত লাভ/লোকসান অংশীদারগণের মধ্যে বণ্টন করা হয়ঃ

Joint Life Policy A/c *Dr.*
To Partners' Capital A/c.
(প্রাপ্ত অর্থ — প্রত্যর্পণ-মূল্য)

৩। যখন যৌথ জীবনবীমা পত্র সঞ্চিতি হিসাব রাখা হয় (When Joint Life Policy Reserve Account is maintained)

এই পদ্ধতি কেবলমাত্র প্রথম ও দ্বিতীয় পদ্ধতির সংমিশ্রণ। এই পদ্ধতিতে প্রতি বছর বীমা কোম্পানীকে যে প্রিমিয়াম দেওয়া হয়, তা Profit and Loss Account-এ ডেবিট ও Joint Life Policy Reserve Account-এ ক্রেডিট করা হয়। এবং Joint Life Policy Reserve Account-কে উদ্বর্তপত্রের Liabilities এর দিকে দেখানো হয়।

দাখিলাঃ

i) যখন প্রিমিয়ামের অর্থ প্রদান করা হয়ঃ

Joint Life Policy A/c *Dr.*
To Bank A/c

ii) বছরের শেষেঃ

Profit and Loss A/c *Dr.*
To Joint Life Policy Reserve A/c

iii) Joint Life Policy Reserve A/c *Dr.*
To Joint Life Policy A/c
(Excess of Life Policy over its Surrender Value).

অর্থাৎ Life Policy Account সম্পত্তি হিসাবে এবং Life Policy Reserve Account (তার প্রত্যর্পণ-মূল্য) দায় হিসাবে উদ্বর্তপত্রে দেখানো হয়।

অকস্মাৎ কোন অংশীদারের মৃত্যু ঘটলে বা বীমার মেয়াদ উত্তীর্ণ হলেঃ

জাবেদা দাখিলাঃ

i) অর্থ আদায় হ'লেঃ

Bank A/c *Dr.*
To Joint Life Policy A/c

ii) যখন Joint Life Policy Reserve Account-এর জের (Balance) থাকে, তা Joint Life Policy Account-এ স্থানান্তরিত করা হয়ঃ

Joint Life Policy Reserve A/c *Dr.*
To Joint Life Policy A/c

iii) Joint Life Policy A/c-এর যে জের (Balance) থাকে, তা লাভ-লোকসান বণ্টনের হারে বণ্টন করা হয় (মৃত অংশীদারসহ)

Joint Life Policy A/c

To Partners' Capital A/c.

১৮.১০.৩ অংশীদারের মৃত্যু-সংক্রান্ত ব্যবহারিক প্রশ্ন ও তার সমাধান

উদাহরণ : ১

Amar, Barun and Chanchal are partners sharing profits and losses in the ratio of 2:1:1. They took out a Joint Life Policy for Rs. 50,000 on 1st January '95. The annual premium Rs. 3,000 was payable on 1st February every year.

Barun died on 15th March '98 and the policy money was received on 7th April '98.

The Surrender values of the policy as on 31st December each year were as follows:

1995 — Nil, 1996 — Rs. 500, 1997 — Rs. 900.

Show the Joint Life Policy Account, assuming that the books of the firm are closed on 31st December every year, under the following methods:

i) When premium is charged every year to the Profit and Loss Account of the firm as business expense;

ii) When insurance premium is debited to Joint Life Policy Account but an adjustment is made through the Profit and Loss Account each year to bring the Policy to its Surrender Value; and

iii) When adjustment is made through Joint Life Policy Reserve A/c.

সমাধান :

প্রথম পদ্ধতি :

In the Books of Amar, Barun and Chanchal Joint Life Policy Account

Dr.			Cr.
	Rs.		Rs.
1998		1998	
7th April		7th April	
To Partners' Capital A/c		By Bank A/c	50,000
—profit transferred		—policy money	
Amar $\frac{2}{4}$ th	25,000	received on Barun's death	
Barun $\frac{1}{4}$ th	12,500		
Chanchal $\frac{1}{4}$ th	12,500		
	50,000		
	50,000		50,000

দ্বিতীয় পদ্ধতি :

Joint Life Policy Account

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date		Rs.	Date		Rs.
1.2.95	To Bank A/c (premium paid)	3,000	31.12.95	By Profit and Loss A/c	3,000
		3,000			3,000
1.2.96	To Bank A/c (premium paid)	3,000	31.12.96	By Profit and Loss A/c	2,500
		3,000		" Balance c/d	500
					3,000
1.1.97	To Balance b/d	500	31.12.97	By Profit and Loss A/c	2,600
1.2.97	To Bank A/c (premium paid)	3,000		" Balance c/d	900
		3,500			3,500
1.1.98	To Balance b/d	900	7.4.98	By Bank A/c	50,000
1.2.98	To Bank A/c (premium paid)	3,000		(policy money received)	
7.4.98	To Capital Accounts (profit transferred)				
	Amar $\frac{2}{4}$ th 23,050				
	Barun $\frac{1}{4}$ th 11,525				
	Chanchal $\frac{1}{4}$ th 11,525	46,100			
		50,000			50,000

তৃতীয় পদ্ধতি :

Joint Life Policy Account

<i>Dr.</i>			<i>Cr.</i>		
Date		Rs.	Date		Rs.
1.2.95	To Bank A/c (premium paid)	3,000	31.12.95	By Joint Life Policy Reserve A/c	3,000
		3,000			3,000
1.2.96	To Bank A/c (premium paid)	3,000	31.12.96	By Joint Life Policy Reserve A/c	2,500
		3,000		" Balance c/d	500
					3,000

Dr.			Cr.		
1.1.97	To Balance b/d	500	31.12.96	By Joint Life Policy	
1.2.97	To Bank A/c (premium paid)	3,000		Reserve A/c	2,600
		3,500		" Balance c/d	900
					3,500
1.1.98	To Balance b/d	900	7.4.98	By Bank A/c	50,000
1.2.98	To Bank A/c (premium paid)	3,000		(policy money received)	
7.4.98	To Partners' Capital Accounts			By Joint Life Policy	
	Amar $\frac{2}{4}$ th 23,550			Reserve A/c	900
	Barun $\frac{1}{4}$ th 11,750			(transferred)	
	Chanchal $\frac{1}{4}$ th 11,750				
	(profit transferred)				
		50,900			50,900

উদাহরণ : ২

Amit, Benoy and Samir are the partners of a firm sharing profit and losses in the ratio of 1:2:2. Their Balance Sheet as on 31st December, 1997.

Balance Sheet as at 31st December '97

Liabilities		Rs.	Assets		Rs.
Capital Account:			Goodwill		15,000
Amit	20,000		Building		40,000
Benoy	10,000		Machinery		20,000
Samir	20,000		Stock		10,000
		50,000	Investment		10,000
General Reserve		10,000	Cash at Bank		5,000
Sundry Creditors		10,000	Debtors		10,000
Bill Payable		25,000			
Bank loan		15,000			
		1,10,000			1,10,000

Samir died on 31st March '98. His account is to be settled under the following terms:

1) Assets are revalued as follows:

Building Rs. 35,000, Machinery Rs. 25,000, Investment Rs. 11,000, Debtors Rs. 8,000.

2) During 1997, a Machinery costing Rs. 5,000 was purchased but wrongly debited to Purchase account, on which depreciation is to be calculated @ 20%.

- 3) Goodwill is to be calculated at the rate of 2 years' purchase on the basis of the average of 5 years profit or loss. Profit for January to March '98, is to be calculated proportionately on the average profit of last 3 years. The profits were—

1997	(–)	10,000
1996		12,000
1995		10,000
1994		7,000
1993		3,000

Show the journal entries, Partners' Capital Account and new Balance Sheet of the firm.

সমাধান :

**In the Books of Amit, Benoy and Samir
Journal**

			<i>Dr.</i>	<i>Cr.</i>
Date			Rs.	Rs.
1998	Machinery A/c	<i>Dr.</i>	5,000	
31st	Investment A/c	<i>Dr.</i>	1,000	
March	New Machinery A/c		4,000	
	To Building A/c			5,000
	To Debtors A/c			2,000
	To Revaluation A/c			3,000
	(Being Sundry assets revalued)			
"	Revaluation A/c	<i>Dr.</i>	3,000	
	To Amit's Capital A/c			600
	To Benoy's Capital A/c			1,200
	To Samir's Capital A/c			1,200
	(Being the profit on revaluation transferred to partners' Capital A/c)			
"	General Reserve A/c	<i>Dr.</i>	10,000	
	To Amit's Capital A/c			2,000
	To Benoy's Capital A/c			4,000
	To Samir's Capital A/c			4,000
	(Being General Reserve transferred to partners' Capital A/c)			
"	Profit & Loss Suspense A/c	<i>Dr.</i>	300	
	To Samir's Capital A/c			300
	(Being estimated share of profit till his date of death transferred to the deceased partner's capital A/c)			

			Dr.	Cr.
"	Amit's Capital A/c	Dr.	760	
	Benoy's Capital A/c	Dr.	1,520	
	Samir's Capital A/c	Dr.	1,520	
	To Goodwill A/c			3,800
	(Being the value of Goodwill reduced)			
"	Samir's Capital A/c	Dr.		
	To Samir's Executors A/c			
	(Being the dues of the deceased partner transferred to his Executor's A/c)			

	Rs.
Loss for 1997	10,000
Less : Cost of Machinery wrongly charged	5,000
	<u>5,000</u>
Add : Depreciation on Machinery, @ 20% on Rs. 5,000	1,000
	<u>(-) 4,000*</u>
Value of New Machinery	5,000
Less : Depreciation	1,000
	<u>4,000</u>

Computation of Goodwill :

$$\text{Average Profit} = \frac{\text{Rs. 3,000} + \text{Rs. 7,000} + \text{Rs. 10,000} + \text{Rs. 12,000} + \text{Rs. - 4,000*}}{5}$$

$$= \text{Rs. 5,600}$$

$$\therefore \text{Goodwill Rs. 5,600} \times 2 = \text{Rs. 11,200}$$

$$\therefore \text{Goodwill to be reduced Rs. 15,000} - \text{Rs. 11,200}$$

$$= \text{Rs. 3,800}$$

Deceased Partner's share of profit till the date of his death:

Average profit (last 3 years)

$$= \frac{\text{Rs. 10,000} + \text{Rs. 12,000} - \text{Rs. 4,000}}{3}$$

$$= \text{Rs. 6,000}$$

$$\therefore \text{Estimated profit for 3 months (1st Jan '98 - 31st March '98)}$$

$$= \text{Rs. 6,000} \times \frac{3}{12} = \text{Rs. 1,500}$$

$$\therefore \text{Samir's Share } \frac{1}{5} \times \text{Rs. 1,500} = \text{Rs. 300}$$

Partners' Capital Account

	Amit	Benoy	Samir		Amit	Benoy	Samir
	Rs.	Rs.	Rs.	31.3.98	Rs.	Rs.	Rs.
31.3.98				By Balance b/d	20,000	10,000	20,000
To Goodwill A/c	760	1,520	1,520	" General			
" Samir's				Reserve A/c	2,000	4,000	4,000
Executors A/c	—	—	23,980	" Revaluation A/c	600	1,200	1,200
—(Balance				" Profit & Loss			
transferred)				Suspense A/c	—	—	300
" Balance c/d	21,840	13,680	—				
	22,600	15,200	25,500		22,600	15,200	25,500

Balance Sheet as at 31st March '98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital A/c :		Goodwill (15,000 – 3,800)	11,200
Amit	21,840	Building	35,000
Benoy	13,680	Machinery	25,000
		Add : New	4,000
	35,520		29,000
Samir's Executors A/c	23,980	Investment	11,000
Sundry Creditors	10,000	Stock	10,000
Bill Payable	25,000	Debtors	8,000
Bank loan	15,000	Cash at Bank	5,000
		Profit & Loss Suspense A/c	300
	1,09,500		1,09,500

উদাহরণ : ৩

Ajoy, Bejoy and Sanjoy are the partners' of a firm sharing profits and losses in the ratio of 5:3:2. Their Balance Sheet as at 31st March '98 was as follows:

Balance Sheet as at 31st March '98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Account :		Goodwill	8,000
Ajoy	12,000	Machinery	32,000
Bejoy	14,000	Furniture	8,000
Sanjoy	16,000	Investment	5,000
	42,000	Stock	9,000
Reserve	10,000	Debtors	12,000
Loan from Ajoy	6,000	Cash at Bank	4,000
Sundry Creditors	20,000		
	78,000		78,000

On that date Ajoy died. But the business will be continued by B and C, henceforth sharing profits and losses in the ratio of 2 : 1. The net balance due to A is transferred to a Loan Account.

The firm had 3 life policies in the name of each partner, the values of each policy were Rs. 25,000, the premium of which were charged to Profit and Loss Account.

On the death of a partner, the assets and liabilities are revalued as follows:

Goodwill Rs. 19,000, Machinery Rs. 38,000, Investment Rs. 4,000, Furniture Rs. 6,000 and a Provision for doubtful debt @ 5%.

Death claim in the name of Ajoy was realised in full and the surrender values of the other 2 policies were Rs. 10,000 each.

Show, Revaluation Account, Partners' Capital Account and the new Balance Sheet of the firm.

সমাধান :

In the Books of Ajoy, Bejoy & Sanjoy

Revaluation Account

Dr.		Rs.		Cr.
To Furniture A/c		2,000	By Goodwill A/c	11,000
" Investment A/c		1,000	By Machinery A/c	6,000
" Provision for doubtful debt A/c		600		
" Profit on Revaluation :				
Ajoy 5/10 6,700				
Bejoy 3/10 4,020				
Sanjoy 2/10 2,680				
		13,400		
		17,000		17,000

Partners' Capital Account

	Ajoy	Bejoy	Sanjoy		Ajoy	Bejoy	Sanjoy
	Rs.	Rs.	Rs.		Rs.	Rs.	Rs.
To Loan to Ajoy's executor's A/c	52,200	—	—	By Balance b/d	12,000	14,000	16,000
" Balance c/d	—	34,520	29,680	" Revaluation A/c —profit	6,700	4,020	2,680
				" Reserve A/c	5,000	3,000	2,000
				" Loan A/c	6,000	—	—
				" Insurance claim A/c	22,500	13,500	9,000
	52,200	34,520	29,680		52,200	34,520	29,680

Insurance claim Account

Dr.		Cr.
	Rs.	Rs.
To Capital Accounts :		By Bank A/c
Ajoy 22,500		Claim of Ajoy's policy 25,000
Bejoy 13,500		Surrender of Bejoy's &
Sanjoy <u>9,000</u>		Sanjoy's policy 20,000
	45,000	(Rs. 10,000 × 2)
	45,000	45,000

Balance Sheet as at 31st March '98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Account :		Goodwill	19,000
Bejoy 34,520		Machinery	38,000
Sanjoy <u>29,680</u>		Furniture	6,000
	64,200	Investment	4,000
Loan to Ajoy's Executor	52,200	Stock	9,000
Sundry Creditors	20,000	Debtors 12,000	
		Less : Provision 5% <u>600</u>	
			11,400
		Cash at Bank 4,000	
		Add : <u>45,000</u>	
			49,000
	1,36,400		1,36,400

উদাহরণ : 4

X, Y and Z were in partnership sharing profits and losses in the ratio of 2 : 2 : 1. Their Capitals as on 1st April '97 were Rs. 80,000, Rs. 60,000 and Rs. 20,000 respectively. On 1st October '97 Z died. His legal heirs agreed that:

- i) Goodwill of the firm be valued at Rs. 30,000.
- ii) Fixed Assets be written down by Rs. 18,000 and stock be appreciated by Rs. 3,000.
- iii) During the year ended 31st March '98 the firm earned a profit of Rs. 40,000.
- iv) Drawings of the partners were

	Upto 1st Oct '97	From 1st Oct '97 to 31st Mar '98
	Rs.	Rs.
X	5,000	8,000
Y	5,000	8,000
Z	3,000	—

Prepare the Profit and Loss Appropriation Account and Capital Accounts of the partners for the year.

समाधान :

Profit and Loss Appropriation Account

Dr.				Cr.		
		Up to 1st Oct Rs.	After 1st Oct Rs.		Up to 1st Oct Rs.	After 1st Oct Rs.
To Share of profit				By Net Profit	20,000	20,000
X $\frac{2}{5}$		8,000	8,585			
Y $\frac{2}{5}$		8,000	8,585			
Z $\frac{1}{5}$		4,000	—			
To Z's Representative's A/c		—	2,830			
		20,000	20,000		20,000	20,000

Capital Account

Dr.				Cr.			
	X Rs.	Y Rs.	Z Rs.		X Rs.	Y Rs.	Z Rs.
1.10.97				1.4.97			
To Drawings	5,000	5,000	3,000	By Balance b/d	80,000	60,000	20,000
To Z's Representative A/c	—	—	—	1.10.97			
1.10.97				By P & L App. A/c	8,000	8,000	4,000
To Balance c/d	1,01,000	81,000	30,000	1.10.97			
				By Goodwill A/c	12,000	12,000	6,000
				1.10.97			
				By Revaluation A/c	6,000	6,000	3,000
	1,06,000	86,000	33,000		1,06,000	86,000	33,000
31.3.98				1.10.97			
To Drawings	8,000	8,000	—	By Balance b/d	1,01,000	81,000	—
" Balance c/d	1,01,585	81,585	—	" Profit & Loss App. A/c	8,585	8,585	—
	1,09,585	89,585	—		1,09,585	89,585	—

Revaluation

Fixed Assets	(-) 18,000
Stock	(+) 3,000
	<u>(-) 15,000</u>

Proportion of profit belongs to Z's representative is Calculated as follows :

$$\frac{30,000}{1,01,000 + 81,000 + 30,000} \times 20,000$$

$$\frac{30,000}{2,12,000} \times 20,000 = \text{Rs. } 2,830$$

১৮.১১ অনুশীলনী

- ১। অংশীদারী বলতে কি বোঝায়? অংশীদারীর আবশ্যকীয় উপাদানগুলি কি?
- ২। অংশীদারী চুক্তিপত্র না থাকলে নিম্নোক্ত বিষয়গুলি কিভাবে নির্ধারিত হবে, তা আলোচনা করুন :
 - ক) লাভ-ক্ষতি বণ্টন
 - খ) মূলধনের উপর সুদ
 - গ) উত্তোলনের উপর সুদ
 - ঘ) ঋণ এবং অগ্রিমের উপর সুদ
 - ঙ) অংশীদারের বেতন।
- ৩। অংশীদারের চলতি হিসাব ও ড্রয়িংস্ হিসাবের পার্থক্য নির্দেশ করুন।
- ৪। অংশীদারী কারবারে স্থির মূলধনের হিসাব এবং পরিবর্তনশীল মূলধনের হিসাব বলতে কি বোঝায়?
- ৫। সূনামের সংজ্ঞা কি? অংশীদারী হিসাবে কিভাবে সূনাম হিসাবভুক্ত করা হয়?
- ৬। নবাগত অংশীদার কর্তৃক সূনামের মূল্য বাবদ ফার্মে আনীত প্রিমিয়ামের প্রয়োগ সম্পর্কিত বিভিন্ন পদ্ধতি আলোচনা করুন।
- ৭। অংশীদারী হিসাব-নিকাশকরণে সূনামের অবলোকন বলতে কি বোঝায়?
- ৮। কোন অংশীদার গ্রহণ বা অবসরের সময়ে হিসাব-নিকাশে সম্পত্তিসমূহের পুনর্মূল্যায়ন করা হয় কেন?
- ৯। ত্যাগানুপাত ও ভোগানুপাত বলতে কি বোঝায়? অংশীদারী কারবারের হিসাবরক্ষণে কখন ব্যবহার করা হয়, উদাহরণসহ আলোচনা করুন।
- ১০। অংশীদারী প্রতিষ্ঠানের কোন অংশীদার প্রতিষ্ঠান থেকে অবসর গ্রহণ করার সময় হিসাব-নিকাশ সংক্রান্ত কি কি নিয়ম সাধারণত মানা হয়, তা সংক্ষেপে আলোচনা করুন :
- ১১। অংশীদারী প্রতিষ্ঠানের কোন অংশীদারের মৃত্যু হ'লে হিসাব বইতে কি কি মিলকরণের প্রয়োজন হয়?

বিষয়মুখী প্রশ্নাবলী (Objective Questions)

- ১। কোন অংশীদার কর্তৃক মূলধন বাবদ অর্থ বিনিয়োগের জন্য প্রয়োজনীয় দাখিলাটি কি?
- ২। অংশীদারী কারবারে অংশীদারের চলতি হিসাব কখন খোলা হয়?
- ৩। নবাগত অংশীদারের আনীত সূনামের অর্থ অংশীদারের মধ্যে কি অনুপাতে বণ্টন করা হয়?
- ৪। অবসরগ্রহণকারী অংশীদারের প্রাপ্য অর্থ কিভাবে নির্ধারণ করা হয়?
- ৫। অংশীদারী কারবারে যৌথ জীবনবীমা কেন করা হয়?
- ৬। অংশীদারী প্রতিষ্ঠানের কোন একজন অংশীদার অবসরগ্রহণ করলে অথবা মৃত্যু হলে কি ব্যবসা বন্ধ হয়ে যায়?

ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Questions)

- ১। A and B are partners in a firm. Their Capital Accounts on 1st January '98 were Rs. 25,000 and Rs. 20,000 respectively. On 1st April '98, C entered the firm

as a partner with a Capital of Rs. 15,000. On the same date, A and B introduced further Capital of Rs. 5,000 each. On 1st October, '98 D joined the firm with a Capital of Rs. 20,000 and on the same date C introduced further Capital of Rs. 10,000. On 31st December '98, the net trading profit of the firm was Rs. 1,00,000. The partners agreed to share the profit in the ratio of their Capital Contributions. Partners are allowed Salaries per annum as A—Rs. 5,000, B—Rs. 4,000, C—Rs. 3,000, D—Rs. 2,000.

Prepare the Profit and Loss Appropriation Account of the firm for the year ended 31st December '98 and also the partners' Capital Accounts.

উত্তর : লাভ-লোকসান বণ্টনের অনুপাত

A : B : C : D → 23 : 19 : 11 : 4

লভ্যাংশ : A—Rs. 35,609, B—Rs. 29,417, C—Rs. 17,031, D—Rs. 6,193.

2. Sen, Roy and Paul are partners in a firm. Their Capital Accounts on 1.1.98 stood at Rs. 60,000, Rs. 30,000 and Rs. 10,000 respectively. On 31st December '98 the Profit and Loss Account of the firm disclosed a net profit of Rs. 35,400.

You are required to prepare the Profit & Loss Appropriation Account and Partners Capital Accounts by taking into consideration the following information.

1) Interest on Capital @ 5 p.a.

2) Salary to Paul @ Rs. 200 per month.

3) Profit Sharing ratio 4 : 2 : 1

4) Paul's Share of profit (including interest on Capital and Salary) is guaranteed by Sen to a minimum of Rs. 8,000.

উত্তর : Paul-এর Guarantee Sen বহন করবে 1,100 টাকা। লভ্যাংশ (সুদসহ) —Sen Rs. 17,900 এবং Roy Rs. 9,500.

3. The net trading profit of A, B & C for the year ended 31st December '98 was Rs. 30,000 and the same was distributed amongst the partners who shared the profit in the ratio of 3 : 1 : 1. It was subsequently discovered that the following transactions were not passed through the account :

i) Interest on Capital @ 5% p.a.

ii) Interest on drawing amounted to A Rs. 350, B Rs. 250, and C Rs. 150.

iii) Partners' Salary A Rs. 5,000 and C Rs. 750.

iv) A special commission of Rs. 3,000 payable to A arising out of a special transaction of the firm.

The Capital Accounts of the partners are A Rs. 50,000, B Rs. 40,000 and C Rs. 30,000.

Pass the necessary journal entries to rectify the position and also show the Partners' Capital Account.

উত্তর : অংশীদারদের মূলধনের জের (Balance) A = Rs. 19,750, B = Rs. 4,950, C = Rs. 5,300.

4. X and Y are the partners in a firm sharing profits and losses in the ratio of 3 : 2. Their Balance Sheet as on 31st March'98 Stood as follows:

Balance Sheet as at 31st March'98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Account:		Goodwill	12,000
Rs			
X 12,000		Furniture Rs	250
Y 30,000		Sundry Debtors 21,000	
	42,000	Less : Reserve for Doubtful Debt 1,000	
			20,000
Sundry Creditors	20,000	Stock	10,750
		Cash in hand	15,000
		Profit and Loss Account	4,000
	62,000		62,000

On 1st April they admit Z as a partner on the following terms:

- The new profit sharing ratio of X, Y and Z will be 5 : 3 : 2.
- Agreed value of Goodwill is Rs. 20,000 and Z brings the necessary premium for goodwill in cash, half of which is retained in the business. Book value of goodwill should remain undistributed.
- The Reserve for bad debts is to be raised to 10% of Sundry Debtors.
- Stock-in-trade is to be revalued at Rs. 12,000 but the effect is not to be shown in the books.
- Furniture is to be reduced to Rs. 150.
- Z brings $\frac{1}{5}$ th of the combined adjusted Capital of X and Y.

Show the necessary journal entries and the Partners Capital Accounts and also prepare the Balance Sheet of the new firm as on 1st April '98.

উত্তর : Z সুনাম (goodwill) আনল Rs. 1,600 টাকা।

অংশীদারদের মূলধনের জেরঃ X = Rs. 9,405, Y = Rs. 28,445, Z = Rs. 7,570.

Cash at Bank and hand — Rs. 23,620. উদ্বর্তপত্রের যোগফল (Total) – Rs. 65,420.

5. Suresh and Dipen are the partners in a firm sharing profits and losses in the ratio of 2 : 1. The Balance Sheet of the firm as at 31st December'98 is as follows:

Balance Sheet

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Account:		Plant & Machinery	80,000
Suresh 90,000		Furniture	15,000
Dipen 50,000		Sundry Debtors	35,000
	1,40,000	Bill Receivable	12,000
General Reserve	45,000	Stock	21,000
Sundry Creditors	35,000	Patent	25,000
		Cash & Bank Balance	32,000
	2,20,000		2,20,000

They agreed to admit Samir into partnership on the following basis:

- Samir is to pay Rs. 30,000 for goodwill in cash for his one third share of profit and is to be credited with the value of the following assets brought in:
Goodwill Rs. 15,000, Furniture Rs. 5,000, Stock Rs. 15,000, Sundry Debtors Rs. 10,000, Building Rs. 32,000.
- Provision to be made for bad debt @ 5% on Debtors, Plant & Machinery to be depreciated by 10%, Patent right to be reduced to Rs. 20,000, Stock to be valued at Rs. 23,500.
- The total Capital of the firm is fixed at Rs. 2,31,000. Any Surplus or deficit in Capital Accounts of the partners to be adjusted through Current Accounts.

Give the necessary journal entries to give effect to the above and also prepare the opening Balance Sheet of the new firm.

উত্তর : Suresh's Capital Rs. 1,02,667, Dipen's Capital Rs. 51,333 এবং Samir's Capital Rs. 77,000
Current Account এ স্থানান্তরিত করা হলঃ
Suresh Rs. 29,333 এবং Dipen Rs. 19,667.

6. A and B are the partners in a firm sharing profits and losses in the ratio of 3 : 2. The Balance Sheet of the firm as on 31st March '98 was as follows:

Balance Sheet as at 31. 3. 98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Accounts:		Furniture	60,000
Rs.		Office Equipment	30,000
A 1,20,000		Motor Car	75,000
B 77,000		Stock	50,000
	1,97,000	Sundry Debtors	90,000
General Reserve	30,000	Cash at Bank	18,000
Sundry Creditors	96,000		
	3,23,000		3,23,000

C was admitted as a new partner from 1st April '98 and it was agreed that he would bring some private furniture Rs. 10,000 and Stock Rs. 8,000 and he also contributed Rs. 50,000 Cash towards Capital.

He would also bring proportionate share of goodwill which is to be valued at two years' purchase of the average profits of the last three years :—

The profits of the last three years were :—

	Rs.
1997 – 98	52,000
1996 – 97	32,000
1995 – 96	28,000

However, it was noticed that on 1.4.96 a new furniture costing Rs. 8,000 was purchased but wrongly debited to revenue, and in 1997–98, a purchase invoice of Rs. 4,000 has been omitted in the books. The firm charges depreciation on Furniture @ 10% p.a.

Goodwill is to be calculated on the basis of current profits.

Stock is to be reduced by 5% and Motor Car is worth Rs 85,000.

The new profit sharing ratio would be 5 : 3 : 2.

You are required to prepare the Partners' Capital Account and the Balance Sheet of the firm after admission.

উত্তর : সুদাম (goodwill) – Rs 76,320.

অংশীদারের মূলধনের জের :-

A = Rs. 1,51,620, B = Rs. 1,00,624, C = Rs. 68,000 উদ্বর্তপত্রের যোগফল – Rs. 4,20,244.

7. Aloke, Barun and Chanchal are the partners of a firm sharing profits and losses in the ratio of 3 : 2 : 1. Their Balance Sheet as on 31st March '98 stood as follows :—

Balance Sheet as at 31st March '98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Accounts:		Buildings	50,000
Aloke 40,000		Furniture	12,000
Barun 21,000		Office Equipment	14,000
Chanchal 20,000		Joint Life Policy	8,000
	81,000	Debtors 15,000	
General Reserve	18,000	Less : Prov. 1,500	
Sundry Creditors	12,500		13,500
		Stock	12,500
		Cash at Bank	1,500
	1,11,500		1,11,500

Barun retired on 1.4.98 subject to the following conditions :—

- A type writer purchased on 1.10.97 for Rs. 2,000, debited to Office Expenses A/c is to be brought into account charging depreciation @ 10% p.a.

- ii) Building revalued at Rs 75,000. Furniture is to be written down by Rs. 2,000 and Stock is to be reduced to Rs. 10,000.
- iii) Reserve for Bad debt is to be calculated @ 5% on Debtors.
- iv) Goodwill of the firm is valued at Rs. 18,000. But no Goodwill A/c is to be raised.
- v) Life Policy is to be shown at its Surrender value of Rs. 7,500.
- vi) Amount payable to the retiring partner is transferred to his loan accounts.
- vii) Aloke and Chanchal will share profits and losses in the ratio of 2 : 1 and their capitals are to be adjusted in the profit sharing ratio.

You are required to prepare :— Revaluation A/c, Partners' Capital A/c and the Balance Sheet of the firm.

উত্তর : Revaluation Account এর লাভ — Rs. 22,650.

Barun's Loan Account Rs. 40,550.

অংশীদারদের মূলধনের জের :-

Aloke Rs. 54,067, Chanchal Rs 27,033.

উদ্বর্তপত্রের যোগফল :- Rs 1,34,150.

8. Bimal, Kamal and Sagar were the partners' of a firm sharing profits and losses in the ratio of 5 : 3 : 2. The Balance Sheet of the firm as at 31st December '98 was as follows :—

Balance Sheet as at 31st December '98

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Accounts:		Freehold Premises	45,000
Bimal 30,000		Plant & Machinery	22,000
Kamal 25,000		Furniture	12,000
Sagar 20,000		Stock	8,000
	75,000	Debtors 12,000	
Reserve	15,000	Less Provision 800	
Outstanding Expenses	1,200	for Bad Debt	11,200
Sundry Creditors	7,560	Cash at Bank	560
	98,760		98,760

Kamal retired on 31st December '98, subject to the following conditions:

- i) The partners had a joint life policy for Rs. 20,000 and its Surrender value on the date of retirement was Rs. 5,000.
- ii) Goodwill is to be valued at Rs. 20,000.
- iii) Plant & Machinery is to be depreciated by 10% and furniture by 15%.
- iv) Stock is to be appreciated by 10% and freehold premises by 20%.
- v) Provision for bad debts was to be raised to Rs. 1,500.

- vi) Adjustment for goodwill and joint life policy are to be made through Capital accounts without raising a goodwill or joint life policy account in the books.
vii) Kamal is to be paid by cash to be brought in by the remaining partners in such a way that makes their Capitals proportionate to their new profit sharing ratio (3 : 2).

Pass the journal entries to record the above transactions, the Partners' Capital Accounts and the New Balance Sheet.

উত্তর : Revaluation Account এর লাভ 5,100 টাকা। কমলকে অর্থ পরিশোধ Rs. 38,530. বিমল ও সাগর মূলধন বাবদ অর্থ আনল Rs. 19,510 ও 19,020। মূলধনের পরিমাণ বিমল Rs. 57,060, সাগর Rs. 38,040. উদ্বর্তপত্রের যোগফল Rs. 1,03,860.

9. A and B are the partners in a firm sharing profits and losses in the ratio of 3 : 2. In order to provide money for repayment of their Share of the Capital and Goodwill in the event of death, they had their Joint Life Policy for Rs. 40,000, paying an annual premium of Rs. 1,550 which is charged to Profit and Loss Account each year. (Accounting year ends on 31st Dec.)

B died on 30th June '98. The partnership deed provides that his representatives are to receive his capital as per last Balance Sheet plus interest at 6% p.a. to the date of death, and his share of profits to the date of death, estimated according to the profits of the preceeding year. They are also to receive his share of Goodwill estimated at two years' purchase of the average net profits of the last three years before charging the insurance premiums.

The net profits for the last 3 years after charging the insurance premium were Rs. 10,365, Rs. 12,290 and Rs. 10,120 respectively.

B's Capital as per last Balance Sheet was Rs. 15,000 and his drawing to the date of death Rs. 3,600.

Make the necessary adjustments and prepare B's Capital Account showing the amount payable to his legal representatives.

উত্তর : B's representative-কে প্রাপ্য অর্থ দিতে হবে : Rs. 41,878.

10. A, B and C are partners sharing profits and losses on 5 : 3 : 2. The Balance Sheet as at 31st March '98 was as follows:—

Balance Sheet as at 31st March '98

Liabilities	Rs	Assets	Rs
Capital Accounts:		Goodwill	1,00,000
A 2,00,000		Machinery	1,00,000
B 1,50,000		Debtors	3,00,000
C 1,00,000		Stock	2,00,000
	4,50,000	Cash at Bank	50,000
Reserve	50,000		
Creditors	2,50,000		
	7,50,000		7,50,000

A died on 30th Sept. '98. Profit up to the date of death is estimated at Rs. 90,000 without considering depreciation. They had a Joint Life Policy of Rs. 1,50,000. Annual premium of Rs. 10,000 was written off to Profit and Loss Accounts.

Each of the current assets (including Cash at Bank) is estimated to have gone up by 20%, creditors increased by Rs. 20,000. Goodwill is to be calculated at 2 years' purchase of average profits of three years. Machinery is revalued at Rs. 80,000.

The profits were Rs. 90,000, Rs. 1,00,000 and Rs. 1,10,000.

A's claim is paid to his representative from the insurance claim to the extent possible and balance was transferred to a Loan A/c.

Prepare the necessary accounts and also draft the new Balance Sheet.

উত্তর : Revaluation A/c-এর লাভ 1,70,000 টাকা। মৃত অংশীদারের প্রাপ্য 3,85,000 টাকা। উদ্বর্তপত্রের যোগফল : 9,40,000 টাকা।

১৮.১২ গ্রন্থপঞ্জী

1. হিসাবশাস্ত্র — ভট্টাচার্য ১৯৯৪
2. Advanced Accountancy — S. N. Maheshwari 1998
3. Advanced Accountancy — Jain & Narang 1999
4. Accountancy Vol. I — S. K. Paul 1999
5. Principles and Application of Accountancy (Vol. I) — A. Basu 1999

একক ১৯ □ যৌথ মূলধনী কোম্পানী

গঠন

- ১৯.০ প্রস্তাবনা
- ১৯.১ মূলধন
- ১৯.২ শেয়ারের শ্রেণীবিভাগ
- ১৯.৩ কোম্পানীর বৈশিষ্ট্য
- ১৯.৪ কোম্পানী ও অংশীদারী প্রতিষ্ঠানের পার্থক্য
- ১৯.৫ পরিমেলবদ্ধ ও পরিমেল নিয়মাবলী
 - ১৯.৫.১ প্রবর্তক
 - ১৯.৫.২ বিবরণপত্র
- ১৯.৬ কোম্পানীর গঠন
- ১৯.৭ কোম্পানীর শ্রেণীবিভাগ
- ১৯.৮ ঋণপত্র বা ডিবেঞ্চার
 - ১৯.৮.১ ডিবেঞ্চারের শ্রেণীবিভাগ
 - ১৯.৮.২ ডিবেঞ্চারের বৈশিষ্ট্য
 - ১৯.৮.৩ ডিবেঞ্চার হোল্ডার ও শেয়ার হোল্ডারের মধ্যে পার্থক্য
- ১৯.৯ কোম্পানীর পরিচালনা
- ১৯.১০ শেয়ার হোল্ডারদের সভা
- ১৯.১১ শেয়ার বিলি
 - ১৯.১১.১ শেয়ার বিলির পদ্ধতি ও দাখিলা
 - ১৯.১১.২ অনাদায়ী তলব
 - ১৯.১১.৩ অগ্রিম প্রাপ্ত অর্থ
- ১৯.১২ শেয়ার বাজেয়াপ্তকরণ ও দাখিলা
- ১৯.১৩ বাজেয়াপ্ত শেয়ার পুনর্বিলিকরণ ও দাখিলা
 - ১৯.১৩.১ আনুপাতিক আবন্টন
- ১৯.১৪ অনুশীলনী
- ১৯.১৫ গ্রন্থপঞ্জী

১৯.০ প্রস্তাবনা

মুনাফা অর্জন করার উদ্দেশ্যে যখন বহুসংখ্যক ব্যক্তি নিজেদের ইচ্ছায় একটি সমিতি গঠন করে তা যৌথ মূলধন তহবিলে অর্থ বা অর্থের সমমূল্য সম্পদ প্রদান করে এবং যৌথ মূলধন বা সম্পদকে কোন সাধারণ উদ্দেশ্যে ব্যবহার করে, তখন উক্ত সমিতিকে কোম্পানী (Company) বলে।

প্রকৃতপক্ষে যৌথ মূলধনী কোম্পানী হ'ল একটি বিধিবদ্ধ কারবারী প্রতিষ্ঠান অর্থাৎ আইন অনুযায়ী সৃষ্ট এবং নিবন্ধিত কারবারী সংস্থা। ভারতে কোম্পানী আইন বলতে বর্তমানে “1956 সালের কোম্পানী আইন”-কেই বোঝায়, যদিও ঐ আইন পরবর্তীকালে কিছু কিছু সংশোধন করা হয়েছে।

১৯.১ মূলধন (Capital)

যে অর্থের দ্বারা কোন কোম্পানীর যৌথ মূলধনী তহবিল গঠিত হয়, তাকে কোম্পানীর মূলধন (Capital) বলে। কোম্পানীর মূলধনকে কতগুলি হস্তান্তরযোগ্য সমান অংশে বিভক্ত করা হয়, এরূপ এক একটি অংশকে বলে শেয়ার (Share)। যারা কোম্পানীর শেয়ার ক্রয় করে তাদেরকে বলা হয় শেয়ার হোল্ডার (Shareholder)। শেয়ার হোল্ডারগণই হল কোম্পানীর প্রকৃত স্বত্বাধিকারী।

অর্থাৎ ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে শেয়ার বিক্রি করে কোম্পানী তার মূলধন সংগ্রহ করে। তাই কোম্পানীর মূলধনকে শেয়ার পুঁজি বা মূলধন (Share Capital) বলে। কোম্পানী আইন অনুসারে শেয়ার পুঁজি নিম্নলিখিত ভাবে চিহ্নিত করা যেতে পারে :--

১। অনুমোদিত বা নিবন্ধিত মূলধন (Authorised or Nominal Capital) : কোম্পানীর মোট মূলধনের পরিমাণ কত হবে তা পরিমেলবন্ধে (Memorandum of Association) উল্লেখ করতে হয়। এই পরিমেলবন্ধে কোম্পানীকে শেয়ার বিক্রির সাহায্যে মোট কত মূলধন সংগ্রহের ক্ষমতা দেওয়া হয়, তাকে অনুমোদিত মূলধন বলে।

২। বিক্রয়যোগ্য বা বিলিযোগ্য মূলধন (Issued Capital) : পুঁজি বা মূলধনের যে অংশ শেয়ার রূপে জনসাধারণের কাছে বিক্রয় করবার জন্য উপস্থিত করা হয়, তাকে বিক্রয়যোগ্য মূলধন বলে।

৩। বিক্রীত বা বিলিকৃত মূলধন (Subscribed Capital) : বিক্রয়যোগ্য শেয়ারের যে অংশ কেনবার জন্য জনসাধারণের কাছ থেকে আবেদন পত্র ও আবেদন মূল্য পাওয়া গেছে এবং আবণ্টিত (allotment) হয়েছে, অর্থাৎ যে পরিমাণ শেয়ার ক্যাপিটাল প্রকৃতপক্ষে বাজারে বিক্রীর জন্য ছাড়া হয়েছে তাকে বিলিকৃত বা বিক্রীত মূলধন (Subscribed Capital) বলে।

৪। আদায়ীকৃত মূলধন (Paid up Capital) : বিক্রীত মূলধনের সমস্ত অর্থ একবারে শেয়ার হোল্ডারদের কাছে নাও চাওয়া হতে পারে। শেয়ার আবেদন, আবণ্টন ও বিভিন্ন তলবে (Call) যে মোট মূলধন শেয়ার হোল্ডারদের কাছ থেকে প্রকৃতপক্ষে সংগৃহীত হয়েছে, তাই হ'ল আদায়ীকৃত মূলধন।

৫। সংরক্ষিত মূলধন (Reserve Capital) : কোম্পানী আইনের ৯৯ ধারা অনুসারে, কোন সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানী (Limited Liability Company) বিশেষ প্রস্তাবের দ্বারা অ-তলবী মূলধনের (Uncalled Capital) যে অংশ বিশেষ একমাত্র কোম্পানীর বিলোপসাধনের সময় ছাড়া আদায় করা হবে না বলে স্থির করে, তাকে সংরক্ষিত মূলধন বলে।

১৯.২ শেয়ারের শ্রেণীবিভাগ (Classifications of Shares)

বর্তমান কোম্পানী আইন অনুসারে কোন কোম্পানীর শেয়ার মূলত দু প্রকার হয় :--

১। সাধারণ বা ইকুইটি শেয়ার (Equity Share)

২। অগ্রাধিকার শেয়ার (Preference Share)

অগ্রাধিকার শেয়ারকে আবার বিভিন্ন শ্রেণীতে ভাগ করা যেতে পারে।

নিম্নে শেয়ারের শ্রেণীবিভাগ একটি ছকের সাহায্যে দেখানো হল :



১। ইকুইটি শেয়ার (Equity Share) : এই শেয়ারের উপর লভ্যাংশ (Dividend) নির্ভর করে কোম্পানীর লাভের পরিমাপের উপর। এখানে লভ্যাংশের হার স্থির নয়। এই শেয়ার হোল্ডাররা কোম্পানী পরিচালনায় অংশ গ্রহণ করতে পারেন। এই শেয়ারের মূল্য ব্যবসা বন্ধ না হলে ফেরৎ দেওয়া হয় না, কোম্পানীর অবসানের পর বাহ্যিক দায় মেটাবার পর উদ্ধৃত অর্থই শেয়ারের গ্রাহকগণ পাবার অধিকারী।

২। অগ্রাধিকার শেয়ার (Preference Share) : এই শেয়ারের মালিকগণ কোম্পানী মুনাফা অর্জন করলেই নির্দিষ্ট হারে লভ্যাংশ পাবার অধিকারী হন। এই শেয়ারের মালিকগণ ইকুইটি শেয়ারের মালিকগণকে অর্থ প্রদান করবার পূর্বেই বিনিয়োগহিত মূলধন ফেরৎ পেতে অধিকারী। এই শেয়ার গ্রহীতারা পরিচালনায় অংশগ্রহণ করতে পারেন না।

i) সঞ্চয়ী অগ্রাধিকার শেয়ার (Cumulative Preference Share) : কোন বছর লাভ না হলে অথবা লাভের পরিমাণ যথেষ্ট না হলে লভ্যাংশ (Dividend) শেয়ার হোল্ডাররা পায় না। কিন্তু পরবর্তী বছরে লাভ পর্যাপ্ত হলে এই শ্রেণীর শেয়ার বকেয়া লভ্যাংশ এবং বর্তমান বছরের লভ্যাংশ উভয়ই পেয়ে থাকে।

ii) অসঞ্চয়ী অগ্রাধিকার শেয়ার (Non-Cumulative Preference Share) : এই শ্রেণীর শেয়ার হোল্ডারগণ নির্দিষ্ট হারে কেবলমাত্র চলতি বছরের মুনাফা থেকেই লভ্যাংশ পাবার অগ্রাধিকার ভোগ করে। মুনাফা না হলে বা যথেষ্ট না হলে তাদের লভ্যাংশ সঞ্চিত থাকে না এবং পরবর্তী বছরের মুনাফা থেকে তা দেওয়া হয় না।

iii) প্রত্যপণীয় অগ্রাধিকার শেয়ার (Redeemable Preference Share) : সাধারণতঃ কোম্পানীর বিলোপসাধন ব্যতীত কোন শেয়ারের মূল্য ফেরত দেওয়া হয় না। তবুও কোম্পানী আইনের ৮০ধারা অনুসারে, শেয়ার দ্বারা সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানী আর্টিকেলসে বিধান থাকলে নির্দিষ্ট সময়ে এই শ্রেণীর শেয়ারের মূল্য ফেরত দিতে পারে।

iv) অপ্রত্যপণীয় অগ্রাধিকার শেয়ার (Non-Redeemable Preference Share) : যে অগ্রাধিকার শেয়ারের মূল্য কোম্পানীর বিলোপসাধন ব্যতীত ফেরত দেওয়া হয় না, তাকে অপ্রত্যপণীয় অগ্রাধিকার শেয়ার বলে।

v) ভাগীদার অগ্রাধিকার শেয়ার (Participating Preference Share) : এই শ্রেণীর শেয়ার নির্দিষ্ট হারে ডিভিডেন্ড পাবার পরও অবশিষ্ট লাভ থেকে আরও একটি অতিরিক্ত ডিভিডেন্ড নির্দিষ্ট হারে পাবার অধিকারী।

vi) অভাগীদার অগ্রাধিকার শেয়ার (Non-Participating Preference Share) : এই শ্রেণীর শেয়ার নির্দিষ্ট হারে ডিভিডেন্ড পাবার পর অবশিষ্ট লাভ থেকে আর কোন অতিরিক্ত ডিভিডেন্ড পাবার অধিকারী হয় না।

১৯.৩ কোম্পানীর বৈশিষ্ট্য (Features of a Company)

- ১। আইনসৃষ্ট স্বতন্ত্র ব্যক্তি (Separate legal entity)—কোম্পানীর অস্তিত্ব তার সদস্যগণ থেকে স্বতন্ত্র বলে আইন দ্বারা স্বীকৃত।
- ২। স্থায়িত্ব (Perpetual Succession)—কোম্পানী একটি চিরস্থায়ী প্রতিষ্ঠান। সদস্য পরিবর্তন বা কোন সদস্যের মৃত্যু বা সদস্যপদের অযোগ্যতার জন্য কোম্পানীর স্থায়িত্ব নষ্ট হয় না।
- ৩। চুক্তির যোগ্যতা (Contractual Capacity)—কোম্পানীর চুক্তি করবার ক্ষমতা আছে।
- ৪। সীলমোহর (Common Seal)—কোম্পানীর নিজস্ব সীলমোহর তার অস্তিত্বের প্রতীক।
- ৫। মূলধন (Capital)—প্রত্যেক কোম্পানী তার নিজস্ব মূলধন শেয়ার বিলির মাধ্যমে সংগৃহীত করে।
- ৬। সীমাবদ্ধ দায় (Limited liability)—কোম্পানীর সদস্যগণের দায় সাধারণতঃ সীমাবদ্ধ।
- ৭। নিবন্ধিত কার্যালয় (Registered office)—প্রত্যেক কোম্পানীর একটি নির্দিষ্ট স্থানে তার নিবন্ধিত কার্যালয় থাকবে।
- ৮। পরিচালনা (Management)—কোম্পানীর সদস্যগণ দ্বারা নির্বাচিত পরিচালক সমিতি বা ব্যবস্থাপক দ্বারা কোম্পানীর পরিচালনা করা হয়।
- ৯। হস্তান্তর (Transferability)—কোম্পানী আইন অনুসারে কোম্পানীর সদস্যরা তাদের শেয়ার হস্তান্তর করতে পারে (তবে প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে তা সম্ভব নয়)।
- ১০। আইনগত বাধ্যবাধকতা (Legal obligation)—পরিচালনা সংক্রান্ত বিষয়ে কোম্পানীকে নানারকম আইন মেনে চলতে হয়, যেমন নির্ধারিত ভাবে হিসাব প্রস্তুত, সাধারণ ও অন্যান্য সভা আহ্বান ইত্যাদি।
- ১১। কোম্পানীর সম্পত্তির উপর ডিক্রি জারী (Decree against Company's assets)—কোম্পানীর বিরুদ্ধে কোন ডিক্রি জারী হলে তা কেবলমাত্র কোম্পানীর সম্পত্তির উপরই প্রযোজ্য হবে।

১৯.৪ কোম্পানী এবং অংশীদারী প্রতিষ্ঠানের পার্থক্য (Distinction between Joint Stock Company and Partnership Firm)

কোম্পানী	অংশীদারী প্রতিষ্ঠান
১। কোম্পানী আইন অনুসারে নিবন্ধন (Registration) বাধ্যতামূলক।	১। নিবন্ধন বাধ্যতামূলক নয়। অংশীদারী আইন অনুসারে নিবন্ধিত হ'তে পারে, নাও হ'তে পারে।
২। আইনের চোখে কোম্পানীর একটি নিজস্ব সত্তা আছে।	২। অংশীদারী কারবারের কোন নিজস্ব সত্তা নেই।
৩। কোম্পানীর সর্বনিম্ন সদস্য সংখ্যা—প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে দুই এবং পাবলিক কোম্পানীর ক্ষেত্রে সাত।	৩। অংশীদারী কারবারের সদস্য সংখ্যা সর্বনিম্ন দুই।
৪। ইহার সর্বাধিক সদস্য সংখ্যা হ'ল—প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে পঞ্চাশ ও পাবলিক কোম্পানীর ক্ষেত্রে তার শেয়ারের সংখ্যা দ্বারা সীমিত।	৪। সর্বাধিক সদস্য সংখ্যা হ'ল কুড়ি। তবে ব্যাঙ্কিং ব্যবসার ক্ষেত্রে দশ।
৫। শেয়ার হস্তান্তর যোগ্য।	৫। কোন অংশীদার তার অংশ সকল অংশীদারের সম্মতি ছাড়া হস্তান্তর করতে পারে না।

কোম্পানী	অংশীদারী প্রতিষ্ঠান
৬। শেয়ারহোল্ডারগণ প্রত্যক্ষভাবে পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না। তাদের নির্বাচিত পরিচালক মণ্ডলী দ্বারা কোম্পানী পরিচালিত হয়।	৬। প্রত্যেক অংশীদার প্রত্যক্ষভাবে প্রতিষ্ঠানের পরিচালনায় অংশগ্রহণ করতে পারে।
৭। কোন শেয়ারহোল্ডারের মৃত্যু বা দেউলিয়া ঘোষণা সত্ত্বেও কোম্পানীর বিলোপসাধন হয় না।	৭। কোন অংশীদারের মৃত্যু হলে বা দেউলিয়া ঘোষিত হলে সাধারণতঃ প্রতিষ্ঠানের বিলোপ ঘটে।
৮। শেয়ারহোল্ডারদের দায় সীমাবদ্ধ। কোম্পানীর দেনার জন্য শেয়ারহোল্ডারদের ব্যক্তিগত সম্পত্তি আটক করা যায় না।	৮। অংশীদারদের দায় সীমাহীন। প্রতিষ্ঠানের দেনার জন্য অংশীদারদের ব্যক্তিগত সম্পত্তি আটক করা যেতে পারে।
৯। কোম্পানী আইন অনুসারে হিসাবরক্ষা ও নিরীক্ষা বাধ্যতামূলক।	৯। এক্ষেত্রে কোন বাধ্যবাধকতা নেই।

১৯.৫ পরিমেলবন্ধ ও পরিমেল নিয়মাবলী (The Memorandum of Association and Articles of Association)

পরিমেলবন্ধ ও পরিমেল নিয়মাবলী দুটি হ'ল কোম্পানীর খুব গুরুত্বপূর্ণ দলিল। কোম্পানীর গঠন ও নিবন্ধনের জন্য এই দুটি দলিল প্রণয়ন করা হয়। এই দুটি দলিল অবশ্যই নিবন্ধনের জন্য নিবন্ধকের কাছে আবেদন করবার সময় দাখিল করতে হয়।

পরিমেলবন্ধ (Memorandum of Association)

পরিমেলবন্ধ যৌথ মূলধনী কোম্পানীর একটি গুরুত্বপূর্ণ মূল দলিল। পরিমেলবন্ধের সাহায্যে কোম্পানীর কার্যকলাপের পরিধি জানা যায়। ইহা কোম্পানীর মূল ভিত্তি। এই দলিলের সাহায্যে শেয়ারহোল্ডার, পাওনাদার এবং কোম্পানীর অন্যান্য স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তি কোম্পানীর কর্মদক্ষতা ও কর্মপরিধি জানতে পারে। ইহার সাহায্যে বহির্জগতের সঙ্গে কোম্পানীর সম্পর্ক নির্ধারিত হয়।

পরিচালকগণ ও শেয়ারহোল্ডারগণ দ্বারা পরিমেলবন্ধের ক্ষমতার বাইরের সকল কাজ অসিদ্ধ ও বাতিল হবে।

পরিমেলবন্ধের বিষয়বস্তু (Contents of Memorandum of Association)

পরিমেলবন্ধের বিষয়বস্তু হ'ল নিম্নরূপ (ধারা ১৩)

- ১। নামকরণ (Name clause)
- ২। অবস্থান (Situation clause)
- ৩। উদ্দেশ্য (Objects clause)
- ৪। দায় (Liability clause)
- ৫। মূলধন (Capital clause)
- ৬। কারবার সংগঠনে স্বীকৃতি (Subscription clause)
- ৭। কার্যাবলীর বিস্তৃতি (Area of operation)

পরিমেল নিয়মাবলী (Articles of Association)

পরিমেল নিয়মাবলী কোম্পানীর অভ্যন্তরীণ পরিচালন সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ দলিল। কোম্পানী

আইনের টেবিল 'এ' অংশে ৯৯টি আদর্শ আর্টিকেলস্ নিবন্ধ আছে। পাবলিক কোম্পানীর ক্ষেত্রে পরিমেল নিয়মাবলী বাধ্যতামূলক নয় (ধারা ২৮)। নিবন্ধকের কাছে তা দাখিল করা না হলে টেবিল 'এ'-র আদর্শ এক্ষেত্রে প্রযোজ্য হবে। সীমাহীন দায় সম্পন্ন কোম্পানী, গ্যারান্টি বা প্রতিশ্রুতি দ্বারা সীমাবদ্ধ কোম্পানী এবং শেয়ারের দ্বারা সীমাবদ্ধ প্রাইভেট কোম্পানীকে অবশ্যই নিবন্ধকের কাছে পরিমেল নিয়মাবলী দাখিল করতে হবে।

পরিমেল নিয়মাবলীতে শেয়ার হোল্ডারগণের পারস্পরিক সম্বন্ধ ও অধিকার, পরিচালক ও অন্যান্য কর্মচারীদের ক্ষমতা ও অধিকার সংক্রান্ত বিভিন্ন আইন-কানুন থাকে। এছাড়া, কোম্পানীর সভা আহ্বান, ও পরিচালনা, ঋণ করবার ক্ষমতা, শেয়ার বিলি, শেয়ার হস্তান্তর, শেয়ার তলবী অর্থ, শেয়ার বাজেয়াপ্তকরণ, লভ্যাংশ বণ্টন, হিসাব রক্ষণ ও নিরীক্ষা, কোম্পানীর অবসানের পর সম্পত্তির বাঁটোয়ারা প্রভৃতি সম্বন্ধে উল্লেখ থাকে।

১৯.৫.১ প্রবর্তক (Promoter)

যৌথ মূলধনী কারবারের প্রবর্তনে যাঁরা উদ্যোগী হন, কোম্পানীর নিবন্ধনের পূর্বে যাঁরা পরিকল্পনা প্রস্তুত করেন, তার সংগঠনের রূপদান করেন, কোম্পানীকে সচল কারবারী প্রতিষ্ঠানরূপে সংগঠন করবার জন্য যাঁরা আইনগত কিছু দায়িত্ব পালন করেন, তাঁদেরকে প্রবর্তক (Promoter) বলা হয়। যে কোন ব্যক্তি বা ব্যক্তিসমষ্টি বা এমনকি কোন প্রতিষ্ঠানও কোম্পানীর প্রবর্তক হতে পারেন।

কোম্পানী আইনে 'প্রবর্তকের' কোন সংজ্ঞা নেই। তবে Whatey v Green (5Q B.D III) নামক মামলায় বিচারপতি বোয়েন বলেছেন, 'প্রবর্তক আইনের শব্দ নয়, একটি কারবারী শব্দ'। এর দ্বারা এমন কয়েকটি কাজের কথা বোঝায়, যার সাহায্যে সাধারণতঃ কারবারের প্রতিষ্ঠা ঘটে।

১৯.৫.২ বিবরণপত্র (Prospectus)

কোম্পানীর নিবন্ধনের পর মূলধন সংগ্রহের জন্য কোম্পানীর উদ্দেশ্য ও ভবিষ্যৎ কারবার সংক্রান্ত যাবতীয় তথ্যসহ একটি দলিল প্রচার করে জনসাধারণের কাছ থেকে শেয়ার বা ডিবেঞ্চার ক্রয়ের আবেদন আহ্বান করা হয়। এই দলিলকে বিবরণপত্র (Prospectus) বলে।

বিবরণপত্রের বিষয়বস্তু (Contents of the Prospectus)

বিবরণপত্রের উল্লেখযোগ্য বিষয়বস্তুগুলি হল নিম্নরূপ :

- ১। পরিমেলবন্ধের নিয়মাবলী।
- ২। শেয়ারের সংখ্যা ও তার শ্রেণীবিভাগ।
- ৩। ন্যূনতম পুঁজি সংগ্রহের পরিমাণ।
- ৪। শেয়ারের জন্য আবেদন ও আবণ্টনে দেয় অর্থের পরিমাণ।
- ৫। কোম্পানী প্রবর্তনের প্রাথমিক খরচ।
- ৬। পরিচালক ও ম্যানেজারের নাম, ঠিকানা, পেশা।
- ৭। কোম্পানীর হিসাবপরীক্ষকের নাম ও ঠিকানা।
- ৮। কোন সম্পত্তি ক্রয় করা হলে তার পূর্ণ বিবরণ।
- ৯। অধীনস্থ কোন কোম্পানী থাকলে তার বিবরণ।

বিবরণপত্রের অন্যান্য নিয়ম :

- ১। প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে বিবরণপত্র প্রচার করবার প্রয়োজন নেই।
- ২। বিবরণপত্রে অবশ্যই তারিখ উল্লেখ করতে হবে।
- ৩। বিবরণপত্রের প্রতিলিপি সকল পরিচালক দ্বারা স্বাক্ষর করে নিবন্ধকের কাছে পাঠাতে হবে।
- ৪। নিবন্ধকের কাছে দাখিল করার ৯০ দিনের মধ্যে বিবরণপত্র প্রচার করতে হবে।
- ৫। বিবরণপত্রে কোন অসত্য বিবৃতি থাকবে না। এমনকি কোন বিষয় গোপন রাখা, উল্লেখ না করা, বা মিথ্যা বর্ণনা করাও অসত্য বলে গণ্য হবে।

১৯.৬ কোম্পানীর গঠন (Formation of a Company)

১৯৫৬ সালের কোম্পানী আইনের ৩(১ক) ধারায় বলা হয়েছে যে, কোম্পানী শব্দের অর্থ এই আইনের দ্বারা গঠিত ও নিবন্ধীকৃত অথবা একটি বিদ্যমান কোম্পানী। অর্থাৎ আইনগত আনুষ্ঠানিকতা যৌথ কোম্পানীর পক্ষে অবশ্য পালনীয়। নিবন্ধন (Registration) ছাড়া কোম্পানীর গঠন হতে পারে না।

পাবলিক কোম্পানী গঠনে কমপক্ষে সাত জন এবং প্রাইভেট কোম্পানীতে কমপক্ষে দু-জন সদস্য প্রয়োজন [ধারা ১২(১)]।

নিবন্ধনের জন্য প্রথমেই কোম্পানীর প্রবর্তকদের আইন অনুযায়ী ব্যবসায়ের কাঠামো বা গঠনতন্ত্র নির্ধারণ করতে হবে। এজন্য দুটি দলিল তৈরী করতে হয়। একটি হল পরিমেল বন্ধ এবং অন্যটি পরিমেল নিয়মাবলী (এ সম্বন্ধে আগেই আলোচনা করা হয়েছে)।

কোম্পানীটি যে রাজ্যে স্থাপিত হবে, সেই রাজ্যে কোম্পানী নিবন্ধকের (Registrar of Companies) কাছে প্রয়োজনীয় স্ট্যাম্পসহ নিম্নলিখিত দলিলগুলি নিবন্ধনের জন্য পেশ করতে হয় :

- ১। পরিমেল বন্ধ।
- ২। পরিমেল নিয়মাবলী।
- ৩। পরিচালকদের নাম, ঠিকানা ও পেশার বিবরণ।
- ৪। পরিচালকদের পরিচালক হিসাবে কাজ করবার সম্মতিপত্র এবং ন্যূনতম মূল্যের শেয়ার-ক্রয়ের প্রতিশ্রুতিপত্র।
- ৫। ম্যানেজিং ডাইরেক্টর নিয়োগ করলে তাদের সঙ্গে সম্পাদিত চুক্তিপত্র।
- ৬। শিল্প (উন্নয়ন ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৫১-এর তফসিলে বর্ণিত শিল্প স্থাপন করতে হ'লে, ঐ আইন অনুসারে লাইসেন্স।
- ৭। কোম্পানী আইন অনুসারে সকল শর্ত পালন করা হয়েছে, এই মর্মে আইনানুগ ঘোষণা (Statutory declaration)। অ্যাডভোকেট, অ্যাটর্নী বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কোম্পানীর পরিচালক বা সেক্রেটারী প্রভৃতি এই ঘোষণা প্রদানে উপযুক্ত।

এই সকল দলিল বিবেচনা করে নিবন্ধক সন্তুষ্ট হলে তিনি আবেদনকারী কোম্পানীকে নিবন্ধনপত্র (Certificate of Incorporation) দেন। যে তারিখে নিবন্ধনপত্র দেওয়া হয়, সেই তারিখ থেকে কোম্পানীর জন্ম। কোন কোম্পানী নিবন্ধন পত্র পেয়ে গেলে, তার দ্বারা সম্পূর্ণভাবে প্রমাণিত হবে যে, কোম্পানী আইনের বর্ণিত নিবন্ধনের প্রয়োজনীয় যাবতীয় নিয়ম পালন হয়েছে (ধারা ৩৫)।

কোম্পানীর কাজ শুরু (Commencement of Business)

প্রাইভেট কোম্পানী নিবন্ধনপত্র পাবার পরই ব্যবসা শুরু করতে পারে। কিন্তু পাবলিক কোম্পানীকে কাজ শুরুর আগে আরও দুটি কাজ করতে হয়।

১। বিবরণপত্র (Prospectus) বা তার বিকল্প বিবৃতি (Statement in lieu of Prospectus) প্রচার ও তা নিবন্ধকের কাছে দাখিল করতে হবে।


২। নিম্নলিখিত শর্তগুলি পালন করা হয়েছে, এই মর্মে নিবন্ধকের কাছে কোম্পানীর পরিচালক বা সেক্রেটারী ঘোষণাপত্র দাখিল করবেন :

- i) বিবরণপত্রে উল্লেখ করা ন্যূনতম পুঁজি (Minimum Subscription) সংগৃহীত হয়েছে।
- ii) প্রত্যেক পরিচালক তার যোগ্যতাসূচক শেয়ার (Qualifying Shares) নগদে ক্রয় করেছে।
- iii) শেয়ার বাজারে কোম্পানীর শেয়ার লেনদেনযোগ্য শেয়ারের তালিকায় না ঢুকলে তার জন্য শেয়ার আবেদনকারীকে অর্থ ফেরত দেবার জন্য কোম্পানীর কোন দায় নেই [যেখানে তালিকাভুক্ত করবার কথা বলা হয়েছিল]।

ঘোষণাপত্রগুলি বিচার করে নিবন্ধক সন্তুষ্ট হলে কার্যারম্ভের অনুপতিপত্র (Certificate for the Commencement of Business) দেবেন। এই অনুপতি পত্র পাবার পরই পাবলিক লিমিটেড কোম্পানী তার ব্যবসা শুরু করতে পারে।

১৯.৭ কোম্পানীর শ্রেণীবিভাগ (Different types of Companies)

শেয়ারহোল্ডারদের মর্যাদা বা অবস্থার উপর ভিত্তি করে কোম্পানীকে কয়েকটি বিভাগে ভাগ করা যায়। যেমন :



১। সরকারী কোম্পানী (Government Company)—কেন্দ্রীয় সরকার বা কোন রাজ্য সরকার বা রাজ্য সরকারসমূহ অথবা কেন্দ্রীয় সরকার এবং এক বা একাধিক রাজ্য সরকার যৌথভাবে যে সকল কোম্পানীর আদায়কৃত মূলধনের কমপক্ষে ৫১% শতাংশ শেয়ারের মালিক, সেই সকল কোম্পানীকে সরকারী কোম্পানী বলে।

২। বেসরকারী কোম্পানী (Private Sector Company)—যে সমস্ত কোম্পানীর শেয়ার সরকার ক্রয় করে না অথবা মোট শেয়ারের ৫১% শেয়ারের কম শেয়ার ধারণ করে, তাকে বেসরকারী কোম্পানী বলে।

প্রাইভেট কোম্পানী (Private Company)—যে কোম্পানী আর্টিকেলস্ দ্বারা—

- ১) সভ্যগণের সংখ্যা সর্বাধিক ৫০-এ সীমিত করে,
 - ২) সভ্যগণের শেয়ার হস্তান্তর করাবার অধিকার সীমাবদ্ধ করে,
 - এবং ৩) জনসাধারণের কাছে শেয়ার বা ডিবেন্ডার বিক্রি করতে নিষিদ্ধ করে,
- তাকে প্রাইভেট কোম্পানী বলে।

ভারতে সীমাহীন দায় সম্পন্ন (Unlimited liability) প্রাইভেট কোম্পানী দেখা যায় না।

পাবলিক কোম্পানী (Public Company)—প্রাইভেট কোম্পানী ব্যতীত অন্য সকল কোম্পানী পাবলিক কোম্পানী বলে গণ্য হবে। এরূপ কোম্পানীর সদস্য সংখ্যা কমপক্ষে ৭। সর্বাধিক সদস্য সংখ্যা কোম্পানীর মোট শেয়ারের সংখ্যা দ্বারা সীমিত। পাবলিক কোম্পানী জনসাধারণের কাছে শেয়ার ও ডিবেঞ্চার বিলি করতে পারে এবং তা হস্তান্তর যোগ্য। এদের সমান ভোটাধিকার থাকে এবং অপর একটি (হোল্ডিং কোম্পানী) তার অর্ধেকের বেশী ভোটাধিকার অর্জন বা নিয়ন্ত্রণ করে।

৩। বিধিবদ্ধ কোম্পানী (Statutory Corporation)—পার্লিমেণ্টের বিশেষ আইন দ্বারা সৃষ্ট কোম্পানীগুলি এই জাতীয় কোম্পানীর অন্তর্গত। যেমন—State Bank of India, Reserve Bank of India।

৪। বিদেশী কোম্পানী (Foreign Company)—বিদেশী কোম্পানী বলতে ভারতের বাইরে নিবন্ধীকৃত কোম্পানী বোঝায়। কোম্পানী আইনে বিদেশী কোম্পানীগুলিকে দু-ভাগে ভাগ করা যায় :

ক) ১৯৫৬ সালের কোম্পানী আইন পাস ও চালু হবার পর যে সমস্ত কোম্পানী ভারতে ব্যবসা শুরু করেছে,

খ) এই আইন পাস ও চালু হবার আগে যে সকল কোম্পানী ভারতে ব্যবসা করত।

শেয়ারের দ্বারা সীমাবদ্ধ কোম্পানী (Companies Limited by Shares)—এই শ্রেণীর কোম্পানীর শেয়ারহোল্ডাররা যতগুলি শেয়ার ক্রয় করবে, তাদের প্রতিটির মূল্য প্রদানের জন্য শেয়ার হোল্ডাররা দায়ী থাকবে। কোম্পানীর দেনা যতই হ'ক না কেন, শেয়ারহোল্ডার শেয়ারের নির্দিষ্ট মূল্য দেবার পর তার আর কোন দায় থাকে না। শেয়ারহোল্ডারের ক্রয় করা শেয়ারের মূল্যের দ্বারা তার দায় সীমাবদ্ধ।

সীমাহীন দায়সম্পন্ন কোম্পানী (Unlimited Company)—এই রকম কোম্পানীর শেয়ারহোল্ডারদের দায় অংশীদারী কারবারের মত সীমাহীন। তবে, ভারতবর্ষে এই জাতীয় কোম্পানী খুব বেশী দেখা যায় না।

প্রতিশ্রুতি বা গ্যারান্টি দ্বারা সীমাবদ্ধ কোম্পানী (Companies Limited by Guarantee)—কোন কোন ক্ষেত্রে শেয়ারহোল্ডাররা শেয়ার ক্রয় ছাড়াও কোম্পানীর অবসানে নির্দিষ্ট পরিমাণ দায় বহন করবার প্রতিশ্রুতি দেন। যে পরিমাণ দায় বহনের প্রতিশ্রুতি দেন, তা কোম্পানীর মেমোরাণ্ডামে লেখা থাকে। পাবলিক কোম্পানী উপরে বর্ণিত তিন শ্রেণীর যে কোনও এক শ্রেণীর হ'তে পারে, কিন্তু প্রাইভেট কোম্পানী কখনও সীমাহীন দায় সম্পন্ন হতে পারে না।

অন্যান্য প্রকারের কোম্পানী (Other types of Companies)

১। নিয়ন্ত্রণকারী কোম্পানী বা হোল্ডিং কোম্পানী (Holding Company)—যখন কোন একটি কোম্পানী অন্য কোন কোম্পানীর শতকরা ৫০ ভাগের বেশী শেয়ার ধারণ করে অথবা অপর একটি কোম্পানীর পরিচালক পর্ষদের গঠন নিয়ন্ত্রণ করে, তখন সেই কোম্পানীকে হোল্ডিং কোম্পানী বলে।

২। অধীনস্থ কোম্পানী (Subsidiary Company)—কোম্পানী আইনের ৪ ধারা অনুযায়ী একটি কোম্পানী নিম্নলিখিত ক্ষেত্রে অধীনস্থ কোম্পানী বলে গণ্য করা হবে :

- যখন অন্য একটি কোম্পানী মোট শেয়ারের ৫০ শতাংশের বেশী শেয়ার ধারণ করে ;
- যখন অন্য একটি কোম্পানী তার পরিচালক পর্ষদের গঠন নিয়ন্ত্রণ করে ;
- যখন এই কোম্পানীর (অধীনস্থ কোম্পানী) প্রেফারেন্স ও ইকুয়িটি শেয়ার হোল্ডার।


১৯.৮ ঋণপত্র বা ডিবেঞ্চার (Debentures)

সাধারণতঃ মাঝারি বা দীর্ঘমেয়াদী ঋণের প্রয়োজন হ'লে কোম্পানী ঋণপত্র বা ডিবেঞ্চার বিক্রি করে অর্থ

সংগ্রহ করে। ইহা কোম্পানীর সীলমোহরাক্ষিত ঋণের সাক্ষ্যসূচক একটি দলিল। ঋণ প্রত্যর্পণ এবং তার উপর প্রদেয় সুদ সম্পর্কীয় শর্তাবলী এবং জামিনের প্রকৃতিও এই দলিলে উল্লেখ থাকে।

কোম্পানী আইনে ডিবেঞ্চারের সম্পর্কে বলা হয়েছে যে, কোম্পানীর সম্পত্তির দাবিযুক্ত হ'ক বা না হ'ক, ডিবেঞ্চার, স্টক, বন্ড বা অন্য যে কোন প্রকার লগ্নিপত্র ডিবেঞ্চার বলে গণ্য হবে।

১৯.৮.১ ডিবেঞ্চারের শ্রেণীবিভাগ (Classification of Debentures)



i) সাধারণ ডিবেঞ্চার (Simple Debenture)—কোম্পানীর কোন বিশেষ সম্পত্তি বন্ধক বা জামিন হিসাবে না রেখে এই ডিবেঞ্চার বিলি করা হয়।

ii) বন্ধকী ডিবেঞ্চার (Mortgage Debenture)—কোম্পানীর কোন বিশেষ সম্পত্তি বন্ধক বা জামিন হিসাবে রেখে এই ডিবেঞ্চার বিলি করা হয়।

iii) পরিশোধ্য ডিবেঞ্চার (Redeemable Debenture)—যে ডিবেঞ্চারে নির্দিষ্ট সময়ান্তে অর্থ পরিশোধের চুক্তি থাকে, তাকে পরিশোধ্য ডিবেঞ্চার বলে।

iv) স্থায়ী বা অপরিশোধ্য ডিবেঞ্চার (Irredeemable Debenture)—এই শ্রেণীর ডিবেঞ্চারের ক্ষেত্রে কোন নির্দিষ্ট সময়ান্তে অর্থ পরিশোধের চুক্তি থাকে না। যতদিন পর্যন্ত কোম্পানী চালু ও সুদ দিতে সমর্থ থাকে, ততদিন পর্যন্ত ডিবেঞ্চার হোল্ডারগণ তা পরিশোধ দাবি করতে পারে না।

১৯.৮.২ ডিবেঞ্চারের বৈশিষ্ট্য (Features of Debentures)

- ১। ইহা কোম্পানীর সীলমোহরাক্ষিত ঋণের সাক্ষ্যসূচক একটি দলিল।
- ২। ঋণ পরিশোধ এবং প্রদেয় সুদ বিষয়ক শর্তাবলী এবং জামিনের ধরণ এই দলিলে উল্লেখ থাকে।
- ৩। প্রত্যেকটি ঋণপত্রে ক্রমিক সংখ্যা উল্লেখ করা থাকে।
- ৪। ডিবেঞ্চার বিলি করবার পর কোম্পানীর পরিসম্পদের উপর একটি অনির্দিষ্ট দায় জন্মায়। চুক্তি মত সুদ ও ঋণ পরিশোধ করতে না পারলে ঐ পরিমাণ অর্থ দেবার দায় কোম্পানীর উপর ন্যস্ত হয়।
- ৫। বিশেষ ক্ষেত্রে ঋণপত্রের দ্বারা অনির্দিষ্ট দায়ের পরিবর্তে নির্দিষ্ট দায়ও সৃষ্টি হয়।

১৯.৮.৩ ডিবেঞ্চার হোল্ডার ও শেয়ার হোল্ডারের মধ্যে পার্থক্য (Difference between a Debentureholder and a Shareholder)

ডিবেঞ্চার হোল্ডার	শেয়ার হোল্ডার
১। ডিবেঞ্চার হোল্ডার কোম্পানীর ঋণদাতা।	১। শেয়ার হোল্ডার কোম্পানীর প্রকৃত মালিক।
২। ডিবেঞ্চার হোল্ডারের ভোটাধিকার নেই।	২। শেয়ার হোল্ডারদের ভোটাধিকার আছে।

ডিবেঞ্চার হোল্ডার	শেয়ার হোল্ডার
৩। ডিবেঞ্চার হোল্ডাররা পরিচালনায় অংশগ্রহণ করতে পারে না।	৩। শেয়ার হোল্ডার বা কোম্পানীর পরিচালনায় অংশগ্রহণের অধিকারী।
৪। ডিবেঞ্চার হোল্ডার শুধু নির্দিষ্ট হারে সুদ পায়।	৪। শেয়ার হোল্ডাররা নির্দিষ্ট বা পরিবর্তনীয় হারে লভ্যাংশ ভোগ করে।
৫। কোম্পানীর অবসানের সময় ডিবেঞ্চারহোল্ডারদের অর্থ শেয়ারহোল্ডারদের আগে মিটিয়ে দেওয়া হয়।	৫। শেয়ারহোল্ডারগণ কোম্পানীর সবরকম ঋণ পরিশোধের পর অর্থ দাবী করতে পারে।

১৯.৯ কোম্পানীর পরিচালনা (Management of the Company)

আইনের দৃষ্টিতে কোম্পানীর নিজস্ব সম্বা থাকলে নিজেই কার্যাবলীর ব্যবস্থাপনা ও পরিচালনা করতে পারে না। কোন ব্যক্তি বা ব্যক্তি বিশেষ কোম্পানীর পরিচালনায় অংশগ্রহণ করে থাকেন। আবার, শেয়ারহোল্ডারগণ প্রকৃতপক্ষে কোম্পানীর মালিক কিন্তু তাঁরা কোম্পানীর দৈনন্দিন কাজকর্মে অংশগ্রহণ করতে সক্ষম হন না। তাই শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় একদল প্রতিনিধি নির্বাচিত করেন। তাঁদের নিয়েই পরিচালকমন্ডলী (Board of Directors) গঠিত হয়। এই পরিচালকমন্ডলী শেয়ার হোল্ডারদের অছি (Trustees) ও প্রতিনিধিরূপে কোম্পানীর পরিচালনা ভার বহন করেন।

আবার, শেয়ারহোল্ডার দ্বারা নির্বাচিত পরিচালকমন্ডলীর পক্ষেও কোম্পানীর দৈনন্দিন কার্য পরিচালনা অনেক সময় সম্ভব নয় বলে দৈনন্দিন কার্য পরিচালনা ও ব্যবস্থাপনার ভার থাকে — কোম্পানীর ব্যবস্থাপক (Managing Director), সর্বক্ষণের পরিচালক (Whole-time Director), ব্যবস্থাপক (Manager), কর্মসচিব (Secretary) প্রভৃতি উচ্চপদস্থ কর্মচারীদের উপর।

অর্থাৎ, পরিচালকমন্ডলী কোম্পানীর সাংগঠনিক কাঠামোতে একটি কেন্দ্রীয় স্থান অধিকার করে থাকেন। আইনের দৃষ্টিতে পরিচালকগণ কোম্পানীর প্রতিনিধি। পরিচালকদের ভূমিকা কতকটা অছির মত (Akin to trustees) তাঁদের সঙ্গে কোম্পানীর একটি বিশ্বাসের সম্পর্ক আছে।

পরিচালকগণের সংখ্যা (Number of Directors) :— পাবলিক কোম্পানীর ক্ষেত্রে অনূন ৩ জন ও অন্য কোম্পানীর ক্ষেত্রে অনূন ২ জন পরিচালক থাকা বাধ্যতামূলক। তবে, কেন্দ্রীয় সরকারের অনুমতি সাপেক্ষে এবং পরিমেল নিয়মাবলীতে উল্লেখ থাকলে পরিচালকগণের সংখ্যা বাড়ানো যেতে পারে।

পরিচালক মন্ডলীর সভা : পরিচালকগণ পরিচালক মন্ডলীর সভার সিদ্ধান্তের মাধ্যমে কোম্পানী পরিচালনা করে থাকেন। প্রত্যেক কোম্পানীতে প্রতি তিন মাসে একটি বা বছরে কমপক্ষে চারটি পরিচালক মন্ডলীর সভা করতেই হবে।

পরিচালকগণের ক্ষমতা (Powers of the Directors) :—

কোম্পানীর হয়ে পরিচালকগণ নিম্নলিখিত ক্ষমতাগুলি ব্যবহার করতে পারেন (২৯১ ধারা)।


- ১। বিলিকৃত শেয়ারের বকেয়া অর্থ তলব করা,
- ২। ডিবেঞ্চার বিলি করা,
- ৩। কোম্পানীর অর্থ লগ্নি করা,
- ৪। ঋণদান করা,
- ৫। ডিবেঞ্চার ছাড়া অন্য উপায়ে ঋণ গ্রহণ করা।

১৯.১০ শেয়ারহোল্ডারদের সভা (Meetings of the Shareholders)

কোম্পানীর দৈনন্দিন কার্যাবলীতে শেয়ারহোল্ডারগণ অংশগ্রহণ করেন না। শেয়ারহোল্ডার দ্বারা তাঁদের মধ্যে থেকে প্রতিনিধি হিসাবে পরিচালকমন্ডলী (Board of Directors) গঠন করেন।

এই পরিচালকমন্ডলী (Board of Directors) কোম্পানীর পরিচালনা করেন। কিন্তু গণতান্ত্রিক কাঠামো বজায় রাখবার জন্য শেয়ারহোল্ডারগণ বিভিন্ন কোম্পানীর সভায় কিছু প্রস্তাব, সিদ্ধান্ত ইত্যাদি গ্রহণ করেন।

শেয়ারহোল্ডারদের সভা সাধারণতঃ তিন প্রকার :



১। বিধিবদ্ধ সভা (Statutory Meeting) :—

প্রতিটি পাবলিক কোম্পানীকে কাজ শুরুর এক মাস পরে এবং ছয় মাসের মধ্যে সদস্যদের একটি সভা আহ্বান করতে হয় [ধারা ১৬৫(১)]।

তবে প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে এই সভার প্রয়োজন নেই।

কোম্পানীর কর্মসচিব সভায় পেশ করবার জন্য একটি বিধিবদ্ধ বিবরণী (Statutory Report) প্রস্তুত করেন। অসুতঃ দুজন পরিচালক ও হিসাব পরীক্ষক দ্বারা এই বিবরণীটি সত্য বলে স্বাক্ষরিত করা প্রয়োজন। সভার তারিখের ২১ দিন আগে প্রত্যেক সভ্যের কাছে এই বিবরণীর অনুলিপি এবং সভার নোটিশ পাঠাতে হয়। বিধিবদ্ধ বিবরণীর একটি অনুলিপি সভা হবার আগেই কোম্পানীর রেজিস্ট্রারের কাছে পাঠাতে হয়।

বিধিবদ্ধ বিবরণীর বিষয়বস্তু (Contents of a Statutory Report) :—

বিধিবদ্ধ বিবরণীর উল্লেখযোগ্য বিষয়বস্তুগুলি হ'ল নিম্নরূপ :

- ১। বিবরণী প্রস্তুতের সাতদিন আগে পর্যন্ত বিভিন্ন খাতে কোম্পানীর আয় ও ব্যয়ের হিসাব।
- ২। আবণ্টিত পূর্ণমূল্য ও আংশিক মূল্য আদায়ীকৃত বিক্রীত শেয়ারের সংখ্যা ও বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ।
- ৩। পরিচালকবর্গ, হিসাব-পরীক্ষক, ম্যানেজিং ডাইরেক্টর বা ম্যানেজারের নাম ঠিকানা ও পেশা।
- ৪। পরিচালক, ম্যানেজিং ডাইরেক্টর প্রভৃতির নিকট তলবী অর্থ পাওনা থাকলে তার অবস্থান।
- ৫। পরিচালক, ম্যানেজিং ডাইরেক্টর প্রভৃতি কাউকে শেয়ার বিক্রয় বাবদ কোন কমিশন দেওয়া হ'লে তার পূর্ণ বিবরণ।

২। বার্ষিক সাধারণ সভা (Annual General Meeting)

প্রত্যেক কোম্পানী প্রতি বছর একটি সাধারণ সভা আহ্বান করতে বাধ্য থাকে (ধারা ১৬৬)। এই সভা আহ্বানের জন্য যে নোটিশ দেওয়া হয়, তাতে 'বার্ষিক সাধারণ সভা' বলে উল্লেখ করতে হবে। বার্ষিক সাধারণ সভা সম্পর্কে কোম্পানী আইনের বিধানগুলি নিম্নরূপ :—

ক) নিবন্ধনের তারিখ থেকে ১৮ মাসের মধ্যে প্রথম বার্ষিক সাধারণ সভা আহ্বান করতে হয়।

খ) প্রথম বার্ষিক সভা ছাড়া দুটি বার্ষিক সভার মধ্যে সর্বাধিক ১৫ মাসের ব্যবধান থাকতে হবে। তবে, নিবন্ধক ইচ্ছা করলে বিশেষ কারণে সাধারণ বার্ষিক সভা আহ্বানের সময় (প্রথম বার্ষিক সভা বাদে) অনধিক ৩ মাস পর্যন্ত বাড়িতে পারেন।

গ) সাধারণ ছুটির দিন বাদে বার্ষিক সাধারণ সভা কোন দিন সাধারণ কার্যকালে কোম্পানীর নিবন্ধযুক্ত কার্যালয়ে অথবা যে শহরে বা গ্রামে নিবন্ধযুক্ত কার্যালয় অবস্থিত তার অন্য কোন স্থানে আহ্বান করা যেতে পারে।

ঘ) কমপক্ষে ২১ দিনের নোটিশ দ্বারা সাধারণ সভা আহ্বান করা যেতে পারে। সভায় উপস্থিত ভোটদানের অধিকারী সভ্যগণের সকলের সম্মতি থাকলে আরও অল্প সময়ের নোটিশ দিয়ে বার্ষিক সাধারণ সভা ও ভোটদানের অধিকারী সভ্যগণের ৯৫ শতাংশের সম্মতি থাকলে সাধারণ সভা আহ্বান করা যেতে পারে।

বার্ষিক সাধারণ সভায় সাধারণতঃ নিম্নলিখিত কার্যগুলি সম্পাদন হয়ে থাকে :—

- ১) পরিচালক ও হিসাব-নিরীক্ষকের বিবরণীর আলোচনা করা ও গ্রহণ করা;
- ২) পরিচালক ও হিসাবরক্ষক নিয়োগ;
- ৩) বার্ষিক হিসাবের আলোচনা করা ও গ্রহণ করা;
- ৪) লভ্যাংশ ঘোষণা করা;
- ৫) হিসাব-নিরীক্ষকের পারিশ্রমিক নির্ধারণ করা।

৩। অতিরিক্ত সাধারণ সভা (Extra ordinarily General Meeting)

১৬৯ ধারা অনুযায়ী আগামী বার্ষিক সাধারণ সভার পূর্বেই কোন গুরুত্বপূর্ণ এবং জরুরী কাজ সম্পাদনের জন্য এবং এই মর্মে আর্টিকেলসে বিধান থাকলে শেয়ারহোল্ডারগণ দ্বারা পরিচালকমন্ডলী বিশেষ প্রয়োজনে অতিরিক্ত সাধারণ সভা আহ্বান করতে পারেন।

এই জাতীয় সভা আহ্বানের নিয়মাবলী নিম্নরূপ :—

১। মোট আদায়ীকৃত পুঁজির ১/১০ অংশের অধিকারী ও ভোটাধিকারী শেয়ারহোল্ডারগণ দ্বারা অতিরিক্ত সাধারণ সভা আহ্বানের জন্য পরিচালকগণ বাধ্য হতে পারেন।

২। অনুরোধপত্রে সভার বিবেচ্য বিষয় উল্লেখ করতে হবে।

৩। অনুরোধপত্র প্রাপ্তির ২১ দিনের মধ্যে সভা আহ্বানের নোটিশ দিতে হয় এবং ঐ সভা অনুরোধপত্র প্রাপ্তির ৪৫ দিনের মধ্যে অনুষ্ঠিত হতে হবে।

১৯.১১ শেয়ার বিলি (Issue of Shares)

কোম্পানী আইন অনুসারে কোন কোম্পানী নিম্নলিখিত তিন রকম ভাবে শেয়ার বিলি করতে পারে।

শেয়ার বিলিকরণ

সমহারে

(at par)

অধিহারে

(at a premium)

অবহারে

(at a discount)

১। সমহারে শেয়ার বিলি (Issue of Shares at par) :— শেয়ারের অভিহিত মূল্যে (Nominal value) শেয়ার বিলি করা হ'লে সমহারে শেয়ার বিলিকরণ বলা হয়।

যেমন, অভিহিত মূল্য ১০০ টাকা এবং বিলিকৃত মূল্য (Issued price) ১০০ টাকা।

২। অধিহারে শেয়ার বিলি (Issue of Shares at a premium) :— ১৯৫৬ সালের কোম্পানী আইনের বিধান অনুসারে কোম্পানী অভিহিত মূল্য (Nominal value) অপেক্ষা অধিক মূল্যে শেয়ার বিলি করতে পারে। এভাবে আদায়ীকৃত অতিরিক্ত মূল্য হ'ল অধিহারে শেয়ার বিলি। যেমন, লিখিত বা অভিহিত মূল্য ১০০ টাকা, বিলিকৃত মূল্য ১১০ টাকা। সুতরাং প্রিমিয়াম হ'ল ১০ টাকা। কোম্পানী আইনে প্রিমিয়ামের সর্বোচ্চ হারের

কোন সীমা বেঁধে দেওয়া হয়নি। প্রিমিয়াম অবশ্যই কোম্পানীর মূলধন জাতীয় লাভ। অধিক আদায়ীকৃত মোট প্রিমিয়ামের অঙ্ক Share Premium Account-এ Balance Sheet-এর Liabilities-এর দিকে Reserve & Surplus বিভাগে দেখানো হয়।

কোম্পানী আইনের ৭৮ ধারা অনুযায়ী অধিহারে শেয়ার বিলি করে প্রাপ্ত অর্থ কি কি কারণে ব্যবহার করা যাবে তা নির্দিষ্ট করা আছে, যথা—

- ক) বোনাস শেয়ার দেবার জন্য।
- খ) প্রাথমিক ব্যয়ের (Preliminary Expenses) অঙ্ক অবলোপন করার জন্য।
- গ) শেয়ার বা ডিবেঞ্চার বিলি করার সময় প্রদত্ত কমিশন বা বাট্টা (discount) অবলোপন করার জন্য।
- ঘ) কোম্পানীর প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার বা ডিবেঞ্চারের অর্থ ফেরত দেবার সময় অধিহারের ব্যবস্থা করার জন্য।

৩। অবহারে শেয়ার বিলি (Shares Issued at a discount) :— শেয়ারের অভিহিত মূল্যের কম মূল্যে শেয়ার বিলি করা হলে তাকে অবহারে শেয়ার বিলি বলা হয়। যেমন—অভিহিত মূল্য 100 টাকা, বিলিকৃত মূল্য 95 টাকা। সুতরাং, অবহার 5 টাকা। অবহারে শেয়ার বিলি-সংক্রান্ত হিসাব (Discount on Issue of Shares) ব্যবসায়ের মূলধন জাতীয় ক্ষতি এবং ঐ হিসাব Balance Sheet-এ Asset-এর দিকে Miscellaneous Expenditure বিভাগে দেখানো হয়।

কোম্পানী আইনের ৭৯ ধারা অনুসারে অবহারে শেয়ার বিলি করতে হ'লে নিম্নলিখিত শর্তগুলি পালন করতে হবে :

- ক) কোম্পানীর সাধারণ সভায় এই বিষয়ে প্রস্তাব পাশ হওয়া প্রয়োজন।
- খ) কোম্পানীর কার্যারম্ভের এক বছরের মধ্যে এরূপ শেয়ার বিলি করা যাবে না।
- গ) যে শ্রেণীর শেয়ার ইতিপূর্বে বিলি করা হয়েছে কেবলমাত্র সেই শ্রেণীর শেয়ার অবহারে বিলি করা যাবে।
- ঘ) সাধারণ ভাবে বাট্টার সর্বোচ্চ হার 10%-এর অধিক হ'তে পারে না।

১৯.১১.১ শেয়ার বিলির পদ্ধতি ও দাখিলা (Methods of Issue of Shares)

জনসাধারণের নিকট কোম্পানী যে শেয়ারগুলি বিক্রয় করে তার মূল্য কোম্পানী একবারে (in one instalment)-এ নিতে পারে। তবে, অধিকাংশ ক্ষেত্রেই এক কিস্তিতে আদায় করা হয় না। তার পরিবর্তে বিভিন্ন কিস্তিতে এরূপ শেয়ারের মূল্য আদায় করা হয়। এই কিস্তি (instalment) গুলি হল, যথাক্রমে—আবেদন (Application), আবণ্টন (Allotment), প্রথম তলব (First Call), দ্বিতীয় তলব (Second Call), শেষ তলব (Final Call)। তবে, প্রথম ও শেষ তলবের মধ্যেও একাধিক তলব, যথা—দ্বিতীয় তলব, তৃতীয় তলব ইত্যাদি থাকতে পারে।

শেয়ার বিলির জাবেদা দাখিলাগুলি নিম্নে দেখানো হ'ল :

i) আবেদনের অর্থ পাওয়া গেল :—

Bank A/c

Dr.

To Share Application A/c

(Being share application money received on shares @ Rs ... per share)

ii) আবেদনের অর্থ মূলধনে স্থানান্তরিত করা হ'ল :

Share Application A/c *Dr.*

To Equity Share Capital A/c

(Being share application money on shares @ Rs per share transferred to Equity Share Capital A/c as per Board resolution dated)

iii) অতিরিক্ত (Excess) আবেদনের অর্থ ফেরত :

Share Application A/c *Dr.*

To Bank A/c

(Being excess application money @ Rs on shares refunded)

iv) আবণ্টনের সময় :

Share Allotment A/c *Dr.*

To Equity Share Capital A/c

(Being share allotment money @ Rs per share due shares, as per Board resolution dated)

v) আবণ্টনের অর্থ পাওয়া গেল :

Bank A/c *Dr.*

To Share Allotment A/c

(Being share allotment money received on shares @ Rs per share)

vi) বিভিন্ন তলবের (Call) জন্য :

Share Call A/c *Dr.*

To Equity Share Capital A/c

(Being share call money @ Rs on shares due as per Boards resolution dated)

vii) তলবের অর্থ পাওয়া গেল :

Bank A/c *Dr.*

To Share Call A/c

(Being share call money received on shares @ Rs per share).

১৯.১১.২ অনাদায়ী তলব (Calls-in-Arrear)

তলবের অর্থ পাওয়া না গেলে তাকে অনাদায়ী তলব বলে। এরূপ অর্থ উদ্বর্তপত্রে Issued Capital থেকে বাদ দিয়ে দেখানো হয়।

অনাদায়ী তলবের জন্য কোন অতিরিক্ত জাবেদা দাখিলা না করে যে তলবের টাকা কম পাওয়া গেল, তলবের অর্থ পাবার জাবেদা দাখিলায় সেই তলবকে অনাদায়ী অর্থ দিয়ে কম credit করলেও চলে। তবে অনেক হিসাবরক্ষক জাবেদা দাখিলা করে থাকেন :-

১। Calls-in-Arrear A/c *Dr.*
To Share Allotment/Share Call A/c
(Being money due on shares @ Rs per share)

২। পরবর্তীকালে তলবের অর্থ পাওয়া গেলে :
Bank A/c *Dr.*
To Calls-in-Arrear A/c
(Being share call money due on shares @ Rs per share received).

১৯.১১.৩ অগ্রিম প্রাপ্ত অর্থ (Calls-in-Advance)

যদি কোন শেয়ার-ক্রেন্ডা শেয়ারের মূল্য বাবদ অর্থ কোম্পানী তলব করার পূর্বেই পরিশোধ করে দেয়, তবে তলবের পূর্বে প্রাপ্ত অর্থকে অগ্রিম প্রাপ্ত অর্থ বলে।

জাবেদা দাখিল :-

১। অগ্রিম প্রাপ্ত অর্থ পাওয়া গেল :
Bank A/c *Dr.*
To Calls-in-Advance
(Being call money on shares @ Rs per share received in advance).

মনে রাখা দরকার যতক্ষণ পর্যন্ত তলবের অর্থ পাওনা (due) না হবে, ততক্ষণ অগ্রিম তলবের অর্থ উদ্বর্তপক্ষে Liabilities দিকে Calls-in-Advance নামে পৃথক হিসাবখাতে দেখানো হবে।

২। তলবের অর্থ পাওনা (due) হলে :
Calls-in-Advance A/c *Dr.*
To Share Call A/c
(Being call money on shares @ Rs per share received in advance, now adjusted)

উদাহরণ : ১

Glaxco Ltd. issued 10,000 Equity Shares of Rs 10 each at a premium of Rs 2 per share, payable Rs 3 on application, Rs 5 on allotment (including premium), Rs 2 on First Call and balance on Final Call.

Applications were received for 13,000 shares and excess application money was refunded.

All the Shares were duly allotted and the money so received on due dates with the exception of the following :—

- Mr. A holding 500 shares paid the entire amount due along with allotment.
- Mr. B holding 1000 shares failed to pay both the Calls.

The due dates of the instalments are as follows :—

Application on 1st Feb. '98

Allotment on 1st March '98

First Call on 2nd May '98

Final Call on 1st July '98

Interest is charged @ 10% p.a. on Calls-in-Arrear and interest is allowed @ 10% p.a. on Calls-in-Advance.

Show the necessary journal entries in the books of the Company.

সমাধান :

**In the Books of Glaxco Co.
Journal**

			<i>Dr.</i>	<i>Cr.</i>
1998			Rs.	Rs.
Feb 1	Bank A/c <i>Dr.</i> To Share Application A/c (Being application money received on 13,000 Shares @ Rs. 3 each)		39,000	39,000
"	Share Application A/c <i>Dr.</i> To Bank A/c To Equity Share Capital A/c (Being Share application money on 10,000 Shares @ Rs. 3 transferred to Equity Share Capital A/c and excess application money on 3,000 Shares were refunded as per Board's resolution dated ...)		39,000	9,000
Mar 1	Share Allotment A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c To Share premium A/c (Being Share allotment money due on 10,000 Shares @ Rs. 5 each including a premium of Rs. 2 as per Board's resolution dated ...)		50,000	30,000 20,000
"	Bank A/c <i>Dr.</i> To Share Allotment A/c (Being Share allotment money received on 10,000 Shares @ Rs. 5 each as per Board's resolution dated ...)		50,000	50,000
"	Bank A/c <i>Dr.</i> To Calls-in-Advance A/c (Being Calls-in-Advance received on 500 Shares @ Rs. 2 + Rs. 2 each)		2,000	2,000

			<i>Dr.</i>	<i>Cr.</i>
1998			Rs.	Rs.
May 2	Share First Call A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c (Being Share First Call money due on 10,000 Shares @ Rs. 2 each as per Board's resolution dated ...)		20,000	20,000
"	Bank A/c <i>Dr.</i> Calls-in-Advance A/c (500 × Rs. 2) <i>Dr.</i> Calls-in-Arrear A/c (1,000 × 2) <i>Dr.</i> To Share First Call A/c (Being Share First Call money received on 8,500 Shares @ Rs. 2 each and adjustment of Calls-in-Advance of 500 Shares @ Rs. 2 each)		17,000 1,000 2,000	20,000
June 1	Share Final Call A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c (Being Share Final Call money due on 10,000 Shares @ Rs. 2 each as per Board's resolution dated ...)		20,000	20,000
"	Bank A/c <i>Dr.</i> Calls-in-Advance A/c <i>Dr.</i> Calls-in-Arrear A/c <i>Dr.</i> To Share Final Call A/c (Being Share Final Call money received on 8,500 Shares @ Rs. 2 each and adjustment of Calls-in-Advance of 500 Shares @ Rs. 2 each.)		17,000 1,000 2,000	20,000
"	Interest on Calls-in-Advance A/c <i>Dr.</i> To Shareholders A/c (Being interest due to the Shareholders relating to Calls in advance on Rs. 1,000 (500 × Rs. 2) @ 10% p.a. for 2 months)		17	17
"	Shareholders A/c <i>Dr.</i> To Interest on Calls-in-Arrear A/c (Being interest charged to the Shareholders relating to the Calls-in-Arrear on Rs. 2,000 (1,000 × Rs. 2) @ 10% for 2 months)		34	34

১৯.১২ শেয়ার বাজেয়াপ্তকরণ ও দাখিলা (Forfeiture of Shares)

কোন শেয়ারহোল্ডার শেয়ারের কোন কিস্তির অর্থ প্রদান করতে না পারলে কোম্পানির Board of Directors তাকে উপযুক্ত নোটিশ দিয়ে ঐ শেয়ার বাজেয়াপ্ত করতে পারে। শেয়ার বাজেয়াপ্ত করা হলে সভা তালিকার বই (Register of Members) থেকে এরূপ শেয়ার হোল্ডারের নাম বাদ দেওয়া হয়।

শেয়ার বাজেয়াপ্ত করা হলে মূলধন হ্রাস পায়। শেয়ারহোল্ডার তার শেয়ারের জন্য ইতিপূর্বে যে সকল অর্থ প্রদান করেছিল, তা কোম্পানীর ফান্ডে জমা হয়। অবশ্যই তা মূলধন জাতীয় লাভ। শেয়ার বাজেয়াপ্ত করার জন্য নিম্নলিখিত শর্তগুলি অবশ্যই পালন করতে হয়।

১। বাজেয়াপ্তকরণ সংক্রান্ত বিধান অবশ্যই কোম্পানীর Articles of Association-এ সুস্পষ্ট ভাবে লিপিবদ্ধ থাকবে।

২। শেয়ার বাজেয়াপ্ত করার পূর্বে যে সকল শেয়ারহোল্ডার আবণ্টন বা তলবের অর্থ প্রদান করেননি তাদেরকে অবশ্যই নোটিশের মাধ্যমে কোন নির্দিষ্ট দিনের মধ্যে সুদ সমেত বকেয়া অর্থ পরিশোধ করার জন্য নির্দেশ দিতে হবে। উক্ত নির্দিষ্ট দিনটি নোটিশের তারিখ থেকে কমপক্ষে ১৪ দিন পরে হ'তে হবে।

৩। উক্ত নোটিশে উল্লেখ করতে হ'লে, যে, যদি নোটিশে লিখিত তারিখে বা তার পূর্বে শেয়ারহোল্ডারগণ তাদের বকেয়া অর্থ পরিশোধ না করে, তবে শেয়ারগুলি বাজেয়াপ্ত করা হবে।

৪। যদি নোটিশ পেয়েও শেয়ারহোল্ডাররা বকেয়া অর্থ না দেয়, তবে Directors-রা সভা (Meeting) ডেকে অবশ্যই শেয়ার বাজেয়াপ্ত করণের প্রস্তাব পাশ করে (Resolution) বাজেয়াপ্ত করতে পারেন।

শেয়ার বাজেয়াপ্ত করণের দাখিলা (Entry for forfeiture of Shares)

Share Capital A/c Dr.

(বাজেয়াপ্ত শেয়ারের মোট তলবীকৃত অর্থ)

To Share Allotment A/c

(মোট অনাদায়ী আবণ্টনের অর্থ)

To Share First Call A/c

(")

To Share Final Call A/c

(")

To Share Forfeiture A/c

(বাজেয়াপ্ত শেয়ারের মোট প্রাপ্ত অর্থ)

আগেই বলা হয়েছে যে, শেয়ার বাজেয়াপ্তকরণের ফলে মূলধন কমে, তাই Share Capital A/c-কে ডেবিট করা হয়। তবে মনে রাখা দরকার, শেয়ারের তলবীকৃত অঙ্ক (Called up Capital) ডেবিট করতে হয়—নামিক মূল্য (Nominal Capital) নয়।

Share Forfeiture A/c হ'ল কোম্পানীর শেয়ার বাজেয়াপ্ত করে লাভের অঙ্ক।

১৯.১৩ বাজেয়াপ্ত শেয়ার পুনর্বিলিকরণ ও দাখিলা (Reissue of forfeited Shares)

বাজেয়াপ্ত শেয়ার পুনরায় কোম্পানী আবার অন্য কাউকে বিলি করতে পারে। ফলে কোম্পানীর মূলধন (Share Capital) আবার বৃদ্ধি পায়। এই পুনর্বিলি সমহারে (at par), অধিহারে (at a premium) বা অবহারে (at a discount) করা যেতে পারে। তবে শেয়ার বাজেয়াপ্ত ও পুনর্বিলি করার ফলে কোম্পানীর কোন ক্ষতি হওয়া চলবে না।

বাজেয়াপ্ত শেয়ারের পুনর্বিলিকরণের দাখিলা (Entries for Reissue of forfeited Shares)

১। সমহারে পুনর্বিলি :

Bank A/c

Dr.

(প্রাপ্ত টাকার অঙ্ক)

To Share Capital A/c

(শেয়ারের সংখ্যা × প্রতি শেয়ারের আদায়ীকৃত মূল্য)

২। অধিহারে পুনর্বিলি :

Bank A/c	Dr.
To Share Capital A/c	
To Share Premium A/c	

৩। অবহারে পুনর্বিলি :

Bank A/c	Dr.
Forfeited Shares A/c	Dr.
To Share Capital A/c	

কোম্পানী আইনের ২১১ধারা অনুযায়ী শেয়ার বাজেয়াপ্ত করে কোম্পানীর কিছু লাভ হয়, এবং পুনর্বিলি করে কিছু ক্ষতি (discount) হ'তে পারে, ফলে Share Forfeiture-এর অস্তিম ক্রেডিট জের Capital Reserve Account-এ স্থানান্তরিত করতে হয় :

দাখিলা :

Share Forfeiture A/c	Dr.
To Capital Reserve A/c	
(Being final profit on forfeiture and reissue transferred to Capital Reserve A/c)	

উদাহরণ : ২

Alpine Ltd. issued 5,000 Equity Shares of Rs. 10 each payable Rs. 3 on application, Rs. 3 on allotment, Rs. 2 on First Call and Rs. 2 on Final Call. All the Calls were made by the Company and the amount was duly received except the following:

- Mr. A, holding 300 Shares failed to pay allotment, First Call and Final Call.
- Mr. B, holding 200 Shares failed to pay First Call and Final Call.
- Mr. C, holding 100 Shares failed to pay the Final Call money.

All these 600 Shares were forfeited by the Company after the Final Call was made.

Show the journal entry for forfeiture of Shares and also give the journal entries of reissue of forfeited Shares under the following alternative Cases:

- all the 600 Shares were reissued at Rs. 8 each.
- 400 Shares were reissued taking all the Shares of A and 100 Shares of B.

সমাধান :

**In the Books of Alpine Ltd.
Journal**

		Dr.	Cr.
		Rs.	Rs.
Equity Share Capital A/c (600 × Rs. 10)	Dr.	6,000	
To Share Allotment A/c (300 × Rs. 3)			900
To Share First Call A/c (500 × Rs. 2)			1,000
To Share Final Call A/c (600 × Rs. 2)			1,200
To Share Forfeiture A/c			2,900
(Being the Shares were forfeited for the non-payment of Share allotment, Share First Call and Share Final Call as per Board's resolution dated ...)			

			Dr.	Cr.
			Rs.	Rs.
(a)	Bank A/c <i>Dr.</i>		4,800	
	Share Forfeiture A/c <i>Dr.</i>		1,200	
	To Equity Share Capital A/c			6,000
	(Being 600 forfeited Shares were reissued @ Rs. 8 each as per Board's resolution dated ...)			
(a)	Share Forfeiture A/c <i>Dr.</i>		1,700	
	To Capital Reserve A/c			1,700
	(Being final profit on forfeiture and loss on reissue transferred to Capital Reserve)			
(b)	Bank A/c <i>Dr.</i>		3,200	
	Share Forfeiture A/c <i>Dr.</i>		800	
	To Equity Share Capital A/c			4,000
	(Being 400 forfeited Shares were reissued @ Rs. 8 each as per Board's resolution dated ...)			
(b)	Share Forfeiture A/c <i>Dr.</i>		700	
	To Capital Reserve A/c			700
	(Being final profit on forfeiture and reissue of 400 Shares transferred to Capital Reserve)			

মন্তব্য :

শেয়ার বাজেয়াপ্তকরণের লাভ (Profit on Forfeiture of Shares)

	Sh. App (3)	Sh. Allot(3)	Sh. First Call (2)	Sh. Final Call (2)	Total Rs.
A (300)	✓900	x	x	x	900
B (200)	✓600	✓600	x	x	1,200
C (100)	✓300	✓300	✓200	x	800
					<u>2,900</u>

(b) নম্বর প্রক্ষে Capital Reserve A/c স্থানান্তরনের হিসাবঃ

Profit on Forfeiture of 600 Shares 2,900

Less: loss on reissue of 400 Shares (400 × Rs. 2) 800

2,100

Less: Profit on B's 100 Shares not re-issued

$\frac{1200}{200} \times 100$ 600

Less: Profit on C's 100 Shares not reissued 800 1,400

700

১৯.১৩.১ আনুপাতিক আবণ্টন (Pro rata Allotment)

অনেক সময় কোম্পানী যতসংখ্যক শেয়ার বিলি করার আবেদন চায়, জনসাধারণ সেই সংখ্যক শেয়ারের থেকে অধিক সংখ্যক শেয়ারের আবেদন জানায়। এই অতিরিক্ত আবেদনকে Over-Subscription বলে।

মনে করা যাক, কোম্পানী মোট 10,000 শেয়ারের জন্য আবেদন চাইল। কিন্তু মোট 15,000 শেয়ারের জন্য আবেদন জমা পড়ল। এই অতিরিক্ত আবেদনই হ'ল Over-Subscription। এখন কোম্পানী অতিরিক্ত আবেদনের সম্পূর্ণ অর্থ ফেরত দিয়ে দিতে পারে। অথবা কিছু শেয়ারের আবেদনের অর্থ ফেরত দিয়ে বা কোন শেয়ারের আবেদনের অর্থ ফেরত না দিয়ে আনুপাতিক হারে শেয়ার বণ্টন করতে পারে।

মনে করা যাক, কোম্পানী 15,000 আবেদনের মধ্যে 3,000 শেয়ারের আবেদন ফেরত দিল, এবং অবশিষ্ট 12,000 আবেদনকে আনুপাতিক হারে 10,000 শেয়ার বণ্টন করল।

আবেদন পাওয়া গেল	15,000 শেয়ার
(-) আবেদন ফেরত দেওয়া হ'ল	3,000 শেয়ার
অবশিষ্ট	12,000 শেয়ার

∴ আনুপাতিক বণ্টনের অনুপাত 12,000 : 10,000

অথবা 6 : 5

উদাহরণ : 3

Bharat Company issued 50,000 Equity Shares of Rs. 10 each at a premium of Rs. 2 per Share, payable as follows:

On application	Rs. 3
On allotment	Rs. 5 (including premium)
On First Call	Rs. 2
On Final Call	Rs. 2

Applications were received for 80,000 Shares. Allotments were made pro rata to applicants for 60,000 Shares and other applications were refused.

X to whom 1,800 Shares were allotted, failed to pay the allotment money and Y to whom 2,000 Shares were allotted failed to pay the First Call. All these Shares were forfeited after the Final Call was made.

Out of the Forfeited Shares 3,000 Shares were reissued at Rs. 8 each taking all the Shares of Mr. X.

Show the journal entries to record the above noted transactions:

সমাধান :

In the Books of Bharat Co. Journal

		Dr.	Cr.
		Rs.	Rs.
Bank A/c	Dr.	2,40,000	
To Share Application A/c			2,40,000
(Being Share application money received on 80,000 Shares @ Rs. 3 each)			

	<i>Dr.</i>	<i>Cr.</i>
	Rs.	Rs.
Share Application A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c To Bank A/c To Share Allotment A/c (Being Share application money on 50,000 Shares transferred to Equity Share Capital A/c, 20,000 application money refunded and balance application money transferred to Share Allotment A/c as per Board's resolution dated ...)	2,40,000	1,50,000 60,000 30,000
Share Allotment A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c To Share premium A/c (Being Share Allotment money due on 50,000 Shares @ Rs. 5 each including premium of Rs. 2 each as per Board's resolution dated ...)	2,50,000	1,50,000 1,00,000
Bank A/c <i>Dr.</i> To Share Allotment A/c (Being Share allotment money received excepting on 1,800 Shares held by X)	2,12,080	2,12,080
Share First Call A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c (Being Share First Call money due on 50,000 Shares @ Rs. 2 each as per Board's resolution dated ...)	1,00,000	1,00,000
Bank A/c <i>Dr.</i> To Share First Call A/c (Being Share First Call money received excepting (1,800 + 3,000) Shares held by X and Y)	90,400	90,400
Share Final Call A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c (Being Share Final Call money due on 50,000 Shares @ Rs. 2 each as per Board's resolution dated ...)	1,00,000	1,00,000
Bank A/c <i>Dr.</i> To Share Final Call A/c (Being Share Final Call money received excepting on 4,800 Shares held by X and Y)	90,800	90,800

		Dr.	Cr.
		Rs.	Rs.
Equity Share Capital A/c	Dr.	48,000	
Share Premium A/c	Dr.	3,600	
To Share Allotment A/c			7,920
To Share First Call A/c			9,600
To Share Final Call A/c			9,600
To Share Forfeiture A/c			
(Being 4,800 Shares were forfeited for the non-payment of Share allotment Share First Call and Share Final Call as per Board's resolution dated ...)			
Bank A/c	Dr.	24,000	
Share Forfeiture A/c	Dr.	6,000	
To Equity Share Capital A/c			30,000
(Being 3,000 Shares were reissued @ Rs. 8 each as per Board's resolution dated ...)			
Share Forfeiture A/c	Dr.	7,680	
To Capital Reserve A/c			7,680
(Being final profit on forfeiture and reissue transferred to Capital Reserve)			

মন্তব্য :

	আবেদন (Application)	আবণ্টন (Allotment)
	80,000	50,000
(-) ফেরত	20,000	—
আনুপাতিক বণ্টন (Pro rata Allotment)	60,000	50,000
		(5 : 6)

আবণ্টনে প্রাপ্য অর্থ (Amount received on allotment)

	Rs.
Due	2,50,000
Less: adjusted with application	30,000
	2,20,000
Less: due from Mr. X.	
1,800 × Rs. 5	9,000
Less: adjusted with application	
5 — 6	
∴ $1800 - \frac{6}{5} \times 1,800$	

or Shares applied	2160	
Less allotted	1800	
∴ Extra applied	<u>360</u>	
	$360 \times 3 = 1080$	7,920
		<u>2,12,080</u>

শেয়ার বাজেয়াপ্ত করণে লাভ (Profit on Forfeiture of Shares)

	App (3)	Allot (3)	First Call (2)	Final Call (2)	Total Rs.
X (1800)	✓ 5,400 + 1,080	x	x	x	6,480
Y (3000)	✓ 9,000	✓ 9,000	x	x	18,000
					<u>24,480</u>

Capital Reserve A/c-এ স্থানান্তর (Amount transferred to Capital Reserve)

		Rs.
Profit on X's	1800 Shares forfeited	6,480
(+) Profit on Y's	3000 Shares forfeited	18,000
		<u>24,480</u>
Less: loss on reissue of 3000 Shares		6,000
		<u>18,480</u>
Less: Profit on Y's 1800 Shares not reissued:		
	$\frac{18000}{3000} \times 1800$	10,800
		<u>7,680</u>

উদাহরণ : 4

A Company issued 20,000 Equity Shares of Rs 10 each at a premium of Rs 2 per share, payable on application Rs 2, on allotment Rs 5 (including premium) on First Call Rs 3 and on Final Call Rs 2. Applications were received for 30,000 shares and pro rata allotment was made to applicants of 24,000 shares, excess application money was refunded.

Amit to whom 400 shares were allotted failed to pay allotment money and on his subsequent failure to pay 1st Call, his shares were forfeited. Sumit to whom 600 shares were allotted, failed to pay both the calls and his shares were forfeited after the final call of these shares forfeited, 800 shares were reissued as fully paid for Rs 9 per share, including all the shares of Amit.

Show Cash Book, Journal entries to record the above transactions and also a Balance Sheet.

সমাধান :

**In the Books of Company
Cash Book**

<i>Dr.</i>			<i>Cr.</i>
	Rs.		Rs.
To Share Application A/c 30,000 × Rs. 2	60,000	By Share Application A/c 6,000 × Rs. 2	12,000
To Share Allotment A/c	90,160	By Balance c/d	2,40,360
To Share First Call A/c	57,000		
To Share Final Call A/c	38,000		
To Equity Share Capital A/c 800 × Rs. 9	7,200		
	2,52,360		2,52,360

Journal

	<i>Dr.</i>	<i>Cr.</i>
	Rs.	Rs.
Share Application A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c To Share Allotment A/c (Being Share application money on 20,000 Shares @ Rs. 2 each transferred to Equity Share Capital A/c and excess application money on 4,000 Shares adjusted against Share Allotment A/c as per Board's resolution dated ...)	48,000	40,000 8,000
Share Allotment A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c To Share Premium A/c (Being Share allotment money due on 20,000 Shares @ Rs. 5 each including premium of Rs. 2 each as per Board's resolution dated ...)	1,00,000	60,000 40,000
Share First Call A/c <i>Dr.</i> To Equity Share Capital A/c (Being Share First Call money due on 20,000 Shares @ Rs. 3 each as per Board's resolution dated ...)	60,000	60,000

		Dr.	Cr.
		Rs.	Rs.
Equity Share Capital A/c (400 × Rs. 8)	Dr.	3,200	
Share Premium A/c (400 × Rs. 2)	Dr.	800	
To Share Allotment A/c			1,840
To Share First Call A/c (400 × Rs. 3)			1,200
To Share Forfeiture A/c			960
(Being 400 Shares of Amit forfeited for the non-payment of Share allotment and Share First Call money as per Board's resolution dated ...)			
Share Final Call A/c (19,600 × Rs. 2)	Dr.	39,200	
To Equity Share Capital A/c			39,200
(Being Share Final Call money due on 19,600 Shares @ Rs. 2 each as per Board's resolution dated ...)			
Equity Share Capital A/c (600 × Rs. 10)	Dr.	6,000	
To Share First Call A/c (600 × Rs. 3)			1,800
To Share Final Call A/c (600 × Rs. 2)			1,200
To Share Forfeiture A/c			3,000
(Being 600 Shares held by Sumit were forfeited for the non-payment of Share 1st Call and Final Call as per Board's resolution dated ...)			
Bank A/c (Allottee A/c)	Dr.	7,200	
Share Forfeiture A/c	Dr.	800	
To Equity Share Capital A/c			8,000
(Being 800 Shares were reissued at a discount of Rs. 1 each as per Board's resolution dated)			
Share Forfeiture A/c	Dr.	2,160	
To Capital Reserve A/c			2,160
(Being profit on reissue of 800 Shares transferred to Capital Reserve A/c)			

মন্তব্য :

শেয়ারের আনুপাতিক বণ্টন (Pro rata allotment)

	(Application)	(Allotment)
	30,000	20,000
(-) ফেরত (Refund)	6,000	—
আনুপাতিক হার (Pro rata ratio)	24,000	: 20,000
		6 : 5

আবক্টনে প্রাপ্ত অর্থ (Amount received on allotment)

Due		Rs.
		1,00,000
Less: Adjusted with application		8,000
		<u>92,000</u>
Less: Due from Amit	$400 \times \text{Rs. } 5 = 2,000$	
Less : Adjusted with application		
5 — 6		
$1 - \frac{6}{5} \times 400 =$	480	
Less: Alloted	<u>400</u>	
Extra	80	
∴ Adjusted $80 \times \text{Rs. } 2$	<u>160</u>	1,840
		<u>90,160</u>

Capital Reserve-এ স্থানান্তর (Transfer to Capital Reserve)

		Rs.
Profit on Forfeiture of Amit's 400 Shares		960
Add on Forfeiture of Sumit's 600 Shares		<u>3,000</u>
	1000 Shares	3,960
Less: Loss on reissue of 800 Shares		<u>800</u>
		3,160
Less: Profit on Sumit's 200 Shares not reissued:		
	$3000 \times \frac{200}{600}$	<u>1,000</u>
		<u>2,160</u>
Share Premium = Rs. 40,000 – Rs. 800		
= Rs. 39,200		

Balance Sheet as at ...

Liabilities	Rs.	Assets	Rs.
SHARE CAPITAL		FIXED ASSETS	
Authorised	—		—
Issued & paid up		INVESTMENT	
19800 Equity Shares of			—
Rs. 10 each, fully paid up	1,98,000	CURRENT ASSETS,	
RESERVE & SURPLUS		LOANS AND ADVANCES	
Share Premium	39,200	Cash at Bank	2,40,360
Capital Reserve	2,160		
Share Forfeiture A/c	1,000	MISC. EXPENDITURE	
SECURED LOAN	—		—
UNSECURED LOAN	—		
CURRENT LIABILITIES			
& PROVISIONS	—		
	<u>2,40,360</u>		<u>2,40,360</u>

১৯.১৪ অনুশীলনী (Exercises)

তত্ত্বগত প্রশ্নাবলী (Theoretical Questions)

- ১। কোম্পানীর মূলধন বলতে কি বোঝায়? বিভিন্ন প্রকার শেয়ারের বর্ণনা দিন।
- ২। ইকুইটি শেয়ার ও প্রেফারেন্স শেয়ারের মধ্যে পার্থক্য কি?
- ৩। অধিহারে ও অবহারে শেয়ার বিলি কাকে বলে? এই জাতীয় শেয়ার বিলির শর্তগুলি আলোচনা করুন।
- ৪। শেয়ার বাজেয়াপ্তকরণ বলতে কি বোঝায়? কোন কোম্পানীর মূলধনের উপর এর প্রভাব কি?
- ৫। বাজেয়াপ্ত শেয়ার পুনর্বিলিকরণ বলতে কি বোঝায়?

সংক্ষিপ্ত ও বিষয়মুখী প্রশ্নাবলি (Short & Objective Type Questions)

- ১। অধিহারে শেয়ার বিলি করা প্রাপ্ত অর্থ কি কি উদ্দেশ্যে ব্যবহার করা যায়?
- ২। ইকুইটি শেয়ারের উপর ডিভিডেন্ড কার উপর নির্ভর করে?
- ৩। প্রেফারেন্স শেয়ারের উপর ডিভিডেন্ড কার উপর নির্ভর করে?
- ৪। সঠিক উত্তর নির্বাচন করুন :
 - ক) শেয়ার বাজেয়াপ্ত করার ফলে কোম্পানীর মূলধন—বৃদ্ধিপায়/হ্রাস পায়/একই থাকে।
 - খ) বাজেয়াপ্ত করা শেয়ার পুনর্বিলিকরণের লাভ স্থানান্তর করা হয়—Capital Reserve/General Reserve/Capital Redemption Reserve.
 - গ) ইকুইটি শেয়ার হোল্ডার/প্রেফারেন্স শেয়ার হোল্ডার কোম্পানীর পরিচালনায় অংশগ্রহণ করতে পারে।
- ৫। সংক্ষেপে টীকা লিখুন :
 - ক) অনাদায়ী তলব (Calls-in-Arrear)
 - খ) অগ্রিম প্রাপ্ত অর্থ (Calls-in-Advance)

ব্যবহারিক প্রশ্নাবলি (Practical Questions)

- ১। Alfa Company issued 5,000 Equity Shares of Rs. 10 each, payable Rs. 2.50 on application, Rs. 2.50 on allotment, Rs. 2 on First Call and Rs. 3 on Final Call. All Shares were duly Subscribed and money in respect of allotment and Calls were duly received except Final Call money on 500 Shares. These Shares were forfeited and Subsequently 400 Shares reissued at Rs. 8 each as fully paid up.

Give journal entries to record the above transaction.

উত্তর : Capital Reserve-এ স্থানান্তর Rs. 2,000.

- ২। Bombay Ltd. issued 1,00,000 Equity Shares of Rs. 10 each payable as follows: Rs. 3 on application, Rs. 2 on allotment, Rs. 3 on First Call and Rs. 2 on Final Call. Applications were received for 1,60,000 Shares out of which 30,000 applications were refused, full allotment was made to applicants of 40,000 Shares. Pro rata allotment was made on the balance.

Mr. A holding 100 shares to whom full allotment was made failed to pay the allotment money. Mr. B holding 200 shares to whom pro rata allotment was made also failed to pay the allotment money. Mr. C holding 300 shares failed to pay the First Call.

All these 600 shares were forfeited before the Final Call. The first lot of 300 shares were reissued at Rs. 8 per share as fully paid up.

Give journal entries to record the above transactions.

উত্তর : Capital Reserve-এ স্থানান্তর Rs. 600.

৩। New Co. Ltd. issued 5,000 Equity Shares of Rs. 10 each at a premium of Rs. 2.50 per share payable as follows:

on Application	Rs. 2
on Allotment	Rs. 4.50 (including premium)
on First Call	Rs. 4
on Final Call	Rs. 2

Applications were received for 9,500 shares and allotment was made pro rata to 7,500 shares, and balance applications being refused.

X to whom 100 shares were allotted failed to pay the allotment money and on his failure to pay the First Call, his shares were forfeited.

Y to whom 150 shares failed to pay the both the Calls and his shares were forfeited after the Final Call was made.

Out of the forfeited shares, 200 shares were reissued at Rs. 8 per share as fully paid taking all the shares of X.

Show the journal entries and the Cash Book.

উত্তর : Capital Reserve-এ স্থানান্তর Rs. 300

৪। A Company issued 20,000 Equity Shares of Rs. 10 each at a premium of Rs. 2 per share, payable Rs. 3 on application, Rs. 7 on allotment (including premium), and balance on Final Call.

Applications were received for 25,000 shares and allotment was made as follows:

- to refuse allotment to the applicants for 1,000 shares.
- to allot in full to the applicants for 4,000 shares.
- Pro rata allotment was made on the balance.

Mr. A holding 200 shares, to whom shares were allotted on pro rata basis, failed to pay the money due on allotment and Mr. B holding 100 shares, to whom full allotment was made, failed to pay the Final Call. These shares were forfeited. 200 shares were reissued at Rs. 9 each taking 160 shares of A and 40 shares of B.

Give journal entries.

উত্তর : Capital Reserve-এ স্থানান্তর Rs. 720

১৯.১৫ গ্রন্থপঞ্জী

- ১। হিসাবশাস্ত্র – ভট্টাচার্য ১৯৯৪
- ২। Advanced Accounts—Shukla & Grewal 1998
- ৩। Modern Accountancy (Vol I) Mukherjee, Hanif 1999
- ৪। Accountancy (Vol I) S. K. Paul 1999
- ৫। Advanced Accountancy Gupta, Radhaswamy 1997